কবি মধুসূদন ও তাঁর পত্রাবলী

কবি মধুসূদন ও তাঁর পত্রাবলী

ক্ষেত্র গুপ্ত

অধ্যাপক, সিটি কলেজ এবং রামমোহন কলেজ

কলিকাতা

গ্রন্থ নিলয়

৪৮।১ মহাত্মা গান্ধী রোড

কলিকাতা-নয়

প্রকাশক :

প্রেমময় মজুমদার
৪৮।১ মহাত্মা গান্ধী রোড
কলিকাতা-৯

প্রথম প্রকাশ :

১লা বৈশাখ, ১৩৭০

প্রচ্ছদ-শিল্পী :

নীতিশ মুখোপাধ্যায়

মুদ্রক :

রণজিৎকুমার দত্ত
নবশক্তি প্রেস
১২৩ লোয়ার সারকুলার রোড
কলিকাতা-১৪

বেঁধেছেন :

সারদা বাইণ্ডিং ওয়ার্কস
১০ সূর্য সেন স্ট্রীট
কলিকাতা-১২

মূল্য : ১০·০০ টাকা

আমার অধ্যাপক সুসাহিত্যিক

শ্রীপ্রমথনাথ বিশী

[কলিকাতা বিশ্ববিদ্যালয়ের রবীন্দ্র-অধ্যাপক]

শ্রীচরণেষু

গ্রন্থকারের অন্যান্য গ্রন্থ

প্রাচীনকাব্য ঃ সৌন্দর্য জিজ্ঞাসা ও নব মূল্যায়ন

কুমুদরঞ্জনের কাব্যবিচার

সত্যেন্দ্রনাথের কাব্যবিচার

আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস

সেকালীন শ্রেষ্ঠ ব্যঙ্গ কবিতা (সম্পাদনা)

মধুসূদনের কবিআত্মা ও কাব্যশিল্প

নাট্যকার মধুসূদন

মধু বিচিত্রা

নিবেদন

মধুসূদনের চিঠিপত্রে তাঁর অন্তর্জীবন এবং সৃষ্টিকর্মের যে-পরিচয় রয়েছে, মধুচর্চায় তার গুরুত্ব অসাধারণ। যদি এই গ্রন্থ সেদিকে কোনরূপ আলোকপাত করতে পারে আমার চেষ্টা সার্থক জ্ঞান করব।

মধুসূদনের মন এবং শিল্পসৃষ্টির একটি ব্যাপক পরিকল্পনা নিয়ে কাজ করতে চেয়েছি। পরিকল্পনাটি নিম্নরূপ :

প্রথম গ্রন্থ। 'মধুসূদনের কবিআত্মা ও কাব্যশিল্প'

[কবির মন এবং কাব্য-গ্রন্থাবলী নিয়ে সেখানে আলোচনা করেছি।]

দ্বিতীয় গ্রন্থ। 'নাট্যকার মধুসূদন'

[কবি-রচিত নাট্যগ্রন্থাবলীর আলোচনা]

তৃতীয় গ্রন্থ। 'কবি মধুসূদন ও তাঁর পত্রাবলী'

চতুর্থ গ্রন্থ। 'মধু বিচিত্রা'

[কবির অন্যান্য সৃষ্টিকর্ম নিয়ে আলোচনা]

বর্তমান গ্রন্থটি প্রণয়নের ব্যাপারে আমার শ্রদ্ধাভাজন অধ্যাপক শ্রীশশিভূষণ দাশগুপ্ত, শ্রীপ্রমথনাথ বিশী, শ্রীনারায়ণ গঙ্গোপাধ্যায় এবং শ্রীবিভূতি চৌধুরীর উৎসাহ লাভ করেছি। শ্রদ্ধাভাজন অধ্যাপক শ্রীরবীন্দ্রকুমার দাশগুপ্ত মহাশয় আমাকে বিশেষভাবে সাহায্য করে চিরকৃতজ্ঞতা পাশে বদ্ধ করেছেন। সুন্দরভাবে প্রকাশ করবার জন্য বন্ধুবর শ্রীজ্যোতির্ময় মজুমদার এবং শ্রীচিন্ময় মজুমদারের পরিশ্রম ও নিষ্ঠাও কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করছি।

১লা বৈশাখ,১৩৭০ — ক্ষেত্র গুপ্ত

॥ এক ॥

কবি ও মনীষীদের পত্রাবলীর গুরুত্ব নানা দিক থেকেই স্বীকার্য। ব্যক্তির অন্তর্জীবনের স্বকৃত ভাষ্য হিসেবে পত্রের মূল্য অপরিসীম। বাংলা ১৩১৯ সালের এক প্রবন্ধে পত্রাবলীর সঙ্কলনের প্রয়োজনীয়তা এবং কবি-ব্যক্তিত্বকে অনুধাবনের দিক থেকে এর তাৎপর্য সুন্দরভাবে ব্যক্ত করেছিলেন অজিতকুমার চক্রবর্তী মহাশয়—

> "ইউরোপে কোনো বড় কবি বা মনীষী মারা গেলে তাঁহার জীবন-চরিত, চিঠিপত্র, তাঁহার সম্বন্ধে ছোট বড় সকল জ্ঞাতব্য সংবাদ মোটা মোটা ভল্যুমে বাহির হইতে দেখা যায়। কবিদের সম্বন্ধে মানুষের কৌতূহল যেন কিছুতেই নিবৃত্ত হইতে চায় না—তাঁহারা যাহা প্রকাশ করিয়াছেন তাহাতে তৃপ্তি নাই, যাহা প্রচ্ছন্ন রহিয়াছে তাহাকেও সকলের ব্যগ্র দৃষ্টির সম্মুখে তুলিয়া ধরা চাই।
>
> এই জন্য অনেক সময় অঘটনের সৃষ্টি হয় একথা সত্য।··· চিঠিপত্র এমন অনেক প্রকাশিত হয় যাহা হইতে কবি সম্বন্ধে কোনো নূতন পরিচয় পাওয়া যায় না।
>
> বিশেষ কিছুই পাওয়া না গেলে তেমন অনিষ্টের হয় না—কিন্তু অনেক সময় এমন হয় যে, যে কবিকে তাঁহার রচনায় বড় বলিয়া জানিয়াছি, চিঠিপত্রে বা জীবনচরিতে তাঁহার মহিমা খর্ব হইয়া পড়ে। তাঁহার ভাবজীবন হইতে দৃষ্টিকে সরাইয়া বাস্তবজীবনে ফেলিতেই দেখি যে, মানুষটিকে যেমনটি কল্পনা করিয়াছিলাম, তেমনটি নহে।
>
> এ-সকল আশঙ্কার কারণ সত্য হইলেও এখনকার কালে কবিদের প্রচ্ছন্ন থাকিবার কোনো উপায় নাই। কারণ, এ কথা সত্য যে তাঁহাদের সম্বন্ধে যতই জানা যাইবে, ততই তাঁহাদিগকে বুঝিবার সাহায্য হইবে। অবশ্য তাঁহাদের জীবনের এমন অনেক দিক থাকিতে পারে, যাহার সঙ্গে কাব্যের কোন সম্বন্ধই নাই, যাহা নিতান্তই বাহিরের দিক। কিন্তু জীবনের ভিতর হইতে যখন কাব্য প্রতিফলিত হইতেছে, তখন জীবনের সন্ধিতে যতই প্রবেশ করা

যাইবে ততই অন্তর্লোকের এমন সকল রহস্যের সন্ধান পাওয়া যাইবে যাহা কাব্যের পূর্ণ রসগ্রহণের পক্ষে অমূল্য। এইজন্য ছোট-বড় সকল খবরই চাই—অনেক কিছু সংগ্রহ হইলে তখন তাহার মধ্য হইতে বাছিয়া লওয়া যাইতে পারে।

ইউরোপের শ্রেষ্ঠ সমালোচক স্যাঁত ব্যভ (Sainte Beuve) যে-সকল লোকের সম্বন্ধে আলোচনা করিয়াছেন, তাহা পাঠ করিলে দেখা যায় যে, তাঁহাদের সকলেরই চিঠিপত্র হইতে ও অন্যান্য নানা ছোটখাটো ঘটনা হইতে তাঁহাদের অন্তরের প্রতিকৃতিটি তিনি আঁকিয়া তুলিতে পারিয়াছেন। জুবেয়ার, মাদাম রোঁল্যা শীর্ষক তাঁহার প্রবন্ধগুলি পড়িলে একথা সুস্পষ্ট হইবে। ম্যাথু আর্নল্ড অনেক সমালোচনায় এই পন্থা অবলম্বন করিয়া কৃতকার্য হইয়াছেন। ইহার কারণ, চিঠিপত্র যে শুধুই সংবাদ বহন করিবার কাজ করে তাহা নহে, চিঠিপত্রও মানুষের ভাবপ্রকাশের একটি উপায়। যেমন নাট্য-উপন্যাসে, যেমন প্রবন্ধ, গল্প বা গীতি-কবিতায় মনের ভাবকে মানুষ বাহিরে স্থায়ী আকার দান করিয়া সার্থক হয়, চিঠিতেও আর-এক রকমে তাহার সেই কার্যই সাধিত হয়। উপন্যাসে বা নাটকে ব্যক্তিগত প্রকাশের স্থান অল্প—সেখানে চিত্তভাবকে নানা লোক-চরিত্রের ঘাতপ্রতিঘাতের ভিতর দিয়া প্রশস্ত ক্ষেত্রে সাড়া দিয়া প্রকাশ করিতে হয়। ছোটগল্পে সে ক্ষেত্র আরও একটু সংকীর্ণ—কবিতাতে বা প্রবন্ধে আরো বেশি—সুতরাং সেখানে নিজের মনের কথা বেশ সহজেই বলা যাইতে পারে। কিন্তু বোধ হয় সকলের চেয়ে নিবিড়-ভাবে মনের কথা বলা যায় চিঠিতে, তাহার কারণ চিঠিতে একটি-মাত্র মনের মানুষকে বলা হয়, বাহিরের পাঠকসমাজ সেখানে প্রবেশ করিতে পায় না।"

—[কাব্য পরিক্রমা : ছিন্নপত্র]

য়ুরোপে চিঠিপত্র, ডায়েরী প্রভৃতি সযত্নে সঙ্কলন করার সাধনা আছে। ব্যক্তিকে বুঝবার জন্য, তাঁর অন্তর্জীবনে পৌছবার জন্য প্রকাশ্য রঙ্গমঞ্চের পিছনে যবনিকার অন্তরালে অনুপ্রবেশ থাকা চাই। বাহিরের সমাজে কেউ রাজা, কেউ মন্ত্রীর ছদ্মবেশে দেখা দেন। কাউকে মাস্টার বলে জানি, পণ্ডিত বলে জানি, উকিল বলে জানি। দেশনেতা যখন বক্তৃতা দেন, কর্মী যখন

সামাজিক উন্নয়নের জন্য সচেষ্ট থাকেন, বৈজ্ঞানিক যখন গ্রহান্তরে যাত্রা করেন, দার্শনিক যখন বিশ্বসত্যের ব্যাখ্যা করেন তখন আমরা তাঁকে খণ্ড করে জানি ; অখণ্ড মানুষটির অনেকটাই এই সামাজিক পরিচিতির সীমানা ভেদ করে প্রকাশ পেতে পারে না। কিন্তু তাঁর ব্যক্তিগত চিঠিপত্রের মধ্যে সম্পূর্ণ মানুষটিকে চিনে নেবার অনেক উপকরণ খুঁজে পাওয়া যায়।[১] ডঃ শশিভূষণ দাশগুপ্তের ভাষায়, চিঠি হল

> "আমার সমগ্র ব্যক্তিসত্তার প্রকাশ। নিজেকে কোথাও বাদসাদ দিয়া, কাটিয়া-ছাটিয়া, ঢাকিয়া-চাপিয়া সাজাইয়া-গুছাইয়া বলিবার কোন প্রয়োজনই বোধ করি না ; নির্ভয়ে, অসঙ্কোচে, অকুণ্ঠিত চিত্তে নিজেকে প্রকাশ করি, লিপির প্রতি ছত্রে ছত্রে ফুটিয়া উঠে এক হৃদয়ের সহিত অন্য হৃদয়ের নিবিড় যোগ।"
>
> —[বাংলা সাহিত্যের একদিক]

কাজেই বলা চলে ব্যক্তি নিজেকে ধরা দেয় চিঠিতে। রবীন্দ্রনাথ খ্যাতির উচ্চ শিখরে উঠবার পরে হয়ত মনে করতে পারেন তাঁর প্রতিটি পত্রই সযত্নে রক্ষিত, সঙ্কলিত ও প্রকাশিত হবে। কিন্তু সাধারণভাবে অনেকেই তা মনে করেন না। চিঠি একজনের কাছে লেখা। তা প্রকাশের জন্য নয়। এই ভাবনা পত্র-রচনাকে বিশেষভাবে প্রভাবিত করে। লেখক যত সহজে এবং যত প্রত্যক্ষভাবে তাঁর চিঠিতে আপনাকে ধরা দেন, অন্য কোন রচনাতেই তা ঘটে না। ব্যক্তির বদ্ধ মনের গোপন দরজায় কান পেতে আত্মগত সংলাপ শুনবার অধিকার পাঠক তাঁর চিঠিপত্রের মধ্যেই লাভ করতে পারে।

কর্মীর কর্ম ব্যক্তির চরিত্রের একটি মাত্র দিককে প্রকাশ করে, কিন্তু এ কাজ অপরকে কেন্দ্র করে, সমগ্র সমাজ ও দেশ কর্মের লক্ষ্য। এখানে আমরা বস্তুকে যতটা জানি, ব্যক্তিকে ততটা পাই না। জ্ঞানীর চিন্তায় তাঁর মনুষ্যত্বের পূর্ণ প্রকাশ নেই, কারণ জ্ঞানকে ব্যক্তিলক্ষণমুক্ত করায়ই জ্ঞানের সার্থকতা। অবশ্য এ কথা বলা আমার উদ্দেশ্য নয় যে কর্মীর কর্ম এবং জ্ঞানীর চিন্তার সঙ্গে তাঁদের অন্তশ্চেতনার সম্পর্কমাত্র নেই। সম্বন্ধ অবশ্যই আছে। কিন্তু কর্মে এবং চিন্তায় সেই মানুষটাকে সবটা পাই না। চিঠিপত্র নৈর্ব্যক্তিকতাকে প্রশ্রয় দেয় না, বিষয় থেকে ব্যক্তিকে স্বতন্ত্র করে তুলে ধরে।[২] তা ছাড়াও চিঠিপত্রে প্রাপ্ত তথ্য ও ইঙ্গিতের সহায়তায় উদ্দিষ্ট মনীষীর কর্মজীবন বা জ্ঞান-সাধনার স্পষ্টতর ও গভীরতর পরিচয় লাভ করা যায়।

কবি মুখ্যত জ্ঞানী বা কর্মী নন। সৃষ্টিই তাঁর কর্ম, ভাষারূপে আত্মপ্রকাশই তাঁর সাধনা। সাহিত্যসৃষ্টির কালে তিনি আপন অন্তরকেই প্রকাশ করেন। কিন্তু সাহিত্যের মধ্যে রূপভেদে আবেদনের পার্থক্য আছে, শিল্পীমনের প্রকাশের রকমফের আছে। নাট্যসাহিত্যের লেখককে যতখানি আত্মনিরপেক্ষ হতে হয় উপন্যাস-সাহিত্যে তা হয় না। কিন্তু গীতিকবিতা যেরূপ কবির অন্তরাত্মার প্রকাশ, উপন্যাস সেরূপ নয়। সাহিত্যিকের অন্তশ্চেতনার প্রকাশের দিক থেকে উপন্যাসের স্থান নাটক ও গীতিকবিতার মাঝামাঝি। কিন্তু গীতিকবিতাও সাহিত্য, অন্তরের অনাবৃত, অসজ্জিত প্রকাশ নয়। গীতিকবিতায় কবির ব্যক্তিত্বের চোলাই করা প্রতিফলন ঘটে। ব্যক্তির অন্তরের প্রত্যক্ষ উপকরণ মেলে চিঠিতে, তাতে প্রসাধন থাকে না, থাকে না আবরণ, সজ্জাহীন অসঙ্কোচই তার প্রধান গুণ।

মনীষী ব্যক্তিদের চিঠিপত্র নিয়ে বিশ্লেষণ করার গুরুত্ব ও প্রয়োজনীয়তা সূত্রাকারে বিবৃত করা চলে—

এক। শুধুমাত্র কর্মের বাহ্যিক প্রকাশ নয় (কর্ম বলতে কর্মীর সাধনা, জ্ঞানীর মনন এবং শিল্পীর সৃষ্টি তিনই বোঝান হচ্ছে), তার অন্তরালের ব্যক্তিকে পূর্ণভাবে জানা চাই।—"...to get behind the work and at the man who made it, to pry into the most hidden recesses of his life and character, to analyse his motives, to dissect his emotions..."[৩] কৌতূহল নিবৃত্তির জন্যই কেবল নয়, বিশিষ্ট ব্যক্তিকে (কবি, কর্মী বা জ্ঞানী) সম্পূর্ণ বুঝবার জন্যই প্রয়োজনীয়।

দুই। মনীষীর কর্ম বা জ্ঞান অথবা শিল্পীর সৃষ্টিকে পরিপূর্ণভাবে, গভীরভাবে বুঝবার জন্য অন্তর্জীবনের সঙ্গে সম্পর্কিত করে দেখা চাই। পত্রাবলীর মাধ্যমে সেই অন্দরমহলের আলোকসম্পাতটি প্রকৃষ্টভাবে লাভ করা যায়।

তিন। অনেকের লেখা চিঠি সাহিত্য হয়ে ওঠে। অবশ্য পুর্বোক্ত দুটি প্রয়োজন সাধন করেও চিঠি সাহিত্যগুণ থেকে বঞ্চিত থাকতে পারে। কিন্তু যদি ভাষা ব্যবহারের সৌকর্যে ও নিপুণতায় চিঠি সাহিত্য হয়ে ওঠে তবে তার একটা স্বতন্ত্র মূল্য দাঁড়িয়ে যায়। অবশ্য চিঠি যদি সাহিত্য হতে গিয়ে চিঠিত্ব হারিয়ে ফেলে তবে লোকসানও কম হয় না। চিঠির ব্যক্তি-লক্ষণে বিঘ্ন না ঘটিয়ে সাহিত্যের স্বর্গে যদি তার স্থান লাভ ঘটে তবে পাঠক তার আস্বাদের বিশিষ্টতায় মুগ্ধ হবেই। সচেতনভাবে সাহিত্যসৃষ্টির উদ্দেশ্যে লেখা নয় বলে এর স্বতস্ফূর্ত সাহিত্যরসে বাহিরের প্রসাধনের চড়া রঙ্ লাগে না। শুধু চিঠির গুণে অনেকে সাহিত্যিক বলে গণ্য হতে পারেন।

॥ দুই ॥

আমাদের দেশের মুখ্য সাহিত্যিকদের মধ্যে রবীন্দ্রনাথের পত্রাবলীর সঙ্কলনে অনেকখানি সাফল্য অর্জিত হয়েছে। রবীন্দ্রজীবনের অনেকখানিই একেবারে আমাদের সমকালীন। তিনি যাঁদের কাছে চিঠিপত্র লিখেছেন তাঁদের অনেকেই এখন পর্যন্ত জীবিত আছেন। কিন্তু রবীন্দ্রনাথের মত প্রতিষ্ঠা পান নি এমন লেখকদের পত্রাবলী যথেষ্ট সঙ্কলিত হয়েছে কি? গবেষক-সমালোচকদের ইচ্ছা থাকলেও তা কদাচিৎ চরিতার্থ হবার সুযোগ পায়। শরৎচন্দ্রের মত জনপ্রিয় ঔপন্যাসিকেরও স্বল্প সংখ্যক পত্রই মাত্র স্বর্গীয় ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের অক্লান্ত পরিশ্রমে সংগৃহীত হয়েছে। প্রমথ চৌধুরীর মত বিশিষ্ট লেখক, নজরুলের মত সর্বজনপ্রিয়[৪] এবং সত্যেন্দ্রনাথের ন্যায় প্রতিষ্ঠাবান কবির পত্রসঙ্কলন চোখে পড়ে না। অথচ এঁরা একান্ত-ভাবেই একালের মানুষ। এর মধ্যে শুধুমাত্র গবেষকদের পরিশ্রমবিমুখতাই সূচিত হয় না, তথ্য বিষয়ে আমাদের জাতিগত নিস্পৃহতাও প্রকাশ পায়। একেবারে বর্তমান যুগের লেখকদের ক্ষেত্রেই যখন এই অবস্থা তখন কিছু পুরাতনকালের লেখকদের পত্রগুলি যে অবলুপ্ত হবে এটাই প্রায় অনিবার্য।

আমাদের মধ্যযুগের কবিদের কাব্যের নির্ভরযোগ্য পুঁথি নিয়েই যেখানে সংশয়ের অবধি নেই, সেখানে তাঁদের লেখা ব্যক্তিগত চিঠিপত্র আবিষ্কারের কথা কেউ কল্পনাও করতে পারেন না। উনবিংশ শতাব্দী থেকে বাংলা সাহিত্যে নব্যযুগের সূত্রপাত। এখন থেকে মাত্র দেড়শত বৎসর পূর্বে আধুনিক বাংলা সাহিত্যের আবির্ভাব হলেও আমাদের সঞ্চয়ের ভাণ্ডারে প্রধান প্রধান লেখকদেরও চিঠিপত্রের সংখ্যা নগণ্য। বিদ্যাসাগর বা বঙ্কিম-চন্দ্রের মত লেখকের কটি পত্র পাওয়া গিয়েছে? কর্মী বিদ্যাসাগরের অনেকখানি পরিচয় আছে তাঁর কর্মে। কিন্তু সর্ব কর্মের অন্তরালে স্থিত তাঁর হৃদয়-রাজ্যের পরিচয় বহনকারী তাঁর ব্যক্তিগত পত্রগুচ্ছ কোথায়? বঙ্কিমচন্দ্রের উল্লেখযোগ্য কোন পত্রই প্রায় সংগৃহীত হয় নি। অথচ আপন সৃষ্ট উপন্যাসা-বলীতে এই মহান শিল্পী আপনাকে প্রকাশ করেন নি, দূরে রেখেছেন। সম্ভবত 'কমলাকান্তের দপ্তরে' বঙ্কিমের গোপন হৃদয়লোক কথঞ্চিৎ সাহিত্য-রূপ পেয়েছে, কিন্তু পত্রগুচ্ছ সংগ্রহ করা গেলে তাঁর নির্জন ব্যক্তিত্বের অনেকখানি পরিচয় মিলত। এদিক দিয়ে মধুসূদনের পত্রাবলীর ভাগ্য ভাল। তার একটা বড় অংশ উনবিংশ শতাব্দীর শেষভাগ থেকেই মুদ্রিতাকারে তাঁর

কবি মুখ্যত জ্ঞানী বা কর্মী নন। সৃষ্টিই তাঁর কর্ম, ভাষারূপে আত্মপ্রকাশই তাঁর সাধনা। সাহিত্যসৃষ্টির কালে তিনি আপন অন্তরকেই প্রকাশ করেন। কিন্তু সাহিত্যের মধ্যে রূপভেদে আবেদনের পার্থক্য আছে, শিল্পীমনের প্রকাশের রকমফের আছে। নাট্যসাহিত্যের লেখককে যতখানি আত্মনিরপেক্ষ হতে হয় উপন্যাস-সাহিত্যে তা হয় না। কিন্তু গীতিকবিতা যেরূপ কবির অন্তরাত্মার প্রকাশ, উপন্যাস সেরূপ নয়। সাহিত্যিকের অন্তশ্চেতনার প্রকাশের দিক থেকে উপন্যাসের স্থান নাটক ও গীতিকবিতার মাঝামাঝি। কিন্তু গীতিকবিতাও সাহিত্য, অন্তরের অনাবৃত, অসজ্জিত প্রকাশ নয়। গীতিকবিতায় কবির ব্যক্তিত্বের চোলাই করা প্রতিফলন ঘটে। ব্যক্তির অন্তরের প্রত্যক্ষ উপকরণ মেলে চিঠিতে, তাতে প্রসাধন থাকে না, থাকে না আবরণ, সজ্জাহীন অসঙ্কোচই তার প্রধান গুণ।

মনীষী ব্যক্তিদের চিঠিপত্র নিয়ে বিশ্লেষণ করার গুরুত্ব ও প্রয়োজনীয়তা সূত্রাকারে বিবৃত করা চলে—

এক। শুধুমাত্র কর্মের বাহ্যিক প্রকাশ নয় (কর্ম বলতে কর্মীর সাধনা, জ্ঞানীর মনন এবং শিল্পীর সৃষ্টি তিনই বোঝান হচ্ছে), তার অন্তরালের ব্যক্তিকে পূর্ণভাবে জানা চাই।—"…to get behind the work and at the man who made it, to pry into the most hidden recesses of his life and character, to analyse his motives, to dissect his emotions…"[৩] কৌতূহল নিবৃত্তির জন্যই কেবল নয়, বিশিষ্ট ব্যক্তিকে (কবি, কর্মী বা জ্ঞানী) সম্পূর্ণ বুঝবার জন্যই প্রয়োজনীয়।

দুই। মনীষীর কর্ম বা জ্ঞান অথবা শিল্পীর সৃষ্টিকে পরিপূর্ণভাবে, গভীরভাবে বুঝবার জন্য অন্তর্জীবনের সঙ্গে সম্পর্কিত করে দেখা চাই। পত্রাবলীর মাধ্যমে সেই অন্দরমহলের আলোকসম্পাতটি প্রকৃষ্টভাবে লাভ করা যায়।

তিন। অনেকের লেখা চিঠি সাহিত্য হয়ে ওঠে। অবশ্য পূর্বোক্ত দুটি প্রয়োজন সাধন করেও চিঠি সাহিত্যগুণ থেকে বঞ্চিত থাকতে পারে। কিন্তু যদি ভাষা ব্যবহারের সৌকর্যে ও নিপুণতায় চিঠি সাহিত্য হয়ে ওঠে তবে তার একটা স্বতন্ত্র মূল্য দাঁড়িয়ে যায়। অবশ্য চিঠি যদি সাহিত্য হতে গিয়ে চিঠিত্ব হারিয়ে ফেলে তবে লোকসানও কম হয় না। চিঠির ব্যক্তি-লক্ষণে বিঘ্ন না ঘটিয়ে সাহিত্যের স্বর্গে যদি তার স্থান লাভ ঘটে তবে পাঠক তার আস্বাদের বিশিষ্টতায় মুগ্ধ হবেই। সচেতনভাবে সাহিত্যসৃষ্টির উদ্দেশ্যে লেখা নয় বলে এর স্বতস্ফূর্ত সাহিত্যরসে বাহিরের প্রসাধনের চড়া রঙ্ লাগে না। শুধু চিঠির গুণে অনেকে সাহিত্যিক বলে গণ্য হতে পারেন।

॥ দুই ॥

আমাদের দেশের মুখ্য সাহিত্যিকদের মধ্যে রবীন্দ্রনাথের পত্রাবলীর সঙ্কলনে অনেকখানি সাফল্য অর্জিত হয়েছে। রবীন্দ্রজীবনের অনেকখানিই একেবারে আমাদের সমকালীন। তিনি যাঁদের কাছে চিঠিপত্র লিখেছেন তাঁদের অনেকেই এখন পর্যন্ত জীবিত আছেন। কিন্তু রবীন্দ্রনাথের মত প্রতিষ্ঠা পান নি এমন লেখকদের পত্রাবলী যথেষ্ট সঙ্কলিত হয়েছে কি? গবেষক-সমালোচকদের ইচ্ছা থাকলেও তা কদাচিৎ চরিতার্থ হবার সুযোগ পায়। শরৎচন্দ্রের মত জনপ্রিয় ঔপন্যাসিকেরও স্বল্প সংখ্যক পত্রই মাত্র স্বর্গীয় ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের অক্লান্ত পরিশ্রমে সংগৃহীত হয়েছে। প্রমথ চৌধুরীর মত বিশিষ্ট লেখক, নজরুলের মত সর্বজনপ্রিয়[৫] এবং সত্যেন্দ্রনাথের ন্যায় প্রতিষ্ঠাবান কবির পত্রসঙ্কলন চোখে পড়ে না। অথচ এঁরা একান্ত-ভাবেই একালের মানুষ। এর মধ্যে শুধুমাত্র গবেষকদের পরিশ্রমবিমুখতাই সূচিত হয় না, তথ্য বিষয়ে আমাদের জাতিগত নিস্পৃহতাও প্রকাশ পায়। একেবারে বর্তমান যুগের লেখকদের ক্ষেত্রেই যখন এই অবস্থা তখন কিছু পুরাতনকালের লেখকদের পত্রগুলি যে অবলুপ্ত হবে এটাই প্রায় অনিবার্য।

আমাদের মধ্যযুগের কবিদের কাব্যের নির্ভরযোগ্য পুঁথি নিয়েই যেখানে সংশয়ের অবধি নেই, সেখানে তাঁদের লেখা ব্যক্তিগত চিঠিপত্র আবিষ্কারের কথা কেউ কল্পনাও করতে পারেন না। ঊনবিংশ শতাব্দী থেকে বাংলা সাহিত্যে নব্যযুগের সূত্রপাত। এখন থেকে মাত্র দেড়শত বৎসর পূর্বে আধুনিক বাংলা সাহিত্যের আবির্ভাব হলেও আমাদের সঞ্চয়ের ভাণ্ডারে প্রধান প্রধান লেখকদেরও চিঠিপত্রের সংখ্যা নগণ্য। বিদ্যাসাগর বা বঙ্কিম-চন্দ্রের মত লেখকের কটি পত্র পাওয়া গিয়েছে? কর্মী বিদ্যাসাগরের অনেক খানি পরিচয় আছে তাঁর কর্মে। কিন্তু সর্ব কর্মের অন্তরালে স্থিত তাঁর হৃদয়-রাজ্যের পরিচয় বহনকারী তাঁর ব্যক্তিগত পত্রগুচ্ছ কোথায়? বঙ্কিমচন্দ্রের উল্লেখযোগ্য কোন পত্রই প্রায় সংগৃহীত হয় নি। অথচ আপন সৃষ্ট উপন্যাসা-বলীতে এই মহান শিল্পী আপনাকে প্রকাশ করেন নি, দূরে রেখেছেন। সম্ভবত 'কমলাকান্তের দপ্তরে' বঙ্কিমের গোপন হৃদয়লোক কথঞ্চিৎ সাহিত্য-রূপ পেয়েছে, কিন্তু পত্রগুচ্ছ সংগ্রহ করা গেলে তাঁর নির্জন ব্যক্তিত্বের অনেক-খানি পরিচয় মিলত। এদিক দিয়ে মধুসূদনের পত্রাবলীর ভাগ্য ভাল। তার একটা বড অংশ ঊনবিংশ শতাব্দীর শেষভাগ থেকেই মুদ্রিতাকারে তাঁর

জীবনচরিতে সঙ্কলিত হয়ে আছে। সাধারণভাবে বলা যায় বিদ্যাসাগর-বঙ্কিমের পত্রাবলীরই যখন এই অবস্থা তখন মধ্যস্তরের লেখকদের পত্র যে বিস্মৃতির অতলে তলিয়ে যাবে তাই বোধ হয় স্বাভাবিক। ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের ন্যায় নিষ্ঠাবান গবেষকের সাধনায় এঁদের দু-চারজনের যে স্বল্প সংখ্যক পত্র মিলেছে, এঁদের সাহিত্যসৃষ্টি বুঝবার পক্ষে তাদের সহায়তা তাৎপর্যপূর্ণ বলে বিবেচিত হচ্ছে।

কিন্তু কেন এমন হয়? য়ুরোপের নানা দেশে বহু পুরাতন লেখকের পত্রাবলী যত্নের সঙ্গে সংগৃহীত হয়েছে। আমাদের দেশে যত্ন থাকলেও সংগ্রহ বহুক্ষেত্রেই অসম্ভব। এর কারণ হিসেবে কয়েকটি কথা মনে হয়।

এক। এ দেশের আবহাওয়ায় কাগজের আয়ু অত্যন্ত কম হতে বাধ্য। উপযুক্ত সতর্কতার সঙ্গে রক্ষিত কাগজও একশত বৎসরের মধ্যেই একেবারে নষ্ট হয়ে যায়।

দুই। নিরপেক্ষ ঐতিহাসিক মনের চর্চা আমাদের জাতি বড করে না। একান্ত ব্যক্তিগত চিঠিপত্রের মধ্যে কোন মনীষী ব্যক্তিরও চরিত্রের এমন সব প্রবণতা, এমন সব বিচিত্র দুর্বলতা ধরা পডতে পারে যাতে ভক্তের চিত্ত বিচলিত হবার সম্ভাবনা। ভক্তি এবং ব্যক্তিপূজা আমাদের জাতীয় চরিত্রের অংশ। মহৎ ব্যক্তির মানবিক ত্রুটি-বিচ্যুতি যদি চিঠিপত্রের মধ্য দিয়ে আত্মপ্রকাশ করে তবে আমাদের ব্যথার কারণ ঘটে। বিশেষত গোটা উনবিংশ শতক ধরে আমরা ভিক্টোরীয় নীতিবোধকে অধিক প্রশ্রয় দিয়ে এসেছি। এর ফলে ব্যক্তিগত চিঠিপত্র রক্ষা করা বা দ্রুত সংগ্রহ করার দায়িত্ব আমরা অনুভব করি নি। উন-বিংশ শতাব্দীতে মনীষী হিসেবে স্বীকৃতি পেয়েছেন এমন ব্যক্তিদের পত্র সম-কালে সংগ্রহ করার চেষ্টা হলে কিছু সাফল্য লাভ করা যেত। বর্তমানে অবশ্য বিপরীতমুখী এক ঝোঁক কোন কোন মহলে লক্ষ্য করা যাচ্ছে। মনীষীদের জীবনের 'গুপ্ত' সংবাদ পরিবেশনের চেষ্টা চলছে, তাদের অবৈধ প্রণয় আলোচনার বস্তু হচ্ছে—যথেষ্ট তথ্যের সমর্থন ব্যতীত শুধু ব্যাখ্যায় ওলট-পালট করার চেষ্টা চলছে। স্বয়ং রবীন্দ্রনাথও এঁদের দ্বারা আহত হচ্ছেন। মহাপুরুষের ব্যক্তিজীবন বিচারে সর্বদা সাধারণ মানুষের জীবন-বোধের মাপকাঠি প্রযোজ্য নয় একথাও মনে রাখা উচিত।

তিন। য়ুরোপে অধিকাংশ পরিবারেই পারিবারিক সংগ্রহশালায় দলিল-দস্তাবেজের সঙ্গে সঙ্গে চিঠিপত্র সংরক্ষণ করা হয়। এই সব প্রাথমিক সংগ্রহ থেকে ঐতিহাসিক, চরিতকার এবং সমাজতাত্ত্বিক গবেষকেরা সেগুলি ব্যবহার

করতে পারেন। দলিল দস্তাবেজ প্রয়োজনের তাড়নায় আমাদের দেশেও রক্ষিত হয়, কিন্তু চিঠিপত্র সংরক্ষণের কথা কেউ ভাবেন না, কারণ তাদের কোন প্রত্যক্ষ প্রয়োজন নেই। ডঃ সুরেন্দ্রনাথ সেন প্রাচীন বাংলা চিঠিপত্রের যে সঙ্কলন প্রকাশ করেছেন তা নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ ঐতিহাসিক দলিল, কিন্তু ব্যক্তিগত পত্র সেগুলি নয়। বর্তমান কালেও পারিবারিক পত্রাদি সংরক্ষণের মনোভাব আমরা লাভ করি নি।

এই অবস্থায় আমাদের দেশের প্রধান পুরুষদের চিঠিপত্র পাওয়াই কঠিন হয়ে দাঁড়িয়েছে, মধ্যস্তরের কবিদের চিঠি সংগ্রহ তো একরূপ অসম্ভব। সে অবস্থায় মধুসূদনের মত প্রথম শ্রেণীর কবির (যাঁর মৃত্যু হয়েছে প্রায় নব্বই বছর পুর্বে) অনেকগুলি পত্রই মুদ্রিত আকারে সংগৃহীত হয়ে আছে প্রায় সত্তর বছর পুর্ব থেকেই। এই ভিত্তিটি থাকায়ই কবির পত্র সঙ্কলন ও সম্পাদনার কথা ভাবা গিয়েছে এবং কবিজীবনের অনেক গোপন দরজা খোলার চাবিকাঠি লাভ করা সম্ভব হয়েছে।

॥ তিন ॥

একটি প্রবন্ধে মধুসূদনের পত্রাবলীর সম্যক বিচার-বিশ্লেষণের প্রয়োজনীয়তার দিকে সমালোচকদের দৃষ্টি আকর্ষণ করতে চেয়েছেন শ্রীপ্রমথনাথ বিশী—

> "মাইকেল মধুসূদনের বহু চিঠিপত্র আছে; সেগুলিতে মাইকেলের মনোজীবনের গতিবিধি ও বিকাশ প্রতিফলিত; কবিকে বুঝিবার পক্ষে তাঁহার এই চিঠিপত্রগুলি অপরিহার্য; এই সব চিঠির মধ্যে কবি নিজেই নিজের জীবনের ও সাহিত্যের টীকা করিয়া গিয়াছেন; বাঙালী সমালোচকগণ এখনও এ সব চিঠিপত্রের যথার্থ ব্যবহার করিতে পারেন নাই।"
>
> —[রবীন্দ্রনাথের চিঠিপত্র : রবীন্দ্রবিচিত্রা।]

মধুসূদনের পত্রাবলী ইংরেজী ভাষায় লেখা। বাংলা সাহিত্যের আসরে উপভোগ্যতার কোন দাবী এই চিঠিগুলির নেই। কাজেই শুধু মাত্র সাহিত্যিক গুণ সম্পন্ন চিঠি এই কারণে বাংলা সাহিত্যের আলোচনায় কবির পত্রগুচ্ছ স্থান পেতে পারে না। রবীন্দ্রনাথের 'ছিন্নপত্র' যদি অন্য কোন কারণে তাৎপর্যপূর্ণ নাও হত, তাহলেও সাহিত্যিক গুণের জন্য তার আসন আমাদের

সাহিত্যের ইতিহাসে তথা আলোচনার ক্ষেত্রে অবিচল হয়ে থাকত। কিন্তু প্রথমত বাঙালী কবি মধুসূদনের পত্র বলেই বাংলা সাহিত্যের আলোচনায় এদের প্রবেশদ্বার অবারিত।

প্রথমত, মধুসূদন বাংলা সাহিত্যের একান্ত মুখ্য ব্যক্তিদের অন্যতম। তাঁর জীবন ও মনকে সম্পূর্ণ জানবার চেষ্টা থাকা বাঙালী সাহিত্যরসিকের পক্ষে স্বাভাবিক। যে-সব উপকরণ থেকে তাঁর জীবনের তথ্য সংগ্রহ করা সম্ভব তার মধ্যে চিঠিপত্রের ভূমিকা গুরুত্বপূর্ণ। বিশেষ করে কবির জীবন-ঘটনা উত্তেজনায় তরঙ্গিত এবং নাটকীয় বহির্দ্বন্দ্ব ও অন্তর্দ্বন্দ্বে ক্ষতবিক্ষত। তারই মধ্য থেকে আবার সৃষ্টির প্রশান্ত শতদল ফুটেছে। ফলে তার অন্তরলোকের প্রত্যক্ষ সংবাদবাহী পত্রগুলি আরও বেশী কৌতূহলের আশ্রয় হয়ে উঠেছে।

দ্বিতীয়ত, মধুসূদনের জীবনের ঘটনাবলী পত্রের সহায়তায় ব্যাখ্যাযোগ্য হয়ে উঠবে, কবিজীবনের নানা জটিল সমস্যার রহস্যভেদ করার ব্যাপারে এরা সহায়ক হয়ে উঠবে এরূপ প্রত্যাশা করা যেতে পারে। কবি-আত্মার অন্তর-লোকের তথা তাঁর কবি-ব্যক্তিত্বের মৌল প্রবৃত্তির পরিচয় চিঠিপত্রের মধ্য দিয়ে যতটা লাভ করা যাবে ততটা অন্য কোন উপকরণের সাহায্যেই প্রাপ্তব্য নয়। এই মনের বিকাশ এবং পরিণতির ইঙ্গিতমূলক ইতিহাসও এই চিঠিপত্রেব মধ্যেই মাত্র পড়া যেতে পারে।

তৃতীয়ত, কবির মনের গভীরে প্রবেশ সাধারণভাবে কবির কাব্য-সৌন্দর্যের রাজ্যে প্রবেশের দরজা খুলে দেয়। তা ছাড়াও কবির চিঠিপত্রে তাঁর অধি-কাংশ কাব্য ও নাটক রচনাকালীন কবিমনের ভাব-ভাবনার পরিচয় আছে। কবির চিঠিতে প্রায় সমগ্র কাব্য ও নাটক রচনার পরিকল্পনা কিংবা বিভিন্ন রচনার ভাব, ছন্দ, জীবনদৃষ্টি সম্বন্ধে বিচিত্র সচেতন মুড প্রকাশ পেয়েছে। তাদের সহায়তা ভিন্ন মধুসূদনের কাব্যরসাস্বাদ কিংবা কাব্যসমালোচনা কোনটিই সম্পূর্ণ হতে পারে না। তাঁর কাব্য-নাটকের সমকালীন শ্রেষ্ঠ সমালোচক হলেন কবি স্বয়ং। কবির সিদ্ধান্তগুলি বিচার্য হলেও নিজ রচনা সম্বন্ধে তাঁর মতামতের মূল্য আছে। পত্রাবলী ব্যতীত অন্যত্র সে সব মতামত মিলবে না।

চতুর্থত, মননশীল মধুসূদনের সঙ্গে পরিচিত হবার অন্যতম প্রধান উপায় তাঁর পত্রাবলী। সমকালীন যুগজীবন সম্বন্ধে তাঁর ধারণা, শিক্ষানীতি বিষয়ে তাঁর অভিমত; তাঁর সমাজ-চিন্তা ও রাজনৈতিক চেতনা, তাঁর স্বজাতি-ভাবনা এগুলির পরিচয় পাবার দুটি উপায় আছে। এক। যে সব ইংরেজী

পত্রিকার সম্পাদনা তিনি করেছিলেন এবং যেগুলির সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন তাতে কবির যে সব লেখা প্রকাশ পেয়েছে তার বিষয় বিশ্লেষণ ; দুই। তাঁর পত্রাবলী। দুয়ের সংযোগেই মাত্র অভীষ্ট ফল লাভ সম্ভব। তা ছাড়া কবির সাহিত্যবোধ, কাব্যের আদর্শ কি হওয়া উচিত এ বিষয়ক ধারণাও কোথাও প্রবন্ধাকারে তিনি লিখে রেখে যান নি। চিঠিপত্রে এর একমাত্র নিদর্শন আছে।

পঞ্চমত, কবির অধিকাংশ রচনার প্রকাশকাল জানা থাকলেও প্রকৃত রচনাকাল জানবার একমাত্র উপায় পত্রাবলী। রচনাকালের যাথার্থ্য কবিমন ও কাব্যশিল্পের বিকাশের দিক থেকে তাৎপর্যবহ, প্রকাশকাল নয়।

ষষ্ঠত, কবির অচরিতার্থ কামনা, এবং অসম্পূর্ণ কাব্য—কাব্য-নাটকাদি রচনার যেসব পরিকল্পনায় কবি আদৌ হাত দিতে পারেন নি, সাহিত্য হিসেবে তাদের কিছুমাত্র মূল্য না থাকলেও তাদের সহায়তা ছাড়া কবিকে পুরোপুরি বোঝা যাবে না। চিঠিপত্রই এই পরিচয় বহন করে।

সপ্তমত, মধুসূদনের চিঠিপত্র সাহিত্যগুণে সমৃদ্ধ। খাঁটি পত্রসাহিত্যের লক্ষণ এদের মধ্যে মিলবে। এই চিঠিগুলির একটা বড় অংশ চিঠির ধর্ম পুরো বজায় রেখেও উৎকৃষ্ট সাহিত্যধর্ম অর্জন করেছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় বাংলার সংকীর্ণ পত্রসাহিত্যকে তা সমৃদ্ধ করতে পারে নি।

সব দিক দিয়ে বিচার করলে মনে হয় মধুসূদনের পত্রাবলীর পঠন-পাঠন বাংলা সাহিত্যের চর্চায় গুরুত্বপুর্ণ বলেই বিবেচিত হবে।[৫]

॥ চার ॥

মধুসূদনের মৃত্যু হয় ১৮৭৩ খ্রীষ্টাব্দে। ১৮৯৩ সালে যোগীন্দ্রনাথ বসু রচিত 'মাইকেল মধুসূদন দত্তের জীবন চরিত' প্রকাশিত হয়। গ্রন্থটিতে মধুসূদন-রচিত পত্রাবলী সংযোজিত করবার প্রয়োজনীয়তা বিজ্ঞাপিত করে তিনি প্রথম সংস্করণের প্রস্তাবনায় বলেন,

> "কোন ব্যক্তিকে জানিতে হইলে তাঁহার নিজের কথায় তাঁহাকে যেরূপ জানিবার সম্ভাবনা, অপরের কথায় সেরূপ জানা সম্ভব নয় বলিয়া তাঁহার লিখিত নানা বিষয়ক বহুসংখ্যক পত্র ইহাতে উদ্ধৃত করিয়াছি।"

তিনি গৌরদাস বসাক, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, ভূদেব মুখোপাধ্যায়,

রাজনারায়ণ বসু, মনোমোহন ঘোষের নিকট থেকে নানাবিধ তথ্যের সঙ্গে সঙ্গে কবির লিখিত পত্রাবলীও সংগ্রহ করেন এবং গ্রন্থমধ্যে সেগুলি মুদ্রিত করেন। গ্রন্থের দ্বিতীয় সংস্করণ মুদ্রণকালে কেশবচন্দ্র গঙ্গোপাধ্যায়ের নিকট থেকে কতকগুলি পত্র পেলেন, সে চিঠিগুলিও গ্রন্থমধ্যে স্থান পেল। মধুসূদনের অধিকাংশ পত্রই উপরোক্ত ব্যক্তিদের কাছে লেখা। পরবর্তীকালে 'মধুস্মৃতি'-রচয়িতা নগেন্দ্রনাথ সোম মহাশয়ের চেষ্টায় আরও কিছু পত্র সংগৃহীত এবং প্রকাশিত হয়। এই দুটি গ্রন্থে সঙ্কলিত পত্রাবলীর মধ্যে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর এবং মনোমোহন ঘোষের নিকটে লিখিত কয়েকটি পত্র অসম্পূর্ণ। পরবর্তীকালে কবির স্বল্প সংখ্যক নূতন পত্র যা আবিষ্কৃত হয়েছে তার কৃতিত্ব ডঃ রবীন্দ্রকুমার দাশগুপ্তের।

বর্তমান গ্রন্থে সঙ্কলিত মোট পত্রের সংখ্যা ১৪৩ খানা। তার মধ্যে বেশির ভাগ যোগীন্দ্রনাথ বসুর 'মাইকেল মধুসূদন দত্তের জীবন চরিত' এবং নগেন্দ্রনাথ সোমের 'মধুস্মৃতি' থেকে সংগৃহীত এবং ৩ খানি শ্রীরবীন্দ্রকুমার দাশগুপ্তের সংগ্রহ থেকে গ্রহণ করা হয়েছে। কতগুলি পত্র অসম্পূর্ণ। বিদ্যাসাগরের নিকটে লিখিত অসম্পূর্ণ পত্রগুলির বেশির ভাগের মূল পত্র আমরা দেখেছি। লেখাগুলি বহু ক্ষেত্রে নষ্ট হয়ে যাওয়ায়, পাঠোদ্ধার করা অসম্ভব হয়ে পড়েছে। সঙ্কলিত পত্রের মধ্যে গৌরদাস বসাক, রাজনারায়ণ বসু, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর এবং কেশবচন্দ্র গঙ্গোপাধ্যায়কে লেখা পত্রের সংখ্যাই অধিক। মনোমোহন ঘোষ, ভূদেব মুখোপাধ্যায়, মনোমোহন ঘোষের মাতা, ইতালীর সম্রাট ভিক্টর ইম্যানুয়াল, লণ্ডনের বেণ্ট্‌লীস মিচেলেনীর সম্পাদককে লেখা কয়েকখানা চিঠিও আছে। কবির হাতের লেখা মূল পত্রের সহায়তায় পূর্বে মুদ্রিত (নগেন্দ্রনাথ সোমের কিংবা যোগীন্দ্রনাথ বসুর গ্রন্থে) কতকগুলি পত্রের পূর্ণতর এবং শুদ্ধতর পাঠ তৈরী করা গিয়েছে। পত্র সংখ্যা ১২৫য়ে চিঠির উপরে Private বলে কবি যে কথাগুলি লিখেছিলেন, নগেন্দ্রবাবুর সঙ্কলনে তা পরিত্যক্ত হয়েছিল। অথবা ১০১নং চিঠির পুনশ্চ অংশের দ্বিতীয় পর্যায়টুকু নগেন্দ্রনাথের অসম্পূর্ণ চিঠিতে নেই। সংবাদ হিসেবে ওটুকু মূল্যবান। সম্পূর্ণ মূল চিঠিটি আমরা দেখেছি, কিন্তু অপরাপর অংশের পাঠোদ্ধার করা সম্ভব হয় নি। এর মধ্যে মনোমোহন ঘোষের নিকট লিখিত পত্রগুলি ছিল ফরাসী ভাষায় লেখা, মনোমোহনবাবু কৃত ইংরেজী অনুবাদ এখানে সঙ্কলিত হয়েছে। ভিক্টর ইম্যানুয়ালকে লেখা ইতালীয় ভাষার চিঠিখানার ইংরেজী অনুবাদ রবীন্দ্রকুমার দাশগুপ্তের। মনোমোহন ঘোষের

মাতার নিকটে লেখা বাংলা চিঠিখানাও এখানে গৃহীত হয়েছে। বিদ্যাসাগর মহাশয়ের কাছে লেখা একটি চিঠিতে একটি মাত্র অনুচ্ছেদে বাংলা লেখার চেষ্টা কবি করেছিলেন। অপর পত্রগুলি সবই ইংরেজীতে লেখা।

এঁদের মধ্যে গৌরদাস বসাককে সব জায়গা থেকেই কবি চিঠি লিখেছেন, সব বিষয়ের উপরেই। প্রথম যৌবনে খিদিরপুর থেকে, খ্রীষ্টধর্ম গ্রহণের পরে বিশপস্ কলেজ থেকে, মাদ্রাজ প্রবাসে, কলকাতায় নাট্যাদি রচনার প্রসঙ্গে, য়ুরোপ প্রবাসকালে নিজের দারিদ্র্য সম্পর্কে তথা চতুর্দশপদী কবিতাবলী প্রসঙ্গে, কলকাতায় প্রত্যাবর্তন করে নানা বিষয়ে গৌরদাস বসাককে প্রচুর চিঠি তিনি লিখেছেন। কাব্য বা নাটকগুলি সম্পর্কে বিস্তারিত আলোচনা গৌরদাসকে লেখা চিঠিতে করা হয় নি। এর কারণ অনুমান করা যায়। কলকাতায় তাঁদের মধ্যে সম্ভবত প্রায়ই দেখাসাক্ষাৎ ঘটত। কাজেই নেহাৎ প্রয়োজন ছাড়া চিঠি লেখার কারণ ঘটে নি। শর্মিষ্ঠা রচনা কালে সংবাদাদি আদানপ্রদানের জন্য, বেলগাছিয়া রঙ্গালয়ের সঙ্গে সম্পর্কস্থাপনের অভিপ্রায়ে গৌরদাসকে কিছু পত্র লেখা হয়েছে। কিন্তু কাব্যনাট্যাদির বিশ্লেষণমূলক চিঠিপত্র সবচেয়ে বেশি লিখেছেন রাজনারায়ণ বসুকে। রাজনারায়ণবাবুর সাহিত্যবোধে কবির বিশ্বাস ছিল। একাধিক পত্রে তাঁর সেই বিশ্বাসের পরিচয় আছে—

এক। As I believe you are one of the writer of the Tattwabodhini Patrika, you will review the poem in the columns of that journal that would be giving it jolly lift indeed. (পত্রসংখ্যা ৫৭)।

দুই। You must weigh every thought, every image, every expression, every line, and all this cannot be done in an hour. I believe I have convinced you that I am not one of those touchy fools who do not like to have their faults pointed out to them. By Jove, I court such candid and friendly criticism. (পত্রসংখ্যা ৬৯)।

সমালোচক হিসেবে প্রতিষ্ঠা লাভের জন্য রাজনারায়ণকে সাধনা করবার পরামর্শও তিনি দিয়েছেন। কাজেই প্রধানত কাব্যবিষয়ে এবং কিছু নাট্য-বিষয়ক সাহিত্যালোচনামূলক চিঠি তাঁর কাছে লেখা হয়েছে। অবশ্য গৌরদাসের সাহিত্য-রসবোধের প্রতি তাঁর কিছুমাত্র বিশ্বাস ছিল না এরূপ

মনে হয় না। মাদ্রাজ থেকে Captive Ladie বিষয়ে আলোচনামূলক পত্র তিনি গৌরদাসকে লিখেছিলেন; ভার্সাই থেকে চতুর্দশপদী কবিতাবলী সম্পর্কিত পত্রও গৌরদাসকে লেখা। জীবনের তৃতীয় পর্বে সাহিত্য সৃষ্টির মহাযজ্ঞে যখন কবি ব্যস্ত ছিলেন তখন গৌরদাসের সঙ্গে তাঁর প্রায়ই সাক্ষাৎকার ঘটত [৬৩নং পত্রে কবি লিখেছেন "He gives me the benefit of his company almost everyday."]। ফলে গৌরদাসের কাছে লেখা সাহিত্যবিষয়ক পত্রের সংখ্যা অধিক নয়। কেশব গঙ্গোপাধ্যায়ের কাছে তাঁর নাটকবিষয়ক পত্রগুলি লেখা। কেশব গঙ্গোপাধ্যায় বিশিষ্ট অভিনেতা ছিলেন। অভিনয়নিরপেক্ষ নাট্যসাহিত্যের মূল্যে কবির বিশ্বাস ছিল না। কেশব গঙ্গোপাধ্যায়ের মাধ্যমে বেলগাছিয়ার মঞ্চাধ্যক্ষদের প্রভাবিত করা যেতে পারে এরূপ ধারণা তাঁর ছিল। কেশববাবুকে লেখার পিছনের এটি অন্যতম কারণ। কেশববাবুর নাট্যবিষয়ক মতামতকেও তিনি শ্রদ্ধা করতেন। মঞ্চব্যবস্থার সঙ্গে সংস্রবহীন নাট্যকারকে মঞ্চসংশ্লিষ্ট ব্যক্তির মতামতের সহায়তা গ্রহণ করতে হয়—এই ধারণা থেকেই বিশেষ করে নাটকগুলি সম্পর্কে অভিনেতা কেশববাবুর সঙ্গে কবির এই পত্রালাপের আয়োজন।

য়ুরোপ প্রবাসকালে বেশির ভাগ চিঠি লেখা হয়েছে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে। এই চিঠিগুলি প্রধানত কবির অর্থকষ্ট সংক্রান্ত। তাঁর দেশস্থ সম্পত্তির নূতন বন্দোবস্ত করা এবং প্রয়োজনীয় অর্থ প্রেরণ করে বিদেশে সপরিবারে তাঁর জীবন রক্ষার অনুরোধে এই চিঠিগুলি পূর্ণ। য়ুরোপ থেকে স্বল্প সংখ্যক পত্র গৌরদাসকে লেখা হয়েছে, কিন্তু বিদ্যাসাগরকে লেখা চিঠিগুলির ন্যায় সেগুলি বিশিষ্ট উদ্দেশ্যমুখী নয়, প্রয়োজনের সীমানায় বদ্ধ নয়। নানা কথা, সংবাদ ও গভীর-গোপন আত্মচিন্তন গৌরদাসকে লেখা চিঠিতে স্থান পেয়েছে। মনোমোহন ঘোষকে লেখা চিঠিগুলিতে চিঠির সহজ রস প্রাচুর্য, বিষয় এখানে মুখ্য নয়, প্রীতির বন্ধনই এদের সুরভিত করে রেখেছে।

কলকাতায় ফিরে এসে লেখা চিঠির মধ্যে যেগুলি বিদ্যাসাগর মহাশয়ের কাছে লেখা সেগুলিতে বিশেষ করে পুরাতন আর্থিক সম্পর্কের জের টানা হয়েছে, অথবা কবির ব্যারিস্টারী ব্যবসায়ে প্রবেশ-সমস্যার আলোচনা করা হয়েছে। কিন্তু গৌরদাসকে লেখা চিঠিগুলি শুধুই বন্ধুত্বের প্রাণরসে স্নাত। বিষয় সেখানে মুখ্য নয়। পত্রালাপে সেতুবদ্ধ দুটি ব্যক্তিই মাত্র সেখানে উপস্থিত।

বায়রণের পত্রাবলী সঙ্কলনের সুলিখিত ভূমিকায় একটি বৈশিষ্ট্যের দিকে পাঠকের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে,

> "A curious feature of Byron's letters is that not only do they reflect their writer's singularity ... but also to considerable degree the character of the person he happens to be addressing at the moment. The poet, chameleon-like, seems involuntarily to catch something of his correspondents' tone of mind, and so impressionable is his temperament, that it would be easy, as a rule, to assign his epistles to the right quarter, supposing the name of the persons they were intended for had suppressed."
>
> —[The Letters of Lord Byron.]

মধুসূদনের পত্রাবলীতে এই লক্ষণ কতক পরিমাণে স্পষ্ট। প্রথম পর্বে আমরা গৌরদাসকে ছাড়া অপরের কাছে লেখা চিঠি পাই না, তাই তুলনায় স্বরের পার্থক্যটি আবিষ্কার করা সেখানে সম্ভব নয়। তৃতীয় পর্বে সাহিত্যচর্চা-কালে কবি ব্যক্তিজীবন থেকে যেন ঊর্ধ্বলোকে উঠে গেলেন। গৌরদাস বসাকের তুলনায় রাজনারায়ণ বসুকে লেখা চিঠির সংখ্যা বেড়ে গেল। গোটা মানুষটা গৌরদাস বসাকের কাছে লেখা চিঠিতে যে পরিমাণ আত্মপ্রকাশ করেছে রাজনারায়ণ বসুকে লেখা চিঠিতে তেমন করে নি। রাজনারায়ণ বসুর ব্যক্তিত্বের যে দিকটিকে প্রাধান্য দিয়ে মনের কোণে তাঁর একটি মূর্তি দাঁড় করিয়েছিলেন কবি তা সাহিত্য-সমালোচকের। রসজ্ঞ সমালোচকের সঙ্গে আলাপরত কবিকে দেখতে পাই এ সব চিঠিতে। রাজনারায়ণের অন্যতর পরিচয় (ধর্মীয় নেতা ও চিন্তাবিদ) তাঁর সমালোচক অভিধা থেকে প্রধান হতে পারে। কিন্তু কবি তাঁকে সমালোচক বলেই গ্রহণ করেছিলেন। কেশব গঙ্গোপাধ্যায়ের চিঠিগুলিতেও মধুসূদনের নাট্যকার পরিচিতিই সত্য। হৃদয়ের অন্যান্য অংশ এক্ষেত্রে সঙ্কুচিত। শুধু তাই-ই নয় কেশববাবুর অভিনেতা ও নাট্যবোদ্ধা ব্যক্তিত্ব এই পত্রগুলিতে যেন ছায়াপাত করেছে। নাট্যরসিক অভিনেতার সঙ্গে আলাপরত নাট্যকারের চিত্র এখানে প্রকটিত।

বিদ্যাসাগর মহাশয়কে বেশির ভাগ চিঠি লেখা হয়েছে য়ুরোপ থেকে,

অল্প কয়েকখানা কলকাতায় বসেও। এই চিঠিগুলির ফাঁকে ফাঁকে বিদ্যাসাগরের ব্যক্তিত্ব যেন প্রতিবিম্বিত। কবি তাঁর চিঠিগুলিতে বিদ্যাসাগর মহাশয়ের সম্বন্ধে যে প্রাসঙ্গিক মন্তব্যগুলি করেছেন তার মধ্যে সেই মহাপুরুষের চরিত্রের পূর্ণাঙ্গ পরিচয় প্রকাশ পেয়েছে; তিনি বিদ্যাসাগরকে বলেছেন "Splendid fellow", "the first man among us", "above flattering any man", "grand energy which is the companion of your genius and manliness of heart", "real friend and righteous man", "not only Vidyasagara but Karunasagara also", "One of nature's noble man", "greatest Bengali" এবং সর্বোপরি এই মন্তব্যে তিনি বিস্ময়কর অন্তর্দৃষ্টির পরিচয় দিয়েছেন, "the genius and wisdom of an ancient sage, the energy of an Englishman, and the heart of a Bengali mother."[৬] বিদ্যাসাগরের কাছে কবি অকপটে তাঁর দারিদ্র্যের কথা জানিয়েছেন। যাঁর কাছে আবেদন করা হচ্ছে তিনি মহান ব্যক্তি, তিনি দয়ার্দ্রচিত্ত, তিনি নিশ্চিন্ত ভাবেই ভরসার স্থল হয়ে উঠতে পারেন এই উপলব্ধি যেন চিঠিগুলির প্রতিটি বাক্যের নিশ্বাসে-প্রশ্বাসে প্রবাহিত হচ্ছে। ছোটখাট সংবাদ দানের ব্যাপারেও এই ব্যক্তিত্ব সম্বন্ধে কবির স্পষ্ট বোধ লক্ষণীয়,—যাঁর কাছে চিঠি লিখছেন তাঁর কৌতূহল যেন কবির সম্পূর্ণ আয়ত্তাধীন। ফরাসীদেশে তিনি 'মনু'র নাম কোথায় শুনেছেন, গোল্ডষ্টুকারের সঙ্গে আলোচনাকালে বিধবাবিবাহের পথিকৃত হিসেবে উক্ত সংস্কৃতজ্ঞ পণ্ডিত কর্তৃক বিদ্যাসাগরের নামোল্লেখ, ফরাসীদেশের দোকানে বিদ্যাসাগরের লেখা পুস্তক দেখে বিস্মিত হওয়া প্রভৃতি সংবাদে উপকারীর সরব প্রশংসাবাণী ও চাটুকারিতা দেখবার কারণ নেই। বিদ্যাসাগরের পুস্তক ফ্রান্সের দোকানে দেখেছেন বলে যে চিঠিতে সংবাদ দিচ্ছেন তাতেই আছে দোকানীর উক্ত পুস্তকের লেখককে মৃত বলে ঘোষণা করার সংবাদ, তা নিয়ে নিজেকে জড়িয়ে কবির সরস মন্তব্যও আছে। লক্ষণীয়, সংস্কৃতজ্ঞ বিদেশি পণ্ডিত বিদ্যাসাগরের সমাজসংস্কার কর্মের প্রশংসা করেছেন, কিন্তু তাঁর সংস্কৃতভাষায় পাণ্ডিত্য বিষয়ে কিছু বলেন নি। চাটুকারিতা লক্ষ্য হলে চিঠির বিষয় পরিবর্তিত হয়ে যেত। বিদ্যাসাগরকে লেখা চিঠিতে মাঝে মাঝে রসিকতা আছে, মেটে ফিরিঙ্গিদের বাংলাভাষা নিয়ে এক স্থানে কটাক্ষ করা হয়েছে; কিন্তু কোথাও পত্রপ্রাপকের আবেগ-সংহত পরুষ মূর্তিটি প্রগলভতার প্রাচুর্যে আচ্ছন্ন হয় নি। কবি বিদ্যাসাগরের গদ্যশিল্পে আশ্চর্য নিপুণতার কথা

বলেছেন। কিন্তু সে যেন শুধু ভাষা দিয়ে বলা নয়, সমগ্র হৃদয় দিয়ে বলা— "…as one would say in our mother-tongue, আমি বিলক্ষণ বুঝিতে পারিতেছি…If I could write Bengali like you, I should cotinue in that language…". বিদ্যাসাগরের কাব্যরুচি-প্রসঙ্গেও সূক্ষ্ম ইঙ্গিত প্রকাশ পেয়েছে। বিদেশি কবিদের মধ্যে টাসোর কথা এসেছে, সেও শুধু-মাত্র কালিদাসের সঙ্গে উপমিত করার সুযোগ ছিল বলেই। দেশি কবিদের মধ্যে ভারতচন্দ্রের প্রসঙ্গই বার বার এসেছে। বিদ্যাসাগর নব সঙ্গীতে অর্থাৎ কবির নিজের রচিত কাব্যে আপন শ্রুতিকে অভ্যস্ত করে তুলতে পারেন নি এরূপ বিশ্বাস পূর্ব অধ্যায়ের পত্রে বিবৃত হয়েছে। এখানেও কবিমনের অভ্যন্তরে তাই-ই সক্রিয়।

বিদ্যাসাগর সম্বন্ধে কবির নিজস্ব উপলব্ধি এই পত্রগুলিতে সামগ্রিকভাবেই আত্মপ্রকাশ করেছে।

ঐ একই সময়ে মনোমোহন ঘোষের নিকটে লিখিত চিঠিতে অন্য সুর বেজেছে। সে সুর কবির মনের যেমন তেমনি কতকটা বিদ্যাসাগর ও মনোমোহন ঘোষের চরিত্র ও ব্যক্তিত্বের পার্থক্যজাত। তারুণ্যে উচ্ছল, পাঠ-নিবিষ্ট ভবিষ্যতের আশায় উন্মুখ মনোমোহনের কাছে লেখা চিঠিতে কোথাও জার্মান সাহিত্যের সৌন্দর্য, কোথাও হ্যাম্পটন প্রাসাদ ভ্রমণের আনন্দ, কখনও আবার অকাজের একটি অলসদিনে রাজহাঁসেদের সাহচর্য বিবৃত হয়েছে। বিষয় মুখ্য নয় এ সব চিঠিতে, লেখার আনন্দটাই বড়। তারুণ্যের সামীপ্যে কবির অভাবক্লিষ্ট মন প্রাণোচ্ছল হয়ে উঠতে চাইছে মাঝে মাঝে। পত্র-প্রাপকের সেই তরুণ মনটি এ সব চিঠিতে অপ্রকাশিত থাকে নি।

বহু বিচিত্রস্বভাব ব্যক্তির নিকটে মধুসূদন চিঠি লেখেন নি। তবুও সমালোচক কথিত বায়রণের চিঠির পূর্বোক্ত লক্ষণটি অনেকাংশে তাঁর চিঠির মধ্যেও যে লক্ষ্য করা যায় তাতে সন্দেহ নেই।

কবির লেখা বহু চিঠি সঙ্কলিত হয় নি এরূপ বিশ্বাস করার কারণ আছে। এর মধ্যে কিছু কিছু চিঠির প্রসঙ্গ কবির অপরাপর চিঠির মধ্যে ইঙ্গিতে ব্যক্ত করা হয়েছে। য়ুরোপ থেকে দিগম্বর মিত্র এবং বৈদ্যনাথ মিত্রের কাছে লেখা চিঠিগুলি পাওয়া যায় নি, যদিও তাদের বিষয়বস্তু সম্বন্ধে স্পষ্ট ধারণা করায় কোন অসুবিধা নেই। সত্যেন্দ্রনাথ ঠাকুরের সঙ্গে তাঁর পত্রালাপ চলত, তা না হলে হঠাৎ ইতালীয় ভাষায় তাঁকে একখানা চিঠি লিখতেন না। তাঁর গ্রন্থাবলীর

মুদ্রাকর ঈশ্বরচন্দ্র বসুকে লেখা চিঠিগুলিতে শুধুমাত্র ব্যবসায় সংক্রান্ত কথা লেখা থাকত এরূপ মনে করবারই বা কারণ কি? রাজনারায়ণবাবুর কাছে একবার তাঁর মুদ্রাকরের সাহিত্যরুচির প্রশংসা করে তিনি মন্তব্য করেছিলেন, মেঘনাদবধ কাব্যের কোন সর্গ বসু মহাশয়ের কাছে সর্বোৎকৃষ্ট মনে হয়; এরূপ ক্ষেত্রে মুদ্রাকরকে লেখা পত্রগুলি একান্ত মূল্যহীন না হওয়াই সম্ভব। যতীন্দ্রমোহন ঠাকুর, ঈশ্বরচন্দ্র সিংহ প্রভৃতি পৃষ্ঠপোষকদের সঙ্গে মধুস্দনের সংযোগ সর্বদাই গৌরদাস বসাক বা কেশব গঙ্গোপাধ্যায়ের মাধ্যমে ঘটত এরূপ মনে করবার কারণ নেই। শর্মিষ্ঠা নাটকের প্রশংসা করে এঁরা উভয়েই কবিকে সরাসরি চিঠি লিখেছেন এমন প্রমাণ আছে। কাজেই দুই পক্ষে কিছু কিছু পারস্পরিক চিঠি লেখা চলত এমন মনে করবার কারণ আছে। কিন্তু এই সব চিঠি আমাদের হস্তগত হয় নি।

আর একটি বিষয় লক্ষ্য করবার মত। প্রিয়তম বন্ধু গৌরদাস বসাককে নানা বিষয়ক চিঠি লিখলেও নিজের প্রণয়সম্পর্ক তথা দাম্পত্যজীবন সম্বন্ধে কোন সময়েই কিছু তিনি জানান নি। এটি বিস্ময়কর। সেজাতীয় চিঠি কিছু বসাক মহাশয়ের কাছে থাকলেও একান্ত ব্যক্তিগত গোপন কথা অপ্রকাশিত রাখার জন্য তিনি সেগুলি যোগীন্দ্রনাথ বসুকে দান করেন নি এরূপ মনে করার মত কোন প্রমাণ আমাদের হাতে নেই। এরূপ ঘটলে অন্যান্য পত্রে তার কোন না কোনরূপ ইঙ্গিত অস্পষ্টভাবে হলেও হয়ত ধরা পড়ত। কিন্তু প্রমাণাভাবে এ বিষয়ে কিছুই জোর করে বলা যায় না।

মধুস্দনের যে চিঠিগুলি পাওয়া না যাওয়ায় তাঁর অন্তর্জীবনের বিশ্লেষণ সর্বাধিক ব্যাহত হয়েছে তা হেনরিয়েটার কাছে লেখা। কবি হেনরিয়েটাকে চিঠি লিখতেন কোনরূপ প্রমাণের অপেক্ষা না রেখেই এ কথা বলা চলে। ১৭-১৮ বছরের দাম্পত্যজীবনে অন্তত তিন বার তাঁরা পরস্পর থেকে দূরে থেকেছেন। ১৮৫৬ সালে জানুয়ারী মাসে কবি হেনরিয়েটাকে মাদ্রাজে রেখে কলকাতায় এলেন। ঐ বছরের জুলাই মাসের আগে তিনি কলকাতায় স্বামীর কাছে পৌঁছান নি। আবার ১৮৬২ সালের জুন মাসে পত্নী ও সন্তানদের কলকাতায় রেখে তিনি য়ুরোপ যাত্রা করলেন। ১৮৬৩ সালের মে মাসে হেনরিয়েটা সন্তানদের নিয়ে য়ুরোপ এসে পৌঁছলেন। শেষবার ১৮৬৭ সালের জানুয়ারী মাসে কবি স্ত্রী ও সন্তানদের য়ুরোপ রেখে কলকাতায় চললেন। ১৮৬৯ সালের মে মাসে তাঁরা কলকাতায় এলেন। এই দীর্ঘকালের বিচ্ছেদে পত্রদূত প্রেরিত হত এ কথা সহজে অনুমান করা যায়। মধুস্দন দু একটি চিঠিতে

নিজেকে অত্যন্ত অনিয়মিত পত্র লেখক, অলস প্রকৃতির ব্যক্তি বলে উল্লেখ করেছেন। কিন্তু এ নেহাৎই বিনয়। চিঠি লিখতে তিনি ভালবাসতেন, তাঁর প্রাণোত্তাপপূর্ণ বহু সংখ্যক পত্র এ-কথার প্রমাণ বহন করছে। পত্নীকে তিনি অনেক চিঠি লিখেছেন—তাতে কোন সন্দেহ নেই। কিন্তু তার একখানা চিঠিও পাওয়া যায় নি। হেনরিয়েটার ফরাসী মন সাধারণ বাঙালী বধূর ন্যায় চিঠিপত্র অবহেলায় বিনষ্ট করবে এরূপ মনে হয় না। সম্ভবত মৃত্যুপূর্ব দুস্থতায় এবং অনিয়মিত জীবনযাত্রায় বারবার বাসস্থান পরিবর্তন চিঠির সঙ্কলন বিনষ্ট করেছে। অথবা কবি এবং কবিপত্নীর মৃত্যুর পরে সে সব চিঠি অন্যান্য দ্রব্যের সঙ্গে লুপ্ত হয়েছে। তাঁদের পুত্র-কন্যারা তখন এতই অল্পবয়স্ক যে ঐগুলি সংরক্ষণের কথা ভাবতেই পারে নি। যে ভাবেই হোক চিঠিগুলি হারিয়ে গিয়েছে। কবির প্রেমজীবনের অন্দরমহলের প্রত্যক্ষ পরিচয় লাভে বাঙালি চিরদিনের মত বঞ্চিত হয়েছে।

এ-সঙ্কলনে একান্ত ব্যক্তিগত পত্র নয় এমন দুখানি চিঠি স্থান পেয়েছে। একখানি বিলাতি সাময়িকপত্রের সম্পাদককে ছাত্রজীবনে লেখা, দ্বিতীয়খানি ইতালীর রাজাকে লেখা দান্তের জন্মবার্ষিকী উপলক্ষে। ব্যক্তিগত পত্র না হলেও কবির মনের গতি বুঝবার পক্ষে এদের গুরুত্ব অনেকখানি। তাই এরা গৃহীত হয়েছে। কিন্তু চাকুরী প্রার্থনা করে লেখা একটি চিঠি বিশেষত্বহীন বোধে পরিত্যক্ত হয়েছে।

কবি চিঠি ইংরেজীতে লিখতেন। মনোমোহন ঘোষের কাছে ফরাসীতে চিঠি লিখেছিলেন অনেকগুলি। মনে হয় মনোমোহনবাবুকে ফরাসী ভাষায় রপ্ত করে তোলবার জন্যই এরূপ পদ্ধতির আশ্রয় কবি নিয়েছিলেন। এ বিষয়ে অবশ্য তাঁর চিঠিপত্রে কিছু বলা হয় নি ; কিন্তু অন্য প্রসঙ্গে কবির চিঠিতে মনোমোহনবাবুর বিদেশি ভাষাজ্ঞানের দুর্বলতা এবং তাঁর ভাষা শিক্ষায় সাহায্য করার কথা আছে। সত্যেন্দ্রনাথ ঠাকুরকে ইতালীয় ভাষায় একবার তিনি চিঠি লিখেছিলেন, সে চিঠি অবশ্য পাওয়া যায় নি। সত্যেন্দ্রনাথের ইতালীয় ভাষাজ্ঞানের একটু পরীক্ষা নেবার ইচ্ছা এর পিছনে ছিল না এরূপ বলা যায় না। পরবর্তী কালে যুবক সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের লাতিন ভাষা-জ্ঞান প্রসঙ্গে তাঁর মন্তব্যের কথা স্মরণ করা যেতে পারে। ইতালীর রাজাকে ইতালীয় ভাষায় চিঠি লেখার কারণ সহজে বোঝা যায়। মনোমোহন ঘোষের

মাতাকে বাংলায় চিঠি দেবার-কারণও প্রত্যক্ষ। আসলে এগুলি ব্যতিক্রম বা বিশেষ উদ্দেশ্যমূলক। কবি ইংরেজীতেই তাঁর মনের কথা পত্রাকারে বলেছেন। বাংলা ভাষায় কাব্য রচনা করে তিনি খ্যাতি অর্জন করেছিলেন। কিন্তু মাতৃভাষার মত ইংরেজী ভাষাও তাঁর সম্পূর্ণ করতলগত ছিল। মনের ভাবগুলিকে ইংরেজীতে প্রকাশ করতে হলে সচরাচর একজন বাঙালিকে অলক্ষ্যে মনোলোকে অনুবাদের দ্বারস্থ হতে হয়। মধুসূদন কিন্তু একজন খাঁটি ইংরেজের মত ইংরেজীতেই ভাবতে পারতেন। বিশেষত নাটকগুলিতে বাংলা গদ্যের বহুল ব্যবহার করলেও প্রয়োজনের গদ্যে তিনি আদৌ স্বচ্ছন্দ ছিলেন না। তার প্রথম প্রমাণ কালীপ্রসন্ন সিংহ কর্তৃক প্রদত্ত সম্বর্ধনা সভায় বাংলায় বক্তৃতা দানের প্রস্তাবে কবির মন্তব্যে "Fancy I was expected to speechify in Bengali" (পত্র সংখ্যা ৬৬); দ্বিতীয় প্রমাণ বিদ্যাসাগরের নিকটে লেখা এক পত্রে আবেগাতিশয্যে ইংরেজীতে লিখতে লিখতে মাঝখানে কিছুটা বাংলায় লিখে অকস্মাৎ থেমে যাওয়ায় এবং মন্তব্য করায় "If I could write Bengali like you, I should continue in that language, but want of practice prevents my doing so." (পত্র সংখ্যা ১০৭)। নব্য বাংলার প্রথম মুখ্য কবি ইংরেজীতেই চিঠি লিখতেন। লক্ষণীয়, মনোমোহনবাবুর মাকে লেখা চিঠিতে আন্তরিকতা থাকলেও ভাষায় জড় অলঙ্কারপ্রাধান্যও বর্তমান। দেখা যাচ্ছে কবি বাংলা ভাষায় চিঠি লিখতে গিয়ে যথেষ্ট স্বাচ্ছন্দ্য বোধ করেন নি। মধুসূদনের সাহিত্যের ভাষা বাংলা কিন্তু তাঁর মনের ভাষা ইংরেজী (এর মানে অবশ্য এই নয় যে সাহিত্যসাধনায় তিনি যে ভাষার ব্যবহার করেছেন তার সঙ্গে কবির মনের সম্পর্ক নেই)। কবির ইংরেজীতে লেখা চিঠিগুলির অনুবাদ না করেই সঙ্কলন করবার প্রথম কারণ এইটি। আরও দুটি কারণ আছে।

এক। চিঠির ভাষা এতই ব্যক্তিগত যে তাকে ভাব থেকে স্বতন্ত্র করে নেওয়া চলে না। গীতিকবিতার অনুবাদে যেমন বেশির ভাগ রসাবেদনেই ঘাটতি পড়ে চিঠির ক্ষেত্রেও ব্যাপারটি তাই। তাঁর ব্যক্তিত্বের যে ছাপ স্বরচিত ইংরেজী চিঠিতে আছে মধুসূদনের পত্রাবলীর অনুবাদে তার চিহ্নমাত্র পাওয়া যেত না।

দুই। মধুসূদনের বাংলা কাব্যের পাঠকের পক্ষেও ইংরেজী ভাষাজ্ঞান অনেকখানি প্রয়োজন। ইংরেজী ভাষায় অনভিজ্ঞ পাঠকের সামনে কবির কাব্যের দ্বার সম্পূর্ণ খোলা নেই। মধুসূদনের পাঠকের পক্ষে কবির লেখা ইংরেজী চিঠির রাজ্যে ভাষার বাধা প্রবেশ নিষিদ্ধ করবে না।

সম্পাদনার ব্যাপারে আমরা যে পদ্ধতির অনুসরণ করেছি তার সূত্রাকার পরিচয় দেওয়া হল—

এক। চিঠিগুলিকে যথাসম্ভব কালানুক্রমে সাজানো হয়েছে। বহু চিঠির কোন তারিখ পাওয়া যায় নি। সেক্ষেত্রে কখনও আভ্যন্তরীণ ইঙ্গিতের সহায়তায়, কখনও একান্তভাবেই সাধারণজ্ঞানের সহায়তায় চিঠিগুলিকে সাজানো হয়েছে। ফলে কোথাও কচিৎ কালানুক্রম ব্যাহত হওয়া অসম্ভব নয়, কিন্তু কালগত কোন গুরুতর অসঙ্গতি দেখা দেয় নি একথা নিশ্চয় করে বলা চলে।

দুই। কবির চিঠিগুলিকে পাঁচটি পর্যায়ে ভাগ করা হয়েছে। এই পাঁচটি পর্যায় কবির জীবনধারার পাঁচটি ভিন্ন স্তরের সঙ্গে ঘনিষ্ঠভাবে সংশ্লিষ্ট বলে মনে হয়। এর এক একটি পর্যায় মোটামুটিভাবে একটি করে স্থানকে কেন্দ্র করেছে।

প্রথম পর্বে কবি মূলত কলকাতার অধিবাসী। অবশ্য তমলুক থেকে লেখাও কয়েকটি চিঠি আছে। কিন্তু দীর্ঘকালের জন্য কলকাতার বাইরে যান নি। কলকাতাকে কেন্দ্র করে কবির প্রথম পর্বের জীবনধারা আবর্তিত। ১৮৪৩ সালে ফেব্রুয়ারী মাসে খ্রীষ্টধর্ম গ্রহণ করায় কলকাতার জীবনের সঙ্গে কবির বিচ্ছেদ সূচিত হয়। পরে যখন মাদ্রাজ যাত্রা করলেন কলকাতার সমাজের সঙ্গে বাহিরে ও অন্তরে তাঁর গুরুতর দূরত্ব ঘটল। কলকাতার জীবনের উপরে পড়ল যবনিকা। এই পর্বের চিঠিগুলি প্রথম অধ্যায়ে সঙ্কলিত হয়েছে। এই চিঠিগুলি কবির সতেরো-আঠারো বৎসর বয়স থেকে শুরু করে চব্বিশ-পঁচিশ বৎসর বয়সের মধ্যে লেখা। এই চিঠি-গুলিতে কবির প্রথম যৌবনের ভাবভাবনার ফেনিল উচ্ছলতা, দূরপ্রসারী উচ্চাকাঙ্ক্ষা এবং সর্ববাধা লঙ্ঘনকারী বিদ্রোহী চেতনা অল্পাধিক প্রকাশিত।

দ্বিতীয় পর্বে কবি মাদ্রাজ-প্রবাসী। কবি ব্যক্তিজীবনে এবং কাব্য-জীবনেও পঞ্চপাণ্ডবদের মত অজ্ঞাতবাসে পরিচিত লোকচক্ষুর অন্তরালে যেন প্রস্তুত হয়েছেন। ইংরেজী কাব্যগ্রন্থ প্রকাশের মধ্য দিয়ে কবির প্রস্তুতি চলেছে। বহু ভাষা শিক্ষার মধ্যেও কি ভবিষ্যতের মহাকবি হবার অজানা সাধনা লক্ষ্য করা যায় না? ব্যক্তিজীবনেও কবি প্রশান্ত দাম্পত্যে পৌছান নি এখনও। এই পর্ব ধরে চলেছে তারও অনুসন্ধান ও অশান্ত আত্মবিক্ষোভ; অবশেষে এই পর্বের সমাপ্তিকালে হেনরিয়েটার সঙ্গে মিলনের মধ্য দিয়ে কবি প্রত্যাশিত শান্তির দ্বারদেশে পৌছেছেন। কবিজীবনের এই 'বিরাট পর্বের' অনেকখানি পরিচয় দ্বিতীয় অধ্যায়ের চিঠিগুলিতে মিলবে; যদিও সে পরিচয়

সম্পূর্ণ নয়, কবির অজ্ঞাতবাসকালীন অন্তরলোকের অনেক গোপন কথা অজ্ঞাতই থেকে গেল, এমন কি চিঠির ভাষায় একান্ত আপন বন্ধুজনের কাছেও তা প্রকাশ পেল না।

তৃতীয় অধ্যায়ের চিঠিগুলি কলকাতা থেকে লেখা। এই পর্যায় কবি-জীবনের শ্রেষ্ঠ কাল। প্রশান্ত জীবনযাত্রা, আর্থিক সঙ্কট থেকে সাময়িক মুক্তি এবং নাট্য ও কাব্যসৃষ্টির প্রাচুর্য ও সাফল্য এবং কবিরূপে দেশব্যাপী সুখ্যাতি—এই পর্বকে কবির জীবনে বিশিষ্টতম করে তুলেছে। এই পর্বের চিঠিগুলিতে সাহিত্যসমালোচনার প্রাধান্য ; কবির নিজের কাব্যগুলি সম্বন্ধেও আলোচনা এদের মধ্যে স্থান পেয়েছে। ১৮৬২ সালে তিনি কলকাতা ত্যাগ করলেন। সৃষ্টির স্বর্ণযুগ সমাপ্ত হল, প্রশান্তির শুভ্র দিনগুলিও।

চতুর্থ অধ্যায়ের চিঠিগুলি য়ুরোপ থেকে লেখা। এদের মধ্যে কতকগুলি ফ্রান্সের ভার্সাই থেকে এবং কতকগুলি লণ্ডন থেকে লেখা হয়েছিল। কবির জীবনের এই পর্বের অর্থক্লিষ্টতা এবং কাব্যজগৎ থেকে বিচ্যুতির বেদনা চিঠিগুলিকে ভারাক্রান্ত করে রেখেছে। য়ুরোপে গমন কবির জীবনের অন্যতম চরম কামনা ছিল। সেই কামনার মোক্ষধামে কবি গিয়ে পৌঁছেছেন এই পর্যায়ে। কিন্তু কি লাভ হয়েছে? একদিকে চরম আর্থিক অনটন অন্যদিকে কাব্য-রচনা ক্ষমতার অবক্ষয়।

পঞ্চম অধ্যায়ের পত্রগুলি কলকাতায় ফিরে আসার পরে লেখা। কবি মধুসূদন এখন নিঃশেষে অবসিত। এখন শুধু তাঁর স্মৃতিবাহী ব্যক্তির বেদনামথিত অস্তিত্ববহন। জীবনের শেষ ছয় বৎসরের পত্রাবলীর মধ্যে ট্রাজিক হাহাকার আরও গভীরভাবে ধ্বনিত হওয়াই ছিল স্বাভাবিক। কিন্তু বিমর্ষ করোটিহাস্য ব্যতীত অন্য কিছুর সন্ধান মেলে নি। মনে হয়, এ পর্বের আরও বহু চিঠি পাওয়া উচিত ছিল। কিন্তু তা পাওয়া না যাওয়ায় কবি-পরিচিতি অসম্পূর্ণ থেকে যেতে বাধ্য।

কবির পত্রাবলীকে এইভাবে পাঁচটি অধ্যায়ে বিভক্ত করা হয়েছে—

প্রথম অধ্যায়—কলকাতায় (১৮৪১-৪৮)—বিদ্রোহী উচ্ছল যৌবন ;

দ্বিতীয় অধ্যায়—মাদ্রাজে (১৮৪৮-৫৬)—অজ্ঞাতবাস ;

তৃতীয় অধ্যায়—কলকাতায় (১৮৫৬-৬২)—সৃষ্টির মহাযজ্ঞে ;

চতুর্থ অধ্যায়—য়ুরোপে (১৮৬২-৬৭)—কামনার মোক্ষধামে; বেদনার দাবদাহে ;

পঞ্চম অধ্যায়—কলকাতায় (১৮৬৭-৭৩)—মহাপ্রস্থান।

তিন। চিঠিগুলিতে নানা প্রসঙ্গের উল্লেখ আছে। তাদের পরিচিতি চিঠিগুলির বক্তব্য এবং লেখকের মনের দিগন্ত বুঝবার পক্ষে প্রয়োজনীয়। তা ছাড়া নানা তথ্যের পটভূমিটির সহায়তা ব্যতীত চিঠিগুলির তাৎপর্য বহু-স্থলেই অনুধাবন করা যাবে না। এই জন্য প্রতি অধ্যায়ের শেষে পাদটীকায় প্রয়োজনীয় তথ্য-পরিচিত ও প্রসঙ্গাদির বিচার ও ব্যাখ্যান যুক্ত করা হয়েছে।

॥ পাঁচ ॥

যে পরিকল্পনায় পাঁচটি পর্বে কবির পত্রাবলী গ্রথিত করা হয়েছে পূর্ববর্তী অধ্যায়ে তার ব্যাখ্যা দিয়েছি। আসলে কবির জীবনের সঙ্গে চিঠিপত্রের পর্ববিভাগ সম্পর্কিত। কবির জীবনকাহিনী বিবৃত করা আমাদের উদ্দেশ্য নয়। যোগীন্দ্রনাথ বসুর গ্রন্থে[৭] তাঁর জীবনের অধিকাংশ তথ্যই বিন্যস্ত হয়েছে এবং চরিতকার তাঁর উপলব্ধি ও বিশ্বাস অনুযায়ী কবিজীবনের একটি ব্যাখ্যা দেবার চেষ্টা করেছেন। নগেন্দ্রনাথ সোমের গ্রন্থে[৮] নানা নূতন তথ্য সঙ্কলিত হয়েছে। এর পরে কবিজীবন সম্পর্কে অত্যন্ত মৌলিক এবং উল্লেখযোগ্য ভাষ্য রচনা করেছেন অধ্যাপক প্রমথনাথ বিশী[৯]। মধুসূদনের কাব্যাদির সমালোচনা অনেকেই করেছেন, কিন্তু জীবনালোচনায় বিশেষ প্রবণতা দেখা যায় নি। নগেন্দ্রনাথ সোমের পরে অধ্যাপক রবীন্দ্রকুমার দাশগুপ্ত কিছু নূতন তথ্য সঙ্কলন করেছেন, তার গুরুত্বও অবশ্যস্বীকার্য।[১০] কবির জীবনের কতকগুলি অধ্যায় এখনও অন্ধকারাচ্ছন্ন থেকে গিয়েছে। তবুও প্রাপ্ত তথ্যের সাহায্যে নূতন করে কবিজীবনী রচনার সময় এসে গিয়েছে একথা বলা চলে। এখানে আমাদের লক্ষ্য কবির পত্রাবলী। কিন্তু জীবনঘটনার সুস্পষ্ট পটভূমিতে পাঠ করলেই মাত্র পত্রাবলীর সম্যক তাৎপর্য প্রকাশ পেতে পারে। এই উদ্দেশ্যে কবিজীবনের একটি সংক্ষিপ্ত পরিচয় এখানে তুলে ধরা হবে। সে পরিচয় তথ্যভিত্তিক হলেও তথ্য এর লক্ষ্য নয়, জীবনব্যাখ্যানই আমার অভিপ্রেত।

কবির জীবনকাহিনীর মধ্যে পাঁচটি সুস্পষ্ট স্তর লক্ষ্য করা যেতে পারে। একটি পঞ্চাঙ্ক ট্রাজেডির মত তার গঠন-সৌষ্ঠব দেখে বিস্মিত হতে হয়। অন্তরালে বসে কোন্ মহাশিল্পী এই জীবনের গতি নিয়ন্ত্রিত করেছেন? কবির জীবনের এই পঞ্চপার্বিক ক্রমবিকাশ তাঁর চিঠিপত্রের সহায়তায় অনেকদূর পর্যন্ত অনুধাবন করা চলে।

কবিজীবনের প্রথমাঙ্কের পরিচয় দিতে গিয়ে অধ্যাপক প্রমথনাথ বিশী বলেছেন,

> "জন্মকাল হইতে ধর্মান্তরগ্রহণ, বিশপস্ কলেজে অধ্যয়ন ও সকলের অজ্ঞাতসারে মাদ্রাজে গমন তাঁহার জীবনের প্রথমাঙ্ক। প্রথম অঙ্কের প্রধান ঘটনা ধর্মান্তর গ্রহণ। শিক্ষা ও কালের হাওয়া তাঁহাকে ধর্মান্তরের দিকে ঠেলিয়াছে, আবার এই ধর্মান্তরগ্রহণ তাঁহার জীবনকে দ্বিতীয় অঙ্ক ও শেষ পর্যন্ত চরম পরিণামের দিকে ঠেলিয়াছে। তারপরে সকলের অজ্ঞাতসারে তাঁহাকে হঠাৎ মাদ্রাজে টানিয়া লইয়া গিয়া অদৃশ্য প্রযোজক তাঁহার জীবননাট্যের প্রথম অঙ্কে কালো যবনিকাপাত ঘটাইয়াছে।"
>
> —[মাইকেল রচনাসম্ভার : ভূমিকা]

কবির প্রথম বয়সের পত্রগুলিতে তাঁর কলেজ পাঠকালীন মানসিক অবস্থা অনেকখানি ধরা পড়েছে, তাঁর খ্রীষ্টধর্ম গ্রহণের কথা আছে, বিশপস্ কলেজে পড়ার প্রসঙ্গও আছে। কবির মনোলোকের অনেকখানি চিত্র এই চিঠিগুলির মধ্যে ধরা পড়বে। এই পত্রগুলি পড়লে প্রথমেই মনে হবে কবির জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ সমস্যার কোন প্রতিফলন এর মধ্যে ধরা পড়ে নি। সেই সমস্যাটি খৃষ্টধর্মগ্রহণ। বাঙ্গলা দেশ ত্যাগ করে বসবাসের জন্য অকস্মাৎ মাদ্রাজগমনও সেকালের পক্ষে খুবই উল্লেখযোগ্য ব্যাপার। এ বিষয়েও কবির চিঠিগুলি নীরব। প্রথম পর্বের চিঠিগুলি বিশ্লেষণ করলে কবির অন্তর্জীবন এবং মনের যে পরিচয় লাভ করা যায় তাকে সূত্রাকারে বিবৃত করা চলে।

এক। কবির চরিতকার কবির তরুণবয়সের যে চরিত্র-বৈশিষ্ট্য চিঠিপত্রে ধরা পড়েছে তার মনোজ্ঞ পরিচয় দিয়েছেন,

> "ডিস্‌রেলী যথার্থই বলিয়াছেন, 'মানুষ পূর্ণবয়সে যতই ভালবাসুন, বাল্যবন্ধুতার উল্লাস অথবা অবসাদ কখনই প্রাপ্ত হইতে পারেন না। জীবনের কোন সুখ এমনভাবে হৃদয় পূর্ণ করে না; ঈর্ষা অথবা নৈরাশ্যের কোন যন্ত্রণা এমন নিষ্পেষক অথবা মর্ম্মভেদী বলিয়া বোধ হয় না। বাল্যবন্ধুতায় যে মধুরতা, যে আত্মবিসর্জ্জন, পরস্পরের প্রতি যে অসীম বিশ্বাস, বিরহে যে তীব্রতা, এবং পুনর্ম্মিলনে যে দ্রবীভাব, অপর কোন বয়সের প্রণয়ে তাহা ঘটিবার

নয়।' বাল্যবন্ধুতার নৈরাশ্যে কত হৃদয় যে নিষ্পিষ্ট এবং কত আশা যে বিশুষ্ক হইয়া যায়, তাহার সংখ্যা নাই। বাল্যবন্ধুতা হইতে অনেকের ভবিষ্যৎ জীবনেরও আভাস প্রাপ্ত হওয়া যায়। লর্ড বায়রণ তাঁহার বাল্যবন্ধুতার প্রসঙ্গে বলিয়াছেন, "My school friendships were with me passions"[১১] এই প্রেমপিপাসু বালক বায়রণের পরিণাম কি হইয়াছিল, তাহা কাহারও অবিদিত নাই। প্রেমপিপাসু বালক মধুসূদনেরও বাল্যবন্ধুতার আলোচনা করিলে, তাঁহার ভবিষ্যৎ জীবনের আভাস প্রাপ্ত হওয়া যাইবে। মধুসূদন পাঠদ্দশায় তাঁহার শৈশবসুহৃদ বাবু গৌরদাস বসাককে যে সকল পত্র লিখিয়াছেন,...পাঠক তাঁহার বাল্যপ্রেমের প্রগাঢ়তা, তাঁহার সাধারণ প্রকৃতি, সেই সঙ্গে তাঁহার ছাত্রাবস্থার অনেক ঘটনা অবগত হইতে পারিবেন। তাঁহার অধ্যয়নাসক্তি উচ্চাভিলাষ, স্বেচ্ছাচারপ্রিয়তা এবং উদ্দাম ঔদ্ধত্য প্রভৃতি দোষ, গুণ এই সকল পত্রে প্রতিভাত হইবে।"

—[যোগীন্দ্রনাথ বসু।]

দুই। কবির এই পর্বের পত্রাবলীতে তাঁর জীবনের দুটি কেন্দ্রীয় কামনাই (যাকে অধ্যাপক বিশী কবিজীবনের দুটি কেন্দ্র বলে ঠিক ভাবেই অভিহিত করেছেন) বীজাকারে দেখা দিয়েছে। প্রথম তারুণ্যের কবিতাগুলি নিয়ে তিনি অন্তরে অন্তরে বিশেষ গর্বিত ছিলেন। বিখ্যাত বিলাতী সাময়িক পত্রে প্রকাশের জন্য কবিতা পাঠানো থেকে শুরু করে ব্যক্তিগত ব্যবহারের জন্য ব্যয় করে প্রেস থেকে প্রুফ কপি আনিয়ে গ্রন্থকার সাজবার ভঙ্গি, স্থানীয় পত্রিকায় কবিতা ছাপিয়ে বিশ্বের সেরা কবিদের সমকক্ষতার স্বপ্ন দেখা, বন্ধুকে ভবিষ্যতে নিজের জীবনী লেখার জন্য এখন থেকেই পরামর্শ দেওয়া শুধুমাত্র উচ্চাশাই নয়, স্থির বিশ্বাসের প্রকাশ বলেই মনে হয়। এর মধ্যে বালসুলভ অতিরেক আছে; কিন্তু শুধুমাত্র সেই অতিরেকের বলেই কি জীবনের ভবিষ্যৎ বিষয়ে এমন একাগ্র ভাবনা সম্ভব? A. C. Bradly, কীট্‌সের পত্রাবলী সম্বন্ধে আলোচনা প্রসঙ্গে বলেছেন,

> "With Keats, no doubt poetry and the hope of success in it were passions more glowing than we have reason to attribute to his contemporaries at the same time of life."

—[Oxford Lectures on Poetry]

কবি হিসেবে সাফল্যের পরে মধুসূদনের অমরত্বের কামনা খুবই উচ্চকণ্ঠ হয়ে উঠেছিল, প্রথম তারুণ্যেও কবির পত্রে এর স্পষ্ট প্রকাশ লক্ষণীয়। কবির দ্বিতীয় কামনা-কেন্দ্র ইংলণ্ডগমনসংক্রান্ত। কবি সেই বয়সে কি এক বিচিত্র ও দুর্বোধ্য যুক্তিবলে ইংলণ্ডগমন এবং কবি হিসেবে প্রতিষ্ঠা লাভ এই দুটি সম্পূর্ণ অসম্পৃক্ত ব্যাপারকে একসঙ্গে জড়িত করে ফেলেছিলেন। "I am reading Tom Moore's Life of my favourite Byron—a splendid book upon my word! Oh! how should I like to see you writing my Life if I happen to be a great poet—which I am almost sure I shall be if I can go to England." (পত্র সংখ্যা ১৮)। কবি তমলুক গিয়েই সমুদ্রের নিকটতর বলে নিজেকে কল্পনা করেছেন, ইংলণ্ড যাবার স্বপ্ন দেখতে শুরু করেছেন, "I am come nearer that sea which will perhaps see me at a period (which I hope is not far off) ploughing its bosom for 'England's glorious shore." (পত্র সংখ্যা ১৬)।

এই দুই কামনা কখনও জড়িতভাবে কখনও বিপরীত প্রান্ত থেকে দ্বন্দ্বের মধ্য দিয়ে তাঁর জীবনগতিকে নিয়ন্ত্রিত করেছে।

তিন। মতামতের স্বাতন্ত্র্য, প্রচলিত রীতিনীতির প্রতি অবিশ্বাস, নিজ ইচ্ছানুযায়ী সেই বয়স থেকেই জীবনপরিচালনার বাধাহীন স্বাধীনতা তাঁর চরিত্রের স্থায়ী সূত্রের ভিত্তি হিসেবেই তখন থেকে দেখা দিয়েছিল। ছাত্র হিসেবে তাঁর ঔজ্জ্বল্য, প্রবন্ধাদি লিখে পুরস্কার লাভ, ইংরেজী, লাতিন ভাষা ও বিভিন্ন বিষয়ে বিশেষ করে সাহিত্যে ব্যাপক অধ্যয়ন, আবার অন্যদিকে শিক্ষকের প্রতি সরব অশ্রদ্ধা, মদ্যপান প্রভৃতি কুঅভ্যাস জড়িয়ে তরুণ বয়সেই তাঁর চরিত্রে প্রতিভার বিপুলতার আভাস এনেছে। প্রতিভাকে সাধারণ মাপকাঠিতে বিচার করা যায় না। বিদ্যাসাগর মহাশয় কথিত 'গোপালে'র ন্যায় তারা ভাল ছেলে নয়, তারা 'রাখালে'র মত খারাপ ছেলেও নয়। তারা সব ব্যাপারেই যেন সাধারণ দশজনের ঊর্ধ্বে। কবির বাল্যবন্ধু ও সহধ্যায়ী বঙ্কুবিহারী দত্ত লিখেছিলেন,..."Modhu was the Jupiter." গৌরদাস বসাকের ভাষাও অনুরূপ, ..."nevertheless he was undeniably the Jupiter among the bright stars of the college." তিনি মধুসূদনের ক্ষুদ্র কার্যকলাপ, পাগলামী, বালসুলভতা সব কিছুর মধ্যে প্রতিভার ছাপ দেখতে পেয়েছেন। "Modhu was a genius. Even his foibles and

eccentricities had a touch of romance, and a taste of 'the attic salt' that made them savoury and sweet." ভবিষ্যৎ গরুড়ের জন্ম সম্ভাবনায় আকাশ রক্তিমাভা ধারণ করেছে এই চিঠিগুলিতে তার প্রমাণ আছে।

চার। মধুসূদনের জীবনের খুব গুরুত্বপূর্ণ একটি ঘটনার আলোচনায় এবার প্রবেশ করব। ২৭শে নভেম্বর (১৮৪২) মধ্যরাতে গৌরদাস বসাককে এক চিঠিতে (২১নং পত্র) কবি যে কথাগুলি বলেছেন তা তাৎপর্যপূর্ণ। "It is the hour for writing love letters since all around, now, is love inspiring." কবির কোন প্রণয় পত্র আমাদের হাতে আসে নি। এ চিঠির মধ্যে যে কথা বলা হয়েছে, তা কি নারীসম্পর্কহীন, শুধু হৃদয়ের মধ্যে অবগাহন? কবিজীবনীর সহায়তা এ বিষয়ে নিতে হবে। পত্রাবলীর এই নীরবতা বিস্ময়কর। রেভারেণ্ড কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়ের কন্যার সঙ্গে মধুসূদনের প্রেমসম্পর্ক স্থাপিত হয়েছিল এমন সংবাদ পাওয়া যায়। 'মধুস্মৃতির' লেখক বলেছেন,

> "রেভারেণ্ড কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়ের দেবকীনাম্নী রূপবতী বিদুষী দ্বিতীয়া কন্যার সহিত মধুসূদন পূর্ব হইতেই পরিচিত ছিলেন। তাঁহার রূপগুণের পক্ষপাতী হইয়া মধুসূদন তাঁহার পাণিগ্রহণে একান্ত অভিলাষী ছিলেন। উক্ত কুমারীও মধুসূদনের বিবিধ সদ্‌গুণে তাঁহার প্রতি অনুরাগিণী হন।"

কোন সূত্র থেকে নগেন্দ্রনাথ এই সংবাদ সংগ্রহ করেছেন তা অবশ্য তিনি বলেন নি। কিন্তু এ ঘটনায় বিশ্বাস করার কারণ আছে। যোগীন্দ্রনাথ বসুও কারও নামোল্লেখ না করে বলেছেন,

> "তাঁহার পরিচিতা কোন খ্রীষ্টধর্মাবলম্বিনী বালিকার রূপগুণের তিনি একান্ত পক্ষপাতী ছিলেন।"

গৌরদাস বসাক তাঁর স্মৃতিকথায় খুব স্পষ্ট করে না লিখলেও যে ইঙ্গিত করেছেন তাতে মধুস্মৃতির লেখকের বক্তব্য সঠিক বলে মনে হয়। মধুসূদনের খ্রীষ্টধর্ম গ্রহণ প্রসঙ্গে তিনি রেভারেণ্ড কৃষ্ণমোহনের প্ররোচনাকে দায়ী করেছেন এবং একই সঙ্গে জ্ঞানেন্দ্রমোহন ঠাকুরকে ধর্মান্তরিত করায় রেভারেণ্ডের ভূমিকার কথাও বলেছেন। প্রসঙ্গত উল্লেখযোগ্য জ্ঞানেন্দ্র-মোহন খ্রীষ্টধর্ম গ্রহণের পরে কৃষ্ণমোহনের কন্যাকে বিবাহ করেন। অন্যত্র তিনি স্পষ্টই এ-বিষয়ে মন্তব্য করেছেন। নিজের পছন্দমত শিক্ষিত তরুণীর

পাণিগ্রহণের বাসনা কবির ছিল। কবি একেই মনে করতেন জীবনের আদর্শ।

> "He used always to tell me that he would rather die a Benedict than wed an 'illiterate, uneducated, unsympathetic' girl and in those days an educated female was a rara avis in our society, the one solitary exception being in the family of a native Christian Clergyman ; but his hopes in that quarter, if any, were nipped in the bud."

এই native Christian Clergyman" নিঃসন্দেহে রেভারেণ্ড কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়। মধুসূদনের এই প্রথম প্রেমের কথা প্রিয়তম বন্ধু গৌরদাস বসাকের না জানার কথা নয়। তাঁর সাক্ষ্যই এ বিষয়ে সবচেয়ে গ্রহণযোগ্য বলে মনে করি।

পূর্বোক্ত চিঠির (পত্র সংখ্যা ২১) লক্ষণীয় বৈশিষ্ট্য—(১) প্রণয়পত্র লিখবার কথা বলে চিঠিটি শুরু করা হয়েছে, (২) চিঠির মধ্যে গ্রাম্য একটি বালিকার সঙ্গে তাঁর বিবাহ-ব্যবস্থার কথা অত্যন্ত বিরক্তির সঙ্গে বলেছেন, (৩) তাঁর য়ুরোপ যাবার বাসনার কথাও জানিয়েছেন। তমলুক থেকে লেখা চিঠির মত এ আর শুধু স্বপ্ন নয়, বাস্তব নৈকট্যের সুর এর মধ্যে বেজেছে "Depend upon it—in the course of a year or two more, I must either be in England or cease 'to be' at all,—one of these must be done."

এই সূত্রগুলির সাহায্যে মধুসূদনের খ্রীষ্টধর্ম গ্রহণের কারণটিকে বিশ্লেষণ করা সম্ভব। মধুসূদন যে কারণে খ্রীষ্টধর্ম গ্রহণ করেছিলেন তাকে কয়েকটি স্তরে ভাগ করে জানা যেতে পারে।—

এক। খ্রীষ্টধর্মাবলম্বী তরুণী দেবকীকে বিবাহ করবার ইচ্ছা (জ্ঞানেন্দ্রমোহনের সাফল্য এ বিষয়ে তাঁকে উৎসাহ যুগিয়েছে)।

দুই। খ্রীষ্টধর্ম গ্রহণ করলে ইংলণ্ড গমন সহজতর ও দ্রুততর হবে এই আশা। এ বিষয়ে কবির দুটি চিঠির মন্তব্য পাশাপাশি পড়া যেতে পারে।—"Why should the hour that brought Mr. Dealtry here be stigmatised as inauspicious? Do you think that he persuaded me to embrace Christianity? You are

miserably, pitifully mistaken". (পত্র সংখ্যা ২৩)। "I am not going to England with Mr. Dealtry; my father won't allow that." (পত্র সংখ্যা ২৪)। কবি জোর দিয়ে তাঁর খ্রীষ্টধর্ম গ্রহণের ব্যাপারে ডিয়াল্টির প্ররোচনাকে অস্বীকার করেছেন। কারণ কারও দ্বারা প্রভাবিত হয়ে এরূপ কোন কার্য করেছেন একথা সচেতন ভাবে ভাবতেও তিনি আদৌ রাজী নন। এখানেই তাঁর আত্মম্ভরিতা, তাঁর তীব্র ব্যক্তিস্বাতন্ত্র্য আত্মপ্রকাশ করেছে। কিন্তু তাঁর খ্রীষ্টধর্ম গ্রহণের ব্যাপারে ডিয়াল্টির ভূমিকা আছে, জীবনচরিতে তার তথ্যগত প্রমাণ আছে। উপরোক্ত মন্তব্য দুটির সাহায্যে বোঝা যায় ইংলণ্ডে যাবার সুবিধে হিসেবে তিনি খ্রীষ্টধর্ম গ্রহণকে ব্যবহার করতে চেয়েছিলেন। রেভারেণ্ড কৃষ্ণমোহনের বক্তব্য এ বিষয়ে অসম্পূর্ণ (কারণ নিজ কন্যার সঙ্গে বিবাহের প্রসঙ্গ তিনি সঙ্গত কারণেই গোপন করেছেন) হলেও প্রণিধানযোগ্য,

> "He called one day and introduced himself to me as a religious inquirer almost persuaded to be a Christian. After two or three interviews and a great deal of conversation, I was impressed with the belief that his desire of becoming a Christian was scarcely, greater than his desire of a voyage to England."

তিন। হিন্দুধর্মসংক্রান্ত কোন দৃঢ় সংস্কার তাঁর ছিল না। তাই মনের দিক থেকে কোন বিশেষ বাধাও তিনি অনুভব করেন নি।

কিন্তু মধুসূদন তাঁর খ্রীষ্টধর্ম গ্রহণের এই মনোবাসনা অন্তত গৌরদাসকেও চিঠিতে জানাতে পারতেন, কেন জানালেন না সেটি প্রশ্নের বিষয়। প্রথমত, আমরা বাহিরের লোক যত স্পষ্ট করে কারণটি আজ বিশ্লেষণের চেষ্টা করছি, কবির পক্ষে তা সম্ভব ছিল না। বিশেষ করে আমরা যাকে বুঝবার সুবিধের জন্য তিনটি স্বতন্ত্র স্তরে বিভক্ত করে দেখেছি কবির মনে তারা সব মিশ্রিত আকারে জটিলতার সৃষ্টি করে বসেছিল। দ্বিতীয়ত, মধুসূদনের পিতা খুব প্রতিপত্তিশালী ব্যক্তি ছিলেন। কবি যদি ফোর্ট উইলিয়াম দুর্গে গিয়ে আশ্রয় না নিতেন পিতার লাঠিবাজিতে তাঁর খ্রীষ্টধর্ম গ্রহণের বাসনা বিলুপ্ত হত। তাই পূর্ব থেকে নিকটতম বন্ধুর কাছেও মনোভাব প্রকাশ করা তিনি বুদ্ধিমানের কাজ বলে মনে করেন নি। আর খ্রীষ্টধর্ম গ্রহণ করার জন্য বন্ধুদের কাছে কৈফিয়ৎ

দেবার কথা তিনি ভাবতেও পারতেন না, তাঁর ব্যক্তিগত অহমিকার প্রশ্নটি এর সঙ্গে জড়িত।

মধুসূদন অকস্মাৎ কেন মাদ্রাজ চলে গেলেন জানা যায় না। গৌরদাসকে লেখা চিঠিতেও কবি তাঁর মনোভাব ব্যাখ্যা করেন নি। যে দুটি কারণের কথা তাঁর জীবনীকার জানিয়েছেন তা পর্যাপ্ত বলে মনে হয় না। এক। পিতা তাঁর উপরে বিরক্ত হয়ে মাসোহারা বন্ধ করে দিয়েছিলেন। দুই। ইংলণ্ড যাবার ব্যাপারে যাঁরা তাঁকে উৎসাহিত করেছিলেন তাদের কাছ থেকে কোন সাড়াই আর পাওয়া গেল না। নিঃসন্দেহে এ দুটি উল্লেখযোগ্য ঘটনা। কিন্তু পিতার কাছ থেকে অর্থসাহায্য না পেলে বা ইংলণ্ড-গমনের কামনা বিনষ্ট হলে অপরিচিত বন্ধুহীন সুদূর মাদ্রাজে চলে যেতে হবে কেন? এ ঘটনা উল্লেখযোগ্য, খ্রীষ্টধর্ম গ্রহণের পরে বিশপস কলেজে পাঠ কালেও কবির সঙ্গে কৃষ্ণমোহনের পরিবারের ঘনিষ্ঠতা অক্ষুণ্ণ ছিল। গৌরদাস বসাক স্মৃতিকথায় লিখেছেন,

> "While Modhu was at the Bishop's College, I used to see him every now and then. He was then in the congenial and charming company of the Revd. K.M. Banerjee and his wife and daughters, with all of whom he had been intimate before his conversion."

কৃষ্ণমোহন শেষ পর্যন্ত কি কারণে মধুসূদনকে কন্যা দান থেকে বিরত হলেন? নগেন্দ্রনাথ সোমের মতে মধুসূদনের মদ্যাসক্তির অতিরেকই এর কারণ। প্রত্যক্ষ কারণ তা হতে পারে, কিন্তু মূল কারণ সম্ভবত অন্যত্র। কবির পিতার অর্থসাহায্য বন্ধ হয়ে যাওয়ায় কৃষ্ণমোহনের ধারণা হওয়া অসম্ভব নয় যে পিতার সম্পত্তি থেকেও তিনি ভবিষ্যতে বঞ্চিত হবেন। কপর্দকহীন ব্যক্তির সঙ্গে কন্যার বিবাহদানে তাঁর আপত্তি ঘটাও খুব স্বাভাবিক। আমার এই ধারণা একান্ত কাল্পনিক নাও হতে পারে। যাই-ই হোক পিতার অর্থসাহায্য বন্ধ, কৃষ্ণমোহনের প্রত্যাখ্যান এবং ইংলণ্ড-গমন সম্পর্কে চূড়ান্ত হতাশা প্রায় একই সময়ে কবিকে আহত করল। অন্য ঘটনার ফলে তাঁকে বাঙ্গলাদেশ পরিত্যাগ নাও করতে হতে পারত। জীবনে কখনও নীরবে পরাজয় স্বীকার করা কবির চরিত্রের কোথাও ছিল না। দেবকীকে লাভ না করতে পারার পরাজয় কলকাতার বন্ধুদের জানানো বা তারপরে তাদের সামনে মাথা উঁচু করে চলা তাঁর পক্ষে সম্ভব ছিল না।

তিনি অজ্ঞাতবাসে যাত্রা করলেন তিক্ত ও বেদনাদীর্ণ চিত্ত নিয়ে। পরের এক চিঠিতে সে সংবাদ কবি দিয়েছেন, "When I left Calcutta, I was half mad with vexation and anxiety." (পত্র সংখ্যা ৩৬)। মাদ্রাজ যাত্রার সঙ্গে সঙ্গে কবির জীবনের প্রথম পর্বের সমাপ্তি ঘটল।

কবির জীবনের দ্বিতীয় অধ্যায় কেটেছে মাদ্রাজ প্রবাসে। অধ্যাপক বিশী এই পর্বের বিষয়ে মন্তব্য করেছেন,

> "ট্রাজেডির পাঁচটি অঙ্কের মধ্যে দ্বিতীয় অঙ্ক নানা কারণে গৌণ, তাহার জলুস কম, তৃতীয় অঙ্কের দিকে ঘটনাবলীকে ঠেলিয়া দেওয়াই তাহার কাজ, নিজস্ব মহিমা তাহার অল্পই। এ সমস্ত লক্ষণই আছে তাঁহার মাদ্রাজ অবস্থান পর্বে। রীতিমত ইংরেজী কাব্য রচনা ও প্রকাশ, শ্বেতাঙ্গিনী বিবাহ, দারিদ্র্য, বিভিন্ন ভাষা শিক্ষায় নূতন আগ্রহ প্রভৃতি উপাদান নাটকে তীব্রতর বেগ সঞ্চার করিয়াছে। এমন সময়ে অদৃশ্য প্রযোজক আবার হস্তক্ষেপ করিল। রাজনারায়ণ দত্তের মৃত্যু ঘটিল, পৈতৃক সম্পত্তি জ্ঞাতিদের হাত হইতে উদ্ধারের আশায় হঠাৎ তাঁহাকে কলিকাতায় চলিয়া আসিতে হইল। যেমন অতর্কিতে তিনি মাদ্রাজ চলিয়া গিয়াছিলেন; তেমনি অতর্কিতে তিনি কলিকাতায় চলিয়া আসিলেন।"
>
> —[মাইকেল রচনা সম্ভার : ভূমিকা]

মাদ্রাজ থেকে কবির লিখিত চিঠির সংখ্যা খুবই অল্প। কিন্তু এই পর্বের অনেকগুলি উল্লেখযোগ্য ঘটনার মানসিক প্রতিক্রিয়া এই চিঠিগুলিতে প্রতিফলিত। এই পর্বের চিঠিগুলিতে যে-সব বৈশিষ্ট্য লক্ষণীয় (মধুসূদনের চরিত্রের কিছু পরিচয়ও এখানে প্রকাশ পেয়েছে) তা বিবৃত হল।

এক। জীবনের প্রথম অধ্যায়ের চিঠিতে প্রথম যৌবনের বস্তুহীন যে ভাবোচ্ছ্বাস ছিল তার মধ্যে ধনীর আদুরে দুলালের দায়িত্বহীন জীবনচর্চা ও ভোগপ্রাচুর্যের পরোক্ষ ছায়াপাত ঘটেছিল। দ্বিতীয় অধ্যায়ের চিঠিতেও কবির বন্ধুপ্রীতি বারংবার প্রকাশিত। কিন্তু তা তারল্যসর্বস্ব নয়। কবির মন যেন কঠিন বস্তুভূমিতে পদার্পণ করেছে। জীবনের কঠিন অভিজ্ঞতা ও দুঃখবরণের ছাপ উচ্ছ্বাসের ফেনাকে অনেকটা অন্তর্হিত করেছে। আবেগ আছে, কিন্তু তা সংহত হয়েছে।

দুই। কবি তাঁর প্রথম প্রকাশিত কাব্য মাদ্রাজের এডভোকেট

জেনারেল নর্টন সাহেবকে উৎসর্গ করলেন (পত্র সংখ্যা ৩৭)। ঘটনাটি তাৎপর্যপূর্ণ, তাই কিছু আলোচনার প্রয়োজন আছে। কবির কাব্যটি যখন মাদ্রাজে Circulator পত্রিকায় আত্মপ্রকাশ করল, কবি Joseph Richard Nailor নামক তাঁর সহকর্মী শিক্ষককে এটি উৎসর্গ করেছিলেন। গ্রন্থাকারে প্রকাশ করার সময়ে মাদ্রাজের প্রতিষ্ঠাবান ব্যক্তি এবং বিশ্ববিদ্যালয়ের অন্যতম কর্মকর্তার নামে এটি উৎসর্গীকৃত হল। এর বীজ মধুসূদনের চরিত্রে পূর্বেই ছিল। একেবারে অনুরূপ ঘটনা প্রথম অধ্যায়ে তাঁর জীবনে ঘটেছে। গৌরদাসকে বিলাতি মাসিকে প্রেরিত একটি কবিতা প্রসঙ্গে তিনি লিখেছিলেন "I havn't dedicated them to you as I intended, but to William Wordsworth, the poet." (পত্র সংখ্যা ১১)। কারণ ওয়ার্ডসওয়ার্থকে উৎসর্গ করা কবিতাগুচ্ছ ব্লাকউড এডিনবরা রিভিউতে স্থান পেলেও পেতে পারে। জীবনের বাস্তব লাভালাভ বিবেচনা করে সাধারণ স্তরের মানুষেরা এরূপ ক্ষুদ্র আচরণ করতে পারেন, কিন্তু মধুসূদনের মত বীরত্বের সাধনা যাঁর সমগ্র জীবন ও কাব্যে, তাঁর চরিত্রের এই সামান্যতা আমাদের ব্যথিত করে। কবি বার্ণসের পত্রাবলীর সঙ্কলনের ভূমিকায় J. L. Robertson যে মন্তব্য করেছেন মধুসূদনের ক্ষেত্রেও তা যথার্থ বলেই মনে হয়,

> "...his letters reveal more than his other writings the failings and frailties of the man."
>
> —[The letters of Robert Burns.].

তিন। মধুসূদনের বহুভাষার সাধনা এবং মাতৃভাষার প্রতি সুপ্ত আকর্ষণ একই পত্রে আত্মপ্রকাশ করেছে। "Perhaps you do not know that I devote several hours daily to Tamil. My life is more busy than that of a School boy. Here is my routine ; 6 to 8 Hebrew, 8 to 12 School, 12-2 Greek, 2-5 Telegu and Sanskrit, 5-7 Latin, 7-10 English. Am I not preparing for the great object of embellishing the tongue of my fathers ?" (পত্র সংখ্যা ৪২)। বেথুনের অভিমত বা গৌরদাসের পুনঃপুনঃ অনুরোধ মাতৃভাষার প্রতি প্রকাশিত প্রীতির পশ্চাতে কিছু পরিমাণ সক্রিয় থাকতে পারে। কিন্তু কবি পূর্বেই গৌরদাসের কাছে মাদ্রাজ থেকে লেখা প্রথম চিঠিতে (৩৬নং) শ্রীরামপুর সংস্করণ কৃত্তিবাসী রামায়ণ ও কাশীদাসের মহাভারত চেয়ে পাঠিয়েছিলেন। বাংলা ভাষা ভুলতেই এককালে এঁরা চাইতেন।

না ভোলার এই সাধনার কি প্রয়োজন ছিল? গৃহে, কর্মস্থলে, সমাজে-মাদ্রাজে কোথাও তো বাংলা কথার স্থান ছিল না। সাহিত্য পাঠ—বিশ্বের বহু শ্রেষ্ঠ ভাষায়, সাহিত্য রচনা—তাও ইংরেজীতে। তবু কবির এ আকুতি কেন? আর ৪২নং পত্রের বক্তব্যের অর্থ কি? কবি নিজেও কি জানতেন এই বিচিত্র বিশ্বভাষার চর্চা কি করে তাঁরই মধ্য দিয়ে বাংলা ভাষাকে নবজীবনরসে ও সৌন্দর্যে সমৃদ্ধ করে তুলবে?

চার। পিতার মৃত্যু সংবাদে মধুসূদন একটিমাত্র বাক্যে সংযত অথচ গভীর বেদনা প্রকাশ করেছেন (পত্র সংখ্যা ৪৪)। ভাষা স্বাভাবিক ভাবেই সেখানে মূক হয়ে গিয়েছে। আবার নিজের কঠিন দারিদ্র্য বিষয়ে কবি কিছু গোপন করার চেষ্টা না করলেও প্রকাশভঙ্গিতে আভিজাত্যের পরিচয় রেখেছেন। নানা চিঠিতে এর চিহ্ন আছে।

পাঁচ। প্রথম প্রকাশিত কাব্য সম্বন্ধে কবির উৎসাহ, মাদ্রাজের বুদ্ধিজীবী মহলের প্রশংসায় উল্লাস কবির চরিত্রের পরবর্তী পর্বের সাহিত্যচর্চার উল্লাস-উত্তেজনার পূর্বাভাস বহন করে। কিন্তু কলকাতার বুদ্ধিজীবী মহলের নিরুৎসাহ তাঁকে নিরতিশয় ব্যথিত করেছিল। কবির প্রশংসালোলুপ চিত্ত অধরে উৎসাহের পানপাত্র গ্রহণে প্রস্তুত থাকলেও সমগ্র হৃদয় দিয়ে এই সৃষ্টিকার্যের জন্য গৌরব বোধ করতে পারে নি। এর সামান্যতা কি অচেতন মনে তাঁর জানা ছিল? তা না হলে এ কথাগুলি লিখে তিনি আত্মপ্রসাদ বোধ করতে পারতেন না,—"You seem to consider the 'Captive' a failure, but I don't. For look you, it has opened the most splendid prospects for me, and has procured me the friendship of some whom it is an honour to know." (পত্র সংখ্যা ৪১)। বিশেষ করে নর্টনের সঙ্গে পরিচয় এবং চাকুরী প্রভৃতি সুবিধার কথা বলেছেন কবি। সাহিত্যিক অভিমান তীব্রতর হলে এ কথা তিনি বলতে সঙ্কুচিত হতেন। এই একটি ক্ষেত্রে তিনি কতদূর দৃঢ়চেতা এবং সর্ববিধ সন্ধিবিমুখ ছিলেন তার প্রমাণ আছে পরবর্তী পর্বে। সাহিত্য-চেতনার কাম্যলোক এখনও দূরে।

ছয়। মাদ্রাজ প্রবাসকালে মধুসূদনের জীবনের সবচেয়ে উত্তেজনাকর ঘটনা তাঁর বিবাহকে কেন্দ্র করে দেখা দিয়েছে। তিনি নিজে খুব সংক্ষেপে এবং সংযমের সঙ্গে এই ঘটনা-চাঞ্চল্যের বর্ণনা দিয়েছেন, "Mrs. D. is of English Parentage. He was an indigo-planter of this

Presidency ; I have great trouble in getting her. Her friends, as you may imagine, were very much against this match." (পত্র সংখ্যা ৩৬)। বিজয়ীর কণ্ঠে তিনি উল্লাস প্রকাশ করেছেন, "...I now begin to look about me very much like a commander of a barque, just having dropped his anchors in a comparatively safe place, after a fearful gale." (ঐ)। কিন্তু সেনাপতি জীবনসংগ্রামের এই বিশেষ দিকেও (দাম্পত্যজীবনের প্রশ্নে) বিজয়ীর বেশে ঝঞ্ঝা-উত্তীর্ণ শান্ত বন্দরের আশ্রয় পায় নি। কিছুকাল আশ্রয়ের ভ্রান্তি জন্মেছিল এই মাত্র। মধুসূদন-রেবেকার দাম্পত্যজীবনে শান্তি কি পরিমাণ ছিল বলা কঠিন। তাঁর চিঠিপত্রে কোন সিদ্ধান্ত করার মত প্রমাণ বা ইঙ্গিতও মেলে না। কিন্তু কবি তৃপ্ত ছিলেন না। কবির অন্তরে শান্তির যে কেন্দ্রটি ছিল তার আশ্রয় না পাওয়া পর্যন্ত জীবনে প্রবল উত্তেজনা ও শৃঙ্খলাহীন চাঞ্চল্য প্রতিনিয়ত তরঙ্গিত হচ্ছিল। তিনি হেনরিয়েটার সঙ্গে পরিচিত হলেন এবং তাঁকে পেতে চাইলেন। মধুসূদনের সঙ্গে হেনরিয়েটার আইনত ও ধর্মসঙ্গত বিবাহ হয়েছিল কিনা এ-বিষয়ে ডঃ রবীন্দ্রকুমার দাশগুপ্ত স্পষ্ট করে কিছু গুরুত্বপূর্ণ নূতন কথা শোনাতে চেয়েছেন। রেবেকার সঙ্গে কবির নিয়মমত বিবাহবিচ্ছেদ যেমন ঘটে নি। তেমনি হেনরিয়েটার সঙ্গেও কবির আইনানুমোদিত বা ধর্মানুমোদিত বিবাহ সম্পন্ন হয় নি। তাঁর সিদ্ধান্তের স্বপক্ষে অনেক যুক্তি আছে, তবে বর্তমান প্রসঙ্গে তা আমাদের আলোচ্য নয়। কবির চিঠিপত্র এ-বিষয়ে বিস্ময়কর নীরবতা অবলম্বন করেছে। ১৮৫৫ সালে ২০শে ডিসেম্বর তিনি গৌরদাসকে লিখেছেন,"...I have a fine English wife and four children. (পত্র সংখ্যা ৪৪)। ১৮৫৬ সালের ২রা ফেব্রুয়ারী তিনি কলকাতায় পৌছলেন। অর্থাৎ ঐ বৎসর জানুয়ারী মাসের শেষদিকে তিনি মাদ্রাজ থেকে জাহাজে উঠেছেন। ১৮৫৫ সালের ২১শে ডিসেম্বর থেকে ১৮৫৬ সালের জানুয়ারীর শেষভাগের (অর্থাৎ তাঁর রওয়ানা হবার তারিখের) মধ্যে রেবেকার সঙ্গে তাঁর সম্পর্কচ্ছেদ ঘটেছে, হেনরিয়েটার সঙ্গে সম্পর্ক স্থাপিত হয়েছে [১২]। এত অল্প সময়ের মধ্যে বিবাহবিচ্ছেদ এবং নূতন বিবাহ হওয়া সম্ভব নয়। ২৭শে ডিসেম্বরের মধ্যে কবি কলকাতা রওয়ানা হবার সঙ্কল্প করেছিলেন (পত্র ৪৪ নং)। ষ্টীমারে তিনি 'মিঃ হোল্ট' নামে পরিচিত ছিলেন (পত্র সংখ্যা ৪৫), সম্ভবত ঐ নামেই তাঁর আসন সংরক্ষণ করা ছিল। এই দুটি ঘটনায় মনে হয় কবির জীবনে কিছু দুর্যোগ এসেছিল এবং পরিচয় গোপন করার প্রয়োজন

হয়েছিল। ঘটনাটির প্রকৃত স্বরূপ কি জানার কোন উপায় নেই। কিন্তু জীবনের যে গুরুতর পরিবর্তনটি ঘটল, অর্থাৎ রেবেকা কোথায় হারিয়ে গেল, সেখানে এল হেনরিয়েটা—তা সর্বজ্ঞাত। কবির চরিত্রে কামনার প্রবলতা, নীতিজ্ঞানকে অনায়াসে অবহেলা করবার মত দৃঢ় উচ্ছৃঙ্খলতা কত প্রবল ছিল এই ঘটনা তার সবচেয়ে উৎকৃষ্ট প্রমাণ। মধুসূদনের চরিত্র ইন্দ্রিয়লোলুপ ছিল না। কিন্তু কামনার লক্ষ্য নারীর জন্য তিনি একবার ধর্মত্যাগ করেছেন, অন্যবার করেছেন পত্নীত্যাগ।

কিন্তু হেনরিয়েটায় এসে কবি চরম প্রশান্তি লাভ করলেন কি করে? এ কি শুধুমাত্র হেনরিয়েটার সত্যকার চরিত্রগুণ, না তাঁর মধ্যে কবির সত্যকার দোসর খুঁজে পাবার ফল? হেনরিয়েটার শান্ত স্বভাবের কথা সকলেই বলেছেন, কবিও পত্নীকে উদ্দেশ্য করে সনেটটিতে অনুরূপ মন্তব্য করেছেন। কবিচিত্তের ইন্দ্রিয়কামনামূলক তীব্র অস্থৈর্য প্রকৃত পক্ষে জীবনের তৃতীয় পর্বে এসে জীবনের নূতন মূল্য আবিষ্কারের ফলে অকস্মাৎ প্রশান্তি লাভ করল। এর কারণ আমরা পরে অনুসন্ধান করব।

কবি মাদ্রাজ ত্যাগ করার সঙ্গে সঙ্গে ঘুচল সেই অজ্ঞাতবাস যেখানে নিজে জেনে এবং না জেনে ভবিষ্যৎ কাব্যজগতে প্রতিষ্ঠালাভের জন্য কবি প্রস্তুত হয়েছিলেন; কবির ব্যক্তিগত প্রেমজীবনেরও বহু গুরুত্বপুর্ণ ঘটনা এই পর্বে প্রায় লোকচক্ষুর অন্তরালে (কলকাতার পরিচিত জনসমাজের অজ্ঞাতে) সংঘটিত হল। তারা অজ্ঞাতই থেকে গেল।

তৃতীয় অধ্যায় মধুসূদনের জীবনের শ্রেষ্ঠ পর্ব। সৃষ্টির মহাযজ্ঞে তিনি উৎসবমত্ত। কবির এই পর্বের চিঠিগুলি প্রধানত সাহিত্যবিষয়ক—সাধারণভাবে সাহিত্য সম্পর্কিত নানা প্রসঙ্গ এবং বিশেষভাবে নিজসৃষ্ট রচনাবলী সম্পর্কিত মন্তব্যে চিঠিগুলি পুর্ণ। ব্যক্তিগত জীবনের অন্য কথা এই পর্বের চিঠিপত্রে বড় স্থান পায় নি। কবি অন্তরে অন্তরে নিজেকে সব কিছু থেকে সংহরণ করে নিয়ে সাহিত্যসাধনায় ব্রতী হয়েছেন। অন্য যে সব প্রসঙ্গের উল্লেখ এই পর্বের চিঠিপত্রে আছে তা যেমন অকিঞ্চিৎকর তেমনি একান্ত গৌণ। এ দেখে তাঁর ব্যক্তিত্ব সম্পর্কে একটি সিদ্ধান্ত করা যায়, কবিচিত্ত এই পর্বে এসে একটি বিশেষ কেন্দ্রবিন্দুতে স্থিত হয়েছে। বাহিরের বিচিত্রমুখী উত্তেজনার প্রগলভতাকে সংহত ও ঘনীভূত করে সাহিত্যজিজ্ঞাসার তীর্থে পোঁছে গিয়েছেন কবি। এই সংযম ব্যতীত কোন মহাকর্ম সাধন সম্ভব নয়।

মধুসূদনের ব্যক্তিগত জীবনে দ্বিতীয় পর্বে যে অসংযত অধৈর্য, ঘটনা তথা মানসউত্তেজনা গুরুতর হয়ে উঠেছিল তৃতীয় পর্বে তার অবসান ঘটেছে। এবং কবি সাহিত্যসৃষ্টির মহাযজ্ঞে আত্মনিয়োগ করেছেন। জীবনে ও কর্মে প্রবৃত্তির প্রবল তরঙ্গোদ্বেলতা মধুসূদনের ব্যক্তিস্বভাবের একটি কেন্দ্রীয় লক্ষণ। কিন্তু যতবড় প্রতিভাবানই তিনি হোন না কেন সৃষ্টির সোনার ফসল ফলাতে হলে সংযমের কেন্দ্রে চিত্তকে স্থির করা চাই। প্রবৃত্তির উদ্বেলতাকে সৃষ্ট চরিত্রে রূপান্তরিত করতে সক্ষম হয়েছিলেন কবি। স্রষ্টা আপনাকে বাঁধতে পেরেছেন কঠিন সংযমে। যে ব্যক্তির প্রেমবাসনা যেরূপ দ্রুততায় দেবকী সংক্রান্ত বিফলতা থেকে রেবেকাতে সাফল্য পেয়েছে এবং আবার সে সাফল্যের প্রাত্যহিককে অস্বীকার করে হেনরিয়েটাকে আশ্রয় করেছে তা সম্পূর্ণভাবে নিবৃত্ত হয়েছে তৃতীয় পর্বে এসে।[১৩] কবি তাঁর ভাবমোক্ষণের উপযুক্ত স্থান পেয়েছেন কাব্যের রাজ্যে—সৃষ্টির প্রাচুর্যে। সৃষ্টির উত্তেজনায় তিনি মগ্ন হলেন। মেঘনাদের মৃত্যুতে অসুস্থ হয়ে পড়লেন, কৃষ্ণকুমারীর কাহিনী খুঁজতে বিনিদ্র রজনী যাপন করলেন, বিশ্বকাব্য মন্থন করতে লাগলেন, করলেন অসাধ্য সাধন। জীবন থেকে সব উত্তেজনা বিদায় নিল। এমন কি কাব্যসৃষ্টির কালে তাঁর মত মদ্যাসক্ত লোক মদ্যপান থেকে বিরত থাকলেন। মেঘনাদবধ রচনাকালে রাজনারায়ণকে এক পত্রে (৫৯নং) কবি বলেন, "Talking about wine and all vicious indulgences, though by no means a saint and teetotal prude, I never drink when engaged in writing poetry; for if I do, I can never manage to put two ideas together! There is not a line in the Tilottama written under the inspiration of even such a wild thing as a glass of rosy sherry or beer." অর্থসংক্রান্ত প্রশ্নেও তিনি তাঁর কামনার অতিরেককে কোন এক (তাঁর নিজেরও) অজ্ঞাত মন্ত্রবলে এই কালপর্বে খর্ব করে রেখেছিলেন। গৌরদাসকে তিনি লিখেছেন, "You will be glad to hear that, in a pecuniary point of view my mind is quite at rest just now; our noble friends—noble in every sense of the word—I mean the Rajas, having heard of my distress, have helped me to get out of most of my liabilities, by advancing me a considerable sum of money." (পত্র ৫৪ নং)। পরবর্তী জীবনে মানসিক

দেড়হাজার টাকা বেতন পেয়েও তাঁর এই মনোভাব (অর্থসংক্রান্ত নিশ্চিন্ততা) ফিরে আসে নি।

কবির পত্রগুলি সাহিত্য ও নাটকের ক্ষেত্রে তাঁর মনোভাবের ভিন্নতা চমৎকার ভাবে নির্দেশ করে। সাহিত্যে নূতন ভাব ও রূপকল্পের প্রবর্তনায় কবি ছিলেন দ্বিধাহীন। নাটকের ক্ষেত্রে তিনি নাট্যশালার প্রভাবশীল ব্যক্তিদের প্রতি নির্ভরশীলতা দেখিয়েছেন। তিনি নাটকের ভাষার ক্ষেত্রে যে আমূল পরিবর্তন করতে চেয়েছিলেন কেশব গঙ্গোপাধ্যায়ের কথায় তাতে হাত দেন নি। কৃষ্ণকুমারীর অংশ প্রয়োজন মত বদলে নেবার জন্য কেশববাবু এবং যতীন্দ্রমোহন ঠাকুরকে অনুরোধও করেছিলেন। মধুসূদনের মত ব্যক্তির পক্ষে এই দীনভাব বিস্ময়কর। সাধারণ রঙ্গালয়ের অভাবে নাটকীয় প্রতিভা কিভাবে পরমুখাপেক্ষী হয়ে পড়ে তাঁর নিদর্শন এখানে মিলবে। তাঁর নাট্য-বিষয়ক পত্রাবলী খুবই গুরুত্বপূর্ণ। তিনি কেন নাট্যসাহিত্যে স্বচ্ছন্দ হতে পারেন নি, কি তাঁর পরিকল্পনা ছিল, সে-সব রহস্য[১৪] জানবার একমাত্র উপায় এই চিঠিগুলি।

মধুসূদনের কবিজীবনের এটিই সর্বশ্রেষ্ঠ কালপর্ব। কিন্তু এরই মধ্যে কবি যেন আপন কবিজীবনের স্বল্পস্থায়িত্ব মনে মনে অনুভব করেছিলেন। তিনি একটি চিঠিতে নিজেকে উপমিত করেছিলেন ধূমকেতুর সঙ্গে। কবি এই পর্বের শেষে যখন য়ুরোপ যাবার মনস্থ করেছিলেন তখন যেন আসন্ন ভবিষ্যতে আপনার কাব্যসৃজনক্ষমতার নিশ্চিন্ত অবসান মনেপ্রাণে অনুভব করেছিলেন। সৃষ্টিক্ষমতার শীর্ষে দাঁড়িয়ে সেই অনুভূতি নাটকের ক্লাইম্যাক্সে চরম ট্রাজেডির ছায়াপাতের কথা মনে আনে।"...I suppose my poetical career is drawing to a close. I am making arrangements to go to England to study for the Bar and must bid adieu to the Muse! ...No more Modhu the 'কবি', old fellow, but Michael M. S. Dutt Esquire of the Inner Temple, Barrister-at-law !! Ha !! Ha !!" (পত্র সংখ্যা ৭৪)। এই অট্টহাস্যে (এবং আর্তক্রন্দনে) মধুসূদন কাব্যজীবন থেকে বিদায় নিলেন। চতুর্দশপদীর কবিতাগুচ্ছ সেই বিদায় পথের পদচিহ্ন।

চতুর্থ পর্বের সূচনায় পূর্ব পর্বের ভারসাম্য বিচলিত হয়েছে। কবি কাব্য-জগৎ থেকে স্বেচ্ছাবৃত নির্বাসন বরণ করেছেন। এতদিন যে সংযমের

ভিত্তিতে অবিচল ছিলেন কবি তাতে ভাঙন ধরেছে। কবির এই সময়কার মানস-পরিস্থিতি বুঝবার ব্যাপারে একমাত্র পত্রাবলীর সাহায্যেই কতকাংশে সাফল্য লাভ সম্ভব। কবি যখন প্রতিষ্ঠার শীর্ষে, প্রতিভার বহুবিচিত্র বিচ্ছুরণে যখন বাংলাদেশের সাহিত্যাকাশ ভাস্বর তখনই কি ভাবে তাঁর অন্তরের গভীরে ভবিষ্যতের কাব্যসৃষ্টির বন্ধ্যাত্ব অনুভব করলেন তা ভেবে বিস্মিত হতে হয়। তৃতীয় পর্বের প্রসঙ্গে তার পরিচয় আমরা গ্রহণ করেছি। চতুর্থ পর্বে সেই অস্পষ্ট অনুভূতি বাস্তবের তীব্রতা নিয়ে দেখা দিল।

চতুর্থ পর্বের পত্রগুলির বেশির ভাগ কবির দারিদ্র্য-লাঞ্ছনার সংবাদে পূর্ণ। এই চিঠিগুলি বিদ্যাসাগরকে লেখা। এদের মধ্য দিয়ে বিদ্যাসাগরের প্রতি কবির যে মনোভাব প্রকাশ পেয়েছে এবং বিদ্যাসাগরের পরুষ মূর্তি এদের মধ্যে যেভাবে প্রতিবিম্বিত তার পরিচয় আমরা এ আলোচনারই অন্যত্র নিয়েছি। এই পত্রগুলির মধ্য থেকে কবির মন এবং চরিত্রের যে বিশিষ্টতার সাক্ষাৎ লাভ করি তা হল—

এক। বিষয়সংক্রান্ত ব্যাপারে কবির বেশ স্পষ্ট ধারণা ছিল। তিনি চিত্তচর্চায় ও কাব্যসাধনায় প্রবৃত্তি মার্গের পথিক। সে পথ ঝঞ্ঝাসঙ্কুল এবং বীর্যবানের কাছেই মাত্র উন্মুক্ত। শুধুমাত্র ভাব ও মননের দিক থেকেই তিনি একে গ্রহণ করেন নি। বাস্তব জীবনেও তিনি এই আদর্শের অনুসরণ করতেন। সতর্ক লোক্ তিনি হয়ত খুব ছিলেন না। আয় এবং ব্যয়ে ক্ষুদ্রতাকে তিনি সমভাবে ঘৃণা করতেন। কিন্তু এই সমুন্নত চিত্তের সঙ্গে পার্থিব বস্তুবিষয়ক যে ঔদাসীন্য সচরাচর জড়িত থাকে তা তাঁর চরিত্রে ছিল না। তিনি নিজেও জমি-জমার বিলিবন্দোবস্ত, অর্থাদিসংক্রান্ত হিসাবপত্র ব্যাপারে যে দক্ষ ছিলেন পত্রাবলীতে তার প্রমাণ আছে। এবিষয়ে তাঁর স্ত্রীর বুদ্ধি হয়ত আরও বাস্তবমুখী ছিল (পত্র সংখ্যা ৯৭),[১৫] কিন্তু কবিও সংসার ব্যাপারে একান্ত অনভিজ্ঞ ছিলেন না।

দুই। য়ুরোপে গিয়ে কবি অর্থাভাবে যে অসুবিধায় পড়েছিলেন, যেসব গ্লানিকর অবস্থার মধ্যে তাঁকে প্রবেশ করতে হয়েছিল, বিবিধ ব্যক্তি এবং প্রতিষ্ঠানের কাছ থেকে ঋণ ও সাহায্য গ্রহণে তাঁকে যে অবমাননার তীব্র-জ্বালা অনুভব করতে হয়েছিল তার পরিচয় পত্রগুচ্ছে আছে। কিন্তু ভীষ্ম-অপমান-শয্যা তাঁকে ক্ষুদ্রতায় অবনমিত করতে পারে নি। তাঁর ব্যক্তিত্বের এবং চরিত্রবীর্যের চিহ্ন এর মধ্য দিয়েও আত্মপ্রকাশ করেছে। ট্রাজিক নায়কের মত তার অবক্ষয়মুখী মহিমা, শুধুমাত্র করুণা বা সহানুভূতি সেখানে

স্তম্ভিত হয়ে যায়। লক্ষণীয়; কবি বিদ্যাসাগরের কাছেই মাত্র সাহায্যের ভিখারী হয়েছেন। বিস্ময়কর ভাবে নীরব থেকেছেন মনোমোহন ঘোষের কাছে, এমন কি প্রিয়তম বন্ধু গৌরদাসকে একটি চিঠিতে আর্থিক দুর্যোগের সংবাদ জানালেও, কাতর ক্রন্দন সেখানে ধ্বনিত হয় নি।

তিন। কবি প্রত্যক্ষভাবে ব্যারিষ্টারী পাশ করে দেশে ফিরবার বিলম্বের জন্য দুঃখ প্রকাশ করেছেন (পত্র সংখ্যা ৯৪), ঋণের দায়ে ফরাসী জেলে বন্দী হবার আশঙ্কায় আর্ত হয়ে উঠেছেন। বিদ্যাসাগরের কাছে লেখা বহু সংখ্যক পত্রে ঐ কথা বারবার বলা হয়েছে। কিন্তু বিদ্যাসাগরকে লেখা পত্রগুচ্ছে কবি-জীবনের ট্রাজেডি সামগ্রিক ভাবে আত্মপ্রকাশ করে নি। সে জন্য অবশ্য মনে করবার কারণ নেই যে এই দুঃখ কবির পার্থিব জীবনের বেদনা মাত্র, গভীরতর সত্তার সঙ্গে এর সম্পর্কমাত্র নেই। মধুসূদনের জীবনে অর্থের প্রশ্নটি গুরুত্বপূর্ণ। তিনি নিবৃত্তি মার্গের সাধক নন। জীবনকে আকণ্ঠ ভোগ করতে চেয়েছেন। অর্থ সে ক্ষেত্রে প্রধানতম উপকরণ তাঁর কাছে। বছরে চল্লিশ হাজার টাকা রোজগার করার কামনা তিনি করেছেন। ইংলণ্ড গমন, ব্যারিষ্টারী পাশ এবং প্রভূত অর্থোপার্জন তাঁর কাছে একই সূত্রে গ্রন্থিবদ্ধ হয়েছিল। ইংলণ্ড গমন এবং মহাকবি হবার মত দুটি একান্ত সম্পর্কহীন বিষয়কে প্রথম তারুণ্যে দুর্বোধ্য এক যুক্তিবলে তিনি একবৃন্তে বিদ্ধ করেছিলেন। কিন্তু ইংলণ্ড আগমনের পূর্বেই তিনি মহাকবি হিসেবে বিস্ময়কর সাফল্য লাভ করেছেন। তাঁর ইংলণ্ড আগমনের পিছনে খুব স্পষ্ট কারণ ব্যারিষ্টার হওয়া। তার পিছনে আবার উঁকি দিচ্ছে প্রভূত অর্থোপার্জনের আশা। প্রত্যক্ষভাবে ব্যারিষ্টার হবার উদ্দেশ্য থাকলেও আসল লক্ষ্য অর্থের উপরে অধিকার স্থাপন। আর ইংলণ্ড গমনের একটা নিজস্ব আনন্দ তো আছেই। কবির কাছে কামনার স্বর্গলোক এই য়ুরোপ। কিন্তু য়ুরোপে এসে দারিদ্র্যের যে ভীষণ অভিজ্ঞতা কবির জীবনে এল তা একটা তীব্র দুঃখের অভিজ্ঞতা মাত্র নয়, কবির কাম্যলোকের ভিত্তিকে তা নাড়িয়ে দিল। অর্থের এই নিদারুণ অভাব তাঁর কাছে জীবনাদর্শের চরম বিনষ্টির সমতুল্য। কবি এক পত্রে লিখেছেন,—"I tell my wife that when I get back to Calcutta, you will give me a little room in your house and a lot of rice to keep body and soul together." (পত্র সংখ্যা ১২১)। এর চেয়ে চিত্তদীর্ণকারী তীব্র আর্তনাদ মধুসূদনের পক্ষে আর কি হতে পারে? বিপর্যস্ত নায়কের অবশ্য এখনও ভাঙেনি আশার স্বপ্ন, "I wish to leave my

children behind, they being to go backwards and forwards and I want them to be thoroughly Europeanised." (পত্র সংখ্যা ৯৯)। এই দুটি পত্রাংশ মিলিয়ে পড়লেই কবির আশাভঙ্গের তীব্রতা, তথা জীবনাদর্শের পরিপূর্ণ ধ্বংসের জন্য আর্তনাদ অনুভব করা যায়।

চার। কবি এত দুঃখ-দারিদ্র্যের মধ্যেও আপন মহিমাকে নিঃশেষিত হতে দেন নি, এ কথা আগেই বলেছি। ভগ্নপ্রায়, লতাগুল্মাচ্ছাদিত হয়েও এই ব্যক্তিত্বের জয়স্তম্ভ পত্রগুচ্ছের সতর্ক পাঠকের দৃষ্টি এড়ায় না। বিদ্যাসাগরের কাছে আপনার চরম অর্থকষ্ট এবং অন্নের জন্য ফরাসী কারাগার এড়িয়ে যাবার কাহিনী যে পত্রে বিবৃত করেছেন তারই অন্যত্র আছে, "Though I have been very unhappy and full of anxiety here, I have very nearly mastered French. I speak it well and write it better. I have also commenced Italian and mean to add German to my stock of languages,—if not Spanish and Portugese before I leave Europe." (পত্র সংখ্যা ৯৩)। কবির এ ইচ্ছা অপূর্ণ থাকে নি, পরবর্তী চিঠিগুলিতে তার প্রমাণও আছে।

পাঁচ। কবির পত্রগুলিতে মহাদেব চট্টোপাধ্যায়, বৈদ্যনাথ মিত্র এবং কদাচিৎ দিগম্বর মিত্র সম্বন্ধে কটূক্তি প্রকাশ পেয়েছে। কখনও কখনও তীব্র ক্রোধকে যথোচিত ভাষায় প্রকাশ করেছেন, ভদ্রতার মুখোস রাখবার প্রয়োজন বোধ করেন নি। বিদ্যাসাগর এতে ক্ষুণ্ণ হয়েছিলেন। কবি কিন্তু চিত্তোত্তাপকে কিছুমাত্র প্রশমিত করতে প্রস্তুত ছিলেন না।[১৩] আবার বিদ্যাসাগরের প্রতি কৃতজ্ঞতা প্রকাশেও কবির সমগ্র প্রাণ আবেগাপ্লুত। মধুসূদনের হৃদয় শোকে আনন্দে প্রীতিতে ঘৃণায় ও ক্রোধে তরঙ্গিত হয় প্রবলভাবে, মরুভূমির মত অনুভূতির তারল্যকে আত্মসাৎ করে ফেলে না।

ছয়। বিদ্যাসাগরের কাছে অর্থাভাব ব্যতীত ক্বচিৎ অন্য কিছু কিছু প্রসঙ্গের অবতারণা কবি করেছেন। পূর্বে সে বিষয়ে আলোচনা আমরা করেছি। কিন্তু সে সব ক্ষেত্রে যেন আপন অর্থাভাবের একঘেয়ে বর্ণনার মধ্যে স্বরের ও বিষয়ের পরিবর্তনের ক্লিষ্ট চেষ্টামাত্র আছে, স্বচ্ছন্দ পদচারণা নেই। ইংলণ্ডের প্রসঙ্গে তিনি বিশেষ করে তীব্র শীতকষ্টের কথা বারবার বলেছেন, রমণীয়তার কথা তো একবারও আসে নি। অথচ সারা বছর ঘুরেই তিনি বিদ্যাসাগরকে চিঠি লিখেছেন। যে ইংলণ্ডের তীরভূমির জন্য তিনি

আকৈশোর দীর্ঘশ্বাস ফেলেছেন তা আজ কবির কাছে তীব্র শীতের মতই মর্মান্তিক পীড়াদায়ক হয়ে দেখা দিয়েছে।

কবি মনস্তাত্ত্বিক দিক থেকে ইংলণ্ডের তুলনায় ফরাসীদেশের পক্ষপাতী হয়ে পড়েছেন, এই চিঠিগুলি একটু সতর্কভাবে অনুসরণ করলে তা বোঝা যায়। সাধারণভাবে য়ুরোপের প্রতি অবিশ্বাসকে তিনি প্রশ্রয় দিতে পারেন না। তাঁর নিজস্ব অস্তিত্বের সঙ্গে এ বিশ্বাস জড়িত। কবির নব জীবনাদর্শ ও যুগচেতনার সঙ্গে এই প্রত্যয় ঘনিষ্ঠভাবে সংশ্লিষ্ট। কিন্তু য়ুরোপ তাঁকে কঠিন আঘাত দিয়েছে। এর প্রতিক্রিয়ায় কবির লক্ষ্য ইংলণ্ড থেকে ফরাসীদেশে স্থান পরিবর্তন করেছে। ইংলণ্ডে আছে গ্রেস ইন্—সেখানে ঋণের দায়ে পড়া বন্ধ, এর শীত কবির কাছে অসহ্য, এখানে দ্রব্যমূল্য তাঁর কাছে মনে হয়েছে আকাশস্পর্শী। ফরাসী দেশে গিয়ে বাস্তবের আঘাতকে এড়িয়ে গিয়েছেন। দারিদ্র্যকে এড়ানো সম্ভব ছিল না, কিন্তু পরিচিত সমাজে অবস্থানের লজ্জা থেকে দূরে থাকতে পেরেছেন।

মনোমোহন ঘোষের কাছে লেখা চিঠিগুলিতে কবি হাল্কা হতে চেয়েছেন। তার মনে সমকালীন জীবন যে গুরুতর ভার এবং বেদনা চাপিয়ে দিয়েছিল তাতে বিদ্যাসাগরকে লেখা চিঠিগুলি ভারাক্রান্ত। মনোমোহন ঘোষকে লেখা চিঠিতে ভার নেই, দায়িত্বের কথা নেই। হ্যাম্পটন কোর্ট ভ্রমণের কথা আছে, কিউয়ের রাজোদ্যানের বর্ণনা আছে, ফরাসী সম্রাটকে দেখে উচ্চকণ্ঠ উল্লাস প্রকাশের সংবাদ আছে আর জার্মান সাহিত্যরাজ্যে বিচরণের আনন্দও কচিৎ প্রকাশ পেয়েছে। অর্থাভাবের গ্লানি থেকে পলায়নকামী চিত্ত এখানে ধরা পড়েছে।

গৌরদাসকে লেখা চিঠিগুলি পলায়নকামী নয়, যদিও, অর্থাভাব প্রসঙ্গ একটি পত্রে স্থান পেয়েছে মাত্র, প্রাধান্য পায় নি। ১০২ নং চিঠিটি আকারে দীর্ঘ কিন্তু কবি অর্থক্লিষ্টতার সংবাদটিকে যেন সম্পূর্ণ গোপন করে গিয়েছেন। ব্যারিষ্টারী পাশ করতে বিলম্ব হওয়ায় তিনি গভীর হতাশা প্রকাশ করেছেন বিদ্যাসাগরকে লেখা চিঠিতে। গৌরদাসকে কিন্তু লিখেছেন, "I have neglected some terms, and will have to remain in Europe a little longer, but that it is not to be regretted at all. I wish I would live here all the days of my life..."। এই বিলম্বের কারণ যে অর্থাভাব তাও গৌরদাসকে

জানান নি। কিন্তু ১১০ নং চিঠিতে তিনি মহাদেব চট্টোপাধ্যায়ের ব্যবহার, তাঁর নিদারুণ দুরবস্থা, বিদ্যাসাগরের সাহায্যে আংশিক বিপন্মুক্তির কথা প্রকাশ করেছেন। তবে বারংবার গৌরদাসকে এ বিষয়ে জানান তিনি প্রয়োজন মনে করেন নি। কারণ গৌরদাসের পক্ষে তাঁকে সাহায্য করা সম্ভব ছিল না। কিন্তু গৌরদাসকে লেখা চিঠিতে কবিআত্মা সমগ্রত আত্মপ্রকাশ করেছে। কবিপ্রাণের ট্রাজেডির যে সুর বিদ্যাসাগরকে লেখা চিঠিতে দেখা গিয়েছে এখানে তা তীব্রতর হাহাকার তুলেছে।

প্রথমত, কঠিন অর্থাভাবের প্রতিক্রিয়া বারবার ধরা পড়েছে কবির কথায় (পত্র সংখ্যা ১১০) [১৭]। কবির কাছে দারিদ্র্যই তাঁর কাব্যচর্চার বাধা হয়ে দাঁড়িয়েছে। চতুর্দশপদী কবিতাবলী রচনার সংবাদ দিয়ে বন্ধুকে তিনি বলেছেন, "Believe me, my dear fellow, our Bengali is a very beautiful language, it only wants men of genius to polish it up. Such as us, owing to early defective education[১৮] know little of it, and have learnt to despise, are miserably wrong. It is, or rather, it has the elements of a great language in it. I wish I could devote myself to its cultivation, but as we know, I have not sufficient means to lead a literary life..."। ঐ একই চিঠির অন্যত্র তিনি বলেছেন, "Make money, my boy, make money! If I haven't done something in the literary line, if I do possess talents, I have not the means of cultivating them to their utmost content and our nation must be satisfied with what I have done." (পত্র সংখ্যা ১১০)। য়ুরোপে প্রবাসকালীন অর্থাভাবের ভয়ানক রূপ তাঁর চিন্তাকে প্রভাবিত করেছে সন্দেহ নেই। কিন্তু কবি যে কাব্যচর্চায় মনোনিবেশ করতে পারছেন না তাঁর প্রধানতম কারণ অর্থাভাব নয়। দারিদ্র্য একটা সাধারণ ব্যাপার। মধুসূদনের দারিদ্র্য তাঁর ব্যক্তিগত জীবনাদর্শ তথা চরিত্রের ফলশ্রুতি। তিনি সামান্যে তুষ্ট থাকেন নি। রাজকীয় জীবনসম্ভোগ কামনায় তাঁর চিত্ত অস্থির হয়ে উঠেছে। কিছুকালের জন্য বহির্গামী মনকে সংযমে বেঁধেছিলেন, সৃষ্টির ফসলে তা ধন্য হয়েছে। সেই সংযম- কেন্দ্র বিচ্যুত হয়েছে কবির য়ুরোপ আগমনে। তিনি ব্যক্তিগত জীবনেও অর্থসম্পদের

স্বর্ণলঙ্কায় কাব্যযশের সিংহাসনে আসন পেতে চেয়েছেন। কাব্যযশ এসেছে ভাগ্যে অর্থসম্পদ জোটে নি। এই মানসদ্বন্দ্বে কবিচিত্ত অবক্ষয়িত। যতদিন দ্বন্দ্বোত্তীর্ণ থাকতে পেরেছিলেন ততদিনই মাত্র সৃষ্টি, সম্ভব হয়েছিল।

দ্বিতীয়ত, কবি নিশ্চিন্তভাবে অনুভব করতে পারছেন যে তাঁর কাব্য-সৃষ্টি ক্ষমতার অবসান ঘটেছে—"I have not been doing much in the poetical line, of late, beyond imitating a few Italian and French things. The fit has passed away and I do not know if it will ever come back again." (পত্র সংখ্যা ১০২)। ক্ষুদ্র একটি সংবাদের মত মনে হলেও আসলে এক বিরাট প্রাণশক্তিপূর্ণ কবি-ব্যক্তিত্বের নিঃসংশয়িত অবসানের উপলব্ধি এই কথাগুলিকে ট্রাজিক হাহাকারের মহিমা দিয়েছে। বিদ্যাসাগরের কাছে লিখিত চিঠিতে কবিত্ব-শক্তির অপচয়জনিত বেদনা প্রকাশিত হয় নি।

তৃতীয়ত, কবির অর্থাকাঙ্ক্ষা এবং য়ুরোপীয় জীবনযাত্রাকে আয়ত্ত করার পিছনকার যে মূল মনোভাব (যাকে বলা যেতে পারে কবির ভোগমার্গের জীবনাদর্শ) গৌরদাসের কাছে খুবই স্পষ্টভাবে ব্যক্ত হয়েছে। সুতীব্র আবেগের স্পর্শে এই অংশটি কাব্যিক সৌন্দর্য নিয়ে কবির চিঠিতে আত্ম-প্রকাশ করেছে—"This is unquestionably the best quarter of the globe. I have better dinners for a few Francs than the Raja of Burdwan ever dreams of ; I can for a few Francs enjoy pleasures that it would cost him half his enormous wealth to command,—no, even that would be too little. Such music, such dancing, such beauty! This is the অমরাবতী of our ancestral creed. Come here and you will soon forget that you spring from a degraded and subject race. Here you are the master of your masters! The man that stands behind my chair, when I dine, would look down upon the best of our princes in India. The girl that pulls off my muddy boots on a wet day, would scorn to touch our richest Rajah in India." (পত্র সংখ্যা ১০২)। য়ুরোপীয় সভ্যতাকে শুধু সাহিত্যিক আদর্শের মধ্য দিয়ে নয়, জীবনাদর্শের মধ্যেও কবি গ্রহণ

করতে চেয়েছিলেন। মধ্যযুগীয় চিন্তা ও মনোভাবে যে বৈরাগ্য, ভোগমুক্ত নিবৃত্তিপ্রধান হয়ে উঠেছিল নবযুগ নিয়ে এল তার বিরুদ্ধে এক উচ্চকণ্ঠ বিদ্রোহ। জীবনকে ভালবাসা, ও পার্থিব ভোগবাসনাকে মূল্য দেওয়া জীবনের পরম পুরুষার্থ বলে গণ্য হতে লাগল। আমাদের পরাধীন দেশে এই জীবনাদর্শ চরিতার্থ হবার সম্ভাবনা ছিল না। মধুসূদনের কাছে য়ুরোপ ছিল সেই কামনার মোক্ষধাম। এই কামনা যুগসত্যজাত। যুগ-জীবনকে কবি ব্যক্তিকামনার সঙ্গে যে ভাবে সম্পৃক্ত করে নিয়েছিলেন তার সঙ্গে সম্পর্কিত।

কবির জীবনের পঞ্চম পর্ব সম্বন্ধে অধ্যাপক বিশী বলেছেন,—

> "মধুসূদনের অনায়ত্ত আর কিছুই নাই। মহাকাব্যও রচিত হইয়াছে, ব্যারিষ্টারও তিনি হইয়াছেন। তবে কেন এমন ট্রাজেডি? এ দুটি কাম্যবস্তু আয়ত্ত করিতে যে ঋণ (একাধিক অর্থে আর্থিক ঋণ তন্মধ্যে মুখ্য নয়) তাঁহাকে করিতে হইয়াছে এবার তাহা শুধিবার পালা। সেই ঋণের দায়ে সর্বস্ব (আর্থিক অর্থে শুধু নয়, এমন কি অর্থটা মুখ্যও নয়) বিকাইয়া গিয়া ট্রাজেডির নায়কের পতন ঘটিল। সাফল্যের এমন নিষ্ফলতা একান্ত দুর্লভ। অদৃষ্টের কি নিদারুণ irony! মানুষের জীবন যে এমন গ্রীক ট্রাজেডিতে পরিণত হইতে পারে না দেখিলে বিশ্বাস করিতাম না।"

কবির এই পর্বের চিঠিগুলিতে এই প্রচণ্ড হাহাকার মুদ্রিত নেই। তবে মহাপ্রস্থানের পরোক্ষ চিহ্ন অনেক ছড়িয়ে আছে।

এক। প্রথমেই চিঠির সংখ্যাল্পতা এবং আকৃতিগত ক্ষুদ্রতার দিকে দৃষ্টি আকৃষ্ট হয়। জে, রবার্টসন বার্ণসের চিঠির অনুরূপ বৈশিষ্ট্য সম্বন্ধে মন্তব্য করেছিলেন,

> "There is a sad falling off in Burns's ordinary correspondence in the last three years of his life. The amount of it scarcely touches twenty letters per year. ...Burns was loosing hope and health...."
>
> —[The Letters of Roburt Burns.]

কবির যেন সমস্ত কর্মের সমাপ্তি ঘটেছে। চিঠি লেখার আর তেমন উৎসাহ নেই। দীর্ঘ পত্র লিখবার বাসনাও নেই।

দুই। মাদ্রাজ প্রবাসকালীন পত্রের সংখ্যাও খুব বেশি ছিল না। কিন্তু পত্রের দৈর্ঘ্য ছিল, আলোচ্য বিষয়ের অভাব ঘটে নি। এ পর্বের দু তিনটি চিঠি ছাড়া অন্যগুলিতে দু-একটি ছোটখাট সংবাদ আদান-প্রদানই মাত্র করা হয়েছে। কবির হাইকোর্টে প্রবেশের প্রশ্নে যে গণ্ডগোলের সূত্রপাত হয়েছিল একটি চিঠিতে (১২৪নং) সে প্রসঙ্গে সামান্য উত্তেজনার ভাব আছে। অন্যগুলি স্তিমিতপ্রাণ প্রাত্যহিকতার চিহ্নবাহী। একটি চিঠিতে কবি যেন এই পর্বের মূল সুরটির উল্লেখ করেছেন, "I have scarcely any news to give you. We are very dull here, tho' I have nothing to complain of the goddess whom poets have called 'Fickle." (পত্র ১৪০নং)। জীবনের সব কাজই যেন হয়ে গিয়েছে বলে কবির মনে হচ্ছে। গৌরদাসকে লেখা চিঠির মধ্যেও সেই উত্তাপ নেই যা এমন কি চতুর্থ পর্বের পত্রেও আমরা দেখেছি। কবির জীবনের একটি মূল প্রত্যয় মুক্ত-প্রাণের তরঙ্গ-চাঞ্চল্য। প্রথম পর্বে খ্রীষ্টধর্ম গ্রহণে বা অপরিচিত মাদ্রাজ গমনে তার প্রমাণ আছে। দ্বিতীয় পর্বে বর্ণাভিমানী ইংরেজ আত্মীয়দের পরাভূত করে রেবেকাকে বিবাহ করায় বা রেবেকার সঙ্গে সম্পর্কচ্ছেদের অব্যবহিত পরে হেনরিয়েটাকে জীবনসঙ্গিনীরূপে বরণ করায় উত্তেজনা তীব্রতর হয়েছে। তৃতীয় পর্বে ঘটনাগত উত্তেজনার স্থানে সৃষ্টির আবেগে কবি মত্ত। সে সৃষ্টিও শান্তিবারি বর্ষণ নয়, আগ্নেয়গিরির অগ্ন্যুদ্গার—অন্তরে তার শিল্পগত যে সংযমই থাক না কেন। চতুর্থ পর্বে চরম দারিদ্র্য-দুঃখবহনে সমগ্র সত্তা তরঙ্গিত হয়েছে। কিন্তু পঞ্চম পর্বে দারিদ্র্য আছে সেই সংগ্রাম নেই, সেই উচ্চকণ্ঠ আর্তনাদ নেই। ধীরে আত্মসমর্পণ করেছেন কবি।

বিদ্যাসাগরের কাছে লেখা কয়েকটি চিঠি ধারশোধের পরিকল্পনায় পূর্ণ।

তিন। এ পর্বের কিছু চিঠিতে মৃত্যু ছায়া ফেলেছে। অকারণেই কবি এক চিঠিতে লিখেছেন, "I shall be at the Registrar's office by 12 O'clock tomorrow unless something happens in the course of the day to terminate my mortal career." (পত্র সংখ্যা ১৩০)। "I was nearly dead some weeks ago...." (পত্র সংখ্যা ১৪২)। কবির জীবন যে দ্রুত সমাপ্তির দিকে চলেছে মনের গভীরতম প্রদেশে সে অনুভূতি অস্পষ্টত হলেও জেগেছে বলে মনে হয়।

চার। কবির এই পর্বের চিঠিতে সাহিত্যবিষয়ক আলোচনার চিহ্নমাত্র নেই। চিঠিগুলির অভ্যন্তরে এমন কোন প্রসঙ্গ নেই যা থেকে প্রমাণ করা

যেতে পারে 'কবি' মধুসূদন এগুলি লিখেছেন। 'মায়াকানন' নাটক, 'হেক্টর বধ' নামক অনুবাদধর্মী গদ্য-আখ্যান এবং আরও অনেকগুলি খণ্ড কবিতা লিখেছেন। কবি যেন তাঁদের সম্বন্ধে সঙ্কুচিত। গতপ্রতিভা লেখক তাঁর এই সামান্য চেষ্টাগুলিকে আলোচনার বিষয় করে তুলতে চান নি। তেমনি তাঁর অহমিকায় আঘাত লেগেছে পুর্বতন কাব্যকৃতি নিয়ে সোল্লাস আলোচনার সূত্রপাত করতে। শুধু তাই-ই নয় সমকালীন বাংলার সাহিত্য-জীবনের কোন প্রতিফলন তাঁর চিঠিতে নেই। কবি যেন নিজ হাতে তাঁর সাহিত্যিক জীবন তথা সাহিত্যরসিক মনের উপরে যবনিকা টেনে দিয়েছেন। 'মধুস্মৃতি'তে নগেন্দ্রনাথ সোম ছোটখাট নানা ঘটনার উল্লেখ করেছেন। তাতে কখনও কখনও কবিকে সাহিত্যালোচনারত দেখা যায়। কিন্তু অন্তর পর্যন্ত সে সব আলোচনার প্রবেশপথ খোলা ছিল না। তাহলে পত্রগুচ্ছে কোথাও কিছু প্রতিফলন পড়তই।

মহাকবি মধুসূদনের কবিমন সত্যই জীর্ণবাস পরিত্যাগ করে মহাপ্রস্থানের অভিমুখে যাত্রা করেছে এই পর্বে।

॥ ছয় ॥

মধুসূদন উনবিংশ শতাব্দীতে জাতীয় জীবনের এক সন্ধিকালে আবির্ভূত হয়েছিলেন। যুগের মৌল স্বভাবকে আপনার ব্যক্তিগত বৈশিষ্ট্যের সঙ্গে যুক্ত করে কবি তাকে সমগ্রত আয়ত্ত করেছিলেন। কবির যুগজীবন সম্পর্কে স্পষ্ট চেতনাকে জানবার প্রধানতম পন্থা হয়ে দাঁড়িয়েছে তাঁর চিঠিগুলি। কবির চিঠির সাহায্যে জানা যায় যে মাদ্রাজ প্রবাস কালে তিনি একাধিক ইংরাজী সংবাদপত্রের সঙ্গে লেখক হিসেবে যুক্ত ছিলেন, কোন কোনটির সহকারী সম্পাদক এবং সম্পাদক পর্যন্ত হয়েছিলেন। কলকাতায় হিন্দু পেট্রিয়টের সম্পাদনাও তিনি কিছুকাল করেছিলেন। কিন্তু এসব পত্র-পত্রিকা বর্তমানে দুষ্প্রাপ্য হয়ে পড়েছে[১৯]। কবি নবযুগের জীবনদর্শনকে আপন শিল্পী-চেতনার মধ্যে কতটা কি ভাবে আত্মস্থ করে নিয়েছিলেন তার প্রমাণ আছে কবির কাব্য ও নাট্য রচনাবলীতে। কিন্তু সচেতনভাবে তিনি নবযুগকে কি ভাবে দেখেছেন তা জানতে হলে আমাদের কবির চিঠিপত্রের দিকেই ফিরতে হবে; অন্য উপায় প্রায় নেই।

প্রথম পর্বের চিঠিগুলি রচনাকালে কবির বয়স সতেরো থেকে চব্বিশের মধ্যে। এই কালে কবির জীবনাদর্শে পাশ্চাত্ত্য ভাব-ভাবনা অনেকখানি

প্রবেশ করেছে। দেশীয় আচার-আচরণ, হিন্দুয়ানী, সংস্কৃত শিক্ষা, বালিকা-বিবাহ প্রভৃতি বিষয়ে ভ্রূক্ষেপহীন বিরুদ্ধতা প্রকাশ পেয়েছে তাঁর ব্যক্তিগত জীবনচর্চায়। তাঁর চিঠিপত্রেও এর প্রতিফলন ঘটেছে। এর মধ্যে কোন কোন বিষয়ে স্পষ্ট মতামত ব্যক্ত করতেও কবিকে দেখেছি। বৈষ্ণব পরিবারের সন্তান গৌরদাসকে নিষিদ্ধ খাবারের কথা বলে তিনি কটাক্ষ করেছেন, "The eatables I intend to take with me to-morrow shall be (if you like) Biscuit and mutton-patees (mutton-patees are made of flesh remember.)" (পত্র সংখ্যা ৮)। নিজের বিবাহের প্রস্তাবে তিনি যে মন্তব্য করেছেন এদেশে প্রচলিত বিবাহরীতির সমালোচনার ইঙ্গিত সেখানে আছে।—"You don't know the weight of my afflictions ; I wish (oh ! I really wish) that somebody would hang me ! At the expiration of three months from hence I am to be married ;—dreadful thoughts ! It harrows up my blood and makes my hair stand like quills on the fretful porcupine !" (পত্র সংখ্যা ২১)।

দ্বিতীয় পর্বে কবির সামাজিক-রাষ্ট্রনৈতিক দৃষ্টিভঙ্গি নিঃসন্দেহে স্পষ্টতর হয়েছে। শুধু নিজ জীবনচর্চায় নয়, নানাবিধ রচনায় তার ছায়াপাতও প্রত্যাশিত। কবি নিজে সংবাদপত্রের পৃষ্ঠায় তাঁর সচেতন মতামতের অনেক প্রমাণ রেখেছিলেন, একথা অবশ্যই মনে করা চলে। কিন্তু তাঁর চিঠিপত্রে এর কতটা চিহ্ন আছে? স্ত্রী-শিক্ষার অন্যতম প্রবর্তক বেথুন সাহেবের প্রতি তিনি উচ্চকণ্ঠে শ্রদ্ধা জানিয়েছেন। তাঁকে একখানা Captive Ladie উপহার দিয়েছেন, "as a humble token of the author's gratitude for your philanthropic endeavours in the service of this country." (পত্র সংখ্যা ৪১) এ বিষয়ে পূর্বোক্ত একটি মাত্র উদাহরণ ছাড়া কবির নীরবতা খুবই বিস্ময়কর।

তৃতীয় পর্বের চিঠিতে সাহিত্য-বিষয়ই মুখ্য। নব্য সাহিত্যের গতি-প্রকৃতি কোনমুখীন হওয়া উচিত এ-বিষয়ে কবির স্পষ্ট ধারণা ছিল। পাশ্চাত্ত্য সাহিত্য-রীতির পক্ষে তিনি মত দিয়েছিলেন। সাহিত্যে মানবমূল্যের স্বীকৃতি দেবার বাসনা তাঁর ছিল। কবির সাহিত্যবোধ তথা যুগচেতনার সমন্বিত ফল এই মতামতের মধ্যে প্রতিফলিত। কবি জাতীয় সাহিত্য ও মনুষ্যত্বের নবজাগরণ সম্পর্কে অবহিত। তার পরিচয় নানা প্রাসঙ্গিক মন্তব্যে

প্রকাশ পেয়েছে। কবি জাতীয় নাট্যশালার প্রয়োজনীয়তার কথা বলেছেন। চারদিকে সখের নাট্যশালা গড়ে উঠলেও তারা নাট্যশালার প্রয়োজন সম্পূর্ণত মেটাতে পারে না এ-বোধ তাঁর ছিল। নব অভ্যুত্থিত জাতির এই কামনা তিনি লক্ষ্য করেছিলেন ১৮৬০ সালেই, জাতীয় নাট্যশালা স্থাপিত হবার অন্তত বারো বৎসর পূর্বে (৫৬নং ও ৭৯নং পত্র)।[২০] বাংলা দেশ নবজাগৃতিতে সর্বাপেক্ষা স্বর্ণফল ফলিয়েছে সাহিত্যের ক্ষেত্রে। চারদিকে সাহিত্যসৃষ্টির এক নবীন উৎসাহ ও উদ্দীপনা দেখা দিয়েছিল। এ সম্পর্কে কবি সচেতন ছিলেন। তিনি লিখেছেন, "What a vast field does our country now present for literary enterprise !" (পত্র সংখ্যা ৫৭)।

কবি অবশ্য কাব্যরাজ্যে বিচরণ করতে করতে নবযুগের রস নির্যাসটুকু গ্রহণ করেছেন, প্রবহমান ঘটনার প্রতি দৃষ্টি রাখতে পারেন নি। তাঁর মতে "I hate most of the newspapers of the day—Native and English. They do contain such rubbish" (পত্র সংখ্যা ৫৭)। তবে নবযুগের সমাজসংস্কার কর্মাদির প্রতি তাঁর সমর্থন ছিল। "I have no objection to subscribe one half of my pay towards a statue for I. C. Vidyasagar as the promoter of widow-remarriage." (পত্র সংখ্যা ৬২)। হিন্দু পেট্রিয়ট পত্রিকার সাহসী সম্পাদক হরিশ মুখোপাধ্যায়ের প্রতিও তাঁর শ্রদ্ধা ও সমর্থন ছিল। মুক্ত চিন্তা এবং স্বাধীন মানসিকতার অগ্রদূত হিসেবে তিনি তাঁকে অভিনন্দন জানিয়েছেন, "They say poor Hurrish of the Patriot is dying. This is very painful. Of all men now living he has exercised the greatest amount of influence over the educated classes of our countrymen. I hope he will recover. His death would be a real loss, not to our literature, for he writes Feringishly, but to the progress of independence of mind and thought." (পত্র সংখ্যা ৬৭)। অন্যত্র তিনি লিখেছেন, "Harish is dead. They are kicking up a row on the subject and propose to establish a 'scholarship'. Fie! why not a statue? However I shall subscribe. I loved and valued the man." (পত্র সংখ্যা ৭০)। মানবের চিন্তার ও হৃদয়াবেগের মুক্তিতে কবির বিশ্বাস ছিল আন্তরিক। তাঁর ব্যক্তিগত জীবনচর্যায়ও এই বিশ্বাসের

পূর্ণ প্রতিবিম্বন ঘটেছে। আমাদের সমাজে নারীর পরাধীনতা বিশেষ করে তাঁকে ব্যথিত করেছে। অন্য একটি প্রসঙ্গে কবি এ সম্পর্কে তীব্র মনোভাব প্রকাশ করেছেন, "The position of European females, both dramatically as well as socially, are very different. It would shock the audience if I were to introduce a female (a virtuous one) discoursing with a man, unless that man be her husband, brother or father. This describe a circle around me, beyond the boundary line of which I cannot step," (পত্র সংখ্যা ৭৯)। জাতীয় স্বাধীনতার বোধ স্পষ্ট ভাবে সেকালের কোন বুদ্ধিজীবীই অনুভব করেন নি। কিন্তু স্বদেশপ্রেমের অঙ্কুর কবির মাতৃভাষার উন্নতি করার[২১] প্রতিজ্ঞায় (পত্র সংখ্যা ৫৬) বা 'রেখো মা দাসেরে মনে' কবিতা রচনায় (পত্র সংখ্যা ৭৫), অথবা জাতীয় মহাকাব্য রচনার প্রশ্নে[২২] (পত্র সংখ্যা ৫৬) আত্মপ্রকাশ করেছে। কিন্তু বিদেশী শাসনের বিরুদ্ধে কবি সচেতন নন। লক্ষণীয় ; ১৮৫৭ সালের সারা ভারতব্যাপী সিপাহীদের বিদ্রোহ ঘটনা হিসেবে খুব বৃহৎ এবং উত্তেজনাকর হলেও কবির কোন চিঠিতে কিছু মাত্র সাড়া তোলে নি।

চতুর্থ পর্বে অন্তত দুটি ক্ষেত্রে কবির স্বজাতিপ্রীতি আত্মপ্রকাশ করেছে, বৃটিশশাসনের বিরুদ্ধে কটাক্ষপাতও আছে। সত্যেন্দ্রনাথ ঠাকুর সিভিল সার্ভিস পরীক্ষায় সাফল্য লাভ করার খবর দিয়ে বৃটিশ কর্তৃপক্ষের মনোভাবের সমালোচনা করেছেন তিনি একটি চিঠিতে—".. Satyendra's success has aroused the authorities here to make the examination more difficult than before." (পত্র সংখ্যা ১০১)। ঝড়ের খবর প্রকাশের ব্যাপারে কলকাতার পত্রিকাগুলির একদেশদর্শিতা তাঁর কাছে নিন্দার্হ বলে মনে হয়েছে। পত্রিকাগুলি য়ুরোপীয়ানদের ক্ষয়ক্ষতির সংবাদ দিলেও, দেশীয় লোকদের সংবাদ পরিবেশনে তারা অমার্জনীয় কার্পণ্য দেখিয়েছেন, বলে কবি ধিক্কার দিয়েছেন। (পত্র সংখ্যা ১০৫)।

চতুর্থ পর্বের একটি প্রাসঙ্গিক মন্তব্যের দিকে দৃষ্টি আকর্ষণ করা যেতে পারে। ১১০নং চিঠিতে কবি নূতন সমাজে যে মানস উৎকর্ষের সঙ্গে নিঃসম্পর্কিত অর্থকৌলীন্য স্থাপিত হয়েছে তার প্রতি অঙ্গুলিসঙ্কেত করেছেন। এর মধ্যে সমালোচনা ও ধিক্কারের তীব্র সুরটি শোনা যায়। এই পর্বের চিঠিতে একটি ঘটনার উল্লেখ একাধিকবার কবি করেছেন। তিনি ফরাসী সম্রাট

ও সম্রাজ্ঞীকে পথিমধ্যে অভিনন্দন জানিয়েছিলেন। রাজতন্ত্রের প্রতি কবির শ্রদ্ধা ছিল। ফরাসী বিপ্লববাদীদের তিনি সমর্থন করতেন না। এদিক দিয়ে পূর্ববর্তী রামমোহন রায়ের রাজনৈতিক চেতনা যে অনেক পরিচ্ছন্ন ছিল তাতে সন্দেহ নেই। ঐশ্বর্য ও আড়ম্বরের প্রতি তাঁর কবিচিত্তের আকর্ষণ এই রাজনৈতিক বিশ্বাসকে কতকাংশে প্রভাবিত করে থাকবে।

শিক্ষাবিষয়েও কবি য়ুরোপীয় পদ্ধতির ভক্ত ছিলেন। আপন সন্তানদের আচার-আচরণ শিক্ষাদীক্ষায় য়ুরোপীয়দের সমতুল্য করে তুলবার বাসনা তাঁর ছিল। গৌরদাসের পুত্রকেও বাল্যাবধি য়ুরোপে রেখে 'Europeanised' করে তুলতে তিনি পরামর্শ দিয়েছিলেন। আবার গৌরদাসকে লেখা একটি চিঠিতে নিজেদের যৌবনকালীন শিক্ষাব্যবস্থার ত্রুটির কথা বলেছেন, প্রথম বয়সে তাঁদের বাংলা ভাষায় শিক্ষা দেওয়া হয় নি বলে অভিযোগ করেছেন। এ বিষয়ে কবির চিন্তা খুব পরিচ্ছন্ন ছিল কিনা বলা কিছু কঠিন।

পঞ্চম পর্বেও মধুসূদনের ব্যারিস্টার হিসেবে হাইকোর্ট প্রবেশের প্রশ্ন নিয়ে দেশীয় এবং য়ুরোপীয় মহলের মধ্যে এক মর্যাদার সংগ্রাম শুরু হয়েছিল। সে প্রসঙ্গে এক চিঠিতে কবি লিখছেন, "Sumbhonath said এ বিষয়ে না জিতলে আর মান থাকবে না।" (পত্র সংখ্যা ১২৪)।

সামগ্রিক ভাবে বলা চলে যে কবির যুগচেতনা কতকগুলি বিচ্ছিন্ন চিন্তার আকারে মাত্র চিঠিপত্রের মধ্যে ধরা পড়েছে। কবি আপন ব্যক্তিত্বের মধ্যে যুগকে যে ভাবে আত্মসাৎ করেছিলেন, তার সমকক্ষ উদাহরণ কমই মেলে।

॥ সাত ॥

মধুসূদন বাংলাগদ্যে 'হেক্টরবধ' ছাড়া আর কিছুই লেখেন নি। ইংরেজীতেও গদ্যপ্রবন্ধের সংখ্যা তাঁর বেশি নয়। 'Indian Field'-য়ে য়ুরোপ যাত্রা-কালীন অভিজ্ঞতা প্রকাশিত হয়েছিল। "Anglo Saxon and the Hindoos" নামে একটি বক্তৃতা পুস্তিকাকারে মুদ্রিত হয়েছিল। সাংবাদিক হিসেবে অবশ্য বেশ কিছু সংখ্যক প্রবন্ধ তিনি লিখেছিলেন; কিন্তু এগুলিকে অবশ্যই সাহিত্যিক রচনা বলে গ্রহণ করা চলে না। অথচ কবির চিঠিপত্রে তাঁর সাহিত্যবোধের যে তীক্ষ্ণ পরিচয় মিলছে তাতে বলা যেতে পারে এদেশীয় সমালোচনা-সাহিত্যের ভিত্তি তাঁর নিজের হাতে রচিত হলে বাংলা প্রবন্ধের এই ধারাটির চমকপ্রদ উন্নতি সেই প্রথম যুগেই ঘটত।[২৩]

একজন প্রথম শ্রেণীর সমালোচকের পক্ষে যে সুগভীর রসদৃষ্টি, দেশবিদেশের শ্রেষ্ঠ সাহিত্য-গ্রন্থের সঙ্গে ঘনিষ্ঠ পরিচয় এবং সমালোচনায় অগ্রসর মতবাদের অন্তরে অনুপ্রবেশ প্রয়োজন তা যে কবির একটু বেশি মাত্রায় ছিল তাতে সন্দেহের অবকাশ নেই।[২৪] কিন্তু তাঁর বিশ্লেষণধর্মী মন ছিল কি? কিছু পরিমাণ বিশ্লেষণ-প্রবণতা না থাকলে সমালোচক হিসেবে সাফল্য অর্জন সম্ভব হয় না। মধুসূদনের মত আবেগপ্রবণ শিল্পীর মনের একপ্রান্তে যে বিশ্লেষণ-ধর্মী সমালোচক আসীন তার প্রমাণ কবির পত্রাবলীতে রয়েছে।

কিন্তু তবুও মধুসূদন সমালোচক হয়ে ওঠেন নি, চেষ্টাও করেন নি সমালোচনামূলক প্রবন্ধ লিখবার। তার কারণ দুটি—

প্রথমত, কবি বাংলা গদ্য লেখায় কিছু বাধা বোধ করতেন। নাটক রচনার সময়ে কবি গদ্য-সংলাপের স্থানে কাব্যসংলাপ ব্যবহারের জন্য কি পরিমাণ আকুতি বোধ করতেন তার পরিচয় আছে কবির চিঠিতে। বাংলায় চিঠি লিখতে না পারার জন্য বিদ্যাসাগরের কাছে তিনি দুঃখ প্রকাশ করেছেন। বিদ্যোৎসাহিনী-সভায় বাংলায় বক্তৃতা দেবার কথা ভেবে তিনি অস্বস্তি অনুভব করেছিলেন। বাংলা গদ্যে সমালোচনা-প্রবন্ধ লিখবার একটি বাধা এখানে।

দ্বিতীয়ত, সমালোচনা-সাহিত্য সৃষ্টিমূলক সাহিত্যের ভিত্তিতেই মাত্র জন্ম নিতে পারে। কোন জাতির ভাষায় উল্লেখযোগ্য সৃজনধর্মী রচনা না থাকলে, সে ভাষায় প্রকৃত সমালোচনার উদ্ভব সম্ভব নয়। মধুসূদনের কাব্য রচনার পুর্বে বাংলা ভাষায় গদ্যসাহিত্যের অনেকখানি বিকাশ ঘটেছিল, নানা ধরনের প্রবন্ধও লিখিত হচ্ছিল, সমালোচক-মনও কিছু কিছু তৈরী হচ্ছিল, কিন্তু তাঁদের সে-সব চেষ্টার অকিঞ্চিৎকরতা লক্ষণীয়। কৃত্তিবাস ও কাশীরাম দাসের জনপ্রিয়তা, ভারতচন্দ্রের অশ্লীলতা, প্রথম পর্বের বাংলা গদ্যের জড়তা নিয়ে মন্তব্য করার মধ্যে বাংলা সমালোচনা পথ খুঁজছিল। সংস্কৃত সাহিত্যের ইতিবৃত্ত রচনায় বা বাংলা কবিতার মূল্য ঘোষণায় (স্বভাবতই পুরাতন বাংলা কবিতার) যথাক্রমে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর এবং রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় সমালোচনা-সাহিত্যের প্রাণ প্রতিষ্ঠা করতে পারেন নি। অতীত-পরিক্রমা ও পুরাতন সাহিত্যের নব মূল্যায়ন সমালোচনার একটি প্রধান কর্তব্য বলে গণ্য হলেও বর্তমান সাহিত্যের উৎকর্ষের ভিত্তিতে প্রতিষ্ঠিত প্রাণবন্ত সমালোচনাই মাত্র সে-কর্তব্য পালন করতে সমর্থ। মধুসূদনের কাব্য-নাটকাদি প্রকাশের মধ্যেই বাংলা সমালোচনা সেই প্রাণবীজের সন্ধান পেল। সেখানে সমকালে যে

চাঞ্চল্য জেগেছিল তা বিস্ময়কর। মধুসূদন বাংলা সমালোচনায় হাত দিলে তাঁর নিজের রচনার বিচার-বিশ্লেষণের ভিত্তিতেই তাঁকে অগ্রসর হতে হত। ব্যক্তিগত চিঠিপত্রে নিজের রচনা সম্বন্ধে মন্তব্য করা এক কথা, নিজের রচনার প্রকাশ্য সমালোচকরূপে দেখা দেওয়া সম্পূর্ণ ভিন্ন জিনিস।

সমালোচকের সর্ববিধ গুণ থাকা সত্ত্বেও তাঁর পক্ষে ঐ পথে প্রতিষ্ঠা পাওয়া তাই সম্ভব ছিল না। সমালোচকরূপেও যে কবি সমকালীন প্রধান লেখকদের (অর্থাৎ রাজনারায়ণ বসু, রাজেন্দ্রলাল মিত্র, কালীপ্রসন্ন সিংহ প্রভৃতি) শীর্ষে আপন আসন করে নিতে পারতেন তাতে কিছুমাত্র সন্দেহ নেই। কবির চিঠিপত্রে তার নিশ্চিত প্রমাণ আছে।

তবুও আমাদের মনে রাখতে হবে এগুলি ব্যক্তিগত পত্রাবলী। অখণ্ড সমালোচনা এর মধ্য থেকে উদ্ধার করা সম্ভব নয়। চিঠি লেখার ছলে কবি সমালোচনা-প্রবন্ধ রচনা করেন নি। কবির বিচ্ছিন্ন মন্তব্য থেকেই এখানে আমরা তাঁর সমালোচক মনোভাবের একটি পূর্ণ পরিচয় নেবার চেষ্টা করব। বহুক্ষেত্রে কবির সিদ্ধান্তটুকুই মাত্র রয়েছে, নেই যুক্তিপূর্ণ কারণ বিশ্লেষণ। সে-সব অপূর্ণতা স্বীকার করেই এ আলোচনায় প্রবেশ করতে হবে।

য়ুরোপীয় সমালোচনা-সাহিত্যের উপরে কবির অধিকার ছিল সুগভীর। একখানি চিঠিতে কবি সমালোচনাকার্যে প্রতিষ্ঠা অর্জনের জন্য রাজনারায়ণ বসুকে য়ুরোপীয় প্রধান সমালোচকদের সঙ্গে পরিচিত হতে আহ্বান জানিয়ে লিখেছেন—"I wish you would take up the subject of criticism. Aristotle, Longinus· Quintilian, the Sahitya Darpan, Burke, Kames, Alison, Addison, Dryden and a host of others, not forgetting old Blair's lectures or the German Schlegel." (পত্র সংখ্যা ৫৭)। এই লেখক তালিকায় য়ুরোপীয় বিভিন্ন স্কুলের সমালোচকদের নামই স্থান পেয়েছে। কবির বিশেষ প্রবণতা কোনদিকে তা বোঝা সহজ। কিন্তু সমালোচককে বিভিন্ন পদ্ধতির সঙ্গেই ঘনিষ্ঠভাবে পরিচিত হতে হবে এই বিশ্বাস তাঁর ছিল। তবে সংস্কৃত অলঙ্কারশাস্ত্রের বিশ্বনাথ চক্রবর্তী ব্যতীত অপর কারও সঙ্গে তাঁর সম্পর্ক ছিল বলে মনে হয় না। সংস্কৃত অলঙ্কারশাস্ত্রের প্রসঙ্গ যখনই উঠেছে তিনি বিশ্বনাথের 'সাহিত্য দর্পণের' নামোল্লেখ করেছেন। তবে এই তালিকা থেকে বোঝা যায় 'Sublime'-এর তত্ত্ব বা মহাকাব্য কিংবা মিলটন বিষয়ে লেখা গৌণ রচনার সঙ্গে পরিচিত

স্থবার প্রবণতাও তাঁর ছিল। পূর্বোক্ত তালিকায় কোন কোন অপ্রধান সমালোচকের স্থান হয়েছে শুধুমাত্র ঐ সব বিষয়ের আলোচনা করবার জন্য।

সংস্কৃত অলঙ্কারশাস্ত্রে তাঁর শ্রদ্ধা ছিল না। একাধিকবার তিনি সংস্কৃত অলঙ্কারশাস্ত্রের নির্দেশ তথা বিশ্বনাথের মতামতকে অস্বীকার করার কথা ঘোষণা করেছেন—"...it is my intention to throw off the fetters forged for us by servile admiration of everything Sanskrit." (পত্র সংখ্যা ৫২); "I shall not allow myself to be bound down by the dicta of Mr. Viswanath of the Sahitya Darpan." (পত্র সংখ্যা ৫৭)। 'রস' প্রভৃতি আলঙ্কারিক পরিভাষা সম্বন্ধেও কবি তীব্র আনুগত্য বোধ করেন নি। রসসৃষ্টি বিষয়ক অলঙ্কারশাস্ত্রের নির্দেশ মেনে চলেন নি। সাধারণ ভাবে 'রস' কথাটিকে আমরা সাহিত্যিক আস্বাদ এই অর্থেই ব্যবহার করি। কবিও সেইভাবেই করেছেন।[২৫] সমকালীন সংস্কৃতানুসারী সমালোচনারীতি স্বভাবতই কবির সমর্থন লাভে বঞ্চিত হয়েছে। কবি ব্যঙ্গমিশ্রিত সুরে তাঁদের সমালোচনার উল্লেখ করে বলেছেন, "Some other pundits, literary stars of equal magnitude, say—'হ্যাঁ উত্তম উত্তম অলঙ্কার আছে। মন্দ হয় নি।" য়ুরোপীয় সমালোচনারীতির সুরে যাঁর মনের তার বাঁধা তিনি পুরাতন সংস্কৃতরীতির বিরুদ্ধাচারণ করবেনই। বঙ্কিমচন্দ্রও নব্য য়ুরোপীয় সাহিত্যমন্ত্রে দীক্ষিত ছিলেন বলেই প্রাচীন আলঙ্কারিক পদ্ধতির বিরুদ্ধতা করেছিলেন—

> "এ-দেশীয় প্রাচীন আলঙ্কারিকদিগের ব্যবহৃত শব্দগুলি একালে পরিহার্য্য। ব্যবহার করিলেই বিপদ ঘটে। আমরা সাধ্যানুসারে তাহা বর্জন করিয়াছি, কিন্তু এই রস শব্দটি ব্যবহার করিয়া বিপদ ঘটিল। নয়টি বৈ রস নয়, কিন্তু মনুষ্য চিত্তবৃত্তি অসংখ্য। রতি, শোক, ক্রোধ স্থায়ীভাব; কিন্তু হর্ষ, অমর্ষ প্রভৃতি ব্যাভিচারী ভাব। স্নেহ, প্রণয়, দয়া, ইহাদের কোন স্থান নাই,..."
>
> —[উত্তর চরিত : বিবিধ প্রবন্ধ]

(এই মন্তব্যের যাথার্থ্য এক্ষেত্রে বিচার্য নয়, বক্তার মনোভাবই লক্ষণীয়।) সংস্কৃতরীতির বাঁধা উপমা ও মামুলী চিত্রকল্প রচনার সমর্থনও কবি জানাতে পারেন নি, "In the present work you will see nothing in the shape of 'Erotic similies', no silly allusion to the loves of the Lotus and the Moon; nothing about fixed lightnings."

(পত্র সংখ্যা ৬১)। যদিও কবি এই পদ্ধতি থেকে কোন কালেই সম্পূর্ণ মুক্ত হতে পারেন নি।

সাহিত্যে বিদেশী বিশেষ করে য়ুরোপীয় সৌন্দর্য সঞ্চারিত করবার পক্ষে চিরকালই তিনি মত দিয়েছেন। তাঁর নিজের রচনায় বিদেশী সাহিত্যের প্রভাব আছে, একথা তিনি স্বীকার করেছেন এবং যুক্তি দিয়ে সেই আদর্শকে সমর্থন জানিয়েছেন, "I am aware, my dear fellow, that there will, in all likelihood, be something of a foreign air about my drama, but if the language be not ungrammatical, (কবির প্রথম নাটক সম্পর্কে এই চিঠি লেখা। এই ত্রুটিটিকেই তিনি তখন সর্বাধিক ভয় করতেন।) if the thoughts be just and glowing, the plot interesting, the characters well maintained, what care you if there be a foreign air about the thing? Do you dislike Moore's poetry because it is full of Orientalism? Byron's poetry for its Asiatic air, Carlyle's prose for its Germanisn? Besides, remember that I am writing for that portion of my countrymen who think as I think, whose minds are more or less imbued with western ideas and modes of thinking..." (পত্র সংখ্যা ৫২)। এই পত্রাংশটি স্পষ্টভাবে কবির সাহিত্যচিন্তার কয়েকটি দিককে প্রকাশ করে। এক। ভাষাসৌকর্য (ব্যাকরণগত বিশুদ্ধির প্রশ্নটি এসেছিল আলোচ্য নাটক 'শর্মিষ্ঠা' তাঁর প্রথম বাংলা রচনা ছিল বলে), ভাবগত সমুন্নতি এবং ঔজ্জ্বল্য, কৌতূহলোদ্দীপক কাহিনীগঠন, চরিত্রনির্মিতির সুসঙ্গতি তাঁর মতে নাটকের সাফল্যের ন্যূনতম সত। দুই। বিদেশীয় রস-সৌন্দর্যকে আত্মস্থ করে সাহিত্যে প্রয়োগ করার সম্পর্কে তিনি উচ্চকণ্ঠ সমর্থন জানিয়েছেন। তিন। বাঙালি কাব্যপাঠকদের মধ্যে যে নূতন এক শ্রেণীর আবির্ভাব ঘটেছে যাঁরা পাশ্চাত্ত্য ভাব-ভাবনায় উদ্বুদ্ধ সে বিষয়ে কবির স্পষ্ট ধারণা ছিল। বাংলা সাহিত্যের ভবিষ্যত যে ঐ পথ ধরেই উৎকর্ষের স্বর্ণশীর্ষে উঠবে সে বিষয়েও কবির মনে কিছুমাত্র সংশয় ছিল না।

পাশ্চাত্ত্য ক্লাসিকাল সাহিত্য সম্বন্ধে মধুস্থদন চিরকালই উচ্চকণ্ঠ ছিলেন। প্রথম তারুণ্যে বায়রণের প্রতি তাঁর অসীম শ্রদ্ধা ছিল। বায়রণের জীবনী (টমাস মূ্র রচিত) তরুণ বয়সে কবির অন্যতম প্রিয় গ্রন্থ ছিল। পোপ, কাউলে, ক্যাম্পবেল, বার্নস্, ক্র্যাব প্রভৃতি ইংরেজ কবিদের সঙ্গেও তাঁর ঘনিষ্ঠ

পরিচয় ছিল। চিঠিপত্রে এঁদের উল্লেখ আছে, কোথাও এঁদের রচনার সামান্য উদ্ধৃতি সহজভাবেই এসেছে। ব্যাপক পরিচয় ব্যতীত এরূপ উল্লেখ ও উদ্ধৃতি সম্ভব হত না। সেক্সপীয়রের সঙ্গে খুব ভাল পরিচয়ই ছিল, বিশেষ করে সেক্সপীয়রবিষয়ক সুখ্যাত অধ্যাপক রিচার্ডসনের কাছে পড়ার ফল ফলেছিল বলেই মনে হয়। ওয়ার্ডসওয়ার্থের প্রসঙ্গও আছে। পরিণত বয়সে কবির সাহিত্যরুচি একাগ্র ও পরিচ্ছন্ন হয়ে উঠেছিল। প্রথম তারুণ্যের উচ্ছ্বাসে বায়রণকে প্রিয় বলে মনে হলেও পরবর্তীকালে কবিমন সেখান থেকে সরে এসেছে। কবিদের মধ্যে মহাকাব্যের ক্লাসিক রচয়িতাদের প্রতি তাঁর প্রীতি স্পষ্ট ও তীব্র হয়ে উঠেছে। রঙ্গলালকে সমালোচনা করতে গিয়ে তিনি নিজের সাহিত্যবিচারের সিদ্ধান্তই জানিয়েছেন, "He reads Byron, Scott and Moore, very nice poets in their way no doubt, but by no means of the highest school of poetry, except perhaps, Byron, now and then. I like Wordsworth better." (পত্র সংখ্যা ৬৪)। "Byron, Moore and Scott form the highest Heaven of poetry in his (অর্থাৎ রঙ্গলাল) estimation. I wish he would travel further. He would then find what "hills peep o'er hills"—what "Alps on" "Alps arise !" As for me, I never read any poetry except that of Valmiki, Homer, Vyasa, Virgil, Kalidas, Dante (in translation), Tasso (do) and Milton." (পত্র সংখ্যা ৫৮)। দেশীয় কবিদের প্রসঙ্গে পরে প্রবেশ করা যাবে। বিদেশীয়দের মধ্যে উল্লিখিত মহাকবিদের দ্বারা তিনি নিজেও কোন না কোন ভাবে প্রভাবিত হয়েছেন। এঁদের সম্পর্কে কবির আরও কিছু বিচ্ছিন্ন মন্তব্য তাঁর চিঠিপত্রে ছড়িয়ে আছে।

ভার্জিলের ছন্দের সঙ্গীতধর্ম সম্পর্কে মন্তব্য করা হয়েছে ৬৩নং চিঠিতে ; ৬৪নং চিঠিতে মূল ইতালীয় ভাষায় টাসোর কবিতা পড়ে কবির সোল্লাস উল্লেখ লক্ষণীয়, "Oh ! What luscious poetry." কিন্তু মিল্টনের তুলনায় এঁদের মূল্য কবির কাছে সামান্য। মিল্টন খুবই উচ্চস্তরের কবি, কিন্তু অন্তত এই একটি ক্ষেত্রে কবির উপলব্ধি সমালোচকের বিচারককে ছাপিয়ে একটা গভীর ভাবাবেগে পরিণত হয়েছিল, "Some say it is better than Milton—but that is all bosh—nothing can be better than Milton ; many say it licks Kalidas ; I have no objection to that.

I don't think it is impossible to equal Virgil, Kalidas and Tasso. Though glorious, still they are mortal poets ; Milton is divine." (পত্র সংখ্যা ৬৫)। মিল্টন সম্বন্ধে কবি অন্যত্র যা বলেছেন তাতে পূর্বোক্ত পত্রাংশের ব্যাখ্যা আছে, "Look at the sanskrit Kalidas, the Latin Virgil, the Italian Tasso. I don't think England has a single poet worthy of being named with these ; her Milton is a grander being. Like his own Satan, he is full of the loftiest thoughts, but has little or nothing that may be called amiable. He elevates the mind of the readers to a most astonishing height, but he never touches the heart. And what is the consequence ? He has a glorious name but few readers. He is Satan himself. We acknowledge him to belong to a far superior order of beings ; but we never feel for him. We hear the sound of his ethereal voice with awe and trembling. His is the deep roar of a lion in the silent solitude of the forest." (পত্র সংখ্যা ৬৯)। মিল্টনের কাব্য প্রসঙ্গে এই সমালোচনা যেমন যথার্থ তেমনি সমালোচকের চোখে যে কবির অন্তর্দৃষ্টি আছে তারও প্রমাণ বহন করে। পেত্রার্কা, গ্যেটে, শীলার সম্পর্কেও সশ্রদ্ধ উল্লেখ য়ুরোপ প্রবাসকালে লেখা চিঠিতে কবি করেছেন। তবে সে সব উল্লেখ সমালোচনাত্মক মন্তব্য হয়ে ওঠে নি।

সাহিত্য-সমালোচনা প্রসঙ্গে কবির অপর একটি মন্তব্য বিশেষ তাৎপর্যপূর্ণ, "When you sit down to read poetry, leave aside all religious bias." (পত্র সংখ্যা ৭৩)। কবি অবশ্য বিস্তারিত আলোচনা করে বিষয়টিকে স্পষ্ট করে তোলেন নি। অথচ সাহিত্যকে নীতি ও ধর্মপ্রচারের সঙ্গে যুক্ত করে দেখার মনোভাব এক শ্রেণীর সমালোচকের মধ্যে সমকাল থেকেই প্রবল হয়ে উঠেছিল। কবি যাঁর কাছে এই চিঠি লিখেছিলেন সেই রাজনারায়ণ বসুই স্বয়ং কবির কাব্যের সমালোচনায় ধর্ম-বিশ্বাসকে অগ্রাধিকার দিয়ে কাব্য-সৌন্দর্যকে আচ্ছন্ন করে ফেলেছিলেন।

নাট্যসাহিত্যের আলোচনায় যখন কবি অগ্রসর হয়েছেন তাঁর মুক্ত মন কিছু সঙ্কুচিত হয়েছে, বিশ্বসাহিত্যের প্রাঙ্গনকে ঊনবিংশ শতাব্দীর কলকাতায়

এনে ফেলতে চেয়েছেন। সেক্‌সপীয়রকে সেরা নাট্যকার বলে অভিহিত করেও তাঁর নাটকের আদর্শে নিজের রচনাকে বিচার করতে নিষেধ করেছেন। য়ুরোপের জীবনযাত্রার সঙ্গে আমাদের জীবনপদ্ধতির পার্থক্যের কথা তুলেছেন, দর্শকের রুচির কাছে নতি স্বীকার করেছেন।

প্রথমত, কবির বিশ্বাস ছিল অভিনয়ই নাটকের লক্ষ্য, পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হওয়ার মধ্যে তার গৌরব নেই। কেশবচন্দ্র গঙ্গোপাধ্যায়ের কাছে লেখা চিঠিগুলিতে এই মনোভাব বারবার প্রকাশ পেয়েছে। তিনি লিখছেন, "There is no use writing a play and then leaving it to rot in my desk." (পত্র সংখ্যা ১৮), "I am not particularly interested in the question of getting the work printed. This I look upon as a secondary matter. What I want is to have it acted ." (পত্র সংখ্যা ১৯)।

দ্বিতীয়ত, সংস্কৃত নাটক ও য়ুরোপীয় নাটকের মূল পার্থক্যটি তিনি স্পষ্ট করে ধরেছিলেন, সেকালের অপর কোন বাঙালি সমালোচকের পক্ষেই তা আয়ত্ত করা সম্ভব ছিল না। তিনি এই প্রসঙ্গে লিখেছেন, "In the great European Drama you have the stern realities of life, lofty passions, and heroism of sentiment. With us it is all softness, all romance. We forget the world of reality and dream of Fairy lands. The genius of the Drama has not yet received even moderate degree of development in this country. Ours are dramatic poems ; and even Wilson, the great foreign admirer of our ancient language, has been compelled to admit this." (পত্র সংখ্যা ১৯)। কিছু পরে রবীন্দ্র-পূর্ব বাংলার শ্রেষ্ঠ সমালোচক বঙ্কিমচন্দ্র সেক্‌সপীয়র ও কালিদাসের নাট্য-প্রতিভার তুলনা প্রসঙ্গে অনুরূপ মন্তব্যই করেছেন।—

> "সেক্ষপীয়রের এই নাটক সাগরবৎ, কালিদাসের নাটক নন্দন-কাননতুল্য। কাননে সাগরে তুলনা হয় না। যাহা সুন্দর, যাহা সুদৃশ্য, যাহা সুগন্ধ, যাহা সুরব, যাহা মনোহর, যাহা সুখকর, তাহাই এই নন্দনকাননে অপর্য্যাপ্ত, স্তূপীকৃত, রাশি রাশি, অপরিমেয়। আর যাহা গভীর, দুস্তর, চঞ্চল, ভীমনাদী, তাহাই

> এই সাগরে। সাগরবৎ সেক্ষপীয়রের এই অনুপম নাটক, হৃদয়োথিত বিলোল তরঙ্গমালায় সংক্ষুব্ধ ; দুরন্ত রাগ, দ্বেষ, ঈর্ষ্যাদি বাত্যায় সন্তাড়িত, ইহার প্রবল বেগ, দুরন্ত কোলাহল, বিলোল উর্মিলীলা—আবার ইহার মধুর নীলিমা, ইহার অনন্ত আলোকচূর্ণ-প্রক্ষেপ, ইহার জ্যোতিঃ, ইহার ছন্দ, ইহার ছায়া, ইহার রত্নরাজি, ইহার মৃদুগীত—সাহিত্যসংসারে দুর্লভ।"
>
> —[শকুন্তলা, মিরন্দা ও দেসদিমোনা : বিবিধ প্রবন্ধ]

তৃতীয়ত, নাটকের ভাষা সম্বন্ধে মধুসূদনের কতকগুলি স্পষ্ট বক্তব্য ছিল। সম্পূর্ণ কবিতায় 'কাব্যনাট্য' রচনার ঝোঁক তাঁর ছিল। তা ছাড়াও অন্যান্য নাটকে ভাষাব্যবহারে দ্বৈতরীতি অনুসরণের পক্ষপাতী ছিলেন কবি। ডঃ জনসনের বক্তব্য উদ্ধৃত করে কবি মানুষের সহজ আলাপ-আলোচনার ভাষাকেই উৎকৃষ্ট নাটকীয় সংলাপ বলে গণ্য করতে চেয়েছেন। অবশ্য সে সব ক্ষেত্রে তিনি ব্যতিক্রমের পক্ষে "where the thoughts rise high of their own accord and clothe themselves with loftier diction..." (ঐ)। এইসব ক্ষেত্রে অমিত্রাক্ষর ছন্দের কবিতা ব্যবহার কর্তব্য বলে তিনি মনে করতেন। 'সুভদ্রা' নামক তাঁর একটি কাব্যনাট্যের (অসম্পূর্ণ এবং লুপ্ত) ভাষা প্রসঙ্গে তিনি লিখেছিলেন "The form of verse in which this drama is written, if well recited, sounds as much like prose as English Blank Verse sounds like English Prose—retaining at the same time a sweet musical impression." (পত্র সংখ্যা ৭৬)। মধুসূদনের এই সিদ্ধান্তের যাথার্থ্য অবশ্য প্রশ্নাতীত নয়। কিন্তু রোমান্টিক কবি-প্রাণের সঙ্গে ক্লাসিক সাহিত্যের বস্তুনিষ্ঠার দীর্ঘকালব্যাপী চর্চার প্রতিফলন এখানেও লক্ষ্য করা যেতে পারে।

চতুর্থত, ট্রাজেডি ও কমেডির পারস্পরিক সম্পর্ক বিষয়ে তাঁর মতামত এ দেশের পক্ষে একেবারে নূতন। যে দেশে ট্রাজেডিবিষয়ক কোন সাহিত্যিক সংস্কার মধুসূদনের পূর্বে গড়ে ওঠে নি, সে দেশে ট্রাজেডির মধ্যে লঘু হাস্যরসাত্মক অংশের অবকাশ কতটা থাকা সঙ্গত তা নিয়ে মধুসূদনই প্রথম আলোচনা করলেন, "...never strive to be comic in a tragedy; but if an opportunity presents itself unsought to be gay, do not neglect it in the less important

scenes, so as to have an agreeable variety. This I believe to be Shakespear's plan. Perhaps, you will not find many scenes in his higher tragedies in which he is, studiously comic." (পত্র সংখ্যা ৮৩)।

পঞ্চমত, সেক্সপীয়রের নাট্য-প্রতিভার উপরে কবির অগাধ শ্রদ্ধা ছিল। পৃথিবীর সর্বশ্রেষ্ঠ নাট্যকার বলে সেক্সপীয়রকে তিনি মনে করতেন, চিঠিপত্রে তার নানা পরিচয় ছড়িয়ে আছে। একস্থানে কবি বলেছেন, "The style of criticism you bring to bear upon the play, is the very highest possible ; such an aesthetic storm would sink the ship of every dramatist in the world, save and except Shakespear ; and even he would suffer considerable damage" (পত্র সংখ্যা ৮৩)।

দেশীয় প্রাচীন কবি-সাহিত্যিকদের মধ্যে বাল্মীকি-ব্যাসের প্রতি কবির গভীর শ্রদ্ধা ছিল। বাল্মীকির বিরুদ্ধে অবশ্য একটি ক্ষেত্রে তিনি অনুযোগ করেছেন রামচন্দ্রের কতকগুলি বানর সহকর্মী দেবার জন্য। ক্লাসিকাল সংস্কৃত সাহিত্যের মধ্যে কালিদাসের প্রতিভার সমুচ্চতা তিনি স্বীকার করতেন। অপরাপর কবি ও নাট্যকারদের বড় গ্রাহ্য করতেন না। কালিদাসের শকুন্তলার রোমান্টিক চরিত্র সম্পর্কে তিনি একস্থানে মন্তব্য করেছেন, মেঘদূতকে বলেছেন তাঁর প্রিয় কাব্য। অন্যত্র য়ুরোপীয় নাটকের সঙ্গে দেশীয় নাটকের তুলনা করতে গিয়ে তিনি যা বলেছেন, বিশেষ করে কালিদাসের রচনাকে মনে রেখেই তা লিখিত। কালিদাসের কাব্য-নাটকে আদিরসের প্রাধান্য লক্ষ্য করেছেন বলেই তিনি এই কথাগুলি লিখতে পেরেছেন, "You censure the erotic character of some of the allusions. Perhaps that is owing to a partiality for Kalidasa. By the bye—did I ever tell you that I taught myself Sanskrit at Madras ? I am anything but a Pandit like Rajendra who is a thundering grammarian, but I know enough to read Kalidasa and that I think is quite enough for me."(পত্র সংখ্যা ৬০)। কবি কালিদাস ব্যতীত অন্যান্য ক্লাসিক সংস্কৃত সাহিত্যিকদের গণনার মধ্যেও আনেন নি। এই মনোভাব হঠকারিতার

পরিচায়ক। কিন্তু সেকালের ইংরেজী শিক্ষিত পাশ্চাত্ত্যভাবাপন্ন, খ্রীষ্টধর্মাবলম্বী ব্যক্তির পক্ষে এই হঠকারিতা বোধ হয় অপরিহার্য ছিল।

বাঙালি কবিদের মধ্যে ভারতচন্দ্রের প্রতিভাকে তিনি স্বীকার করতেন, কিন্তু তাঁর অনুসরণকারীদের কবি উচ্চকণ্ঠে নিন্দা করেছেন।— "...that will teach the future poets to write in a strain very different from that of the man of Krishnagar, the father of a very vile school of poetry, though himself a man of elegant genius". (পত্র সংখ্যা ৫৬)। ভারতচন্দ্রের অনুকরণকারীদের (সম্ভবত কবিওয়ালাদের) লক্ষ্য করে তিনি বলেছেন, "The Namby-Pamdy-Wallahs—the imitators of Bharat Chunder —our Pope, who has—

Made Poetry a mere mechanical art,
And every warbler has his tune by heart !"

(পত্র সংখ্যা ৭৬)।

কবিওয়ালা-পাঁচালীকারদের ভাষাভঙ্গির কৃত্রিমতা সম্পর্কে এই মন্তব্য যেমন তীক্ষ্ণ, তেমনি অভ্রান্ত। রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় সম্পর্কে কবি একাধিক স্থানে আলোচনা করেছেন। একস্থানে তাঁর উপরে স্কট, ম্যুর ও বায়রণের প্রভাবের আধিক্যের কথা বলেছেন। অন্যস্থানে রঙ্গলালের কাব্য-কল্পনার মূল ত্রুটির দিকে সযত্নে দৃষ্টি আকর্ষণ করতে চেয়েছেন, "My opinion of him is—that he has poetical feelings—some fancy, perhaps, imagination, but that his style is affected and consequently execrable." (পত্র সংখ্যা ৫৭)।

মধুসূদনের য়ুরোপ প্রবাসকালে ঔপন্যাসিক হিসেবে বঙ্কিমচন্দ্রের আবির্ভাব ঘটে; ১৮৬৫ সালে 'দুর্গেশনন্দিনী' প্রকাশিত হলে বাঙালি বুদ্ধিজীবী সমাজে যে আলোড়নের সৃষ্টি হয়েছিল শিবনাথ শাস্ত্রীর 'রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ' গ্রন্থে তার চমৎকার উল্লেখ আছে।[২৬] মধুসূদন তখন য়ুরোপে ছিলেন। কিন্তু ১৮৬৭ সালে য়ুরোপ থেকে তিনি প্রত্যা-বর্তন করেন। ১৮৭৩ সালের জুন মাসে তাঁর মৃত্যু হয়। এর মধ্যে বঙ্কিমচন্দ্রের নিম্নলিখিত উপন্যাসাদি প্রকাশিত হয়েছে। ১৮৬৫—দুর্গেশ নন্দিনী, ১৮৬৬—কপালকুণ্ডলা এবং ১৮৬৯—মৃণালিনী। ১৮৭২ সাল থেকে 'বঙ্গদর্শন' পত্রিকার প্রকাশ আরম্ভ হয়। মধুসূদনের মত কবি ও

সাহিত্যবোদ্ধার দৃষ্টিতে এ ঘটনা এড়িয়ে যাবার কথা নয়। কিন্তু কবির শেষ পর্বে লেখা চিঠিপত্রে সাহিত্যপ্রকাশের এই নব ঔজ্জ্বল্যের কিছুমাত্র প্রতিফলন ঘটে নি এ ব্যাপার বিস্ময়কর। মনে হয় জীবনের শেষ পর্বে চারপাশের চিত্তোন্মেষকারী ঘটনায় সাড়া দেবার মত মন আর কবির ছিল না। বিদ্রোহী কবির মৃত্যুমুখী এই সর্বস্বান্ত জীর্ণতা বেদনাদায়ক।

মধুসূদনের পত্রাবলীতে তাঁর নিজ কাব্য ও নাটকাদি সম্পর্কে বিস্তর মন্তব্য ছড়ানো আছে। এই সব মন্তব্যের মধ্যে অনেকগুলি খবরমাত্র, কতকগুলি আলোচনাত্মক। প্রথম তারুণ্যে লেখা কবিতাসম্পর্কিত উচ্ছ্বসিত সংবাদ আদানপ্রদান বা মাদ্রাজে থাকাকালীন সাহিত্যচর্চার খবরাখবরকে যথার্থ সাহিত্যিক মন্তব্য বলা চলে না। কবির বাংলা কাব্য ও নাট্যবিষয়ক মন্তব্যাদির উল্লেখই এখানে করা হবে। কবির চিঠিতে কোন গ্রন্থের প্রাসঙ্গিক উল্লেখের কথা নিম্নলিখিত তালিকায় বলা হয় নি; সেখানে কোন আলোচনা, মন্তব্য বা আত্ম-উদ্ঘাটন থাকলেই মাত্র তা নির্দেশ করা হয়েছে।

তিলোত্তমাসম্ভব কাব্য—৫৬নং, ৫৭নং, ৫৮নং, ৫৯নং, ৬০নং, ৬১নং, ৬৩নং, ৬৭নং, ৭৪নং।

মেঘনাদবধ কাব্য—৫৬নং, ৫৭নং, ৫৯নং, ৬০নং, ৬২নং, ৬৩নং, ৬৪নং, ৬৫নং, ৬৬নং, ৬৭নং, ৬৮নং, ৬৯নং, ৭০নং, ৭১নং, ৭৩নং।

ব্রজাঙ্গনা কাব্য—৫৬নং, ৬০নং, ৭০নং, ৭১নং, ৭৪নং।

বীরাঙ্গনা কাব্য—৭৪নং, ৭৪ক নং।

চতুর্দশপদী কবিতাবলী—৬৪নং, ১১০নং, ১১২নং।

শর্মিষ্ঠা নাটক—৫২নং, ৫৩নং, ৫৪নং, ৫৫নং, ৫৬নং, ৫৮নং।

পদ্মাবতী নাটক—৫৫নং, ৫৬নং, ৫৮নং।

একেই কি বলে সভ্যতা ও বুড়ো শালিখের ঘাড়ে রোঁ—৭৬নং, ৮৪নং

কৃষ্ণকুমারী নাটক—৬৩নং, ৬৪নং, ৬৭নং, ৬৮নং, ৭৭নং, ৭৮নং, ৭৯নং, ৮০নং, ৮১নং, ৮২নং, ৮৩নং, ৮৪নং, ৮৫নং, ৮৬নং, ৮৭নং।

মায়াকানন—কোন পত্রে উল্লেখ নেই।

কয়েকটি গুরুত্বপুর্ণ বিষয়ের দিকে এই তথ্যগুলি আমাদের দৃষ্টি আকর্ষণ করে।

এক। মেঘনাদবধ কাব্য এবং কৃষ্ণকুমারী নাটক সম্বন্ধে কবি সর্বাধিক পত্র লিখেছেন। এদের ভাষা, ছন্দ, চরিত্র, প্লটগঠন, ভাবানুভূতি, সব কিছু

সম্পর্কেই কবি তাঁর নিজের মনোভাব এই পত্রগুলিতে ব্যাখ্যা করে গিয়েছেন। এই পত্রগুলি ছাড়াও কবির উক্ত রচনাদুটির যথার্থ সাহিত্যমূল্য নির্ণয় করা যায়, কিন্তু এই চিঠিগুলির অস্তিত্ব সমালোচকদের পক্ষে এদের সাহায্য গ্রহণ অপরিহার্য করে তুলেছে। সব দিক থেকে বিচার করলে এরাই কবির কাছে সবচেয়ে প্রত্যাশা-সম্ভাবনাময় (ambitious) রচনা ছিল। সমকালীন বাঙালি পাঠকদের কাছে অনভ্যাসের জন্য এদের অভিনবত্ব যথেষ্ট মর্যাদা নাও পেতে পারে—এই ভয়ে যাঁকে তিনি মেঘনাদবধ কাব্যের প্রধান সমালোচক বলে মনে করেন সেই রাজনারায়ণ বসুকে সব দিক থেকে সজ্জিত করে তোলাই ছিল কবির অভিপ্রায়। কৃষ্ণকুমারী নাটকের মত নূতন বিষয়, সুর ও রীতির নাটক অভিনয়ের জন্য কোন সখের থিয়েটার দলকে রাজী করানো সেকালে ছিল সুকঠিন। কেশব গঙ্গোপাধ্যায়কে এর যথার্থ মূল্য বোঝাবার পিছনে তাঁর মাধ্যমে বেলগাছিয়া নাট্যশালার কর্তৃপক্ষকে প্রভাবিত করার উদ্দেশ্য কবির ছিল। তাছাড়া এই দুই রচনায় উপস্থাপিত ট্রাজিক হাহাকারের মধ্যে কবির আত্মপ্রতিফলন ঘটেছে। কবির সেই ব্যক্তিগত ভালবাসা সর্বদা রচনার নৈর্ব্যক্তিক আবেদনে প্রকাশ নাও পেতে পারে। কিন্তু এই দুটি গ্রন্থেব চেয়ে প্রিয়তর গ্রন্থ কবির আর নেই। এই সব কারণেই এদেব বিষয়ে এত বেশি চিঠি কবি লিখেছেন।

দুই। তিলোত্তমাসম্ভব কাব্য এবং শর্মিষ্ঠা নাটক যথাক্রমে কবির প্রথম কাব্য ও প্রথম নাটক। পত্র সংখ্যার দিক থেকে এদের স্থান দ্বিতীয় স্তরে। কবি তিলোত্তমাসম্ভব প্রসঙ্গে বিশেষ করে নূতন ছন্দের কথা বলেছেন। একবার মাত্র এ কাব্যে 'human interest'-এব অভাব সম্পর্কে মন্তব্য করেছেন, একবার দেববাজ ইন্দ্রকে ভাগ্যাহত বলে উল্লেখ করেছেন। আসলে নব ছন্দ-সঙ্গীতে মুগ্ধ কবি, কাব্যের এই নবীন এবং বাঙালি পাঠকদের নিকটে অপরিচিত বিষয়টিকে বোঝাতে বার বার যত্ন করেছেন। এই ছন্দের সঙ্গীত যার কানে বাজে না, কাব্যটির সামগ্রিক আবেদন তাঁর কাছে ব্যর্থ হতে বাধ্য। প্রথম কাব্য লেখার উন্মাদনাও এতগুলি চিঠিতে এ কাব্যের উল্লেখের অন্যতম কারণ। শর্মিষ্ঠা নাটক সম্পর্কে লেখা চিঠিগুলিতে কবির সংস্কৃতরীতির প্রতি বীতরাগ এবং যতটা সম্ভব ইংরেজীরীতি প্রবর্তনের চেষ্টার কথা বলা হয়েছে। এই চেষ্টা কতটা সফল হয়েছে এখানে তা আলোচ্য নয়। কিন্তু এই নবত্ব বিষয়ে নিকট বান্ধবদের সচেতন করে তোলার বাসনা তাঁর থাকা সম্ভব।

তিন। ব্রজাঙ্গনা কাব্য বা পদ্মাবতী নাটক সম্বন্ধে সামান্য উল্লেখ আছে পত্রে। রচনা হিসেবে এঁরা উচ্চস্তরের নয়, প্রথম রচনা হিসেবে কবিচিত্তের বিশেষ প্রীতিরসে পুষ্টও নয়। বিশেষত পদ্মাবতী নাটক শেষ হতে না হতেই তিনি তিলোত্তমাসম্ভব কাব্য রচনার নব উৎসাহে আকণ্ঠ নিমজ্জিত হয়েছেন। পদ্মাবতীর কথা তাঁর মনকে দীর্ঘকাল আচ্ছন্ন করে রাখতে পারে নি। আবার তিলোত্তমাসম্ভব ও মেঘনাদবধের মাঝখানে তিনি ব্রজাঙ্গনা রচনা করেছেন। তিলোত্তমার ছন্দ-স্রোত থেকে মেঘনাদবধের জীবন-জিজ্ঞাসার সমুদ্রে গিয়ে পড়েছেন। ব্রজাঙ্গনাকাব্যরূপ মোহনার ক্ষুদ্র দ্বীপটিতে কবি যেন ক্ষণিকের জন্য বিশ্রাম করেছেন। তারপরে মেঘনাদবধের সমুদ্র-নিশ্বাসে প্রাণ ভরে নিয়েছেন।

চার। বীরাঙ্গনা কাব্য এবং চতুর্দশপদী কবিতাবলী রচনার উৎকর্ষে মেঘনাদবধের পরেই স্থানলাভের যোগ্য। কিন্তু এদের বিষয়ে এত অল্প সংখ্যক চিঠিতে আলোচনা করা হল কেন? বীরাঙ্গনার পরিকল্পনাটি একটি মাত্র চিঠিতে ব্যক্ত করা হয়েছে। চতুর্দশপদী-বিষয়েও যে সব উল্লেখ আছে তা একান্ত ভাবেই প্রাসঙ্গিক। সম্ভবত বীরাঙ্গনা কাব্য থেকে কবি আপনাকে অনেকটা সংহরণ করে নিয়েছেন। সৃষ্ট চরিত্রকে বা ভিন্ন ভিন্ন চরিত্রের স্বতন্ত্র জীবন-জিজ্ঞাসাকে কবি নিজ মতামত দ্বারা নিয়ন্ত্রিত করতে চান নি। সাধারণ ভাবে কবির বোধের পটভূমিটি, কাব্যটির সামগ্রিক পরিকল্পনা এবং রচনারীতি ও ছন্দের বিশিষ্ট ভঙ্গি ব্যতীত কবি এ কাব্যে অনুপস্থিত। কবি কাব্যকে তার নিজের কথা বলতে দিয়েছেন। জগৎস্রষ্টার মত তাঁর সৃষ্টিকে স্বাধীনভাবে চলবার অধিকার দিয়েছেন। নিজে যে কোথায় লুকিয়ে পড়েছেন তার খোঁজ নেই। কাজেই চিঠিপত্রে এ বিষয়ে আপন মনোভাব ব্যক্ত করে কবি এ কাব্যের বিশিষ্টতার হানি ঘটাতে চান নি বলে মনে হয়। চতুর্দশপদী কবিতাবলীর সমস্যাটি একেবারে বিপরীত। এই কবিতাগুচ্ছে সর্বত্র কবি আপনাকেই প্রকাশ করেছেন। এত প্রত্যক্ষ আত্মপ্রকাশ কবির অন্য কোন রচনায় ঘটে নি। এদের বিষয়ে চিঠিতে আর কিছুই লেখার ছিল না কবির। তা ছাড়া তখন য়ুরোপে যে অবস্থায় দিন কাটছিল তাতে অন্তরের কবিপ্রকৃতির সত্যকার অপ্রতিরোধ্য তাগিদে সনেটগুলি লিখেছেন, কিন্তু পত্রাবলীর প্রধান অংশ ব্যয়িত হচ্ছিল বিদ্যাসাগরকে লিখে অর্থসংগ্রহের চেষ্টায়। কবিতার এই নব্যরীতিকে বিদ্যাসাগর সহজেই গ্রহণ করতে পারবেন বলে যদি তিনি মনে করতেন তাহলে ঐ সব চিঠির ফাঁকে ফাঁকে হয়ত চতুর্দশপদী সম্বন্ধে দু'চার কথা পাওয়া যেত।

পাঁচ। একেই কি বলে সভ্যতা এবং বুড়ো শালিখের ঘাড়ে রোঁ কবির দুটি বিশিষ্ট রচনা। দ্বিতীয়টি প্রহসন হিসেবে অত্যুৎকৃষ্ট। কিন্তু এদের বিষয়ে কবি প্রায় কিছুই বলেন নি। প্রহসন দুটির বক্তব্যের স্পষ্টতা এবং উচ্চশ্রেণীর নাট্যকারের স্বভাবধর্মানুযায়ী রচনা দুটির অভ্যন্তরে রচয়িতার ব্যক্তিত্বের প্রতিফলনের অভাবের জন্যই এরূপ ঘটেছে বলে মনে হয়। প্রহসন দুটিকে তিনি নিজের কথা বলতে দিয়েছেন, তারা সাফল্যের সঙ্গে সে দায়ীত্ব পালন করায় কবিকে পৃথক করে চিঠিতে আর কিছু বলতে হয় নি।

ছয়। মায়াকাননই কবির একমাত্র পুর্ণাঙ্গ রচনা যার বিষয়ে সামান্যতম উল্লেখও কবি করেন নি। মায়াকানন রচনাকালে সাহিত্যিক হিসেবে কবি অন্তরে অন্তরে নিঃশেষিত হয়েছেন, এই সম্পূর্ণ নীরবতা তার প্রমাণ।

সাত। কবির জীবনে তৃতীয় পর্বই সৃষ্টির মহাযজ্ঞে ধন্য। এই পর্বের চিঠিগুলিতে সাহিত্যালোচনা বিষয়ে কবির পুর্ণ প্রাণের উচ্ছ্বাস ও ঔজ্জ্বল্য, আবেগের প্রবলতা ও মননের গভীরতা যেন শতধারায় উৎসারিত হয়েছে। চতুর্থপর্বে য়ুরোপ প্রবাসকালে কাব্যরচনায় উজান বয়েছে, সাহিত্যিক উত্তেজনাও অনেকাংশে স্তিমিত হয়ে এসেছে; কিন্তু এখনও এর নির্বাণ ঘটে নি। পঞ্চম পর্বে তাঁর চিঠিপত্রে সাহিত্যপ্রীতির চিহ্নও আর অবশিষ্ট নেই।

আট। কবির নিজ রচনাবিষয়ক চিঠিগুলি গুরুত্বপুর্ণ আরও একটি কারণে। এই রচনাগুলির সৃষ্টিশালায় যে ভাব-ভাবনার আন্দোলন চলেছে তার গুপ্ত দ্বার উন্মুক্ত করে ধরে চিঠিগুলি। এদের সাহায্য ব্যতীত নেপথ্য সাজঘরের কোন সংবাদই আমরা পেতাম না।[২৭]

নয়। নাট্যবিষয়ে কেশবচন্দ্র গঙ্গোপাধ্যায়ের কাছে লেখা চিঠিতে নাটক-গুলি অভিনয় করাবার জন্য এক ধরনের কাতরতা প্রকাশ পেয়েছে। এ-বিষয়ে কবির পরনির্ভরশীলতা এতদূর বর্ধিত হয়েছিল যে তাঁর মত আত্মাভিমানী কবি কেশববাবুর মতানুসারে আপন প্রিয় নাট্যবিষয় ও ভাবভঙ্গির পরিবর্তন সাধন করেছেন, এমন কি কেশববাবু ও যতীন্দ্রমোহনকে আপন রচনার উপর কলম্ চালাবারও অনুমতি দিয়েছেন।

অমিত্রাক্ষর ছন্দবিষয়ে অনেকগুলি পত্রে গুরুত্বপুর্ণ আলোচনা কবি করেছেন। ৫৬ নং চিঠিতে এই ছন্দের দুরূহতার কথা বলেছেন; ৫৮ নং-য়ে বাংলা ছন্দের 'accent' এবং 'quantity'-ঘটিত অভাব এবং তার পুরণে নব ছন্দের সাফল্যবিষয়ে মন্তব্য করেছেন, ৬৩ নং-য়ে এই ছন্দে যতিপাতের

অকুণ্ঠ স্বাধীনতা উদাহরণসহ বুঝিয়েছেন; ৭১ নং-য়ে শব্দ প্রয়োগের তারতম্যে ছন্দের সঙ্গীতধর্মের উন্নতির বিষয় উদাহরণসহ ব্যাখ্যা করেছেন; ৭৬ নং চিঠিতে নাটকে অমিত্রাক্ষর ব্যবহারের সম্ভাবনা বিষয়ে আলোচনা করেছেন। কবির আলোচনা দেখে বোঝা যায় অমিত্রাক্ষর ছন্দের সর্ববিধ রহস্য তিনি বুদ্ধি দিয়েও বুঝেছিলেন, শুধুমাত্র অনুভূতি ও শ্রুতিসৌকর্যের উপরে নির্ভর করে উৎকর্ষের শীর্ষে তিনি আরোহণ করেন নি।

তাঁর কবিতার ভাষা-বিষয়ে কবির একটি মন্তব্য তাঁর ভাষাচেতনার চমৎকার নিদর্শন রূপে গ্রাহ্য, "The thoughts and images bring out words with themselves—words that I never thought I knew. Here is a mystery for you." (পত্র সংখ্যা ৬৭)। অন্যত্র কাব্যবিচারে ভাষা, শব্দচিত্র, প্রভৃতির গুরুত্ব নিয়ে কবি যে মন্তব্য করেছেন তার বিশিষ্টতাও বিশেষ ভাবে লক্ষণীয়, "In reading over my poem you must look—1st to the imagery; 2nd to the language in which those images and thoughts are expressed; 3rd to the individual flow of each verse. Do not care for the general effect. Time will look to that" (পত্র সংখ্যা ৭৬)। এক্ষেত্রে কবিকে একালীন রূপবাদী সমালোচকদের সমকক্ষ বলে মনে হয়।

॥ আট ॥

মধুসূদনের চিঠিপত্রের ভাষা ইংরেজী। বাংলা সাহিত্যের সীমায় তাই একে গ্রহণ করার সুযোগ নেই। কিন্তু বাংলা সাহিত্যের পক্ষে এ ঘটনা দুঃখের। কবির ক্ষেত্রেও ব্যাপারটি দুর্ভাগ্যের কারণ বহু বিচিত্র ও নব্য সাহিত্যধারার পথিকৃতের ন্যায় বাংলা পত্রসাহিত্যেরও প্রথম শিল্পী হিসেবে তিনি তাহলে মর্যাদা পেতেন। পত্রসাহিত্য হিসেবে চিঠিগুলির অসামান্য মূল্য আছে। একদিকে চিঠির ব্যক্তিগত সহজ সুরটি কোথাও ব্যাহত হয় নি। অন্যদিকে সংবাদ আদানপ্রদানের শুষ্ক সামান্যতায় তারা পরিসমাপ্ত নয়। চিঠি সব মানুষই লেখে। একালে কচিৎ কোন কোন লোক চেষ্টা করে চিঠির ভাষাকে মার্জিত করে তোলে, তার গায়ে নানা অলঙ্কার ও প্রসাধনের চড়া রঙ্ লাগায়, ভাবানুভূতিতে রোমান্টিক ও কল্পনাপ্রবণ হয়ে উঠবার অনর্থক চেষ্টা করে। বিশেষ করে প্রণয়পত্র রচনার ক্ষেত্রে স্বতস্ফূর্ত

ভাবব্যাকুলতাকে চিঠির ভাষায় প্রকাশ করার ক্ষমতা না থাকায় তরুণ মন কৃত্রিম শব্দবিন্যাস ও প্রথাসিদ্ধ 'রোমান্টিক' ভাব ও প্রসঙ্গের বর্ণনার আশ্রয় নেয়। এ সব চিঠিতে আপাতদৃষ্টিতে সাহিত্যের সৌন্দর্যের চিহ্ন প্রকট হয়, কিন্তু প্রকৃতপক্ষে এই কৃত্রিম চেষ্টা না হয় সত্যকার চিঠি, না হয় প্রকৃত সাহিত্য। অবশ্য বয়ঃসন্ধিকালের লেখা চিঠিতে যেন স্বাভাবিকভাবেই ভাবের ফেনা লক্ষ্য করা যায়। এই ভাবালুতা, উচ্ছ্বাসের আধিক্য, মাত্রাজ্ঞানহীন আত্মপ্রচারবাসনা, মৃদুকণ্ঠে গুঞ্জরণযোগ্য অনুভূতিকে কম্বুকণ্ঠে চেঁচিয়ে বলা বিশেষ বয়সের ধর্ম—এটা কৃত্রিম নয়, চেষ্টাকৃতও নয়। সাহিত্য হিসেবে এদের স্বতন্ত্র মূল্য না থাকলেও খাঁটি চিঠি বলে এদের গ্রহণ করতে বাধা নেই। আবার প্রয়োজনীয় তথ্যের আদানপ্রদান, কুশলজিজ্ঞাসা, ব্যবসায়িক আলাপ-আলোচনাই পৃথিবীর সর্বভাষায় লেখা অধিকাংশ চিঠির বিষয়। এরা চিঠি, সাহিত্য নয়। সাহিত্যিক যখন চিঠি লিখতে বসেন তখন চিঠির আকারে প্রধানত ভ্রমণ-অভিজ্ঞতা বা দার্শনিক চিন্তাবিশিষ্ট প্রবন্ধ রচনাই কখনও কখনও তাঁর মুখ্য উদ্দেশ্য হতে পারে। চিঠির ভঙ্গিতে লেখা রবীন্দ্রনাথের 'রাশিয়ার চিঠি' বা 'পশ্চিমযাত্রীর পত্র' আসলে প্রবন্ধের গুচ্ছ।[২৮] তবে চিঠির চেহারা নেওয়ায় প্রবন্ধের আকৃতি-প্রকৃতি ও বিশিষ্ট দায়িত্ব এখানে এড়িয়ে যাওয়া সম্ভব হয়েছে। চিঠি লিখতে বসে 'রচনা সাহিত্য' বা 'আত্মগৌরবী প্রবন্ধ' লেখার তাগিদ অনেক সাহিত্যিক মনে মনে অনুভব করেন—বিশেষত একালে যখন পত্রাবলী সঙ্কলন ও প্রকাশের দিকে আলোচক-গবেষকদের প্রবণতা বেড়ে গিয়েছে। মনের যে অন্দরমহলে চিঠির উৎস সেখানে লেখক অনাবৃত উর্ধ্বাঙ্গে ডাবা-হুঁকো নিয়ে তামাক খেতে খেতে অত্যন্ত তুচ্ছ গৃহকর্মের তত্ত্বাবধান করতে পারেন। কিন্তু মুদ্রণ-প্রকাশন জনসাধারণকে যে কোন মুহূর্তে এই ভিতর প্রাঙ্গনে আহ্বান জানাতে পারে, এই চিন্তা লেখককে ভব্য সেজে থাকায় প্ররোচিত করছে। এর ফলে চিঠির আকারে এক একটি রসরচনার শিথিলবদ্ধ অংশগুলি পাওয়া যাচ্ছে, খাঁটি চিঠি হয়ে সেগুলি উঠছে না, উঠছে না পত্রসাহিত্য হয়ে।

সাহিত্যিকের লেখা চিঠি হলেই তা সাহিত্য হয় না। শরৎচন্দ্রের যে চিঠিগুলির সঙ্কলন শ্রদ্ধেয় ব্রজেনবাবু করেছেন সেগুলি ঔপন্যাসিক মনের নানা সংবাদ বহন করেও ঠিক সাহিত্য হয়ে ওঠে নি। আবার কোনরূপ সাহিত্য-সৃষ্টিতে দক্ষ ও প্রতিষ্ঠিত নয় এমনি ব্যক্তির লেখা উৎকৃষ্ট পত্র-সাহিত্যের উদাহরণও য়ুরোপে অল্প নেই। শুধুমাত্র ব্যক্তিগত চিঠিপত্র পরবর্তীকালে

প্রকাশিত হয়ে এঁদের সাহিত্যজগতে আসন দিয়েছে। জীবৎকালে এ আসনের কথা হয়ত তাঁরা স্বপ্নেও ভাবেন নি।

মধুসূদনের চিঠিগুলি সাহিত্য হয়ে উঠেছে, চিঠির লক্ষণ থেকেও চ্যুত হয় নি। কবি যতই উচ্চ আশা পোষণ করুন তাঁর চিঠিপত্র সযত্নে সঙ্কলিত ও মুদ্রিত হবে একথা ভাবতে পারেন নি, অন্তত একথা ভেবে তিনি চিঠি লেখেন নি। তাঁর পরিণত বয়সের অধিকাংশ চিঠি বস্তুমূল। তারা বিশেষ উদ্দেশ্য-সাধনের প্রয়োজনের দিকে একাগ্র গতিতে ধাবমান। শুধু প্রথম তারুণ্যের কতকগুলি চিঠি মনের ফেনায়িত উচ্ছ্বাসকে প্রকাশ করবার জন্যই লেখা। প্রত্যক্ষ প্রয়োজন ছাড়া আরও দু-চারটি চিঠি যা লেখা হয়েছে কবির মানসিক স্থিতির দিক থেকে তারও পরোক্ষ প্রয়োজন ছিল। পূর্বের আলোচনায় আমরা তা দেখেছি। সাহিত্য করার জন্য কবি চিঠি লেখেন নি। এগুলি একান্তভাবেই ব্যক্তিগত পত্র। প্রধানত ব্যক্তিগত প্রয়োজনে লেখা। কিন্তু একান্ত প্রয়োজনীয় পত্রগুলি পর্যন্ত সাহিত্য হয়ে উঠেছে। এর সাহিত্য-লক্ষণ দুটি—এক। কবির ব্যক্তিত্ব এদের মধ্য দিয়ে আত্মপ্রকাশ করেছে; দুই। ভাষারূপে এরা সাহিত্যিক সিদ্ধির নৈকট্য পেয়েছে। পূর্বেই বলেছি ইংরেজী ভাষা কবির দ্বিতীয় মাতৃভাষার মতই ছিল। এ ভাষায় তিনি কবিতাও লিখেছেন, স্বপ্নও দেখেছেন। দীর্ঘকাল ইংরেজী ভাষায় সাহিত্য-সৃষ্টির চেষ্টা তিনি করেছেন। তরুণ বয়সে কবিতা লিখেছেন ইংরেজীতে। মাদ্রাজ প্রবাসে বহু কবিতা এবং একটি মাঝারি আকারের পূর্ণাঙ্গ আখ্যানকাব্য কবি লিখেছেন এই ভাষায়। পরবর্তীকালে অপরের নাটকের (রত্নাবলী-নীলদর্পণের কথা এই প্রসঙ্গে স্মরণ করা যেতে পারে) ইংরেজী অনুবাদ যেমন করেছেন, নিজের নাট্য-কাব্যাদির ইংরেজী অনুবাদেও হাত দিয়েছেন। সাংবাদিক হিসেবে ইংরেজী ভাষাকে সুন্দর এবং স্বচ্ছন্দভাবে ব্যবহার করেছেন। এইসব সময়েই (১৮৪১-৬২) সঙ্গে সঙ্গে অনেক চিঠি তিনি লিখেছেন। পরবর্তী-কালেও (১৮৬২-৭২) বহু চিঠি তাঁকে লিখতে হয়েছে। কবির ইংরেজী ভাষা-চর্চার প্রকৃত সৃজনধর্মী সাফল্য যদি কোথাও ঘটে থাকে তবে তা এইখানে—পত্রাবলীতে, যেখানে তিনি সচেতন সাহিত্য-সৃষ্টির চেষ্টা করেন নি—প্রয়োজনেই চিঠিপত্র লিখেছেন, কিন্তু যেখানে তাঁর শিল্পীমন সেই প্রয়োজনকে হয় সাহিত্যের আনন্দভোজে রূপান্তরিত করেছে কিংবা শুষ্ক প্রয়োজনের চারপাশে প্রাণের ও ভাষার রঙ দিয়েছে।

কবি চিঠিপত্রে কখনও কখনও স্থানকালের বর্ণনা করেছেন। তবে তা

প্রায়ই অপ্রাসঙ্গিকভাবে আসে নি, এবং কখনও প্রাধান্য পেয়ে চিঠির বিষয়কে আচ্ছন্ন করে নি। ইংলণ্ডের তীব্র শীতের বর্ণনা প্রসঙ্গে তিনি ভারতচন্দ্রের কবিতার উদ্ধৃতি দিয়েছেন, তুষারপাত দর্শনের মুগ্ধতাকে প্রকাশ করেছেন দুগ্ধ সাগরের উপমা দিয়ে, হ্যাম্পটনপ্রাসাদ ভ্রমণের বর্ণনা করেছেন সোৎসাহে, রাজ-উদ্যানে অবসরযাপনের প্রসঙ্গে কবি বলেছেন, "I go sometimes to the king's garden and think of you, when I feed the fish and swans that come like a band of pirates." (পত্র সংখ্যা ১০৩)। কিন্তু কবি মধুসূদন অন্তরের সমগ্রতা নিয়ে প্রকৃতিপ্রেমিক ছিলেন না। তাঁর চিঠিগুলি নিঃসংশয়ে তা প্রমাণ করে। তবে ফরাসী দেশের রাজকীয় ভোগসমৃদ্ধ জীবনের বর্ণনায় কবির ভাষা আবেগকম্পিত এবং বর্ণনা বর্ণময় হয়ে উঠেছে (পত্র সংখ্যা ১০২)। এই পত্রাংশের ভাষা কবি-আত্মাকে যেমন প্রতিফলিত করে, ভাষা-সৌন্দর্যের সিদ্ধিতে তেমনি উচ্চশ্রেণীর সাহিত্যিক নৈপুণ্যের প্রমাণ দেয়।

য়ুরোপ থেকে বিদ্যাসাগরের কাছে লেখা চিঠিগুলিতে বস্তু কিছু অধিক। কিন্তু এর মধ্যেও ভাষায় আছে অসাধারণ উত্তাপ যাতে আপন বেদনা যেমন আত্মপ্রকাশ করেছে তেমনি প্রতিফলিত হয়েছে প্রাপক বিদ্যাসাগরের করুণা এবং কঠিন ব্যক্তিত্বের একটি চমৎকার চিত্র। এ চিঠিগুলিও সাহিত্যিকের হাতের স্পর্শ থেকে প্রায় কোথাও বঞ্চিত হয় নি। শুধু নিজের অভাবের সংবাদে এরা পূর্ণ নয়, একটি প্রতিভাবান উচ্চহৃদয়সম্পন্ন ব্যক্তির দারিদ্র্য-জনিত তীব্র হাহাকার ও ক্রোধকে কবি ভাষার মধ্যে সাফল্যের সঙ্গে সঞ্চারিত করেছেন। আমরা কবির অভাবের শুধু সংবাদ পাই না আমরা সমগ্র হৃদয় দিয়ে তা অনুভব করি। এখানেই এদের সাহিত্যিক মূল্য। কচিৎ কৌতুক-রসের সংযোগ ঘটেছে পত্রে, কচিৎ ব্যঙ্গের ঝাঁঝ প্রকাশ পেয়েছে—ফলে এদের আস্বাদ বর্ধিত হয়েছে।

সাহিত্যপ্রসঙ্গে লেখা চিঠিগুলি বিষয়-প্রধান। বিষয়ের মধ্যে উল্লসিত নৃত্যের আনন্দ কবি অনুভব করেছেন। এদের ভাষায় কবি যে পরিমাণ উত্তেজনা ও উল্লাসের অট্টহাস্য ধ্বনিত করেছেন তা বিষয়কে বুদ্ধির অনুগত মাত্র করে রাখে নি, তাকে আবেগের এবং কর্মলোকের সাহচর্য দান করেছে। রামের প্রতি ঘৃণায় (I despise Rama...), রাবণ বা ইন্দ্রজিতের প্রতি সুগভীর ভালবাসায় বিচারের চেয়ে অনেক বড় হয়ে উঠেছে কবির চিত্তোদ্বেলতা। এ ভাষা কবির ভাষা। এর তীব্র আবেগ পাঠক-অন্তরে

তীরের মত বিদ্ধ হবেই। এরূপ উদাহরণ আরও সংগ্রহ করা যেতে পারে। কালিদাসের কাব্য-নাটকের রোমান্টিক সৌন্দর্যের বর্ণনায়, কিংবা জার্মান ভাষার কঠিন বাধা লঙ্ঘন করে গ্যেটে, শীলারের কাব্য-সৌন্দর্যের পরুষ আস্বাদের চমৎকার উপমাত্মক চিত্রাঙ্কনে ("An Amazon my friend is the most worthy lover of Thesius and not a little dwarf.") এবং সর্বোপরি মিলটনের কাব্য-সৌন্দর্যের ব্যাখ্যানে কবি কখনও সৃজনধর্মী সমালোচকের ভূমিকা গ্রহণ করেছেন। কখনও আবার শুধুমাত্র আনন্দটুকুকে যে ভাষায় প্রকাশ করেছেন তার সাহিত্যিক মূল্য অনস্বীকার্য।

কবির চিঠিপত্রের ভাষা সম্বন্ধে বলা যেতে পারে যে সব চিঠিগুলি পড়লে প্রথমেই মনে হবে যে এ ভাষারীতি প্রথম থেকে শেষ পর্যন্ত একরূপ থাকে নি, এর মধ্যে গুরুতর পরিবর্তন এসেছে। প্রথম জীবনের পত্রে যে ভাষাভঙ্গি লক্ষণীয়, উত্তরজীবনের চিঠিতে তা থেকে কবি বহু দূরে সরে এসেছেন। প্রথম তারুণ্যের পত্রে ভাষায় উচ্ছ্বাসের অত্যধিক প্রবলতা ও তরলতা লক্ষণীয়। মধ্যপর্বে (অর্থাৎ মোটামুটিভাবে দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ পর্বে) কবির ভাষার উচ্ছ্বাস ঘনীভূত হয়েছে, আবেগানুভূতি গভীর হওয়ায় তার ফেনময় ভঙ্গি সংহত হয়েছে, আবেগের সঙ্গে মননের সংযোগ ঘটেছে। এর মধ্যে বিশেষ করে তৃতীয় পর্বে কবির ভাষা সৌন্দর্যের শীর্ষে উঠেছে। শেষ পর্বের চিঠিগুলিতে ভাষা প্রায় উত্তেজনাহীন, আবেগের স্রোত যেন রুদ্ধপ্রায়, নদীগর্ভ নুড়িপ্রস্তরের করোটিহাস্যে শ্মশান-শোভা ধারণ করেছে।

কবির ভাষায় অলঙ্কারের প্রাচুর্য আছে, তবে তার মধ্যে লেখকের স্বতোৎসারিত সৌন্দর্যচেতনা এবং ব্যক্তিত্ব আত্মপ্রকাশ করেছে। সামগ্রিকভাবে বলা যেতে পারে যে মধুসূদনের ভাষায় রোমান্টিক আবেগ ও আকুলতার সঙ্গে পুরুষোচিত দৃঢ়তার সংমিশ্রণ ঘটেছে। গদ্যভাষাও যে নিজের জাত না খুইয়ে একটা অস্পষ্ট, অনুচ্চারিত ছন্দ-সঙ্গীত পাঠকের কানে ধ্বনিত করতে পারে কবির চিঠিগুলির ভাষা তার প্রমাণ দেবে। এই ভাষা যাঁর কলমের তিনিই বাংলা অমিত্রাক্ষর ছন্দের স্রষ্টা একথা বাংলা ও ইংরেজী ভাষার মূল জাতিগত পার্থক্য সত্ত্বেও বিশ্বাস করতে ইচ্ছা হয়।

॥ সাত ॥

মধুসূদনের কাব্য-নাটকগুলির প্রকাশকাল পাঠকের অজ্ঞাত নয়। কিন্তু এদের প্রকৃত রচনাকাল জানবার একমাত্র উপায় কবির চিঠিগুলি। এ বিষয়ে চিঠির সাক্ষ্যগ্রহণে যতটুকু অগ্রসর হওয়া সম্ভব তার ফল আমি এখানে বিবৃত করছি—

	প্রকাশকাল[২৯]	রচনাকাল
শর্মিষ্ঠা নাটক	জানুয়ারী, ১৮৫৯	১৮৫৮ সালের জুলাই মাসের পূর্বে রচনা আরম্ভ হয় এবং ১৬ই জুলাইয়ের পূর্বে অনেকটা লেখা হয়। ঐ বৎসর শেষ হবার আগেই রচনা সমাপ্ত হয়।[৩০]
একেই কি বলে সভ্যতা ?	১৮৬০	প্রহসন দুটি ১৮৫৯ সালের ৮ই মের পরে অল্পকালের মধ্যে লিখিত হয়।[৩০ক]
বুড়ো শালিকের ঘাড়ে রোঁ	১৮৬০	
পদ্মাবতী নাটক	এপ্রিল (?) ১৮৬০	মে, ১৮৫৯-য়ে অনেকখানি (৪র্থ অঙ্ক পর্যন্ত) লেখা হয়ে গিয়েছে। মার্চ মাসে লেখা শুরু হয় এবং মে মাসের পরে লেখা শেষ হয়।[৩১]
তিলোত্তমাসম্ভব কাব্য	মে, ১৮৬০	১৮৫৯-এর জুলাইয়ের পূর্বে শুরু এবং সম্ভবত ১৮৬০ সালের ১৪ই ফেব্রুয়ারীর মধ্যে শেষ হয়।[৩২]
মেঘনাদবধ কাব্য ১ম খণ্ড	জানুয়ারী, ১৮৬১	১৮৬০-য়ের এপ্রিল মাসের পূর্বে আরম্ভ হয়েছে।[৩৩]
২য় খণ্ড	১৮৬১	১৮৬১-য়ের ফেব্রুয়ারীর পরে সমাপ্ত।[৩৪]

	প্রকাশকাল	রচনাকাল
ব্রজাঙ্গনা কাব্য	জুলাই, ১৮৬১	এপ্রিল, ১৮৬০-য়ের মধ্যে সমাপ্ত।[৩৫]
কৃষ্ণকুমারী নাটক	শেষ ভাগ, ১৮৬১	১৮৬০ সালের ৬ই আগষ্ট থেকে ৭ই সেপ্টেম্বর।[৩৬]
বীরাঙ্গনা কাব্য	ফেব্রুয়ারী (?), ১৮৬২	সম্ভবত ১৮৬১-য়ের শেষ ভাগে কিংবা ১৮৬২ সালের একেবারে প্রথম দিকে সমাপ্ত।[৩৭]
চতুর্দশপদী কবিতাবলী	আগষ্ট, ১৮৬৬	১৮৬৫ সাল।[৩৮]
হেক্টরবধ	সেপ্টেম্বর, ১৮৭১	—
মায়াকানন	১৮৭৪ (মৃত্যুর পরে)	—

এ তালিকা সন-তারিখ সর্বদা সুনির্দিষ্ট করে ধরে দিতে পারে নি, কিন্তু কবির মনের অল্লাধিক কম্পন-এর সাহায্যে অনুধাবন করা একেবারে অসম্ভব নয়।[৩৯]

১ "Perhaps there is nothing the public enjoys so thoroughly as getting behind the scenes. To sit on the front benches and admire the net result of genius is tame work as compared with the exciting sensation of penetrating into the green room, and seeing with your own eyes how commonplace after all are the materials by which the most striking effects have been obtained."
—Mathilde Blind : Introduction to the letters of Lord Byron.

২ "বহু দূর-দেশান্তর হইতে হয়ত প্রিয়জনকে পত্র লিখিতেছি,—লিখিতেছি কত দেশের কথা,—তাহার প্রাকৃতিক এবং ভৌগোলিক বৈশিষ্ট্যের বর্ণনা—সে দেশের লোকজন, আচার-ব্যবহার, সমাজ-শিক্ষা, রাষ্ট্র-ধর্মের কথা; কিন্তু তাহাদিগকে কখনই শুধু সংবাদের মত করিয়া লিখি না,—তাহার সকলের ভিতরে মিলাইয়া মিশাইয়া বিলাইয়া দিই আপনাকে।" —শশিভূষণ দাশগুপ্ত : বাংলা সাহিত্যের একদিক

৩ Mathilde Blind : Introduction to the letters of Lord Byron

৪ সম্প্রতি পূর্ব বাংলায় আবদুল কাদের সম্পাদিত 'নজরুল রচনাসম্ভারে' কবির একগুচ্ছ-পত্রসঙ্কলন উপস্থিত করা হয়েছে। তাতে কবির অন্তর্জীবনের দ্বন্দ্ব (সৌন্দর্যসাধনা তথা উচ্চকণ্ঠ রাজনৈতিক মুক্তবক্তৃতার মধ্যেকার) চমৎকার ভাবে প্রকাশ পেয়েছে।

৫ আমি 'মধুসূদনের কবিআত্মা ও কাব্যশিল্পে' তাঁর কাব্য-আলোচনায় এবং 'নাট্যকার মধুসূদনে' তাঁর নাট্য-সমালোচনায়-চিঠিপত্রের প্রভূত সাহায্য গ্রহণ করেছি।

৬ এ বিষয়ে শ্রীবিনয় ঘোষ তাঁর 'বিদ্যাসাগর ও বাঙালী সমাজ' নামক গ্রন্থের তৃতীয় খণ্ডে সুন্দর মন্তব্য করেছেন, "নবযুগের বাংলার আদি কবি মধুসূদন 'আমাদের মধ্যে প্রধান মানুষ' ও 'সর্বশ্রেষ্ঠ বাঙালী' পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের চরিত্র যেভাবে উপলব্ধি করেছিলেন, পরবর্তীকালে কবিগুরু রবীন্দ্রনাথ ছাড়া আর কেউ তা করতে পেরেছেন বলে মনে হয় না। বিদ্যাসাগরের শ্রেষ্ঠ অনুরাগীরাও তাঁর চরিত্র-বিশ্লেষণে আংশিক ব্যর্থ হয়েছেন। বাংলাদেশের দুজন শ্রেষ্ঠ কবিই কেবল বাংলার একজন শ্রেষ্ঠ মানুষের চারিত্রিক সৌন্দর্য ও মহত্ত্ব উপলব্ধি করতে পারলেন, এটা আপাতদৃষ্টিতে বিস্ময়কর মনে হয়। কিন্তু চিন্তা করলে এতে বিস্ময়ের কিছু নেই। কবির দৃষ্টিপথেই মানুষের সত্তার 'সমগ্রতা' ফুলের মতন প্রস্ফুটিত হয়ে ওঠে। একজন সাধারণ মানুষের চরিত্র বুঝতে হলেই কিছুটা কল্পনাশক্তির প্রয়োজন হয়। কেবল বাস্তব বুদ্ধির দাঁড়িপাল্লায় একটা মানুষকে সম্পূর্ণরূপে মাপা যায় না। যাঁরা অনন্যসাধারণ তাঁদের চরিত্রের গভীরে প্রবেশ করতে হলে কল্পনাকে বহুদূরে প্রসারিত করতে হয়। মধুসূদন ও রবীন্দ্রনাথের দৃষ্টিপথে তাই বিদ্যাসাগর-চরিত্রের দিগন্ত পর্যন্ত উদ্ভাসিত হয়ে উঠেছিল।"

এই প্রসঙ্গে ডঃ রবীন্দ্রকুমার দাশগুপ্তের 'মাইকেল ও বিদ্যাসাগর' নামক প্রবন্ধ ('দেশ' পত্রিকা, ১৪ই মাঘ ১৩৬২) দ্রষ্টব্য।

৭ 'মাইকেল মধুসূদন দত্তের জীবনচরিত'।

৮ 'মধুস্মৃতি'।

৯ 'মাইকেল মধুসূদন'।

১০ 'মাইকেলের একটি বিস্মৃত গ্রন্থ', 'প্রেস ইনয়ে মাইকেল', 'মাইকেল ও নীলদর্পণ', 'মাইকেল ও বিদ্যাসাগর' ('দেশ' পত্রিকার বিভিন্ন সংখ্যায় ১৩৬১ ও ১৩৬২ সালে প্রকাশিত)।

১১ বায়রনের জীবনী কবির এই কালের বিশেষ প্রিয় গ্রন্থ ছিল।

১২ ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের লেখা, 'সাহিত্যসাধক চরিতমালা'য় মধুসূদনের জীবনী-গ্রন্থেও এ বিষয়ে সংশয় প্রকাশ করা হয়েছে। যোগীন্দ্রনাথ বসুর লেখায়ও তিনি কিছু গোপন করতে চাইছেন বলে মনে হয়।

১৩ হেনরিয়েটাকে কবি প্রথমবার মাদ্রাজে রেখে কলকাতায় চলে আসেন, দ্বিতীয়বার কলকাতায় রেখে য়ুরোপে যান এবং তৃতীয়বার য়ুরোপে রেখে কলকাতায় ফিরে আসেন। নানা বাস্তব কারণ এই কার্যের পিছনে থাকা স্বাভাবিক। মধুসূদন দায়িত্ব-পালনে অস্বীকার করেছেন এমনও নয়, স্ত্রী-পুত্র-কন্যাদের ভালবেসেছেনও খুব।

কিন্তু বারবার এরূপ আচরণ কি কবিমনের অচেতনপ্রান্তবাসী মুক্তিকামী চিত্তের প্রতি অঙ্গুলি সংকেত করে না?

১৪ 'নাট্যকার মধুসূদনে' এ বিষয়ে আমি বিস্তারিত আলোচনা করেছি।

১৫ "Just fancy,—what a fellow that M. C.—is. He owes me upwards of, 3000 Rs. yet and would have cheated me out of it but for my wife's careful management of my affairs; for I was under the impression that the man had paid me everything he would; but her books, showed his r-y."

১৬ "Though I did not think it necessary to attempt a justification of the language I had used with reference to M-b, I felt certain that you would soon find out the real nature of the man, he is mean, avaricious and faint-hearted... And for D—, he is as you say rich and great. I have too high a notion of myself to envy him as a man; though I am too poor to despise his wealth! But away with him, not to the hangman, but to silent contempt." (পত্র ১০৭)

১৭ "I am too poor, perhaps, too proud to be a poor man always. If you have money, you are 'বড়মানুষ', if not nobody cares for you! We are still a degraded people. Who are the বড়মানুষ among us? The nobodies of Chorebagan and Barabazar!"

১৮ যে শিক্ষায় মাতৃভাষার স্থান নেই তা নিন্দার্হ। মধুসূদনাদির ছাত্রজীবনের শিক্ষায় এই ত্রুটি ছিল। কিন্তু এত স্পষ্ট করে কবির পক্ষে তার সমালোচনা করা খুবই বিস্ময়কর বলে মনে হয়।

১৯ আমার 'মধুবিচিত্রা'র 'সাংবাদিক মধুসূদন' নামক প্রবন্ধে এ বিষয়ে সম্ভবমত বিস্তৃত আলোচনা করেছি।

২০ "as yet we have not established a National Theatre."

২১ "to give our national poetry a good lift."... "I would sooner reform the Poetry of my country than wear the imperial diadem of all the Russias."

২২ "The subject you propose for a national epic is good—very good indeed."

২৩ বর্তমান লেখকের 'মধুবিচিত্রা' নামক গ্রন্থের 'মধুচর্চার এক শতাব্দী' নামক প্রবন্ধে এ বিষয়ে বিস্তারিত ও তথ্যপূর্ণ আলোচনা করা হয়েছে।

২৪ ডঃ রবীন্দ্রকুমার দাশগুপ্তের মাইকেলের কাব্যতত্ত্ব বিষয়ক প্রবন্ধ দ্রষ্টব্য।

('আনন্দবাজার পত্রিকা', বার্ষিক সংখ্যা, ১৩৬২)

২৫ কয়েকটি 'রস' নিয়ে তিনি সনেট লিখেছেন। সেখানে abstract-কে দেহরূপে বদ্ধ করাই সম্ভবত কবির লক্ষ্য ছিল, রসতত্ত্বে বিশ্বাস-অবিশ্বাসের প্রশ্নটি সেখানে আসল নয়।

২৬ "আমরা সে দিনের কথা ভুলিব না। দুর্গেশনন্দিনী বঙ্গসমাজে পদার্পণ করিবামাত্র সকলের দৃষ্টিকে আকর্ষণ করিল। এ জাতীয় উপন্যাস বাঙ্গালাতে কেহ অগ্রে দেখে নাই। আমরা তৎপূর্বে 'বিজয় বসন্ত', 'কামিনী কুমার' প্রভৃতি কতিপয় সেকেলে কাদম্বরী ধরনের উপন্যাস, গার্হস্থ্য পুস্তক প্রচার সভার প্রকাশিত, 'হংসরূপী রাজপুত্র',

'চকমকির বাক্স' প্রভৃতি কয়েকটি ছোটগল্প এবং 'আরব্য উপন্যাস' প্রভৃতি কয়েকখানি উপকথা গ্রন্থ আগ্রহের সহিত পড়িয়া আসিতেছিলাম। 'আলালের ঘরের দুলাল' তাহার মধ্যে একটি নূতন ভাব আনিয়াছিল। কিন্তু দুর্গেশনন্দিনীতে আমরা যাহা দেখিলাম তাহা অগ্রে কখনও দেখি নাই। এরূপ অদ্ভুত চিত্রণ শক্তি বাঙ্গালাতে কেহ অগ্রে দেখে নাই। দেখিয়া সকলে চমকিয়া উঠিল। কি বর্ণনার রীতি, কি ভাষার নবীনতা, সকল বিষয়ে বোধ হইল, যেন বঙ্কিমবাবু দেশের লোকের রুচি ও প্রবৃত্তির স্রোত পরিবর্তিত করিবার জন্য প্রতিজ্ঞারূঢ় হইয়া লেখনী ধারণ করিয়াছেন।"

২৭ নাটকের সংলাপে অমিত্রাক্ষর ছন্দ ব্যবহারের বাসনার কথা তাঁর চিঠি না পড়ে জানার উপায় নেই। অথচ এই বাসনা এবং এর চরিতার্থতার অভাব তাঁর নাটকীয় অসাফল্যের একটি প্রধান কারণ। শুধু নাটক পাঠ করে এই মূল রহস্যটি ভেদ করা যায় না।

২৮ অধ্যাপক প্রমথনাথ বিশীর 'রবীন্দ্র বিচিত্রা' গ্রন্থ দ্রষ্টব্য।

২৯ প্রকাশকাল ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের 'সাহিত্যসাধক চরিতমালা' থেকে গৃহীত।

৩০ মধুসূদন জানুয়ারী ১৮৫৯-য়ের একেবারে প্রথম (৯ই জানুয়ারী যে রবিবার তার পূর্বের কোন এক রবিবার) অথবা ১৮৫৮-এর একেবারে শেষে শর্মিষ্ঠার রামনারায়ণকৃত সংশোধন প্রসঙ্গে আলোচনা করেন। নাটকটি নিশ্চয়ই তার পূর্বে লেখা শেষ হয়েছে। (দ্রষ্টব্য, পত্র ৫২ নং।) ১৮৫৮-য়ের জুলাই মাসে গৌরদাসের কাছে এক চিঠিতে যতীন্দ্র মোহন ঠাকুর কবির ঐ নাটকটির রচিত অংশ দেখতে চান।

৩০ক ঈশ্বরচন্দ্র সিংহ ৮ই মে কবির কাছে প্রহসন লিখবার অনুরোধ পাঠান এবং দ্রুত লিখে দিতে বলেন।

৩১ পত্র সংখ্যা ৫৫

৩২ রাজেন্দ্রলাল মিত্রের বিবিধার্থ সংগ্রহে জুলাই-আগষ্ট-সেপ্টেম্বর ১৮৫৯-য়ে এই কাব্যের প্রথম দুই সর্গ প্রকাশিত হয়। ২৪শে এপ্রিল ১৮৬০-য়ে রাজনারায়ণকে লেখা কবির পত্র (৫৬ নং) দেখে বোঝা যায় বহু পূর্বে গ্রন্থটি সমাপ্ত হয়েছে, মুদ্রণও সমাপ্তপ্রায়।

৩৩ পত্র সংখ্যা ৫৭

৩৪ পত্র সংখ্যা ৬৭ এবং ৬৮

৩৫ পত্র সংখ্যা ৬০

৩৬ "Begun 6th August, finished 7th September rather quick, work, old fellow." [—কবির পত্রাংশ]

৩৭ পত্র সংখ্যা ৭৪

৩৮ পত্র সংখ্যা ১১০

৩৯ আমি 'মধুসূদনের কবিআত্মা ও কাব্যশিল্পে' ব্রজাঙ্গনা কাব্যের বিচার প্রসঙ্গে যথার্থ রচনাকাল জানার তাৎপর্য কিছু পরিমাণ আলোচনার চেষ্টা করেছি। এই কাব্যটি কবি খুব serious মন নিয়ে সৃষ্টি করেন নি। তিলোত্তমা ও মেঘনাদের মাঝখানে এর রচনা-কাল। কবির মনের ক্ষণিক বিশ্রাম-কামনায় এর জন্ম। প্রকাশকাল দেখে এ সত্য বোঝা যায় না।

আমার 'নাট্যকার মধুসূদনে'ও প্রকৃত রচনাকালের সহায়তা গ্রহণ করা হয়েছে। পূর্বে প্রকাশিত হলেও 'পদ্মাবতী'র বেশির ভাগ রচিত হবার পরে প্রহসন দুটি রচিত হয়। কবির নাটকীয়তা সৃষ্টির ক্রমবিকাশের দিক থেকে এ তথ্য উল্লেখযোগ্য।

কবির সবচেয়ে পুরানো যে চিঠিগুলি পাওয়া যাচ্ছে তা ১৮৪১ সালের আগের লেখা নয়। ১৮৪৮ সাল পর্যন্ত কবির জীবনের প্রথম পর্ব। এই সময়ে তাঁর জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ ঘটনা হল খ্রীষ্টধর্ম গ্রহণ। খ্রীষ্টধর্ম গ্রহণের ব্যাপারটি মধুসূদনের জীবনব্যাখ্যাতার পক্ষে এক বড় সমস্যা। নিকটতম বন্ধুর কাছেও কবি এর প্রত্যক্ষ কারণটি ব্যাখ্যা করেন নি। অন্তত প্রাপ্ত পত্রগুলিতে তার কোন প্রমাণ মেলে না। এই কালসীমার গুরুত্বপূর্ণ ঘটনাপঞ্জী—

১৮৪৩ সালের ৯ই ফেব্রুয়ারী—খ্রীষ্টধর্ম গ্রহণ

১৮৪৪ সালের নভেম্বর মাস—বিশপস্ কলেজে প্রবেশ

১৮৪৮ সালের প্রারম্ভ—মাদ্রাজগমন

[1][১]

My dear friend[২],

You are such a boy that you scarcely deserve any favour at all. You see how many times you have disappointed me, but, however, I should be glad to see you at any time you please. Give my compliments to Babu B. N[৩]. I have got my medal[৪] sent me yesterday by Mr. Kerr[৫]. Excuse me, Gour, I can't write anything else, today being Sunday. Yours as ever,

By the bye, I am writing a long poem[৬].

[2]

My dear Gour, Well, if you can't bring B.[৭] and M.[৮], don't come this evening—I mean to my dinner, but you are welcome to come and see me. *To come.* My medal is with my father—I am very busy about sending to press *a poem* (not for publication, but merely to have a proof copy for myself.)[৯]

My respects to Boloy.[১] If you don't come this evening, I will be sadly disappointed. I have many things to tell you. On the other side of this paper there goes a note to B. Yours.

[3]

My dear Gour, I was too busy when your man called for the walking stick. What have you decided upon ? Yea or nay ? Kindly get the accompanying posted. I believe it double. Ever yours.

[4]

My dear Gour, I have been *very* unhappy and unfortunate since I wrote to you last. In the first place my poor mother is ill—in the second one of my best friends in College is lying almost on his *death-bed.* I haven't had a wink of sleep for the last 4 days. What can I do ? Do have patience with me, my dear Gour, all shall be right soon. Yours affectionately.

[5]

You ought to know, Baboo, that I have no longer 50 people under me ready to do anything and to go anywhere I like. Your cap has lain with me from time immemorial. I had no one to send it to you through. Now I send it with apologies for this delay,—and the assurance that (though you have forgotten me) I love you with the same zeal and affection that I had for you once. I am, Truly yours.

[6]

The Baboo M. S. Dutt's compliments to the Baboo G. D. Bysac, and begs to inform him that he called here at sacrifice of time—and some money too—to have the pleasure of the Baboo G's company. The Baboo G. it should seem is now peculiarly fond of being 'not at home.' The Baboo M. wants Language to express the keenness of his disappointment :—but, as it is, the Baboo M. has no alternative but to make his 'exit.' He can't sit alone.

[7]

My dear Gour, I can't deny that I have given you cause of complaint; but the thing is—I have been most woefully off with regard to health—Head-aches etc. etc.—my old tormentors have been bothering me for the last month; besides my time is *too-much* engaged. I am also preparing for Examination ! ! ! What say you to that, 'O tempus !—O mores' as the Latin Poet[১১] says—that is in plain English—'Oh ! the times ! Oh ! the manners !' By the Bye—I called at your place some evenings back, I fear your infernal servants didn't apprize you of it. You were out, Well, I fear *you are giving way to the vices too prevalent amongst our Indian youths of education.* But, hang me, I don't know what I am writing—my head is not at all steady; now don't think I am drunk,—but I have a horrible attack of rheumatism, gout now grinding my poor bones. Yours in pain and Rheumatically.

[8]

Kidderpore.

Your thundering letter of Saturday last came over me like a thunderbolt: Oh ! with what a beating heart I read it ! In every line, in every word there were Rage—Fury—Hell—and Death !—Well, I was guilty.—and I offer many apologies for it: your friends, if they are gentlemen—"a set of liberal creatures" as I am sure they are,—since they are your friends,—will, I hope, readily admit of my apology:—Tomorrow,—Depend upon it,—nothing earthly shall hinder me from retrieving my honour;—the boat shall be kept at Juggennauth's—and I will be with you at 10, 11, 12, 1, 2 or any hour you please, and will embark together, for it will be very inconvenient for me to go (from here) at once with the boat:—By the Bye,—to-day is a glorious day,—How do you like to see the Tamasha[১২],—if you please, I can be with you at 7 in the evening, and then sally together.

Dear Friend, I entreat you do not disappoint me in this. The eatables I intend to take with me to-morrow shall be

(if you like) Biscutis and mutton-patees,[১৩] (mutton-patees are made of flesh remember,)—

Your Harkaru[১৪] and Shakespeare are returned with thanks: I hope you will not write an *angry answer* to this letter.

Be gentle, or rather—be Gourdass "an," as I used to call you long ago—"amiable gentleman." My cousin is much better. Yours.

[9]

Perhaps you won't see *me* this evening —If I go—as I hope I will— I will be in the upper hall where you cannot go without a pass.—D. L. R.[১৫] has given me one. I didn't ask him for it,—because I didn't know any such thing should be required—What pity I didn't ask him for another for yourself. If you go—go early. Stand at D.L. R's gate, I will meet you there and if possible procure a pass. Yours.

[10]

True too, true my dearest Gour ! The storm has at last hurls upon me ! I am ordered to depart from own this very night for our country-house. But Oh ! where shall I go ? Had I had the power of opening my heart, I could then show you the state of my feelings ! Language cannot point them ! To leave the friends I love,—particularly ONE,—(imagine, who that 'one' could be) my poor heart cann't but break ! Well, may I exclaim in the language of the poet,—'Oh ! insupportable, Oh ! heavy grief !'—I wish I could see you ;—but Oh ! that cannot be !—I am not allowed ! dear, dear, Gour !—dearest friend ! do not forget me !

If I do not start to-night, I shall see you tomorrow at the College. As I am to embark at Balliaghata, I shall once step into the College when I go there. Your Byron shall be sent to-morrow with the fatal letter to Mr. Kerr. Fare-well ! I don't know when I shall return from our

country-house. When you go to the Mechanic's[১৬] give my compliments to Harris.[১৭] "FAREWELL FOREVER".

Khidirpore
Sunday 7th August 1842,

২২ টমাস কার্লাইল (১৭৯৫—১৮৮১) সম্বন্ধে Encyclopaedia of Literature, Vol. I, নামক গ্রন্থে জেমস্ কিংস্লে লিখেছেন, "Scottish man of letters. Educated at Edinburgh University ; Schoolmaster at Kirkcaldy, 1816 ; lived in Edinburgh from 1818 to 1822 as tutor, student and author. In 1825 Carlyle was reading and translating from the German in Dumfriesshire ; He received the Prussian Order of Merit in 1874,... Carlyle endeavoured greatly in history, biography, literary criticism, politics and sociology...Despite his sympathies with German literature, of which he was the chief English interpreter in his time, Carlyle's best criticism is of Scots and English authors particularly of Burns and Scott, of whom he had a natural appreciation. His is one of the most highly individual styles in English. It shows something of the influence of German Syntax, Scots pulpit rhetoric and the diction and imagery of the Bible." তাঁর জার্মান সাহিত্য বিষয়ক গ্রন্থাদির মধ্যে The Life of Schiller, German Romance, Lectures on German literature প্রধান।

২৩ সংস্কৃত সাহিত্যের ও অলঙ্কারশাস্ত্রের রীতিনীতির বিরুদ্ধে কবি তীব্র মনোভাব এখানে প্রকাশ করেছেন। কিন্তু শর্মিষ্ঠা নাটকে কার্যত এ মনোভাব প্রতিফলিত নয়। সংস্কৃতানুসরণ এই নাটকে প্রবল।

২৪ ইংরেজী না-জানা ব্যক্তিদের পক্ষে শর্মিষ্ঠার সাহিত্যিক গুণের প্রশংসা না করবার কারণ নেই। কিছু বহিরঙ্গ টেকনিকের দিক থেকে সংস্কৃত নাটকের সঙ্গে এর পার্থক্য আছে। নাট্যারম্ভে নান্দী-সূত্রধর নেই, অঙ্কগুলি দৃশ্যে ভাগ করা হয়েছে, সংলাপ শুধুই গদ্যে—পদ্যের মিশ্রণ নেই। তা না হলে সংস্কৃত রোমান্টিক কমেডির রূপটি ঘনিষ্ঠভাবে অনুসৃত হয়েছে। সংলাপে সংস্কৃত ভাষার প্রভাব অতি প্রকট।

২৫ সাহিত্যে অপরের প্রভাব গ্রহণ বিষয়ে মধুসূদনের মতামতটি বেশ স্পষ্ট ভাবে এখানে প্রকাশ পেয়েছে।

২৬ যতীন্দ্রমোহন ঠাকুর—পাথুরিয়াঘাটার মহারাজ যতীন্দ্রমোহন ঠাকুর কবির বিশেষ বন্ধু ছিলেন। বাংলা নাট্যশালার ইতিহাসে যতীন্দ্রমোহনের উল্লেখযোগ্য স্থান আছে। বেলগাছিয়ার রঙ্গালয় স্থাপন ব্যাপারে ঈশ্বরচন্দ্র-প্রতাপচন্দ্রের সঙ্গে তিনি সহযোগিতা

করেছিলেন। পরে নিজ বাড়ীতে পাথুরিয়াঘাটা রঙ্গনাট্যালয় তিনি স্থাপন করেন। মধুসূদনের 'তিলোত্তমাসম্ভব' রচনার পেছনে তাঁর অনুপ্রেরণা ছিল, মুদ্রণভার তিনিই বহন করেন। কাব্যটি তাঁকে উৎসর্গ করা হয়েছিল।

২৭ রাজা দিগম্বর মিত্র—সেকালীন বাংলার সর্ববিধ প্রগতিশীল আন্দোলনের সঙ্গে দিগম্বর মিত্রের সম্পর্ক ছিল। মধুসূদনের সঙ্গে তাঁর আবাল্য সৌহার্দ ছিল। মেঘনাদবধকাব্যের প্রথমখণ্ডের মুদ্রণের ব্যয়ভার তিনি বহন করেছিলেন। কাব্যটি প্রথমে তাঁকেই উৎসর্গ করা হয়। কবির য়ুরোপ প্রবাসকালে দিগম্বর মিত্র তাঁর পাওনাদারদের কাছ থেকে ঠিকভাবে টাকা আদায় করতে না পারায় কবি কিরূপ দুর্দশায় পতিত হয়েছিলেন তার পরিচয় আছে চতুর্থ অধ্যায়ে গ্রথিত পত্রগুচ্ছে। কবি বিরক্ত হয়ে মেঘনাদবধের পরবর্তী সংস্করণ থেকে দিগম্বর মিত্রকে উৎসর্গপত্র প্রত্যাহার করেন।

২৮ যতীন্দ্রমোহন ১৮৫৮ সালের নভেম্বরে মধুসূদনকে এক চিঠিতে লেখেন, "I am of opinion that Sermistha is the best drama we have in our language ...it is at once classical, chaste, and full of genuine poetry."

২৯ ১৮৫৮ সালের ১৪ই ডিসেম্বর মধুসূদনকে লেখা এক পত্রে শর্মিষ্ঠার সাহিত্যিক গুণাবলী সম্বন্ধে ঈশ্বরচন্দ্র উচ্চ প্রশংসা করেন, "I need scarcely tell you that the drama is a complete success, abounding as it does with ideas and similies that are scarcely to be found in any Bengali book I have come across."

তবে ছোট রাজা অর্থাৎ ঈশ্বরচন্দ্র সিংহ শর্মিষ্ঠার মহলার সময় এর মঞ্চ সাফল্য সম্বন্ধে সম্পূর্ণ নিশ্চিত ছিলেন না। গৌরদাসকে এক পত্রে তিনি লিখেছিলেন, "No one knows what effect such a thing as the 'Sharmista' will have on the stage. It is still a matter of doubt whether it will be as popular as Ratnabali. I will give no opinion concerning it unless it has passed the ordeal of public criticism." ১৮৫৯ সালের ৩রা সেপ্টেম্বর বেলগাছিয়া থিয়েটারে নাটকটি সাফল্যের সঙ্গে অভিনীত হয়। তখন ঈশ্বরচন্দ্র উচ্চকণ্ঠে এই সাফল্যের কথা বলে আনন্দ প্রকাশ করতে থাকেন। এই চিঠি লেখার কাল পর্যন্ত নাটকটির অভিনয় আরম্ভ হয় নি।

৩০ মধুসূদন শর্মিষ্ঠার এক ইংরেজী অনুবাদ করেছিলেন রাজাদের অনুরোধে। অভিনয়-দর্শক য়ুরোপীয় ভদ্রমহোদয়দের জন্যই এরূপ অনুবাদ করা হত।

৩১ মধুসূদনের জীবনের প্রশান্ততম পর্বের সূত্রপাত হল। অর্থাভাবে তাঁর জীবন সর্বদা আন্দোলিত হত। সৃষ্টিকর্মের জন্য যে পরিমাণ মানস স্থৈর্য প্রয়োজন কবির জীবনে তা মাত্র কয়েকটি বছরের জন্য দেখা দিয়েছিল। শর্মিষ্ঠা রচনা থেকেই এর সূত্রপাত। মধুসূদনের কাব্য-নাটকগুলি (চতুর্দশপদী বাদে) এই পর্বেই রচিত।

৩২ শ্রীরাম চট্টোপাধ্যায়। ইনি মধুসূদনের বন্ধু এবং পাইকপাড়ার রাজাদের ম্যানেজার ছিলেন।

৩৩ শর্মিষ্ঠা নাটকের সংস্কৃতানুসারী ভাষা সাধারণের পক্ষে খুব সুগম ছিল না। সে কথা ভেবেই কবি এরূপ মন্তব্য করেছেন। তবে সাধারণভাবে সমকালীন বাংলা গদ্য এর চেয়ে সরল হবার কথা নয়। বঙ্কিমচন্দ্রের 'দুর্গেশনন্দিনী' আরও ছয় বৎসর পরে প্রকাশিত, এই ঘটনার কথা প্রসঙ্গে ক্রমে স্মরণ করা যেতে পারে।

৩৪ এ বিষয়ে সমকালীন কয়েকজন সুধী ব্যক্তির মন্তব্য উদ্ধারযোগ্য : যতীন্দ্রমোহন ঠাকুর মধুসূদনকে লিখেছিলেন, "it is a gem truly worthy of the talented donor. I will preserve it carefully as an invaluable contribution to the rising literature of our country, and I doubt not but Sermistha will take the first place among the dramas in the vernaculars." রাজেন্দ্রলাল মিত্র 'বিবিধার্থসংগ্রহে' সমালোচনা প্রসঙ্গে লিখলেন, "আমাদিগের দৃঢ় বিশ্বাস আছে যে, যে সকল বাঙ্গালা নাটক এ পর্যন্ত প্রকাশিত হইয়াছে তন্মধ্যে সাধারণ জনগণে শর্মিষ্ঠাকে সর্বশ্রেষ্ঠ বলিবেন, সন্দেহ নাই।" রাজনারায়ণ বসু কবিকে লেখেন, "Sermista is exactly after the pure classical model, is in many places full of starling poetry, and displays considerable knowledge of human nature !"

৩৫ পদ্মাবতী নাটক

৩৬ রাজেন্দ্রলাল মিত্র (১৮২২-৯১)। তিনি বহু ভাষাবিদ্ পণ্ডিত ছিলেন। পুরাতত্ত্বের আলোচনায় তাঁর খ্যাতি বিশ্বব্যাপ্ত হয়েছিল। উড়িষ্যার পুরাতত্ত্ব বিষয়ক তাঁর সুবিপুল ইংরেজী গ্রন্থ বাঙালি মনীষার কীর্তিস্তম্ভরূপে পরিগণিত হবে। সাংবাদিক ও প্রাবন্ধিক হিসেবেও বাংলা গদ্যসাহিত্যে তাঁর স্থান বিশেষ উচ্চে। 'বিবিধার্থসংগ্রহ' ও 'রহস্যসন্দর্ভ' পত্রিকার পরিচালক ছিলেন। তাঁর প্রকাশিত বাংলা গ্রন্থগুলির মধ্যে 'প্রাকৃত ভূগোল', 'শিল্পিক দর্শন', 'শিবাজীর চরিত্র', 'মেবারের রাজেতিবৃত্ত' বিখ্যাত। প্রথম যুগের বাংলা সাহিত্য-সমালোচকদের মধ্যে তিনি ছিলেন অন্যতম। মধুসূদনের সঙ্গে তাঁর ব্যক্তিগত বন্ধুত্ব ছিল।

৩৭ তিলোত্তমাসম্ভব কাব্যের রচনা (১৮৬০, এপ্রিল) সবে শেষ হয়েছে। কাব্যটি তখন প্রকাশের অপেক্ষায়।

৩৮ যতীন্দ্রমোহন ঠাকুরের এই মন্তব্য সমর্থনযোগ্য। তিলোত্তমাসম্ভব কাব্যের শেষের অধ্যায় অর্থাৎ চতুর্থ সর্গ কাব্যের প্রধান অংশ। এই সর্গে তিলোত্তমার কানন ভ্রমণের যে বর্ণনা আছে, কল্পনার মৌলিকতায় এবং বর্ণনা-সৌন্দর্যে তা মনোরম।

৩৯ সংস্কৃতজ্ঞ পণ্ডিতদের প্রতি কটূক্তি করা হয়েছে। মধুসূদনের নিজের কবিভাষা দুরূহ। এই দুরূহতার সঙ্গে পণ্ডিতদের ভাষাকাঠিন্যের পার্থক্য বোঝাতে গিয়ে এ কথা কবি বলেছেন। তিনি দাবি করেছেন যে তাঁর ভাষা অন্তরলোক থেকে স্বতঃউৎসারিত। ইচ্ছাকৃত ভাবে ভাষা ও বাচনভঙ্গিকে কঠিন করে তোলার কিছুমাত্র চেষ্টা তিনি করেন নি।

৪০ জন মিল্টন (১৬০৮-১৬৭৪)। ইংরেজী মহাকাব্য Paradise Lost এর রচয়িতা। মধুসূদন তাঁকে divine বলে মনে করতেন। তাঁর উপরে মিলটনের প্রভাব ছিল অত্যন্ত গভীর।

৪১ ভার্জিল (খ্রীঃ পূঃ ৭৭ অব্দ থেকে খ্রীঃ পূঃ ১৮ অব্দ)। তাঁর শ্রেষ্ঠ কবি কর্ম 'Aeneid' বিশ্বসাহিত্যের ইতিহাসে উচ্চ মর্যাদার অধিকারী। এই মহাকাব্যে "Virgil's aim was to glorify the rise of Rome to her destiny under Augustus and to make the reader feel by what toil and self sacrifice Roman

greatness was made possible. The twelve books record the history of Trojan Aeneas after the sack of Troy—his adventures and travels before reaching Italy (1-6), his battles to found a new city there (7-12)...In the Aeneid, Virgil is indebted in outword form and from time to time in episode, to Homer and other Greek writers from the Tragic poets to the Alexandrines...But whatever is utilised is transformed by his own master touch. The Aeneid is the greatest work of Latin literature. Virgil treated a lofty and national theme with masterly poetic diction, narrative and descriptive powers, and with a perfection of metrical technique. Yet side by side with the Roman note he reveals a tender humanity which could feel pathos of the tragedy of a Dido or a Turnus or of any sufferer, and a poetic insight which can turn from the particular to find the universal" —[A. J. Dunston.]

৪২ হোমর (সম্ভবত খ্রীষ্টপূর্ব ৮ম শতক), গ্রীক মহাকবি। 'Iliad' এবং 'Odyssey' এই দুই মহাকাব্যের রচয়িতা। কাব্যগঠনের কৌশলে, ব্যাপক গম্ভীরের আস্বাদ সঞ্চারে, বর্ণনাভঙ্গির বিশিষ্টতায়, চরিত্রসৃষ্টিতে বিচিত্রতা আমদানী করায় তিনি সমগ্র বিশ্বের কবিসমাজে এমন একটা স্থানের অধিকারী যেখানে ব্যাস-বাল্মিকীর ন্যায় দু-একজন ছাড়া অপর কাউকে স্থান দেওয়া যায় না। এঁরা যেন অনৈসর্গিক ক্ষমতা নিয়ে এসেছিলেন। যেন সমগ্র যুগ ও দেশ এঁদের কাব্যের মধ্যে ভাষারূপে স্থায়িত্ব লাভ করেছে।

৪৩ ভারতচন্দ্র রায় (১৭১২-৬০) মধ্যযুগের সর্বশেষ বিশিষ্ট কবি। মধুসূদনের পূর্বে বাংলাদেশের কাব্যপাঠকমহলে ভারতচন্দ্রের অবিচল প্রতিষ্ঠা ছিল। ভারতচন্দ্রের খ্যাতিতে মধুসূদন ঈর্ষান্বিত ছিলেন। তাঁর নানা পত্রে ভারতচন্দ্রের প্রসঙ্গ উল্লিখিত হয়েছে। 'চতুর্দশ পদী'তে তিনি 'অন্নপূর্ণার ঝাপি' এবং 'ঈশ্বরী পাটনী' নামক দুটি কবিতায় ভারতচন্দ্রের প্রতি শ্রদ্ধা প্রকাশ করেছেন। ভারতচন্দ্রের উচ্চ কবিপ্রতিভা ছিল। মধুসূদন তা স্বীকার করেছেন। কিন্তু ভারতচন্দ্রের অক্ষম অনুকরণকারীরা যে রুচিহীনতাকে কাব্যে প্রশ্রয় দিচ্ছিলেন ইংরেজী কাব্যরসিক মধুসূদন তার বিরুদ্ধে সঙ্গত কারণেই ধিক্কার জানিয়েছেন।

৪৪ 'একেই কি বলে সভ্যতা' এবং 'বুড়ো সালিখের ঘাড়ে রোঁ'-এর ব্যাপারে মধুসূদন বেলগাছিয়া নাট্যশালার অধিকর্তাদের ব্যবহারে মর্মাহত হয়েছিলেন। অভিনেতা কেশবচন্দ্র গঙ্গোপাধ্যায়ের কাছে লেখা কবির চিঠিতে তার বিস্তৃত বিবরণ পরে পাওয়া যাবে।

৪৫ পদ্মাবতী নাটক

৪৬ ক্লাসিক ধরনের এই তিন চার খানা নাটক তাঁর আর লেখা হয়ে ওঠে নি। বহু অচরিতার্থ বাসনার মত তাঁর এই ইচ্ছাও পূর্ণ হয়নি।

৪৭ মেঘনাদবধ কাব্যের প্রতি ইঙ্গিত করা হয়েছে। কাব্যটি তখন রচিত হচ্ছে।

৪৮ কবি কিন্তু মেঘনাদবধ কাব্যের প্রথম সর্গে বলেছিলেন—"গাইব মা বীররসে ভাসি

মহাগীত।" কিন্তু সত্যিই তাঁর কাব্যে সংস্কৃতরীতির বীররস অল্পই আছে। একটা বীর্যস্তম্ভিত বেদনায়ই এ কাব্যের মূল রসাবেদন।

৪৯ মধুসূদন মেঘনাদবধ কাব্যকেও Epic না বলে Epicling বলতে চেয়েছেন। কিন্তু আকৃতিতে না হলেও প্রকৃতিতে মহাকাব্যের উদাত্ত গম্ভীর এবং নিখিল-ব্যাপ্ত রস-মহিমায় এ কাব্য সমুদ্ভাসিত।

৫০ আলেকজাণ্ডার পোপ (১৬৮৮-১৭৪৪)। ইংরেজ কবি। রোমান্টিক কবিগোষ্ঠির আবির্ভাবে তাঁর কবিতার পুনর্বিচার ঘটে। কিন্তু তার আগে সমকালীন য়ুরোপের শ্রেষ্ঠ কবি বলে তিনি বিবেচিত হতেন। তাঁর সম্বন্ধে Encyclopaedia of Literature vol—2 গ্রন্থে লেখা হয়েছে "While not wealthy, Pope's parents were able to live in the country (Windsor Forest) and so shield Pope from the city rigours which might have killed one of his crazy constitution—he was a cripple of 4 feet 6 inches in height—and give him opportunity for that intense study which aggravated his bodily weakness but which strengthened his poetry. He lisped in numbers—An Essay on Criticism, and The Rape of the Lock are as brilliant an achievement as that of any young poet... he was engaged on translating the Iliad from which he proceeded to the Odyssey following that long labour—both loving and professional—with an edition of Shakespeare. ...at steady intervals till within two years of his death he produced his crowning work, that of satire and moral essay, in which there is as much sensuous richness as pointed thought."

৫১ ব্রজাঙ্গনা কাব্য। এই কাব্যটি তিলোত্তমা রচনা শেষ হবার পূর্বেই আরম্ভ হয় এবং মেঘনাদবধ কাব্যের পূর্বে শেষ হয়। এই পত্রের সাক্ষ্যে পূর্বোক্ত সিদ্ধান্তে পৌঁছান যায়।

৫২ মধুসূদন বিশপস কলেজে এই ভাষাগুলির সঙ্গে পরিচিত হন। মাদ্রাজ-প্রবাসকালে এই ভাষাগুলির চর্চা গভীরতর হয়। এখন পর্যন্ত সেই চর্চা চলছে।

৫৩ মধুসূদন পদ্মাবতী নাটকে প্রথম অমিত্রাক্ষর ছন্দ ব্যবহার করেন। পরে তিলোত্তমা সম্ভব কাব্যে সম্পূর্ণত এই নূতন ছন্দ প্রয়োগ করেন। তাঁর ক্রমে বিশ্বাস হয় যে নাটকের সংলাপ হিসেবে এই ছন্দই সর্বাধিক প্রযোজ্য। কিন্তু কৃষ্ণকুমারী তাঁকে গদ্যেই লিখতে হয়। কবিতা-সংলাপ-যুক্ত নাটক অভিনয়ের প্রতিশ্রুতি তিনি কারুর কাছ থেকেই লাভ করেন না।

৫৪ বিশ্বনাথ কবিরাজের 'সাহিত্যদর্পণ' সংস্কৃত অলঙ্কারশাস্ত্রের পুস্তক। চতুর্দশ শতকের মধ্যভাগে পুস্তকটি রচিত। তিনি মম্মটভট্টের অনুসরণে ধ্বনিবাদের সমর্থন জানিয়েছেন তাঁর গ্রন্থে। নাটকের সূত্র, লক্ষণ ও শ্রেণীবিভাগ সম্পর্কিত বিস্তৃত আলোচনাও এর মধ্যে স্থান পেয়েছে। "He, however, accepts the doctrine of styles, regarded as an arrangement of words (পদসংগঠন) in a special way and admits four: Vaidarbhi or dainty with letters indicating sweetness and no or short compounds; Gaurida, with letters indicating

strength and long compounds ; Panchali, containing other letters than those mentioned and compounds of five or six words ; and Lati, intermediate between Panchalı and Vaidarbhi"

—[Keith : History of Skt. literature]

৫৫ পদ্মাবতী নাটকে গ্রীক স্বর্ণ আপেলের কাহিনীটি গৃহীত হয়েছে। বিদেশী কাহিনীটিকে কবি এত সুন্দর ও সম্পূর্ণভাবে ভারতীয় রূপদান করেছেন যে বিস্মিত হতে হয়।

৫৬ তত্ত্ববোধিনী পত্রিকা ১৮৪৩ সালে প্রথম প্রকাশিত হয়। দেবেন্দ্রনাথ ঠাকুর এ পত্রিকার পরিচালক ছিলেন। সম্পাদক ছিলেন অক্ষয়কুমার দত্ত। অক্ষয়কুমার পত্রিকাটিকে জ্ঞানবিজ্ঞানের আলোচনায়, নানা মানববিদ্যার উপস্থাপনায় সমকালীন শ্রেষ্ঠ পত্রিকায় পরিণত করলেন। তাঁর নিজের বহু উচ্চস্তরের প্রবন্ধ এই পত্রিকায় প্রকাশিত হয়েছিল। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, রাজনারায়ণ বসু প্রভৃতি বহু মনীষী পত্রিকাটির সঙ্গে যুক্ত ছিলেন।

৫৭ রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় (১৮২৭-৮৭)—মধুসূদন-পূর্ব বাংলার বিশিষ্ট কবি। তাঁর 'পদ্মিনী কাব্য' ১৮৫৮ সালে প্রকাশিত। অপর কাব্যগুলি 'কর্মদেবী', 'শূরসুন্দরী' এবং 'কাঞ্চীকাবেরী' তিলোত্তমাসম্ভব-মেঘনাদবধ কাব্যের পরে প্রকাশিত। তিনি তাঁর কাব্যে বিষয়বস্তুতে সামান্যত নবীনতা আনবার চেষ্টা করেন। কিন্তু বাংলা কাব্যে নবজন্মের গভীর জীবনউপলব্ধি ও রূপচেতনা তাঁর ছিল না। রঙ্গলালের কাব্য সম্পর্কে মধুসূদনের এই সমালোচনা কবির তীক্ষ্ণ কাব্যবোধের পরিচায়ক।

৫৮ তিলোত্তমাসম্ভব কাব্যের কাহিনী-সংগঠন, চরিত্রচিত্রণ প্রভৃতি বিষয়ে আলোচনা করে রাজনারায়ণ বসু কবিকে একখানি ইংরেজী পত্র লিখেছিলেন।

৫৯ অ্যারিস্টটল (খ্রী: পূ: ৩৮৪—খ্রী: পূ: ৩২২)। "Greek philosopher and scientist, was the son of Nicomachus, a doctor, to whom in part he may have owed his interest in biology. He joined Plato's Academy at the age of seventeen, and remained there twenty years ; when Plato died in 347, he went first to Assos, where he married Pythias, the tyrant Hermias' niece, and then to Mytilene, where he remained until he accepted an invitation from Philip of Macedon to become tutor to Alexander, then aged thirteen. In 335 he set up a school...He left Athens after Alexander's death.... The surviving fragment of the Poetics discusses tragedy and epic poetry ; the analysis is brilliant and original."

—[Encyclopaedia of Literature.]

৬০ "Longinus, author of the treatise 'On the sublime'. His name is unknown (possibly Pompeius) but internal evidence shows that he was a Greek of 1st Century A. D. His treatise shows close connection with Tacitus and Quintilian. He defines the sublime in literature as 'supremacy, and excellence in language, which aims at dumbfounding the audience by deploying all the orator's power at once'. He discusses the success of classical Greek poetry and prose from Homer to Demosthenes, in attaining the

sublime, quoting in addition 'Genesis' and Cicero. He concludes by discussing the relation of literature to society." —[Webster.]

৬১ Quintilian (35-100)—"Roman writer on rhetoric.···His literary taste, displayed particularly of the 10th book (of 'Institution Oratoria',) on the importance of reading suitable literature, is impeaceable." —[Willis]

৬২ এডমণ্ড বার্ক (১৭২৯-৯৭)। বিখ্যাত রাষ্ট্রনীতিবিদ। বৃটিশ পার্লামেন্টের খ্যাতনামা সভ্য ও বিরোধী দলের প্রধান বক্তা হিসেবে বিশ্বব্যাপী গৌরব অর্জন করেছিলেন। তাঁর শিল্প-সৌন্দর্য ও সাহিত্যতত্ত্ব বিষয়ক আলোচনা গ্রন্থ 'Inquiry into the origin of our Ideas on the Sublime and Beautiful' ইংরেজী সমালোচনাশাস্ত্রে অত্যুচ্চ স্থানের অধিকারী।

৬৩ কামেস (১৬৯৬-১৭৮২)—"Scottish philosopher, called to the bar in 1723, raised to the bench 1752. His 'Elements' is a clear and valuable Augustan analysis of aesthetics and style."—[J. Kinsley]। তাঁর ২ খণ্ডে সম্পূর্ণ Elements of Criticism গ্রন্থটি ইংরেজী সমালোচনা সাহিত্যে গুরুত্বপূর্ণ অবদান।

৬৪ স্যার অর্চিবাল্ড এলিসন (১৭৯২-১৮৬৭)। ঐতিহাসিক এবং আইনজ্ঞ হিসেবে ইনি খ্যাতি অর্জন করেছিলেন। এঁর প্রণীত গ্রন্থগুলির মধ্যে সাহিত্য বিষয়ক আলোচনা নেই। কবি সম্ভবত সমালোচনা প্রসঙ্গে ভুল করে এই নামটির উল্লেখ করেছেন।

৬৫ জোসেফ এডিসন (১৬৭২-১৭১৯)—ইংরেজ প্রাবন্ধিক, কবি এবং রাষ্ট্রনীতিবিদ্। সমালোচক হিসেবে তাঁর দান সামান্য। কিন্তু মিল্টনের উপরে তিনি এক প্রবন্ধ লিখেছিলেন, 'Notes on Paradise Lost'। সম্ভবত সেই কারণেই মিলটন-ভক্ত মধুসূদনের দৃষ্টি তাঁর প্রতি আকৃষ্ট হয়েছিল।

৬৬ জন ড্রাইডেন (১৬৩১-১৭০০) "English poet, dramatist, translator and prose writer... Dryden was one of few writers of vast range and output, whose creative energy is matched by the ability rarely to fall below competence and often to rise above it.... As critic he passes on easily and elegantly the informed opinion of the educated gentleman unsmirched by any hint of pedantry. Always sensitive to transmit the temper of his age, he lets us see it as the heir to the past despite all innovation.

—[Encyclopaedia of Literature, Vol II.

৬৭ ব্লেয়ার—রবার্ট ব্লেয়ার নামে জনৈক স্কচ্ কবি ছিলেন। কিন্তু এখানে মধুসূদন বলেছেন হিউজ ব্লেয়ারের (১৭১৮-১৮০০) কথা। "A minister of the High Church, Edinburgh, from 1758 and professor of rhetoric and belles-letters there 1762-83. His lectures[6] 'Rhetoric and Belles letters' are of some historical and critical interest." —[J. Kinsley]

৬৮ ফ্রেডারিক ভন শ্লেগেল (১৭৭২-১৮২৯)—জার্মান লেখক এবং সমালোচক। প্রাচ্যবিদ্যা বিশেষত সংস্কৃতে তাঁর পাণ্ডিত্য ছিল। আগস্ট উইলিয়াম ভন শ্লেগেল (১৭৬৭-১৮৪৫)—

পূর্বোক্ত ব্যক্তির জ্যেষ্ঠ ভ্রাতা। ইনি সংস্কৃত ভাষায় পণ্ডিত ছিলেন। সমালোচক হিসেবেও তাঁর খ্যাতি ছিল। জোহান এলিয়াস শ্লেগেল (১৭১৯-৪৯) সমালোচনামূলক অনেকগুলি পুস্তক লিখেছিলেন। সেক্সপীয়র সম্পর্কিত তাঁর আলোচনা বিশেষ উল্লেখযোগ্য। এঁদের মধ্যে কার কথা মধুসূদন বলতে চেয়েছেন বোঝা কিছু কঠিন।

৬৯ মাদ্রাজ প্রবাসকালে মধুসূদন সংবাদপত্রের সঙ্গে ঘনিষ্ঠভাবে যুক্ত ছিলেন। কিন্তু সৃষ্টিকর্মে আত্মনিয়োগ করার পরে সংবাদপত্র পাঠ থেকেও তিনি বিরত হলেন।

৭০ মধুসূদন অচেতন ভাবে কবিজনোচিত প্রেরণাবশে মাত্র অমিত্রাক্ষর ছন্দ সৃষ্টি করেছিলেন এমন মনে হয় না। তিনি অমিত্রাক্ষর ছন্দের মূল রহস্যগুলি রাজনারায়ণ বসুর পত্রের উত্তরে নিজেই একাধিক স্থানে ব্যাখ্যা করেছেন। বাংলা ভাষা accent, quantity কে বাদ দিয়ে শুধুমাত্র Syllable কে মেনে নিয়ে ছন্দরূপ সৃষ্টি করে। মধুসূদন তাঁর নবীন ছন্দে এবিষয়ে বৈপ্লবিক পরিবর্তন সাধন করলেন। 'আমাদের উচ্চারণে, শব্দে বা বাক্যাংশে (phrase) আদ্যঅক্ষরে একটু ঝোঁক পড়ে…। আবার হসন্তবর্ণের জন্য পূর্ব অক্ষরে একটু মাত্রাবৃদ্ধি হয়।… এই দুইটির সাহায্যে বাংলাছন্দে ছন্দস্পন্দ সৃষ্টি করিবার উপায় পূর্ব হইতেই ছিল। তথাপি, এ পর্য্যন্ত বাংলা কবিতার ছন্দে স্বাভাবিক কণ্ঠস্বরভঙ্গি প্রশ্রয় পায় নাই—যেন প্রাণের ভাষা, কাব্যচ্ছন্দে ছন্দিত হইতে পারে নাই। উনবিংশ শতাব্দীর তৃতীয় পাদে বাঙালীর প্রাণ যে মুক্তিকামনার আবেগে স্পন্দিত হইয়াছিল—ভাবচিন্তার ক্ষেত্রে, নূতন করিয়া যে আত্মপ্রতিষ্ঠার আগ্রহে সে অধীর হইয়াছিল, সেই Romantic ভাবোৎসারের ফলে, আর সকল আন্দোলনের মত, কাব্যের আদর্শ-কল্পনায় যে বিপ্লব আসন্ন হইয়া উঠিল—মধুসূদন তাহারই প্রথম ও প্রধান নেতা; তিনিই, যে বস্তুর সহিত ভাষা অপেক্ষা কবিতার ভাষাগত যোগ অধিক, সেই ছন্দকে স্বাধীন স্বচ্ছন্দ বাক্যরীতি ও উচ্চারণরীতির সহিত যুক্ত করিলেন। তাহাতে সেই পুরাতন অক্ষর, বা স্বরান্ত বর্ণ, তাহার ছন্দোগত বৈশিষ্ট্য বজায় রাখিয়াই, নূতন গুণ-সমৃদ্ধি লাভ করিল—বাংলা বর্ণবৃত্ত সত্যকার ছন্দগৌরবের অধিকারী হইল। অক্ষরগুলি পূর্বের মতই পায়ে পায়ে ঠিক চলিতে লাগিল, কিন্তু তাহাদের মাথা শস্যশীর্ষের মত দুলিতে আরম্ভ করিল, আমাদের বর্ণবৃত্তেও অক্ষরের স্বরবৃদ্ধি ছন্দকে তরঙ্গিত করিতে লাগিল।" —[কবি শ্রীমধুসূদন : মোহিতলাল।]

৭১ 'সিংহল বিজয় কাব্য' লিখতে রাজনারায়ণ বসু মধুসূদনকে অনুরোধ করেছিলেন। এটি জাতীয় মহাকাব্য হয়ে উঠবে এরূপ আশা রাজনারায়ণের ছিল। রাজেন্দ্রলাল মিত্রকে লেখা এক চিঠিতে রাজনারায়ণ ঐ কাব্যের একটি বিস্তৃত পরিকল্পনা লিখে পাঠিয়েছিলেন। এখানে সেই চিঠির কথাই বলা হয়েছে।

৭২ ওয়াল্টার স্কট (১৭৭১-১৮৩২)—ঐতিহাসিক উপন্যাস লেখক ও কবি হিসেবে বিশেষ খ্যাতি অর্জন করেছিলেন। স্কটল্যাণ্ডের লোকগীতিকার সংগ্রাহক ও ব্যাখ্যাতা হিসেবে তিনি সাফল্য লাভ করেছিলেন। রঙ্গলাল প্রসঙ্গে আখ্যানকাব্যের লেখক হিসেবে স্কটের কথা বলতে চেয়েছেন মধুসূদন। তাঁর আখ্যান কাব্যের সমালোচনা করতে গিয়ে J. Kinsley বলেছেন, "Despite verbal and structural faults,

his narrative poems contain much beautiful description of nature, fine sentiment, and above all the flash and spirit of battle action."

৭৩ বাল্মিকী—ভারতের আদিকবি বলে প্রখ্যাত বাল্মিকী রামায়ণ মহাকাব্যের প্রণেতা। রামায়ণ শুধু কাব্য হিসেবে বিচার করলেও বিশ্বসাহিত্যে মাত্র অপর তিনখানি গ্রন্থের সঙ্গে এক আসন লাভ করবে;—সেই মহান গ্রন্থগুলি হল মহাভারত, ইলিয়াড ও ওডেসী। ব্যাসদেব সম্বন্ধে যা বলা হয়েছে বাল্মিকী সম্বন্ধেও তা অনেকটা প্রযোজ্য।

৭৪ ব্যাস—কৃষ্ণদ্বৈপায়ন ব্যাসকৃত মহাভারত শুধু ধর্মগ্রন্থ রূপে পুজিত হলেও এবং ঐতিহাসিক উপকরণের আকর হলেও মহাকাব্য হিসেবেও খুব উচ্চস্থান দাবি করতে পারে। পরবর্তী কালের প্রক্ষেপ বাদ দিতে পারলে মহাকবির কাব্যগঠন-নিপুণতার আরও বেশি প্রমাণ মিলত এ বিষয়ে সন্দেহ নেই। চরিত্রচিত্রণে ও জীবনজিজ্ঞাসার গভীরে অনুপ্রবেশের দিক থেকে এই মহাকাব্য তুলনারহিত। নৈসর্গিক পৃথিবীর পার্শ্বদেশে এ একটি দ্বিতীয় পৃথিবী। তাঁর জীবৎকাল নির্ণয় করা একরূপ অসম্ভব।

৭৫ কালিদাস—ক্লাসিকাল সংস্কৃত কাব্য ও নাটকের শ্রেষ্ঠ শিল্পী। পৃথিবীর প্রথম শ্রেণীর কবিদের মধ্যে তিনি অন্যতম। তাঁর রচনাবলীর মধ্যে—'কুমারসম্ভব', 'রঘুবংশ', 'মেঘদূত' প্রভৃতি কাব্য এবং 'মালবিকা-অগ্নিমিত্র', 'বিক্রমোর্বশী', 'অভিজ্ঞানকুন্তল,' প্রভৃতি নাটক প্রধান। ভাষাভঙ্গিতে সৌন্দর্যসৃষ্টি, কোমল ইন্দ্রিয়ানুগ চিত্ররচনার দ্বিতীয় বিরহিত নৈপুণ্য এবং হিন্দু পরিবারধর্মের চেতনা তাঁর রচনাগুলিকে বিশিষ্টতা দিয়েছে। তিনি সম্ভবত চন্দ্রগুপ্ত বিক্রমাদিত্য এবং কুমারগুপ্তের (৩৮৮-৪৫৪ খ্রী:) সমকালীন।

৭৬ অলিঘিয়েরী দান্তে (১২৬৫-১৩২১)। ইতালীর বিখ্যাত কবি। ফ্লোরেন্সের তৎকালীন রাজনীতির সঙ্গে যুক্ত হয়ে পড়ায় তাঁকে ফ্লোরেন্স থেকে চিরজীবনের জন্য নির্বাসিত হতে হয়েছিল। দান্তের কাব্য রচনাবলীর মধ্যে 'Vita Nauva' উল্লেখযোগ্য বিয়াত্রিচেকে লক্ষ্য করে লেখা প্রেম কবিতার জন্য। তার শ্রেষ্ঠ কাব্য 'Divina Comedia'। "With him Italian literature, which had barely emerged from its early struggle for existence in the face of fierce competition from the older Romans literature, suddenly became the first and for a long time the greatest of the literatures of modern Europe. Dante's works are indeed the sum, in all aspects and directions, not only of the varied culture of Italy but of that of the Europe of his own day; they are moreover the one thing in literature which in the long process of formation of a modern culture opposed to that of the middle ages, exists to recall the old age to the new." —[Carlo Dionisotti]

৭৭ টরকোয়াটো টাসো (১৫৪৪-৯৫)। ইতালীয় কবি। তাঁকে উন্মাদ রোগে আক্রান্ত হয়ে বেশ কিছুকাল চিকিৎসালয়ে অন্তরীণ থাকতে হয়। এই রোগে তাঁর কাব্য সাধনা প্রচণ্ডভাবে ব্যাহত হয়। তাঁর রচিত কাব্যগুলির মধ্যে Rinaldo, Aminta এবং Gerusalemme Liberata সবচেয়ে বিখ্যাত। তাঁর শ্রেষ্ঠ কবিকীর্তি Gerusalemme Liberata সম্বন্ধে সমালোচকেরা প্রশংসায় উচ্চকণ্ঠ—

"Tasso's aim is achieved in the 'Gerusalemme Liberata' the greatest poem of the Counter-Reformation, and for long the most popular work of Italian literature. His subject, the recovery of Jerusalem in the first crusade is both historical and Christian; but neither history nor Christianity provides the dominating motive of his poetry. It is from the stress of human emotions, impotent against destiny, that Tasso's genius creates the world of lyrical sentiment in which his heroes and heroines slay and are slain, and in which his lovers suffer the fatality of love." —[Encyclopaedia of Literature. Vol. II]

৭৮ রাজনারায়ণ বসুর বক্তৃতার (ব্রাহ্ম ধর্ম বিষয়ক) প্রথমভাগ ১৮৫৫ সালে প্রকাশিত হয়। এখানে মধুসূদন সম্ভবত তার কথাই বলেছেন।

৭৯ দেবেন্দ্রনাথ ঠাকুর (১৮১৭-১৯০৫)। ব্রাহ্মসমাজের আচার্য দেবেন্দ্রনাথ সংসার ধর্মের সঙ্গে সুগভীর আধ্যাত্মিক চেতনাকে সমন্বিত করেছিলেন। রাজা রামমোহন রায় স্থাপিত ব্রাহ্মসভাকে তিনিই ব্রাহ্মসমাজে রূপান্তরিত করেন। তত্ত্ববোধিনী পত্রিকা পরিচালনার ব্যাপারে তিনি বাংলা সাহিত্যের সংস্পর্শে আসেন এবং সচেতন সাহিত্যস্রষ্টা না হয়েও বাংলা প্রবন্ধসাহিত্যের বিশেষ করে গদ্যভাষার অনেকখানি উন্নতিসাধন করেন। দেবেন্দ্রনাথের বক্তৃতাগুলি পুস্তকাকারে প্রকাশিত হয়েছে; তাঁর আত্মজীবনী উল্লেখযোগ্য গদ্যগ্রন্থ।

৮০ ১৮৬০ সালে দ্বিজেন্দ্রনাথ ঠাকুর কৃত কালিদাসের মেঘদূতের অনুবাদ প্রকাশিত হয়।

৮১ পণ্ডিত কুমারস্বামী বিশপস্ কলেজের সংস্কৃতের অধ্যাপক ছিলেন। মধুসূদন তাঁর কাছে সংস্কৃত ভাষা শিক্ষালাভ করেন।

৮২ "Ottava Rima, a stanza of Italian origin, consisting normally of eight 11-syllable lines rhyming ab ab ab cc, as used by many writers of romantic poems, by Ariosto and others and adapted to English by the substitution of 5-stress lines (frequently with feminine rhyme) as by Wyatt, Drayton, Fairfax, Byron (Don Juan etc.), Shelley (The Witch of Atlas) and Keats (Isabella)"
—[Encyclopaedia of Literature.]

৮৩ প্রকৃতপক্ষে মেঘনাদবধ কাব্যে একটিমাত্র যুদ্ধদৃশ্য আছে (সপ্তম সর্গ)। কবি প্রকৃত ও প্রত্যক্ষ যুদ্ধের বর্ণনা অপেক্ষা সৈন্যসজ্জা ও সজ্জিত সেনাবাহিনীর শোভাযাত্রা বর্ণনায়ই যেন অধিক আনন্দ পেতেন বলে মনে হয়।

৮৪ 'তিলোত্তমাসম্ভব' কাব্যরচনাকালে মধুসূদন 'নিয়তি' (fate) সম্বন্ধে কাব্যকল্পনার দিক থেকে কোন চেতনায় পৌঁছান নি। ইন্দ্র সম্পর্কে তাঁর এ মন্তব্য যথার্থ বলে মনে হয় না। কবি 'মেঘনাদবধ কাব্য' রচনাকালে এই নিয়তিচেতনার যে গভীর প্রদেশে অবতরণ করেছিলেন ইন্দ্রপ্রসঙ্গে তার আরোপ ঘটেছে এই মন্তব্যে।

৮৫ এই কাব্যাংশ শেষ পর্যন্ত 'মেঘনাদবধ কাব্যে'র প্রথম সর্গের অন্তর্ভুক্ত করা হয়। কবি তাঁর পরিকল্পনার এই পরিবর্তনের কথা পরবর্তী এক চিঠিতে রাজনারায়ণ বসুকে জানিয়েছিলেন।

৮৬ রেভারেণ্ড (কৃষ্ণ) দ্বৈপায়ন (D.) ব্যাস। এ কৌতুকপূর্ণ মন্তব্যের মধ্যে খ্রীষ্ট ধর্মাবলম্বী মধুসূদনের নয়, হিন্দুকলেজের ধর্মবিষয়ে উদাসীন ও বিদ্রোহী তরুণ মধুর চরিত্র যেন উঁকি দিচ্ছে।

৮৭ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (১৮২০—৯১)।

৮৮ পরবর্তীকালে এই পরিকল্পনা পরিত্যক্ত হয়।

৮৯ ১৭৯২ শকাব্দের অগ্রহায়ণ মাসের 'বিবিধার্থ সংগ্রহের' ষষ্ঠ পর্ব, ৬৮ খণ্ডে রাজেন্দ্রলাল মিত্র তিলোত্তমাসম্ভব কাব্যের দীর্ঘ সমালোচনা করেন।

৯০ কৃষ্ণকুমারী নাটক।

৯১ ভিত্তোরিও আলফায়েরী (১৭৪৯-১৮০৩)। ইতালীয় কবি এবং ট্রাজেডি রচয়িতা।

৯২ 'মেঘনাদবধ কাব্যের' দ্বিতীয় সর্গের পরিকল্পনার পেছনে হোমরের 'ইলিয়াডে'র চতুর্দশ অধ্যায়ের প্রভাব আছে, মধুসূদন একথা নিজেই স্বীকার করেছেন।

৯৩ ভার্জিলের 'ঈনিড' কাব্যের সঙ্গীতমাধুর্য দ্বারা মধুসূদন প্রভাবিত হয়েছেন বলে মনে করা হয়।

৯৪ সোমপ্রকাশ। দ্বারকানাথ বিদ্যাভূষণের পরিচালনায় এই সাপ্তাহিক পত্রিকাটি প্রথম প্রকাশিত হয় ১৮৫৮ সালে। ১৮৬০-৭০ সালই এই পত্রিকার জীবনে সর্বশ্রেষ্ঠ কাল। "সোমপ্রকাশের পরে আরও অনেক বাঙ্গালা সাপ্তাহিক পত্র প্রকাশিত হইয়াছে; ভাষার চটক ও রচনার নিপুণতা আরও বাড়িয়াছে; রাজনীতিচর্চা বহুগুণ বাড়িয়াছে: কিন্তু তদানীন্তন সোমপ্রকাশের স্থান কেহই অধিকার করিতে পারেন নাই।"

—[শিবনাথ শাস্ত্রী: রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ]

৯৫ মধুসূদন বারবার এই অভিমত প্রকাশ করেছেন যে, নাটক অমিত্রাক্ষর ছন্দে রচিত হওয়া উচিত। কবির এ অভিমত কতটা যুক্তিযুক্ত তা নিয়ে বিতর্ক থাকতে পারে, কিন্তু কবির এই সিদ্ধান্ত আন্তরিক উপলব্ধিজাত। কিন্তু সমকালে অমিত্রাক্ষর ছন্দে লেখা নাটক কেউই অভিনয় করতে রাজী ছিলেন না। মধুসূদন এখানে দুঃখ করেছেন যে তাঁকে গদ্যেই কৃষ্ণকুমারী নাটক লিখতে হল।

৯৬ কবি পূর্ববর্তী একটি পত্রে অমিত্রাক্ষর ছন্দের রহস্য সম্বন্ধে গুরুত্বপূর্ণ আলোচনা করে দেখিয়েছেন তিনি কিরূপে ইংরেজী ছন্দের আদর্শে বাংলা ছন্দের সমতলভূমিতে accent, quantity এবং syllable-এর সমন্বিত তরঙ্গচাঞ্চল্য তুলেছেন। এই পত্রে উদাহরণসহ যতিপাতের স্বাধীনতা বলতে কি বোঝা যায় তা ব্যাখ্যা করা হয়েছে।

৯৭ মধুসূদন একবার দশ সর্গে 'মেঘনাদবধ কাব্য' সমাপ্ত করবার পরিকল্পনা করেছিলেন, দেখা যাচ্ছে। কিন্তু শেষ পর্যন্ত কাব্য নয় সর্গেই সমাপ্ত করা হয়েছিল।

৯৮ এটি বাংলা ভাষায় লেখা প্রথম সনেট। মধুসূদন এর পরে দীর্ঘকাল সনেট লেখেন নি। য়ুরোপে প্রবাসকালে তিনি তাঁর অধিকাংশ সনেট লিখেছিলেন। এই কবিতাটি পরবর্তী কালে তিনি বিশেষভাবে পরিবর্তিত করেন। পরিবর্তিত রূপটি দেওয়া হল—

বঙ্গভাষা

হে বঙ্গ, ভাণ্ডারে তব বিবিধ রতন ;—
তা সবে, (অবোধ আমি !) অবহেলা করি,
পর-ধন-লোভে মত্ত, করিনু ভ্রমণ
পরদেশে, ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি !
কাটাইনু বহুদিন সুখ পরিহরি !
অনিদ্রায়, নিরাহারে সঁপি কায়, মনঃ,
মজিনু বিফল তপে অবরণ্যে বরি ;—
কেলিনু শৈবালে, ভুলি কমল-কানন !
স্বপ্নে তব কুললক্ষ্মী কয়ে দিলা পরে,—
"ওরে বাছা মাতৃ-কোষে রতনের রাজি,
এ ভিখারী-দশা তবে কেন তোর আজি ?
যা ফিরি, অজ্ঞান, তুই, যারে ফিরি ঘরে !"
পালিলাম আজ্ঞা সুখে ; পাইলাম কালে
মাতৃ-ভাষা-রূপে খনি, পূর্ণ মণিজালে ॥

৯৯ এডুকেশন গেজেট। ১৮৫৬ সালে এই বাংলা সাময়িক পত্র সরকারী তত্ত্বাবধানে প্রকাশিত হয়। ১৮৬৮ সালে ভূদেব মুখোপাধ্যায়ের সম্পাদনায় পত্রিকাটি উৎকর্ষের শীর্ষে উঠেছিল। ভূদেববাবুর অধিকাংশ রচনা, হেমচন্দ্র ও নবীনচন্দ্রের খণ্ড কবিতাবলী, নানাবিধ বিদ্রূপাত্মক রচনা এবং সাহিত্য সমালোচনা প্রকাশ করে তিনি পত্রিকাটিকে উচ্চমান দান করেন।

১০০ কবি রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়-(১৮২৭-৮৭)। নব্য ইংরেজী শিক্ষিত বাঙালি কবিগণের মধ্যে রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় বিশেষ জনপ্রিয়তা অর্জন করেছিলেন। ইংরেজী কাব্য সাহিত্যের সঙ্গে তাঁর মোটামুটি ভাল পরিচয় ছিল। ম্যূর, বায়রণ, স্কটের আদর্শে কবিতা রচনা করার চেষ্টা তিনি করেছিলেন। তাঁর কাব্যগ্রন্থাবলীর মধ্যে 'পদ্মিনী' 'কর্মদেবী' 'শূরসুন্দরী' 'কাঞ্চীকাবেরী' উল্লেখযোগ্য। কাব্য রচনায় তিনি যুগসন্ধিতে দাঁড়িয়ে আছেন। নবযুগের আদর্শ এবং প্রাচীন কাব্যের ঐতিহ্য এর মাঝখানে কবি দুলেছেন। তা ছাড়া কাব্যপ্রতিভার ক্ষেত্রেও তিনি খুব উচ্চভূমিতে অধিষ্ঠিত নন।

১০১ ওয়ার্ডস্‌ওয়ার্থ (১৭৭০-১৮৫০)—পূর্ববর্তী অধ্যায়ের পাদটীকা দ্রষ্টব্য।

১০২ মধুসূদন কিছুকাল পূর্বে এক চিঠিতে লিখেছিলেন টাসোর কাব্য অনুবাদের মাধ্যমে তিনি পড়েছিলেন। এখানে মূল কাব্য পড়বার কথা বলা হয়েছে। এই অল্প সময়ের মধ্যে তিনি এই ভাষা শিখেছিলেন মনে হয় না। মনে হয় মূল ভাষার গ্রন্থ না পাওয়ার জন্যই এতকাল অনুবাদে টাসোর কাব্য তাঁকে পড়তে হয়েছে একথাই কবি বলতে চেয়েছেন। নব্য ইতালীয় ভাষা তিনি কখন শিখেছিলেন জানা যায় না। লাতিন ভাষার জ্ঞান সম্ভবত এ বিষয়ে তাঁকে সহায়তা করেছিল।

১০৩ ফাদার লং।—লং সাহেব মধুসূদনকে দিয়ে দীনবন্ধুর নীলদর্পণের ইংরেজী অনুবাদ করান। ইংরেজমহলে এতে প্রবল আলোড়নের সৃষ্টি হয়। এই ঘটনায় লং সাহেবের জরিমানা হয়। তিনি মধুসূদনের নাম প্রকাশ করেন নি। কবির সঙ্গে তাঁর পূর্ব থেকেই ঘনিষ্ঠতা ছিল।

১০৪ প্রকাশের অল্পকাল মধ্যেই মেঘনাদবধ কাব্যের উপরে ইংরেজীতে রাজনারায়ণ বসু এক দীর্ঘ সমালোচনা লেখেন। পরবর্তীকালে রাজনারায়ণের গ্রন্থ 'বিবিধ প্রবন্ধে' (প্রথম খণ্ড ১৮৮২) উহার বঙ্গানুবাদ প্রকাশিত হয়। 'বাঙ্গালা ভাষা ও সাহিত্য বিষয়ক প্রস্তাবে'র মধ্যেও রাজনারায়ণ মেঘনাদবধ কাব্য সম্বন্ধে বিস্তৃত আলোচনা করেন।

১০৫ মেঘনাদের মৃত্যুতে তাঁর ব্যক্তিপ্রাণের সুগভীর বেদনার কথা এখানে বলা হয়েছে। কিন্তু কবি মধুসূদন এই ব্যক্তি-বেদনাকে প্রশ্রয় দিয়ে তাঁর রচনাকে কিছুমাত্র শিথিল হতে দেন নি। ব্যক্তিগত ভাবাবেগকে সংহত করে মেঘনাদের মৃত্যুর দৃশ্যে কবি শিল্পোৎকর্ষের চরম প্রমাণ দিয়েছেন।

১০৬ মিলটন সম্পর্কে কবি মধুসূদনের ভক্তির আতিশয্যের প্রমাণ এ কথায় মিলবে।

১০৭ বিদ্যোৎসাহিনী সভা। বঙ্গভাষার অনুশীলনের-এর জন্য ১৮৫৩ সালে কালীপ্রসন্ন সিংহ এই সভার প্রতিষ্ঠা করেন। কালীপ্রসন্ন প্রথম সম্পাদক। পরে উমেশচন্দ্র মল্লিক, ক্ষেত্রনাথ বসু ও রাধানাথ ন্যায়রত্নও এর সম্পাদক হয়েছিলেন। সাধারণত শনিবার সভার অধিবেশন হত, জ্ঞানগর্ভ প্রবন্ধাদি পাঠ ও বক্তৃতা দান ইহার নিয়মিত কর্মসূচীর অন্তর্ভুক্ত ছিল। মধুসূদনের সম্বর্ধনা, পাদরী লংকে অভিনন্দন জ্ঞাপন, বিদ্যাসাগরের সমাজসংস্কার আন্দোলনের সমর্থন প্রভৃতি কার্যেও সভা অগ্রণী ছিল। এই সভা বিদ্যোৎসাহিনী রঙ্গমঞ্চ প্রতিষ্ঠা করেছিল। 'বিদ্যোৎসাহিনী পত্রিকা' পরিচালনও এর অপর কীর্তি।

১০৮ কালীপ্রসন্ন সিংহ (১৮৪০-৭০)। কালীপ্রসন্ন সিংহ মাত্র তিরিশ বৎসর বেঁচে ছিলেন। কিন্তু এই অত্যল্পকালমধ্যে তিনি বাঙালি সমাজ এবং বাংলা ভাষা ও সাহিত্যের উন্নতির জন্য প্রভূত কাজ করে গিয়েছেন। বিচিত্র সমাজসংস্কার কার্যে, শিক্ষাবিস্তারে, সংবাদপত্র পরিচালনায়, সর্ববিধ দেশহিতৈষী কর্মতৎপরতায় এবং অমিত দানকর্মে তিনি প্রথম যৌবনেই সমাজের শীর্ষস্থানে আসনলাভ করেছিলেন। সমকালীন বাংলাদেশে এমন প্রগতিশীল আন্দোলন ছিল না যাতে কালীপ্রসন্ন জড়িত ছিলেন না। বাংলা সাহিত্যে তাঁর পরিচয় নাট্যকার, সাংবাদিক এবং গদ্যশিল্পী হিসেবে। 'বাবু' নামক প্রহসন এবং 'সাবিত্রী-সত্যবান' নামক পুরাণাশ্রিত নাটক ছাড়াও দু'টি সংস্কৃত নাটকের অনুবাদ তিনি করেছিলেন। তাঁর 'হুতোম প্যাঁচার নক্‌শা' ব্যঙ্গদৃষ্টি ও ভাষার চলিতরূপের জন্য উল্লেখযোগ্য। তাঁর অন্যতম মহাকীর্তি কতিপয় সংস্কৃতজ্ঞ পণ্ডিতের সহায়তায় সমগ্র মহাভারতের অসংক্ষেপিত অনুবাদ প্রকাশ করা।

১০৯ মধুসূদন এই সভায় বাংলা বক্তৃতা দিয়েছিলেন। বাংলা ভাষায় কাব্য-নাটক লিখে বাংলা সাহিত্যের শীর্ষে আসন লাভ করলেও চিঠিপত্র ইংরেজীতেই লিখতেন (একটি

ব্যতিক্রমের খবর আমাদের জানা আছে) ; কথাবার্তাও সাধারণত ইংরেজীতেই বলতেন। বাংলায় বক্তৃতা দেবার ব্যাপারে তিনি বিশেষ চিন্তিত হয়ে পড়েছিলেন—ঘটনাটি খুবই কৌতুককর।

১১০ 'মেঘনাদবধ কাব্যের' অষ্টম সর্গের নরক বর্ণনায় তিনি ভার্জিলের 'ঈনিড' কাব্যের প্রভাবের কথা বলেছেন। দান্তের কাব্য এবং হোমরের 'ওডেসি'র কিছু প্রভাবও এই বর্ণনায় লক্ষ্য করা যায়।

১১১ 'ইণ্ডিয়ান ফিল্ড' পত্রিকায় রাজনারায়ণ বসু তিলোত্তমাসম্ভব সম্পর্কে ইংরেজীতে প্রবন্ধ লিখেছিলেন। "তিলোত্তমাসম্ভবকাব্য Indian Field নামক সংবাদপত্রে আমি সমালোচনা করি।" —[আত্মচরিত : রাজনারায়ণ বসু।]

১১২ পাইকপাড়ার ছোটরাজা, বেলগাছিয়া নাট্যশালার প্রধান কর্মকর্তা ঈশ্বরচন্দ্র সিংহের অকালমৃত্যুর উল্লেখ করা হয়েছে।

১১৩ নাটক রচনার ব্যাপারে মধুসূদনের যে তিক্ত অভিজ্ঞতা হয়েছিল তার চিহ্ন মিলছে এই পত্রে।

১১৪ হরিশ মুখোপাধ্যায় (১৮২৪-৬১)। 'হিন্দু পেট্রিয়টে'র সম্পাদক ছিলেন। তাঁর স্বদেশপ্রেমের জ্বলন্ত স্পর্শে পত্রিকার রচনাগুলি উজ্জ্বল ছিল। নীলকরদের বিরুদ্ধে তিনি অবিশ্রাম তাঁর লেখনী পরিচালনা করতেন।

১১৫ মধুসূদন কত গভীরভাবে মিলটনের কাব্যরসাস্বাদ করতেন তার সুন্দর পরিচয় আছে এই অনুচ্ছেদে।

১১৬ পূর্বে এক পত্রে মেঘনাদ বধ রচনাকালে তিনি একে Epic বলে দাবি জানান নি, Epicling লিখে লিখে হাত পাকাবার কথা বলেছেন। এখানে কাব্যটি শেষ হবার পরে তিান এটিকে Epic বলে অভিহিত করছেন।

১১৭ ধূমকেতুর এই উপমায় মধুসূদন তাঁর নিজের কাব্যস্বর্গে দ্রুত ও আকস্মিক আবির্ভাব এবং (না জেনেহ) সেখান থেকে দ্রুত পতনের ইঙ্গিত করেছেন।

১১৮ ১৮৬৬ সালে রাজনারায়ণ বসুর 'ধর্মতত্ত্বদীপিকা' পুস্তকের প্রথম ভাগ প্রকাশিত হয়েছিল। এখানে সেই পুস্তকের প্রসঙ্গই তোলা হয়েছে।

১১৯ মুসলমানী কাহিনীর মধ্যে প্রবৃত্তির যে উচ্চকণ্ঠ সংক্ষোভ ও প্রবল তরঙ্গিত ভাব আছে মধুসূদনের কবিচিত্তের সেদিকে কিছু প্রবণতা ছিল। রিজিয়ার কাহিনী নিয়ে কাব্য-নাট্য রচনার পরিকল্পনা তিনি করেছিলেন। মহররমের কাহিনী নিয়ে কাব্য রচনার পরিকল্পনা তিনি করেন নি, কিন্তু ঐ বিষয়ের কাব্যসম্ভাবনায় তিনি গভীর বিশ্বাস পোষণ করতেন।

১২০ মধুসূদন সেক্সপীরিয় নাটকের সমাজ পরিবেশের তুলনায় বাংলাদেশের সামাজিক ও নৈতিক অবস্থার স্বাতন্ত্র্য গভীরভাবে অনুভব করেছেন। বিশেষভাবে নাট্যরচনায় ও অভিনয়ের ব্যাপারে সমকালীন সমাজজীবন ও চিন্তাধারার দিকে পেছন ফিরে চলা অসম্ভব এই বোধ তাঁর ছিল, এজন্য তাঁর সদামুক্ত কবিচিত্ত অন্তরে অন্তরে ক্লিষ্ট হয়েছে। তাঁর নাট্যসৃষ্টিতে কাব্য রচনার ন্যায় কবিপ্রাণের পরিপূর্ণ জাগরণ অনুভব করা যায় না।

কাব্যসৃষ্টির কালে তিনি সমকালীন সমাজজীবন ও নৈতিকতার বাধা কোথাও বোধ করেছেন এমন প্রমাণ নেই।

১২১ মধুসূদনের কানে ছন্দোসঙ্গীত কত সূক্ষ্মভাবে ধরা পড়ত তার কিঞ্চিৎ পরিচয় আছে এখানে।

১২২ 'মধুসূদনের হিন্দু কলেজের ইংরাজী শিক্ষক মেজর ডি. এল. রিচার্ডসন্ ১৮৫৯ খ্রীষ্টাব্দে প্রেসিডেন্সী কলেজে ইংরাজি সাহিত্যের অধ্যাপনাকার্যে নিযুক্ত হইয়া কলিকাতায় ফিরিয়া আসেন। কিন্তু পর বৎসর সেক্রেটারী অব্ ষ্টেট সহসা তাঁহার অধ্যাপকের পদ বাতিল করিয়া দেওয়াতে, মেজর রিচার্ডসন্ নিরতিশয় বিপন্ন হইয়া তাঁহার বন্ধুবর্গের ও ছাত্রবৃন্দের নিকট, স্বদেশ প্রত্যাগমনের নিমিত্ত সাহায্যপ্রার্থী হন। তাঁহারা একটি কমিটি গঠিত করিয়া মধুসূদনের বন্ধু গৌরদাস বসাককে সেক্রেটারী নিযুক্ত করিয়া, চাঁদা তুলিয়া চারি হাজার টাকার তোড়া, একখানি অভিনন্দন পত্রের সহিত ১৮৬১ খ্রীষ্টাব্দের ৫ই ফেব্রুয়ারী মঙ্গলবার, টাউনহলে প্রকাশ্য সভায় রিচার্ডসনকে প্রদান করেন।" —(মধুস্মৃতি: নগেন্দ্রনাথ সোম।) উক্ত অভিনন্দন পত্রের খসড়া মধুসূদনকে দেখতে দেওয়া হয়। বর্তমান পত্রটি উক্ত প্রসঙ্গে গৌরদাসকে লেখা।

১২৩ সেই যুগের পক্ষে সাহিত্য-রসাস্বাদকে সর্ববিধ ধর্মীয় ভাবনা থেকে মুক্ত করার এই সিদ্ধান্ত নিঃসন্দেহে বৈপ্লবিক। বৈষ্ণবপ্রেমধর্ম ব্রাহ্মধর্মাবলম্বী রাজনারায়ণের নিকটে ধিকৃত ছিল। ব্রজাঙ্গনা কাব্য সম্বন্ধে তাঁর নীরবতার প্রধান কারণটি ধর্মচেতনাজাত।

১২৪ মধুসূদন এখানে বৈষ্ণব মহাজন পদকর্তাদের কথা বলেছেন বলে মনে হয় না। সম্ভবত কবিওয়ালা ও পাঁচালী গায়কদের রাধা-কৃষ্ণ বিষয়ক যে সঙ্গীত সমকালে প্রচলিত ছিল তার রুচিহীনতার প্রতি লক্ষ্য রেখেই কবি একথা বলেছেন।

১২৫ 'সিংহল বিজয়' কাব্যের ২২।২৪ চরণ মাত্র লেখা হয়েছিল। সম্ভবত এ কাব্যের কথাই বলা হয়েছে। কবি এ কাব্য নিয়ে আর অধিক অগ্রসর হন নি। প্রকৃতপক্ষে অন্য কোন মহাকাব্য লেখার অনুপ্রেরণা তাঁর কবিচিত্তকে আলোড়িত করে নি। 'সিংহল বিজয়' সম্বন্ধে মধুসূদনের পরিকল্পনা ছিল নিম্নরূপ—

"Book I—Invocation; description of the voyage. They near Ceylon when মুরজা excites পবন to raise a storm which disperses the fleet. The ship with বিজয় and his immediate followers, is wrecked on an unknown island. The hero lands and after worshipping the দেবতা of the place, and eating the প্রসাদ wanders out alone to explore the island. লক্ষ্মী prays বিষ্ণু to defeat the ill designs of মুরজা। He consoles her and by a favourable gale directs the other ships to the same port. The chiefs alarmed by the absence of the prince send messengers all around to seek him. On the return of the messengers without the prince, they set sails and retire to a neighbouring island and encamp there.

Book II—The adventures of বিজয়। মুরজা on finding বিজয় seperated from his companions, sends a যক্ষ to lead him to the city of the king of the Island (Andaman). He marries বিমোহিনী the

king's daughter and has a castle in a distant wood assigned for his residence. In the society of his wife he forgets the purpose of his voyage, as well as his companions.
Book III.–লক্ষ্মী sends বিজয় a vision. He prepares to leave his new home in search of the companions of his voyage, as also of the island-kingdom, promised to him and his descendant."

—[মাইকেল মধুসূদন দত্তের জীবন চরিত : যোগীন্দ্রনাথ বসু]

এই পরিকল্পনায় 'ওডেসী' এবং 'ঈনিড' কাব্যের প্রভাব লক্ষ্য করা যায়। প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, রাজনারায়ণ বসু রাজেন্দ্রলাল মিত্রের কাছে লেখা চিঠিতে 'সিংহল বিজয়' কাব্য সম্পর্কে যে পরিকল্পনা দিয়েছিলেন (পূর্ববর্তী এক পত্রে এর উল্লেখ আছে) তার সঙ্গে মধুসূদনের নিজস্ব পরিকল্পনার গুরুতর পার্থক্য আছে।

১২৬ তিলোত্তমাসম্ভব কাব্যের পরবর্তী সংস্করণে এর ভাষা ও ছন্দ অনেকটা মার্জিত হয়।

১২৭ কবির কণ্ঠে যেন নিয়তির অমোঘ নির্দেশ ধ্বনিত হয়েছে। সাফল্যের শীর্ষে বসে কবি ট্রাজিক পরিণতির ব্যর্থতা যেন দেখতে পাচ্ছেন। প্রকৃতপক্ষে ইংলণ্ড গমন তাঁর কাব্য-জীবনের উপর যবনিকা টেনে দিয়েছিল।

১২৮ সুপ্রসিদ্ধ ইংরেজী পত্রিকা Hindu Patriot-এর সম্পাদকের দায়িত্বভার মধুসূদন কিছুকাল পালন করেছিলেন, যতীন্দ্রমোহন ঠাকুর ও বিদ্যাসাগর মহাশয়ের অনুরোধে।

১২৯ মধুসূদন বেঁচেছিলেন এবং য়ুরোপ থেকে ফিরে এসেছিলেন, কিন্তু তাঁর মধ্যেকার কবিটিকে হারিয়ে এসেছিলেন।

১৩০ বীরাঙ্গনা কাব্য

১৩১ বীরাঙ্গনা কাব্যের দ্বিতীয় অংশের জন্য কয়েকটি কবিতা তিনি লিখতে শুরু করেছিলেন। ধৃতরাষ্ট্রের প্রতি গান্ধারী, অনিরুদ্ধের প্রতি ঊষা, যযাতির প্রতি শর্মিষ্ঠা, নারায়ণের প্রতি লক্ষ্মী, নলের প্রতি দময়ন্তী, ভীমের প্রতি দ্রৌপদী প্রভৃতি পত্রগুলির কতকাংশ রচিত হয়েছিল, কিন্তু কোনটির সমাপ্তি ঘটেনি।

১৩২ বিদ্যাসাগরের ব্যক্তিত্ব ও মাহাত্ম্য সম্বন্ধে মধুসূদনের একটি স্পষ্ট ধারণা ছিল। এখানে তা অতি সংক্ষিপ্ত ভাষায় সুন্দর অভিব্যক্ত হয়েছে।

১৩৩ কবি হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় (১৮৩৯-১৯০৩) মেঘনাদবধ কাব্যের সটীক দ্বিতীয় সংস্করণ প্রস্তুত করেন এবং একটি সমালোচনাত্মক ভূমিকাও লেখেন। "Real B. A."-র এই সমালোচনা কিন্তু সমালোচনা হিসেবে কোনরূপ উৎকর্ষের দাবি করতে পারে না।

১৩৪ কেশবচন্দ্র গঙ্গোপাধ্যায় বেলগাছিয়া রঙ্গালয়ের একজন বিশিষ্ট অভিনেতা ছিলেন। মধুসূদনের নাটকে তিনি বিদূষকের ভূমিকায় অভিনয় করেছেন। মধুসূদনের সঙ্গে তাঁর ঘনিষ্ঠ বন্ধুত্ব হয়েছিল। তাঁর অভিনয়ের প্রশংসায় কবি ছিলেন পঞ্চমুখ। নাটক সম্বন্ধে তাঁর মতামতের প্রতিও কবির শ্রদ্ধা ছিল।

১৩৫ সুভদ্রাহরণ নামে কবি যে কাব্য লিখতে আরম্ভ করেন তার সঙ্গে এই রচনার কোন

মিল নেই। এটি একটি নাট্যকাব্য। নাট্যকাব্য রচনার প্রতি কবিচিত্তের আগ্রহ লক্ষণীয়। মাদ্রাজ প্রবাসকালে তিনি ইংরেজীতে 'রিজিয়া' নামক নাট্যকাব্য লিখেছিলেন। বাংলায়ও অসম্পূর্ণ এক নাট্যকাব্য 'রিজিয়া' লিখতে আরম্ভ করেছিলেন। অসম্পূর্ণ 'সুভদ্রা' পাওয়া যায় নি।

১৩৬ পরবর্তী কালে মধুসূদন এই মর্মে একটি সনেট লিখেছিলেন—

বড়ই নিষ্ঠুর আমি ভাবি তারে মনে,
লো ভাষা, পীড়িতে তোমা গড়িল যে আগে
মিত্রাক্ষর-রূপ বেড়ি! কত ব্যথা লাগে
পর যবে এ নিগড় কোমল চরণে—
স্মরিলে হৃদয় মোর জ্বলি উঠে রাগে!
ছিল না কি ভাব-ধন, কহ, লো ললনে,
মনের ভাণ্ডারে তার, যে মিথ্যা সোহাগে
ভুলাতে তোমারে দিল এ কুচ্ছ ভূষণে?—
কি কাজ রঞ্জনে রাঙি কমলের দলে?
নিজ-রূপে শশিকলা উজ্জ্বল আকাশে!
কি কাজ পবিত্রি মন্ত্রে জাহ্নবীর জলে
কি কাজ সুগন্ধ ঢালি পারিজাত-বাসে?
প্রকৃত কবিতা-রূপী প্রকৃতির বলে,—
চীন-নারী-সম পদ কেন লৌহ-ফাঁসে?

১৩৭ Alexandrine—"The standard metre, since the 16th century, of French poetry, especially dramatic poetry. It is a 12-syllable line having, in its 17th Century 'classic' form, a caesura or sense-pause after the 6th syllable ;... In English Poetry the Alexandrine has conquered a permanent place as the final line of the Spenserian stanza." [Encyclopaedia of Literature Vol 1.]
মধুসূদন তাঁর 'সুভদ্রা' কাব্যনাট্য ১২ মাত্রার ছন্দ alexandrine-য়ের অনুকরণে লিখতে আরম্ভ করেছিলেন।

১৩৮ "Hexameter—a metrical line of six feet or (in English, German etc.) of six stresses ; the dactylic hexameter is the general metre in Latin also of didactic and Satirical poetry. It has been imitated in modern Languages, as in English by Richard Stanyhurst in his translation of the 'Aeneid', Longfellow in 'Evangetine,, Clough in 'The Bothie', and by Robert Bridges, in German by Goethe in 'Hermann und Dorothea'; 16th Century French attempts were a failure" —[Encyclopaedia of Literature, Vol I]

১৩৯ Thomas Sackville Dorset (Lord Buckhurst) (১৫৩৬-১৬০৮)। মধুসূদন ১৫২৭ সালকে তাঁর জন্মবৎসর বলে ভুল করেছেন। ইংরেজ কবি এবং নাট্যকাররূপে সমকালে খ্যাত হয়েছিলেন। Gorboduc নাটকের শেষ দুই অঙ্ক তাঁর লেখা। ১৫৬২ সালে রচিত এই ট্রাজেডিতে প্রথম ইংরেজী অমিত্রাক্ষর ছন্দ ব্যবহৃত হয়।

১৪০ সেক্সপীয়র—(১৫৬৪—১৬১৬)। বিশ্বের শ্রেষ্ঠ নাট্যকার! মধুসূদন সেক্সপীয়রের নাটককে আদর্শ বলে মনে করতেন। কৃষ্ণকুমারী-তে এই আদর্শের অনুসরণে তিনি কিছুটা সাফল্য অর্জন করেছিলেন।

১৪১ ডেভিড গ্যারিক (১৭১৭-৭৯)। বিখ্যাত ইংরেজ অভিনেতা ও লেখক। কেশব গঙ্গোপাধ্যায়কে কবি গ্যারিক বলে সম্বোধন করতেন।

১৪২ 'ভগ্ন শিবমন্দির' প্রহসনটির পরে নামকরণ হয় 'বুড়ো সালিকের ঘাড়ে রোঁ'।

১৪৩ টড রচিত Annals of Rajasthan কল্পনা, কিম্বদন্তী ও ইতিহাসের মিশ্রণে রচিত হলেও দীর্ঘকাল এদেশের স্বাদেশিক অনুভূতিকে বর্দ্ধিত করায় সহায়তা করেছে।

১৪৪ সেক্সপীয়রের নাটক।

১৪৫ বেলগাছিয়া থিয়েটার তখন বন্ধ ছিল। বেলগাছিয়া নাট্যশালায় প্রথম অভিনয় হয় ১৮৫৮ সালের ৩১শে জুলাই, রত্নাবলী নাটক। শেষ অভিনয় হয় 'শর্মিষ্ঠা'। ১৮৫৯ সালের ২২শে সেপ্টেম্বর শর্মিষ্ঠার ষষ্ঠ বা শেষ অভিনয় হয়। "শর্মিষ্ঠার অভিনয়ের পর বেলগাছিয়া নাট্যশালায় আর কোন অভিনয় হয় নাই।"

—[ব্রজেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায়]

১৪৬ নাটক পড়বার জন্য নয়, অভিনয়ের জন্য, এ বিষয়ে মধুসূদন একরূপ নিশ্চিত ছিলেন।

১৪৭ প্রাচীনকালের বিখ্যাত রোমান অভিনেতা।

১৪৮ নাটক রচনায় মধুসূদন বাইরের ও ভেতরের বিচিত্র সব প্রতিবন্ধকতা অনুভব করেছেন। কাব্যরচনায় অনুরূপ ব্যাপার ঘটে নি।

১৪৯ বঙ্কিমচন্দ্র কালিদাস এবং সেক্সপীয়রের মধ্যে তুলনামূলক আলোচনা প্রসঙ্গে অনুরূপ কথা বলেছেন। এই গ্রন্থের মুখবন্ধের আলোচনা দ্রষ্টব্য।

১৫০ য়ুরোপীয় নাট্যকলার আদর্শে এদেশীয় নাটককে নাটকাকারে রচিত কাব্য বলাই শ্রেয়।

১৫১ উইলসন বিশিষ্ট সংস্কৃতজ্ঞ পণ্ডিত ছিলেন। সংস্কৃত ভাষা ও সাহিত্যের গুণগ্রাহী হিসেবে তিনি খ্যাতি অর্জন করেছিলেন।

১৫২ কবি নিজ নাট্যসাহিত্যের তীক্ষ্ণ সমালোচক হিসেবে এখানে দেখা দিয়েছেন।

১৫৩ জনসন (১৫৭২—১৬৩৭)। "English actor, poet, dramatist and critic who received a good classical education at Westminster under Camden, ... His nondramatic verse shows moie intellect than poetic fervour, but the sensibility of his lyrics accords with the quality of imagination which he felt able to set free in his masques. Never popular as a tragic writer, nevertheless he shows in 'Sejanns' and 'Catiline' powers of concentration, construction and plotting which are matched by his command of Blank Verse. In 'Volpone' his verse is again superbly fitting to satirical comedy, neither too high, nor too low, and he shows the same mastery of plot, characterization and dramatic situations as in his prose comedies... Johnson's comedy of humours grows from observation exploiting the ridiculous quality of gross idiosyncrasy allowed to satirize itself."

[—Encyclopaedia of lit. vol—2]

১৮৬৩ সালের ২রা মে—সন্তানদের সহ হেনরিয়েটার য়ুরোপ আগমন।

১৮৬৩ সালের মধ্যভাগে—সপরিবারে কবির লণ্ডন ত্যাগ করে ভার্সাই আগমন।

১৮৬৪ সালের ২৮শে আগষ্ট—বিদ্যাসাগর-প্রেরিত অর্থ প্রথম পৌঁছল।

১৮৬৫ সালের শেষভাগে—ইংলণ্ড আগমন ও আইন অধ্যয়ন পুনরারম্ভ।

১৮৬৬ সালের ১লা আগষ্ট—চতুর্দশপদী কবিতাবলী প্রকাশিত।

১৮৬৬ সালের ১৭ই নভেম্বর—গ্রেজ ইন থেকে ব্যারিষ্টারী পাস।

১৮৬৭ সালের ৫ই জানুয়ারী—য়ুরোপ থেকে ভারত অভিমুখে যাত্রা।

[88]

S. S. Ceylon,[১] off Malta
Friday, 11th July, 1862

My dear Gour,

I sit down to scribble a few lines to you, my good old friend, from on board the good steamship "Ceylon"—quite a fairy castle afloat, my Boy. You have no idea of the magnificence that characterises almost every thing on board, The saloon is worthy of a palace, the cabins fit for Princes. But of all that by and bye—when I am in England and able to afford time for an elaborate description of the voyage. I am at this moment floating down the famous Mediterranean sea with the rocky coast of North Africa in view ! Yesterday we were at Malta, last Sunday at Alexandria. In a few days more, I hope, we shall be in England. Just 32 days ago, I was in Calcutta ! Is not this travelling with wonderful rapidity ? But the journey has its dark side also. Patience, my Friend, and you will hear everything. I intend drawing up a long account of the trip for the "Indian Field"[২] and asking the Editor[২ক] to send you a copy of his paper, in case you are no subscriber to it. What are you doing with yourself, old Fellow ? I wish I had half a dozen of our countrymen on board. We would form a party by ourselves. Do you know where our Hurry is ? If so, kindly remember me to him. Don't reply to this till you hear from me from England. As soon as I get there, I shall give you my address ; then you can fire away to your hearts' content, though I fear,

I should n't have much time to devote to my friends, for, I am bent upon learning my profession and winning honours.

Off the coast of Spain,[৩]
Sunday.

I have suffered this letter to lie idle those two days; but I must finish it today. We expect to be at Gibralter to-morrow morning and I must despatch it from that station. You cannot imagine how calm the sea is to-day; it is for all the world, like our own Hoogly. The weather is somewhat like the middle of November with us, neither very cool, nor very hot. I thought we should find it much colder. But people say, it will be different when we get into the Atlantic and the famous Bay of Biscay.! As for news, I have scarcely any to give you now, though I hope to satisfy you when I get to London. I assure you, I can scarcely believe that I am every minute nearing that land of which I have thought so much even from my boy-hood. But truth is stranger than fiction! Let me now hasten to conclude, but not before I have assured you, how sincerely, I am my dear Gour, ever yours affectionately—

[89][৪]

16th September, 1862.[৫]

I feel very dull and sad, and have been so since my removal, but I must accustom myself to this state of things, especially as both of you[৬] are going to leave town, in so short a time. I need scarcely say that I miss both of you very much.

Yesterday I went out of town by rail with a gentleman who is a fellow-lodger. We went to the famous Kewgardens, then to Richmond, and afterwards to the famous palace of Cardinal Wolsey—Hampton Court. I thought of you and of our dear Satyendra.[৭] I can scarcely describe to you the wonders. I saw what a pity you don't stir out of London and see these wonderful places. These places add an air of romantic reality to the dry historical facts we learnt in

our younger days. I am quite in love with Hampton Court.[৭ক] It is as oriental as this rigourous climate would allow, The house is divided into what we would call mahals (মহল); each division has its courtyard or উঠান। The pictures and the guilded ceilings are wonderful.

I am very dull and melancholy and long to see you both. Pray let me know if you have a quiet, cheap, little inn near your place. I am glad you are getting reconciled to your present retreat.

[90]

14th November, 1862.

Work on, my boys, win all manner of honours ; we are all of us in for it. While the whole country is almost silent about that T—we three, I dare say, are the theme, of frequent discourse among our countrymen.

[91]

8th January, 1863

London has been dreadfully foggy these two days. What a brutal country is this, by Jove ! But as the poet says "To bear is to conquer our fate." I am glad you and our little Indra[৮] are getting on well. Remember, my boys, that the eyes of your nation are on you.

২৩ মূল চিঠিতে এখানে একটি দীর্ঘ হিসাব ছিল। হিসাবের সব অঙ্কগুলি মূল চিঠির কাগজ নষ্ট হয়ে যাওয়ায় পড়া যাচ্ছে না। তাই সেটুকু যোগ করার চেষ্টা করলাম না। নগেন্দ্রনাথ সোম যখন প্রথম মুদ্রিত করেন তখন এই অংশ কেন বাদ দিয়েছিলেন বোঝা যায় না। মূল চিঠি তখন সম্ভবত বর্তমানের ন্যায় গলিত হয়ে পড়ে নি।

২৪ এই পত্রটি ভার্সেলেস থেকে বিদ্যাসাগরকে লেখা। এটি অসম্পূর্ণ।

২৫ সেক্সপীয়রের নাটক।

২৬ লণ্ডনের তীব্রশীত, অত্যধিক কুয়াশা সম্পর্কে কবি একাধিক পত্রে বিরূপ মন্তব্য করেছেন।

২৭ য়ুরোপীয় ভোগবাদের আদর্শে মধুসূদন যে সম্পূর্ণত দীক্ষিত হয়েছিলেন এই কথাগুলিতে তার সুন্দর প্রমাণ মিলবে।

২৮ কবি পূর্ববর্তী অনুচ্ছেদেই সোচ্চার হয়েছিলেন মর্তে মূর্ত অমরাবতী—ফরাসীদেশের প্রশংসায়, নিন্দা করেছিলেন ভারতের জীবনযাত্রাপ্রণালীকে। সঙ্গে সঙ্গেই জন্মভূমি সাগরদাঁড়ী আর ক্ষুদ্র নদী কপোতাক্ষের কথা তাঁর মনে পড়ে গেল। কবির মনে বিপরীতমুখী তরঙ্গান্দোলন কি ভাবে ঘনীভূত হয়েছিল ভাবলে বিস্মিত হতে হয়। একটু পরেই আবার বাংলাদেশের গ্রামাঞ্চলকে বাসের অযোগ্য বলে তিনি ঘোষণা করেছেন।

২৯ মধুসূদন বিদ্যাসাগরের নিকটে লিখিত পত্রেও য়ুরোপে ভারতীয়দের শিক্ষাবিষয়ে অনুরূপ মন্তব্য করেছেন। বাল্যাবধি সেখানে বাস করলেই মাত্র মনে-প্রাণে য়ুরোপীয়দের সমকক্ষ হয়ে ওঠা যায়।

৩০ ইতালীয় কবিতার অনুসরণে তিনি সনেট লিখতে শুরু করেছিলেন। কিন্তু ফরাসী-রীতিতে তিনি কি লিখেছিলেন বলা যায় না।

৩১ প্রকৃত ট্রাজিক হাহাকার এখানে শ্রুত হয়েছে। পূর্বে এক পত্রে বিদ্যাসাগরকে লিখেছিলেন 'বৃথা হে জলধি আমি বাঁধিনু তোমারে'—সেখানে অর্থাভাবে ইংলণ্ড যাবার উদ্দেশ্য বিনষ্ট হওয়ায় দুঃখ প্রকাশ করা হয়েছে। সে সমস্যার সমাধান হয়েছিল। কিন্তু হৃদয়-পদ্ম থেকে কাব্যলক্ষ্মীর অন্তর্ধান ঘটেছে নিশ্চিত। সেখানেই তাঁর কবি-ব্যক্তিত্বের ট্রাজেডি।

৩২ লক্ষণীয় গৌরদাসকে লেখা এই চিঠিতে অর্থাভাবের কথা কিছুই নেই।

৩৩ ভার্সেলেস থেকে এই পত্রটি মনোমোহন ঘোষকে লেখা। তিনি তখন সম্ভবত ইংলণ্ডে

ছিলেন। পত্রটি ফরাসী ভাষায় লেখা, ইংরেজী অনুবাদ মনোমোহন ঘোষের নিজের। পত্রটি অসম্পূর্ণ।

৩৪ কবি তাঁর জীবনকে সম্ভবত কৌতুক করেই কমেডি বলেছেন। তা না হলে ১৮৬৪ সালের অক্টোবর মাসে জীবনকে মধুসূদনের কমেডি মনে হবার কথা নয়।

৩৫ ভার্জিলের 'ঈনিড' কাব্যের প্রসঙ্গ উদ্ধার করা হয়েছে।

৩৬ গ্যেটে—(১৭৪৯—১৮৩২)। 'Faust' তাঁর প্রধানতম রচনা, বিশ্বসাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ রচনা। জার্মান সাহিত্যের ইতিহাসে গ্যেটের ভূমিকা (শীলারের সহযোগিতায়) সম্পর্কে বলা হয়েছে, "The years which followed (অর্থাৎ অষ্টাদশ শতাব্দীর শেষ ভাগ) are dominated by the figure of Goethe. His gradual development from his early days of revolt towards the harmonious balance of opposing forces resulted in works of depth and beauty in a serene classical vein, especially after his journey to Italy in 1786. By the end of the century, Weimer, a small princely residence, became the centre of literary life in Germany, the place, where Goethe, Schiller, Herder and Weiland lived and worked ; it has given its name to the German classical movement, of which the two friends Goethe and Schiller, working in close association from 1794 until Schiller's death in 1805, are the principal figures. Both of them in their own Persons incorporated in their different ways the lofty ideal of 'Humanitat' characteristic of the later 18th century in Europe. The aesthetic writings, dramas and philosophical poetry of Schiller, the lyrics, dramas and novels of Goethe gave the German people a body of literature, classic in more senses than one, to which succeeding generation has been deeply indebted."

[L. W. Forster : Cassell's Encyclopaedia of Lit. Vo 1]

গ্যেটে শিল্পীএবং চিন্তাশীল মনীষী ব্যক্তি ছিলেন। তাঁর জীবন, কর্ম, মনন ও শিল্পসৃষ্টির মধ্যে সুন্দর সমন্বয় সমালোচকেরা দেখতে পেয়েছেন, "Goethe said that his works were fragments of a great confession, and though they were the greatest writing of their time, they only account for a fraction of the collosal shadow cast by his personality. His entire life was his works of art..."

[H. A. Phillips : Cassell's Encyclopaedia of lit. vol 1]

৩৭ শিলার (১৭৫৯—১৮০৫)। বিখ্যাত জার্মান নাট্যকার। জার্মান সাহিত্যে তাঁর বিশিষ্ট ভূমিকা সম্বন্ধে গ্যেটে বিষয়ক মন্তব্য দ্রষ্টব্য। "Schiller's career falls into three periods. From 1781 to 1784, he was a writer of 'sturm and Drang', expressing social criticism in realistic terms. From 1785 to 1796 he was mainly an historian and a philosopher. From 1796 until his death Schiller wrote mature verse plays, all exhibiting tense dramatic situations, noble rhetoric, sharp characterization and an exalted conception of the drama. In philosophy he was largely a Kantian, but in Aesthetics he maintained that

Psychological equilibrium is the aim of art. His historical works, though conscientious reveal the rhetorical dramatist."

—[H. B. Galand]

৩৮ ওয়েবার (১৮১৩—৯৪)—"German poet. A Roman Catholic physician, translated Tennyson; his narrative poem 'Dreizehnlindeu'—treated the conversion of the Saxons in 829...In all his works piety was the key note."—[Cassell's Encyclopaedia of Literature Vol 2]

৩৯ এই উপমায় কবির পৌরুষব্যঞ্জক আত্মশ্লাঘা চমৎকার প্রকাশ পেয়েছে।

৪০ মেতার—য়ুরোপীয় বিখ্যাত সংস্কৃতজ্ঞ পণ্ডিত। তিনি উনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে বর্তমান ছিলেন।

৪১ গোল্ডষ্টুকার (১৮২১—৭২) বিখ্যাত সংস্কৃতজ্ঞ জার্মান পণ্ডিত। তিনি লণ্ডন বিশ্ববিদ্যালয়ের সংস্কৃতভাষার অধ্যাপক ছিলেন। মধুসূদনের সঙ্গে তাঁর ঘনিষ্ঠ পরিচয় ঘটেছিল। গোল্ডষ্টুকার পাণিনির মহাভাষ্যের একটি সংস্করণ, ভারতীয় পুরাণ ও দর্শনবিষয়ক অনেকগুলি প্রবন্ধ এবং হিন্দুব দায়ভাগ সম্পর্কে একখানা গ্রন্থ রচনা করেছিলেন। কবি তাঁর সম্বন্ধে একটি সনেট লিখেছিলেন—

পণ্ডিতবর থিওডোর গোল্ডষ্টুকর
মথি জলনাথে যথা দেব-দৈত্য-দলে
লভিলা অমৃত-রস, তুমি শুভক্ষণে
যশোরূপ সুধা, সাধু, লভিলা স্ববলে,
সংস্কৃতবিদ্যা-রূপ সিন্ধুর মথনে!
পণ্ডিত-কুলের পতি তুমি এ মণ্ডলে।
আছে যত পিকবর ভারত-কাননে,
সুসঙ্গীত-রঙ্গে তোষে তোমার শ্রবণে।
কোন রাজা হেন পূজা পায় এ অঞ্চলে?
বাজায়ে সুকল বীণা বাল্মীকি আপনি
কহেন রামের কথা তোমায় আদরে;
বদরিকাশ্রম হতে মহাগীত-ধ্বনি
গিরি-জাত স্রোতঃ সম ভীম-ধ্বনি করে!
সথা তব কালিদাস, কবি-কুল-মণি!
কে জানে কি পুণ্য তব ছিল জন্মান্তরে?

৪২ কবি এই ঘটনাটির উল্লেখ করেছেন গৌরদাস বসাকের কছে লেখা এক চিঠিতেও। কবি এই ঘটনাটিকে এত গুরুত্ব দিচ্ছেন কেন? কবি ফরাসীদেশের বিপ্লববাদীদের সমর্থক ছিলেন না, ছিলেন রাজতন্ত্রের ভক্ত। এটি অন্যতম কারণ হলেও কবির মধ্যে আত্মপ্রচারকামী একটি মন ছিল। এই ঘটনায় তার উচ্চকণ্ঠও শোনা যায়।

৪৩ অক্টোবরে এই চিঠি লেখা। কবির আর্থিক সঙ্কট তখনও অত্যন্ত তীব্র। এই চিঠিরই প্রারম্ভে বলা হয়েছে যে তাঁর পক্ষে নভেম্বরে লণ্ডন গিয়ে ব্যারিষ্টারী শিক্ষার 'টার্মে' যোগ

দেওয়া সম্ভব নাও হতে পারে। এর একমাত্র কারণ যে কবির অর্থাভাব তাতে সন্দেহ নেই। সেই অবস্থায় এ জাতীয় প্রশান্ত নিসর্গ সম্ভোগ মধুসূদনের মত ব্যক্তির পক্ষেই সম্ভব। কবি এ বিষয়ে একটি সনেট লিখেছিলেন—"ভারসলেস্ নগরে রাজপুরী ও উদ্যান"। কবিতাটিতে হতগৌরব নগরীর প্রাচীন বীর্য ও সৌন্দর্যের জন্য দুঃখপ্রকাশ করা হয়েছে।

৪৪ বিদ্যাসাগরের কাছে ভার্সেলস থেকে এই পত্র লিখিত হয়। এটি অসম্পূর্ণ।

৪৫ কবি সর্বসমেত ১০টি 'টার্মে' যোগ দিয়েছিলেন। মনোমোহন ঘোষ ৮টি টার্মে যোগ দিয়েও হাইকোর্টে ব্যবসায় করবার অনুমতি পেয়েছিলেন। মনে হয় এ ব্যাপারে ততটা কড়াকড়ি ছিল না।

৪৬ ভার্সেলস থেকে বিদ্যাসাগরকে লেখা পত্রটি অসম্পূর্ণ।

৪৭ মধুসূদনের সাংবাদিক মনটি এখানে চকিতে ধরা দিয়েছে। সাংবাদিক হিসেবে মধুসূদনের কৃতিত্ব সম্বন্ধে আলোচনা করা কঠিন। কারণ প্রয়োজনীয় তথ্য প্রায় অবলুপ্ত। কিন্তু সেকালে ইংরাজি পত্রিকা পরিচালনায় তিনি বিশিষ্টতা অর্জন করেছিলেন।

৪৮ কবি তাঁর নিজের স্বভাবের প্রবল অমিতব্যয়ীতা সম্পর্কে সচেতন দেখা যাচ্ছে। মধুসূদনের মাসিক আয় তখন ৫০০ টাকার মত।

৪৯ ভার্সেলেস থেকে বিদ্যাসাগরকে লেখা পত্রখানি অসম্পূর্ণ!

৫০ কবির বয়স তখন ৪১ বৎসর।

৫১ কবি বাংলা গদ্যের কথাই বলেছেন।

৫২ শ্রীশ ন্যায়রত্ন।

৫৩ ভার্সেলেস থেকে বিদ্যাসাগরকে লেখা একটি পত্রের অংশ। মূল চিঠিটি নষ্ট হয়ে যাওয়ায় পূর্ণতর পাঠ উপস্থিত করা গেল না।

কবি ইতালীয়ান ভাষা কলকাতা থাকতেই কিছুটা জানতেন, কারণ মূল ভাষায় টাসোর কাব্য পড়বার কথা তিনি রাজনারায়ণবাবুকে এক চিঠিতে জানিয়েছিলেন। তাঁর সেই জ্ঞান এখন পূর্ণতর এবং গভীরতর হয়ে থাকবে।

৫৫ 'Captive Ladie' প্রসঙ্গে বেথুন সাহেবের পত্রের যেন প্রতিধ্বনি করা হয়েছে এখানে।

৫৬ মেকলে—(১৮০০-৫৯)। "English historian essayist, poet and statesman, who from the Edinburgh Review's publication of his essay 'Milton' enjoyed a brilliant contemporary reputation. His contributions to the Review over two decades were collected as 'Critical and Historical essays.' His History of England—(5 vols) creation of a whig patriot, showed the same mastery of rhetortical prose and ability to marshal and give colour to a vast array of material. As poet he turned to history for his subjects."

—[Encyclopaedia of Literature vol 2]

৫৭ থ্যাকারে (১৮১১—৬৩) ইংরেজ ঔপন্যাসিক।..."he was a born story-teller... ...His ideal from the start was the sound one of a flowing and

hurrying simplicity of narrative, and it is by that means that his subtlety as well as his strength and tenderness is conveyed; his style has the unaffected spontaneous grace of good conversation. ...He is a brilliant satirist but a kindly one, and where his pathos is deepest, it is not without the touches of astringency.'

—[Encyclopaedia of lit. vol 2]

তাঁর রচনাবলীর মধ্যে উল্লেখযোগ্য, "Catharine", "The Paris Sketch Book" "The Irish Sketch Book", "Barry Lyndon", "The Book of Snobs", "Pendeunis", "Rebecca and Rowena," "Henry Esmond," "The Rose and the ring," "Lovel the widower", "Denis Duval" (incomplete) প্রভৃতি।

৫৮ পেত্রার্কা (১৩০৪—৭৪)। ইতালীয়ান বিখ্যাত কবি এবং মানবতাবাদী। সনেটের রূপরীতি পেত্রার্কার হাতে নিশ্চিতরূপে প্রতিষ্ঠিত হয়! "The sonnet was probably invented in the early 13th century by the Sicilian school of poets, elaborating Provencal troubadur forms. It passed to Tuscany to be practised by Dante (in the 'Vita Nuova') and his contemporaries. Petrarca by using it in his 'Rime' to express his idealized love for Laura di Novi." (G Brereton: 'Sonnet' in Encyclopaedia of lit vol I) তাঁর কাব্য রচনাবলীর মধ্যে প্রধান, "Le-Rime" —এর মধ্যে লরা বিষয়ক সনেটগুলি প্রধানত সঙ্কলিত। "I trionfi" লরার মহিমা-কীর্তন প্রসঙ্গে রূপকধর্মী কবিতা। এগুলি 'terza rima"-তে রচিত! চতুর্দশপদী কবিতাবলীর একটি সনেটে পেত্রার্কা সম্বন্ধে মধুসূদন লিখেছেন—

ইতালী, বিখ্যাত দেশ, কাব্যের কানন,
বহুবিধ পিক যথা গায় মধুস্বরে,
সঙ্গীত-সুধার রস করি বরিষণ,
বাসন্ত আমোদে মন পূরি নিরন্তরে ;—
সে দেশে জনম পূর্ব্বে করিলা গ্রহণ
ফ্রাঞ্চিস্কো পেতরার্কা কবি ; বাক্ দেবীর বরে
বড়ই যশস্বী সাধু, কবি-কুল-ধন,
রসনা অমৃতে সিক্ত, স্বর্ণবীণা করে।
কাব্যের খনিতে পেয়ে এই ক্ষুদ্র মণি,
স্বমন্দিরে প্রদানিলা বাণীর চরণে
কবীন্দ্র ; প্রসন্নভাবে গ্রহিলা জননী
(মনোনীত বর দিয়া) এ উপকরণে।

৫৯ কপোতাক্ষ—এ বিষয়ে কবির বিখ্যাত সনেটটি উদ্ধৃত করা হল—

কপোতাক্ষ নদ

সতত, হে নদ, তুমি পড় মোর মনে
সতত তোমার কথা ভাবি এ বিরলে

সতত (যেমতি লোক নিশার স্বপনে
শোনে মায়ামন্ত্রধ্বনি) তব কলকলে
জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে !—
বহু দেশ দেখিয়াছি বহু নদ-দলে,
কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে ?
দুগ্ধ-স্রোতোরূপী তুমি জন্মভূমি স্তনে !
আর কি হে হবে দেখা ?—যত দিন যাবে,
প্রজারূপে রাজরূপ সাগরেরে দিতে
বারি-রূপ কর তুমি ; এ মিনতি, গাবে
বঙ্গজ জনের কানে, সখে, সখা-রীতে
নাম তার, এ প্রবাসে মজি প্রেমভাবে
লইছে যে তব নাম বঙ্গের সঙ্গীতে।

৬০ ১৮৬৫ সালে 'চতুর্দশপদী কবিতাবলী'র পাণ্ডুলিপি কলকাতায় পাঠান হয়। ১৮৬৬ সালের ১লা আগষ্ট এটি গ্রন্থাকারে প্রকাশিত হয়।

৬১ চতুর্দশপদী কবিতাবলীর অন্তর্গত 'অন্নপূর্ণার ঝাঁপি' এবং 'ঈশ্বরী পাটনী' কবিতা দুটির কথা এই প্রসঙ্গে স্মরণ করা চলে।

৬২ গৌরদাস বসাককে প্রেরিত কবিতা রাজেন্দ্রলাল মিত্রকে দেখান হয়। কবি তিনটি সনেটের কথা বললেও প্রকৃতপক্ষে চারটি সনেট পাঠান হয়—অন্নপূর্ণার ঝাঁপি, জয়দেব, সায়ংকাল, কপোতাক্ষ নদ। রাজেন্দ্রলাল মিত্র তাঁর সম্পাদিত 'রহস্য সন্দর্ভ' পত্রিকায় তন্মধ্যে দুটি সনেট (কপোতাক্ষ নদ ও সায়ংকাল) মুদ্রিত করেন। ভূমিকাস্বরূপ রাজেন্দ্রলাল মিত্র লিখেছিলেন, "নিম্নস্থ চতুর্দশপদী কবিতাদ্বয় শ্রীযুক্ত মাইকেল মধুসূদন দত্ত কর্তৃক প্রণীত। উক্ত মহোদয়ের শর্ম্মিষ্ঠা, তিলোত্তমা, মেঘনাদাদি কাব্য বঙ্গভাষায় উৎকৃষ্ট বলিয়া প্রসিদ্ধ আছে। মেঘনাদ বাঙ্গালী মহাকাব্য বলিবার উপযুক্ত। অপর কবিবর কেবল উত্তম কাব্য লিখিয়াছেন এমত নহে। তাঁহা কর্তৃক বঙ্গভাষায় অমিত্রাক্ষর কবিতার সৃষ্টি হইয়াছে বলিয়াও তিনি এতদ্দেশীয়দের মধ্যে সুপ্রতিষ্ঠিত আছেন। তাঁহার এই অভিনব কবিতা তাঁহার কবিত্ব-মার্ত্তণ্ডের অনুপযুক্ত অংশু নহে।"

৬৩ এত স্পষ্ট করে একথা স্বীকার করা মধুসূদনের মত ব্যক্তির পক্ষে বিস্ময়কর।

৬৪ মধুসূদনের ব্যক্তিত্বের মধ্যে অর্থ এবং কবিত্বের দুটি একান্ত স্বতন্ত্র সূত্র অচ্ছেদ্যভাবে জড়িয়ে গিয়েছিল।

৬৫ এই পত্র বিদ্যাসাগরকে লেখা।

৬৬ ইতালীর রাজা ভিক্তর ইম্যানুয়েলকে তিনি এই পত্র লেখেন। এই পত্র এবং ইতালীর রাজার পক্ষ থেকে তাঁর সেক্রেটারীর উত্তর ডঃ রবীন্দ্রকুমার দাশগুপ্ত আবিষ্কার করেন। এই ইংরেজী অনুবাদও তাঁরই।

৬৭ দান্তের ষষ্ঠ-শতবার্ষিকী জন্মোৎসব উপলক্ষে রচিত নিম্নোদ্ধৃত বাংলা সনেট এবং তাঁর স্বকৃত ফরাসী ও ইতালীয় অনুবাদ তিনি ইতালীর রাজার নিকট প্রেরণ করেন।—

কবিগুরু দান্তে

নিশান্তে সুবর্ণকান্তি নক্ষত্র যেমতি
(তপনের অনুচর) সুচারু কিরণে
খেদায় তিমিরপুঞ্জে; হে কবি তেমতি
প্রভা তব বিনাশিল মানস-ভুবনে
অজ্ঞান। জনম তব পরম সুক্ষণে!
নব কবি-কুল-পিতা তুমি, মহামতি,
ব্রহ্মাণ্ডের এ সুখণ্ডে! তোমার সেবনে
পরিহরি নিদ্রা পুনঃ জাগিলা ভারতী।
দেবীর প্রসাদে তুমি পশিলা সাহসে
সে বিষম দ্বার দিয়া আঁধার নরকে,
যে বিষম দ্বার দিয়া, ত্যজি আশা, পশে
পাপ প্রাণ, তুমি, সাধু, পশিলা পুলকে।
যশের আকাশ হতে কভু কি হে খসে
এ নক্ষত্র? কোন্ কীটে কাটে এ কোরকে?

৬৮ ইতালী-রাজের পক্ষ থেকে এই পত্রের নিম্নরূপ উত্তর দেওয়া হয়েছিল—

Minister of the Royal Family
First Division.

Sir,

The King, my august sovereign, has received the poem on Dante which you have so graciously offered on the occasion of the centenary of our national poet.

His Imperial Majesty has heard with lively satisfaction that the profound and noble harmony of the Italian genius finds an echo on the shores of the Ganges and he welcomes with pleasure the oriental flower which you desire to place on the grave of Alighieri and he thinks that the moment is not very distant when Italy will see accomplished her auspicious destiny of being the ring which will unite the orient with the occident.

So His Imperial Majesty is sensible of the sentiments which dictated your offer and has directed me to thank you in his behalf.

I have the honour of being the interpreter of his benevolence to you. I entreat you to receive the assurance of all my esteem.

৬৯ ভার্সেলেস থেকে বিদ্যাসাগরের কাছে লেখা এই পত্রটি অসম্পূর্ণ।

৭০ শোচনীয় আর্থিক দুরবস্থার মধ্যেও মধুসূদনের চিঠিতে মাঝে মাঝে এইরূপ কৌতুকের সুর প্রকাশ পেয়েছে;—বিষয়টি লক্ষণীয়।

৭১ লণ্ডন থেকে বিদ্যাসাগরের কাছে লেখা এই পত্রটি অসম্পূর্ণ।

৭২ কবি ভারতে প্রত্যাবর্তনের জন্য প্রস্তুত হচ্ছেন দেখা যাচ্ছে। যতই অর্থাভাব ঘটুক য়ুরোপীয় রীতির ভদ্রজীবনযাপনের আদর্শ থেকে সামান্যতম বিচ্যুত হতেও তিনি প্রস্তুত নন।

৭৩ য়ুরোপে প্রবাসকালে তিনি প্রকৃত ভালবেসেছিলেন ফ্রান্সকে, লণ্ডনকে নয়।

৭৪ বিদ্যাসাগরকে লেখা এই চিঠিটি অপূর্ণ।

৭৫ পত্রখানি বিদ্যাসাগরকে লেখা।

৭৬ বিদ্যাসাগরের বহুবিবাহ নিরোধ-চেষ্টা বিষয়ে তাঁর জীবনীকার লিখেছেন, "বহুবিবাহ-নিবারণের ক্ষেত্রে বিদ্যাসাগর সরকারী আইন প্রণয়নের চেষ্টায় ব্যর্থ হয়েছিলেন বটে, কিন্তু সামাজিক ফলাফলের দিক থেকে তিনি অনেকখানি সার্থক হয়েছিলেন। বহুবিবাহ-নিবারণ আন্দোলন শিক্ষিত বাঙালী সমাজে ব্যাপক প্রভাব বিস্তার করেছিল। যাঁরা আইনের দ্বারা সরকারী হস্তক্ষেপের বিরোধী ছিলেন তাঁরা তো বটেই, বহুবিবাহ শাস্ত্র-সম্মত বলে যাঁরা বাদানুবাদ করেছিলেন তাঁদের মধ্যেও অনেকে, কৌলীন্যপ্রথা ও বহু-বিবাহ সমাজের পক্ষে কল্যাণকর নয়, একথা স্বীকার করতে বাধ্য হয়েছিলেন। ধীরে ধীরে কৌলীন্যপ্রথা ও বহুবিবাহের বিরুদ্ধে সুস্থ সামাজিক জনমতও গড়ে উঠেছিল। যতটুকু গড়ে উঠেছিল ততটুকুই বহুবিবাহ-নিবারণ আন্দোলন সার্থক হয়েছিল বলা যায়।"

—[বিনয় ঘোষ : বিদ্যাসাগর ও বাঙালী সমাজ ৩য় খণ্ড]।

৭৭ Saturday Review—ইংলণ্ডের একটি বিশিষ্ট সাপ্তাহিক পত্রিকা। পত্রিকাটি ১৮৫৫-১৯৩৮ সাল পর্যন্ত প্রচলিত ছিল।

৭৮ মনোমোহন ঘোষের পিতার মৃত্যুতে এ পত্রখানি তাঁর মায়ের কাছে লেখা। লক্ষণীয় পত্র-খানি আদ্যোপান্ত বাংলা ভাষায় লেখা। বাঙালির ভাবনার সুরে পত্রটি পূর্ণ। দুই একটি অলঙ্কারে ভাষা কিঞ্চিৎ ভারগ্রস্ত হলেও প্রাণোত্তাপ সর্বত্র অনুভব করা যায়। পত্রটি ১৮৬৬ সালের মে মাসে লেখা বলে মনে হয়। কারণ বিদ্যাসাগর মহাশয়ের কাছে লেখা ১০ই মের চিঠিতে মনোমোহন ঘোষের পিতৃবিয়োগের উল্লেখ আছে।

৭৯ দাদাভাই নৌরজী—বোম্বাইয়ের বিখ্যাত পার্সী বণিক। তিনি প্রথমযুগের কংগ্রেসী নেতৃবৃন্দের অন্যতম ছিলেন। একসময়ে তিনি জাতীয় কংগ্রেসের সভাপতি হয়েছিলেন।

৮০ এরূপ জীবনযাপনের আদর্শ কোনকালেই কবির ছিল না। নিদারুণ অর্থকষ্ট ও দুশ্চিন্তা সাময়িকভাবে এরূপ চিন্তার জন্ম দিয়েছে মনে হয়।

৮১ অপূর্ণ এই চিঠিটি বিদ্যাসাগরকে লেখা

৮২ কিন্তু একাকী বাস করায় প্রকৃতপক্ষে মধুসূদনের কম খরচ হয়েছে কি? পরবর্তী অধ্যায়ের চিঠিগুলিতে তার পরিচয় পাওয়া যাবে।

৮৩ কবি পৈত্রিক সম্পত্তি বিক্রয় করে, স্ত্রীকে সেই টাকা দিতে বলেছেন। বইগুলোর আয় সম্পর্কেও দানপত্র তৈরী করেছেন। এই চিঠিকে উইলের মত গণ্য করতে বলেছেন। উইল করার জন্য তিনি এত ব্যস্ত কেন? সাধারণ উত্তরাধিকারী আইনে কি হেনরিয়েটা বা মিলটন দত্ত তাঁর সম্পত্তির মালিকানা লাভ করতে পারতেন না?

পঞ্চম অধ্যায়   কলিকাতায়

মহাপ্রস্থান   ১৮৬৭—৭৩

এই পর্বের প্রথম দিকে কবির জীবনে কিছু তরঙ্গচাঞ্চল্য দেখা দিয়েছিল। তিনি হাইকোর্টে ব্যবহারজীবী রূপে প্রবেশের আবেদন করলে তা কঠিন বাধার সম্মুখীন হয়। পরে অবশ্য দেশীয় বিশিষ্ট ব্যক্তিদের সহায়তায় তিনি হাইকোর্টে প্রবেশ করলেন। এ ছাড়া কোন উত্তেজনা নেই। অর্থকষ্ট সমানে চলছে, আর ধার শোধ দেবার চেষ্টা এবং নূতন ধার সংগ্রহ। ধীরে ধীরে কবির প্রাণদীপ নিভে আসছে বোঝা যায়। কাব্যজীবন থেকে তিনি বিদায় নিয়েছেন। ফরমায়েসী লেখায় কিছু হাত দিয়েছেন, তা অনুল্লেখ্য। সাময়িক বিষয় নিয়ে লেখা দু-চারটি সনেটে আপনার বিদায়পথ চিহ্নিত করে গেছেন কবি। এই পর্বে লেখা কবির যে সব পত্র পাওয়া গিয়েছে তার মধ্যে কয়েকখানা বিদ্যাসাগরকে লেখা এবং অর্থ ও ব্যবসায়সংক্রান্ত সমস্যার আলোচনায় পূর্ণ। অন্যগুলি গৌরদাসকে লেখা। সেগুলি আকারে ক্ষুদ্র, বৈশিষ্ট্যহীন। কবির সেই পুরাতন আবেগপ্রবলতা কোথায় হারিয়ে গিয়েছে।

এই কালসীমার উল্লেখযোগ্য ঘটনাপঞ্জী—

১৮৬৭ সালের ফেব্রুয়ারীর প্রারম্ভ—য়ুরোপ থেকে স্বদেশে প্রত্যাবর্তন।

১৮৬৭ সালের ২০ ফেব্রুয়ারী	—হাইকোর্টে প্রবেশের জন্য আবেদন।
১৮৬৭ সালের ৩রা মে	—হাইকোর্টে ব্যবসায় করার অনুমতি লাভ।
১৮৬৯ সালের মে	—পুত্রকন্যাসহ হেনরিয়েটার কলকাতায় আগমন।
১৮৭০ সালের জুন	—ব্যারিষ্টারী ছেড়ে সুপ্রীমকোর্টের আপীল পরীক্ষকের চাকুরী গ্রহণ।
১৮৭১ সালের ১লা সেপ্টেম্বর	—'হেকটর-বধ' প্রকাশ।
১৮৭২ সালের প্রথমভাগ	—পঞ্চকোট রাজ্যে চাকুরীগ্রহণ।
১৮৭২ সালের শেষভাগে	—উক্ত কর্ম ত্যাগ।
১৮৭৩ সালের প্রথমভাগে	—'মায়াকানন' নাটক রচনা।
	—'বিষ না ধনুর্গুণ' (অসম্পূর্ণ) নাটক রচনা আরম্ভ।
১৮৭৩ সালের ২৯শে জুন	—মৃত্যু।

[124]

1, Spence's Hotel[১]
11th April, '67.[২]

My dear Friend,[৩]

I was detained a little at the station and reached home about 8 P.M. This morning I called on the Punditjee[৪] who told me that my only chance was to get as many certificate[৫] as I could from the most known members of the native community. I then drove over to Digumber's[৬] who sent me on to Rajender Mitter's to take him with me to Rajah Kaly Krishna's. Rajender has promised to go with me this afternoon. I then saw R. G. Ghosh[৭] and asked him for a certificate. He asked me to see him next Saturday. Sumbhonauth says that our enemies seem to have won the judges and that the antidote must be as strong as the poison. He wants you to come to Calcutta ; I scarcely know what to say myself, I am sure I have given you too much troubles already. We must go up with our papers early next week, for no time is to be lost. If you can't come, you better send me a testimonial by return of post. I shall try to do what I can with Digumber, though (as you know) I don't like him much. I don't think he is very sincere. Sumbhonauth said "এ বিষয়ে না জিতলে আর মান থাকবে না।"[৮] He has great hopes of success if he be properly backed.

I am likely to be in distress for money soon. I have to pay a great deal every day for carriages and my servants want their pay for March. The Hotel-Bill can be put off till the end of the month. Good God, what will become of me ? I am off to see if I can get a testimonial from Jotindra Mohon Tagore.

Write to me how you feel after your fatiguing journey, and believe me your loving but unhappy and unfortunate.

P. S. Excuse haste. Poor Monou (not Law-giver but the Barrister !) is dreadfully cut up by all this.

[125]

Private—I hope you will destroy this letter after perusal.[৮৯]

My dear Vid,

I am glad you are better, for I want you to get me a thousand Rs. from Onoocool [৯] for Europe.[১০] If you had been a vulgar or common man like most of those who surround you, I should hesitate to ask you to involve yourself again on my account, especially as old Sirish[১১] is assuming war-like attitudes. But though a Bengali, you are a man, and I believe you would risk anything to help a friend in such distress as I am! My poor wife is almost as badly off as I was when I first wrote to you, and I am perfectly helpless. What money I am making this month, I am paying to my hotel people, for I do not like the idea of being indebted here. Something is due to my position and some sacrifices are necessary. If you were a vulgar fellow, I should (I repeat) hesitate to write to you in this strain, for you would say—"Bah, he has been doing the aristocrat, let him suffer for his folly!" But as you are one of Nature's noblemen, tho' a Beng, you will (unless I am greatly mistaken) feel for me, and sympathize with me.[১২] I have been very thoughtless perhaps, and have not managed matters well, but don't punish innocent people for my folly. If you don't get me this money before the French mail of the 25th, they will nearly perish in Europe.

Now—the question is, how are you to go to work. Hear, good Friend, Onoocool has promised to lend us 2000 Rs. Ask him for one, and with the other we shall try and soothe Sirish. If you will allow me, I shall write to him myself and try and pacify him. What can he do? The Roys of Naral—either the one or the other are sure to send me to Europe and I shall be in funds in the course of two months, if not earlier. Besides, I have a Brief on my table for which I shall get Rs 2000 early next month. You and I—my good Vid—have often done desperate things, and looked to the chapter to accidents to neutralize the effects of our benevolent folly. What has been the result? You are the

greatest Bengali that ever lived and people speak of you with glowing hearts and tearful eyes; and even my worst enemies dare not say that I am a bad fellow![১৩] Behold and help again one who loves you and has no friend who seems to care for him except yourself. I haven't the courage to speak to you personally on this subject, therefore, don't send for me, but go to work with that daring and energy which have made you more beloved, more honoured, more revered than thousand of millionaires! You must know that I won't be refused. Write to O. to send you a thousand Rs.—part of the sum he has promised to lend us two, and don't write to me a vulgar letter saying this and that like a d-d Bengali and politely refusing my prayer. In conclusion I appeal to Issur Chandra Vidyasagara, my friend and let him act as Issur Chandra Vidyasagara ought to act under present circumstances. Your ever affectionately,

[126]

My dear Vid,

I am sorry you are not well.[১৪] I can't leave my bed![১৫]—Now, what shall I say about S.? If it would 'mortify' you to be dragged to a court of Law, it would make me *mad.* Surely, S. can't be so hard hearted. You know I have no money and have been getting on very indifferently since last November on account of my throat and general health. Don't you think, Onoocool could be induced to do something? I have not been out for the last fortnight and don't know when I shall be on my legs again. People who dislike the idea of your being so kind to me, might have told you a hundred things about my careless extravagance and all that; but I tell you that nothing but a miracle could enable a fellow to pay off a debt of 5000 Rs., live like a gentleman, maintain a wife and children in Europe etc., the very first year of his professional career![১৬]

You must excuse the somewhat bitter tone of this letter. I have got out of my bed (to which I am confined by fever brought on by a severe accident) and feel a great deal of

pain. I have, moreover, learned that certain persons have been trying to poison your mind against me. You are not a fool and that is my consolation.

I shall write to Nilcomul myself—I don't see why I should'nt, and we shall see what we can do to raise some money during the approaching holidays. Yours in pain.

P. S. There are men whom Nature has given the hearts of bill-collecting sircars. They would keep their wives and daughters naked (if they could) to save money.[১৭] Such men might tell you anything against me, but I tell you, I have not been so successful as জনরব is pleased to give out.

[127]

1, Spence's Hotel
17-10-68

My dear Vid.

I understand that Fagan of the "small" is going to retire and Nui Thompson is to be moved into his place. Can you put in a word for me to your 'potential' friend the Lieut. Governor. They want a Barrister and a post like that would save me and mine.[১৮] Although a Brahmin, you are no descendant, I am sure, of that irascible old fellow Durvasa and I can't believe that any folly of mine could turn away that noble heart from.

Your very loving but
unfortunate,

[128]

1, Spence's Hotel

My dear Vidyasagar,

Your letter which reached me a few minutes ago, has given me great pain. You know that there is scarcely anything in this world that I would hesitate to do for you. Of course you have full permission to adopt any steps you think

proper to relieve yourself of the unpleasant burden. Sirish has written to me offering Rs. 21,000. But don't you think Onoocool would advance fresh money enough to pay off that man and hold the property by way of mortgage—usufructuary mortgage—I paying him the difference in the interest ? If we can in this way save the estate let us do so, if not let them go. I wish I could run over and see you. Perhaps I shall do so next Saturday.

With affectionate regard Sir, Yours,

[129]

My dear Vid,

You add another link to the chain. I am quite ready to sign such a deed as this. The terms are just and considerate and if you change October 1868 to November, I shall be able to go.

I am sorry to say that I haven't got any money at this moment—not having done any work since the middle of last Aug. and having sent the 400 I had in the Bank to Europe. But I shall try to raise the sum. Could you put off the registry & etc. to next Saturday ? Do try this.

Your very affectionate but much maligned

[130]

My dear Vid,

I shall be at the Register's office by 12 o'clock tomorrow unless something happens in the course of the day to terminate the mortal career.

[131]

1, Spence's, X' mas day.

My dear Gour,

Many thanks for the things,—the splendid oil-painting in your bed-room has made such an impression that if it hadn't been the portrait of a former friend, I should have

asked you to make a present of it to me. But I have no wish to deprive you of such a memorial; I, therefore, trust that you will not object to lend it to me—in case you don't take it with you to your new Station. The painting will be kept here with far greater care than in that almost deserted and dampish house. What say you, old Boy? You shall have it back whenever you return to town or write for it.

Yours as ever,

[132]

My dear Gour,

A thousand thanks. I shall not fail to take care of your former friend's portrait. God be with you, old friend! When shall we meet again? *Write* to me and I pledge you my word that I shall *reply* without fail.

Yours ever attached ,

[133]

My dear Gour,

I am sorry I never saw the letter to which you allude. If I had, I should have replied immediately.

You must know, my boy, that I go out every day, not being a Hakim Bahadur.

Need I tell you that all my available time is yours? Come by all means and receive from my lips the assurance of what I always felt and do feel for you—sincere friendship! Yours affly.

[134]

My dear Gour,

How strange! The whole of yesterday I thought of you and asked myself repeatedly if you were coming home this year. I have just recovered from the effects of a severe accident,[১৯] but I shall be very glad to go to see my dear old

friend and talk of old days. Will the afternoon of Tuesday next suit you? If so, send your Meroney and believe.

Ever your affectionate.

P. S. You know, old boy, I never write letters unless I have something of importance to communicate.[২০] So, you must not blow me up for being a bad correspondent.

[135]

My dear Gour,

All right. Breakfast, but how shall I manage without—at least—a spoon? Well, I suppose, you have lots. I don't mind squatting. I shall wear loose trousers. Send bearer at 8 A.M. Yours.

[136]

My dear Gour,

The bearer of this is just the man that would suit you. He is a capital cook etc. etc.! If you can give him some suitable employment in your new Establishment, you will not be sorry for having such a convenient fellow. He was with Dwarkanath Tagore, Kissory and your humble servant. Yours in haste,

[137]

My dearest Gour,

I went out yesterday with a friend to visit some villages beyond Bali and did not return in time to go over to yours. To-day, I happen to be engaged with Ganendra Tagore, I shall partake of your "Dalbhat" to-morrow with heart-felt pleasure. In the meantime, don't let your ardour cool down old boy. In haste, Ever yours,

[138]

7, Old Post office Street
31st March, 1869

My dear Gour,

I happened to be at Burdwan a few days ago and there met a rather sickly specimen of our Bengali nobility—a Coomar something Roy Mallik. He was very attentive to me and showed a letter from you. Though I did not read the letter, I was and am led to believe that you have returned to your Head Station from your tour on the classic banks of the "Kapotaksha" and that I ought to reply to your very kind letter dated from "Bagarhat". As for me, my recollections of these parts of the country are rather hazy ; but I have no objection to revisit them with such a jolly fellow as you—though I sincerely wish you a speedy transfer to some civilized part of the country. Old Rung is come to Hooghly and looks uncommonly fat and healthy. Don't you sigh for the land of the Coles in preference to horrid dull Jessore ?[২১] I can't imagine how people can live there unless official duties so occupy their minds as to leave no time for idle thought.

The great case of Tagore Vs. Tagore is just over. No judgment as yet. I was one of the counsels for Plaintiff though my name seems to have escaped the reporter in the 'Daily News'.

You will perceive from the place I date this that I have commenced to practise in the Original side of the High Court. In the Appellate side there is not much work just now—O, these horrid Stamp Acts ! Litigation now is a luxury only for the wealthy.

The Viceroy is gone up the country and Calcutta is again dull. The Theatre people and the operawallahs are all going away also. I sometimes think of a run upto Lucknow, but I have no one there whom I could rely upon to push me forward. One or two of our fellows have made rapid fortunes there.

When do you propose to return to us? I suppose not before the Poojah holidays. You can't imagine how grand that picture[২২] looks. I have had it restored by a European artist.

With kind wishes, Ever yours affly.

[139]

My dear Gour,

A little before your letter reached me, my poor Sermista (who returned to India with mother and brothers a few weeks ago[২৩]) was nearly being carried off by a sudden fit. Luckily *Dr. Palmer* happened to be here. The child is better now—thank God. Come and see me at 7, Old Post Office Street; any day *after* ten and we shall come back to this place to see Mrs. Dutt and the children. Yours in haste,

[140]

7, Old Post Office Street
30th July, 1869

My dear old Gour,

You cannot imagine how sorry I was to be obliged to let you leave Town without a chat on account of my chamber being full of interesting clients! Hakim tho' you, be,...you cannot command such a levy! Well!—regrets are vain, for you are now in the salubrious regions of the Sunderbuns and your humble servant in noisy Old Post Office Street. But the holidays are coming on and then there will, no doubt, be a jolly gathering of ancient chums. In the meantime, allow me to recommend to your exalted favour the bearer of this letter, a person whose face I never saw before, but who has come to me with a very handsome letter from my old rascal of an uncle, Bansidhar Ghosh of 'Katiparah'. If you can do anything for the fellow, I shall be obliged. He seems to be under the impression that a letter from me would pave the way for him nicely;—so here you are. I hate to give letters of recommendations but

there are occasions when a poor Devil is obliged to do violence to his own feelings for the sake of others.

I have scarcely any news to give you. We are very dull here, tho' I have nothing to complain of the goddess whom Poets have called "fickle".[২৪] I am getting a fair share of business. My people are still at Ooterparah and we shall remove soon to Chandernagore. I stop in Town because living out of Town is a luxury which I can't exactly afford as a new beginner.... Excuse this terribly stupid letter. I have got to go out, so good bye. Ever yours.

[141]

My Dearest Gour,

I have left my old lodging[২৫]. In my new, I shall be *most* happy to see you, my own dearest friend. Alas, I am *miserable.*[২৬] Come to see your unworthy but *loving* M. S. D.

[142]

Tuesday.

My dear Gour,

I was nearly dead some weeks ago[২৭] and had to go to Dacca[২৮], where I was detained nearly 10 days and got back with much difficulty. I hear, you have taken leave on account of bad health. I shall try to see you as soon as I can.

Here's a copy of the 'Ilias' for you. I have much to say about your son and his journey to Europe.[২৯]

Yours as ever,

১ কলকাতা পৌঁছেই মধুসূদন স্পেন্সেস্ হোটেলে উঠলেন। তাঁর পত্নীর য়ুরোপ থেকে চলে আসবার পূর্ব পর্যন্ত কবি এখানেই বাস করেছিলেন। এই হোটেল অত্যন্ত ব্যয়সাধ্য। বিদ্যাসাগর মহাশয় সুকিয়া ষ্ট্রীটের রাজকৃষ্ণ মুখোপাধ্যায়ের বাড়ীর দ্বিতল মধুসূদনের জন্য য়ুরোপীয় ফ্যাসানে সাজিয়ে রেখেছিলেন। কিন্তু বাঙালি পাড়ায় কবি বাস করতে চাইলেন না।

২ কবি ১৮৬৭ সালের ফেব্রুয়ারী মাসের গোড়ার দিকে কলকাতা পৌঁছলেন। ২০শে ফেব্রুয়ারী তিনি হাইকোর্টে ব্যারিষ্টার রূপে প্রবেশ করবার জন্য আবেদন করেছিলেন। এই পত্র পাঠে দেখা যায় এপ্রিল মাস পর্যন্ত এ ব্যাপারের নিষ্পত্তি হয় নি।

৩ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে এই পত্র লেখা।

৪ শম্ভুনাথ পণ্ডিত তখন কলকাতা হাইকোর্টের অন্যতম বিচারক ছিলেন।

৫ মধুসূদনের চরিত্র সম্পর্কে হাইকোর্ট-মহলের সঙ্গে সংশ্লিষ্ট একটি গোষ্ঠী গুরুতর অভিযোগ তুলল। প্রধান বিচারপতি পিকক প্রথমে কবিকে হাইকোর্টে প্রবেশের অনুমতি দেবার প্রস্তাব করলেন। কিন্তু একদল বিচারপতি আপত্তি করায় তিনি ৪ঠা এপ্রিলের সভায় তাঁর প্রস্তাব প্রত্যাহার করে নিলেন। অন্যতম বিচারপতি শম্ভুনাথ পণ্ডিতের কাছে এই সংবাদ শুনে মধুসূদন বিশিষ্ট ব্যক্তিদের কাছ থেকে চরিত্র সম্পর্কিত অনেকগুলি সার্টিফিকেট সংগ্রহ করে ২৫শে এপ্রিল পেশ করলেন। লিখলেন, "I beg leave to enclose several certificates from some of the most respectable native gentlemen to whom I have the honour of being known. I trust that these certificates will be found satisfactory." তিনি শোভাবাজারের রাজা কালীকৃষ্ণ বাহাদুর এবং হরেন্দ্রকৃষ্ণ, বঙ্গীয় ব্যবস্থাপক পরিষদের সভ্য রামনাথ ঠাকুর, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, প্রসন্নকুমার সর্বাধিকারী, রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়, কলিকাতা হাইকোর্টের বিশিষ্ট ব্যবহারজীবী কৃষ্ণকিশোর ঘোষ, অনুকূল মুখোপাধ্যায়, মহেশচন্দ্র চৌধুরী, অন্নদাপ্রসাদ বন্দ্যোপাধ্যায়, দ্বারকানাথ মিত্র, যতীন্দ্রমোহন ঠাকুর, হীরালাল শীল, রাজেন্দ্রলাল মিত্র, প্যারীচাঁদ মিত্র, টিপু সুলতানের পুত্র গোলাম মহম্মদ, রাজেন্দ্র মল্লিক, দেবেন্দ্র মল্লিক, যাদবকৃষ্ণ সিংহ, ও. সি. দত্ত, গণেন্দ্রনাথ ঠাকুর, দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, রমানাথ লাহা, গিরিশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ব্রজনাথ মিত্র, তারাবল্লভ চট্টোপাধ্যায় প্রভৃতি বিশিষ্ট ভদ্রমহোদয়দের সার্টিফিকেট দিয়েছিলেন।

৬ দিগম্বর মিত্রের ব্যবহারে য়ুরোপপ্রবাসী মধুসূদন কতটা বিপদে পড়েছিলেন এবং কিরূপ বিরক্ত হয়েছিলেন, পূর্ববর্তী অধ্যায়ের পত্রাবলীতে তার বিস্তৃত পরিচয় আছে। এখনও সে বিরক্তি ভাব সম্পূর্ণ অপসারিত হয় নি। এই পত্রেই তার প্রমাণ আছে। তবে দিগম্বর মিত্রের সঙ্গে তার যোগাযোগ কতকাংশে পুনরায় স্থাপিত হয়েছিল, পত্রের এই অংশ পাঠে সেইরূপ মনে হয়।

৭ সম্ভবত রামগোপাল ঘোষ। এঁর স্বাক্ষরিত কোন প্রশংসাপত্রের কথা জানা যায় না।

৮ কলকাতার বাঙালি সমাজের একাংশ মধুসূদনের হাইকোর্ট প্রবেশের এই সমস্যাটিকে একটা জাতীয় সমস্যা বলে গ্রহণ করেছিল। কয়েকজন বিচারপতি তাঁর ব্যক্তিগত চরিত্র সম্বন্ধে প্রশ্ন তোলেন। কিন্তু সম্ভবত মধুসূদন কর্তৃক নীলদর্পণের ইংরেজী অনুবাদ করা এর অন্যতম কারণ। ইংরেজী নীলদর্পণ প্রকাশের ব্যাপারে বিচারপতি সিটনকারও যুক্ত ছিলেন। "বঙ্কিমযুগের কথা" নামক রচনায় বলা হয়েছে, "এই 'নীলদর্পণে'র সংস্রবে আসিয়া মাননীয় মিঃ সিটনকারও কিছু কষ্টভোগ করিয়াছিলেন।" বিচারপতি সিটনকার মধুসূদনের হাইকোর্টে প্রবেশের পক্ষে ছিলেন। হাইকোর্ট সিদ্ধান্ত নিতে বিলম্ব করছেন দেখে তিনি বিচারপতিদের এক সভায় বলেন, "The delay in disposing Mr. Dutta's case is the cause of

much prejudice to his interests. The matter is very extensibly talked of in native circles and all sorts of vague rumours are in circulation."

৮ক মূল চিঠির এই কথাগুলি মুদ্রণ কালে নগেন্দ্রনাথ সোম মহাশয় পরিত্যাগ করেছিলেন।

৯ অনুকূল মুখোপাধ্যায়, হাইকোর্টের উকিল, পরে জজ হয়েছিলেন।

১০ কবির পত্নী এবং সন্তানেরা তখনও ফরাসী দেশে বাস করছিলেন। সেখানে অর্থ পাঠাবার জন্য কবিকে প্রায়ই অর্থাভাব অনুভব করতে হত।

১১ শ্রীশচন্দ্র বিদ্যারত্ন। বিদ্যাসাগর যাঁদের কাছ থেকে অর্থ ঋণ করে কবিকে দিয়েছিলেন ইনি তাঁদের মধ্যে প্রধান।

১২ কবির বিরুদ্ধে অতিরিক্ত অর্থব্যয়ের যে অভিযোগ করা হত তা তিনি নিজেও একেবারে অস্বীকার করতে পারেন নি।

১৩ মধুসূদন নিজের অমিতব্যয়ী চরিত্রের কথা যেমন বিদ্যাসাগরের কাছে বার বার স্বীকার করেছেন, তেমনি নিজের মধ্যে যে-অসাধারণত্ব আছে তাও যথেষ্ট বিনয়ের সঙ্গে একাধিক বার প্রকাশ করেছেন। গৌরদাস বসাক এই প্রসঙ্গে লিখেছেন, "In writing this part of Modhu's account in relation to Vidyasagara I can say that Vidyasagara's goodness of heart was not the only cause of his kind offices to Modhu. He knew that Modhu was a genius and was no ordinary character. He was a man far above his countrymen. He was sure to leave a stamp behind, and to die in competency, if not in rolling wealth." বিদ্যাসাগরের এই মনোভাবের কথা কবির অজানা ছিল না।

১৪ বিদ্যাসাগরের অসুস্থতার কথা শুনে কবি একটি সনেট লিখেছিলেন—

শুনেছি লোকের মুখে পীড়িত আপনি
হে ঈশ্বরচন্দ্র। বঙ্গে বিধাতার বরে
বিদ্যার সাগর তুমি, তব সম মণি,
মলিনতা কেন কহ ঢাকে তার করে?
বিধির কি বিধি সুরি, বুঝিতে না পারি,
হেন ফুলে কীট কেন পশিবারে পারে?
করমনাশার স্রোত অপবিত্র বারি
ঢালি জাহ্নবীর গুণ কি হেতু নিবারে?
বঙ্গের সুচূড়ামণি করে হে তোমারে
সৃজিলা বিধাতা তোমা জানে বঙ্গজনে;
কোন্ পীড়ারূপ অরি বাণাঘাতে পারে
বিঁধিতে, হে বঙ্গরত্ন! এ হেন রতনে?

যে পীড়া ধনুক ধরি হেন বাণ হানে
(রাক্ষসের রূপ ধরি), বুঝিতে কি পার
বিদীর্ণ বক্ষের হিয়া সে নিষ্ঠুর বাণে ?
কবিপুত্র সহ মাতা কাঁদে বারম্বার।

১৫ কবি শকটারোহণকালে পড়ে গিয়ে কিছুকাল শয্যাশায়ী হয়ে পড়ে ছিলেন।

১৬ কবি ব্যারিষ্টারী ব্যবসায়ের প্রথম বৎসর বিদ্যাসাগর মহাশয়ের ঋণের কিয়দংশ পরিশোধ করেছিলেন।

১৭ কবির জীবনাদর্শ ভোগবাদে বিশ্বাসী ছিল। ত্যাগমার্গে, কৃচ্ছ্রসাধনে তাঁর কোনকালেই আস্থা ছিল না। অর্থোপার্জনের উদ্দেশ্য জীবনোপভোগ, অর্থসঞ্চয় নয় ;—এই বিশ্বাস তাঁর ছিল।

১৮ ছোট আদালতের জজ ফ্যাগান সাহেব কর্ম ত্যাগ করে যাবার সঙ্কল্প করেছিলেন। মধুসূদন বিদ্যাসাগরকে এ বিষয়ে পত্রখানি লেখেন। শেষ পর্যন্ত ফ্যাগান পেনসন নিলেন না। কাজেই মধুসূদনের সেই পদ-প্রাপ্তির সুযোগ আর ঘটল না।

১৯ এই দুর্ঘটনার কথা পূর্বেই বিদ্যাসাগরের কাছে এক চিঠিতে কবি লিখেছিলেন।

২০ পরিণত বয়সে মধুসূদনকে অকারণে চিঠি লিখতে বড় দেখি না। কিন্তু প্রথম যৌবনে অকারণ চিঠি লেখার সহজ পুলকেই কবি মুগ্ধ ছিলেন।

২১ কবি দূর থেকে কপোতাক্ষের উপরে কবিতা লিখেছেন। দেশের প্রতি প্রীতিও প্রকাশ করেছেন। কিন্তু গ্রামাঞ্চলকে বাসযোগ্য বলে কখনও মনে করেন নি।

২২ গৌরদাসকে লেখা একাধিক পত্রে একখানি ছবির কথা আছে। ছবিখানির প্রসঙ্গে কবির ভাষায় হৃদয়াবেগের রক্তচাঞ্চল্য প্রকাশ পেয়েছে। এ ছবি কার ?

২৩ ১৮৬৯ সালের প্রথমে য়ুরোপে পরিবারবর্গের নিকটে যথাসময়ে অর্থ প্রেরিত না হওয়ায় তাঁরা খুবই বিপদে পড়েছিলেন। অবশেষে তাঁরা ভারতে যাত্রা করেন। এবং ঐ বৎসর মে মাসের প্রথম দিকে কলকাতায় উপনীত হন।

২৪ এই দেবীটির (অর্থাৎ লক্ষ্মীর) উপরে অধিকার স্থাপনের চেষ্টা (তাঁর নিজের জীবনাদর্শানুযায়ী) কবি আজীবন করেছেন, কিন্তু এঁকে কোনদিনই আয়ত্ত করতে পারেন নি। এই প্রসঙ্গে কবির নিম্নোদ্ধৃত কবিতাংশটির কথা স্মরণ করা চলে—

ভেবেছিনু মোর ভাগ্য, হে রমাসুন্দরি
নিবাইবে সে রোষাগ্নি—লোকে যাহা বলে,
হ্রাসিতে বাণীর রূপ তব মনে জ্বলে ;
ভেবেছিনু, হায় ! দেবি ! ভ্রান্তিভাব ধরি
ডুবাইছ, দেখিতেছি ক্রমে এই তরী ;
অদয়ে ! অতল দুঃখ-সাগরের জলে
ডুবিনু ; কি যশঃ তব হবে বঙ্গ-স্থলে ?

২৫ ১৮৭২ সালে কবি লাউডন ষ্ট্রীটের সুরম্য উদ্যানবাটী পরিত্যাগপূর্বক এণ্টালী বেনিয়াপুকুর রোডে বাসস্থান বদল করেছিলেন।

২৬ কবির জীবন সমাপ্তির দিকে চলেছে। সমগ্র জীবন-সাধনা ব্যর্থ হয়ে গেল বলে একটা হাহাকার তাঁকে অন্তরে অন্তরে বিদ্ধ করছে। আর্থিক জীবনে তিনি চরম ব্যর্থতা বরণ করেছেন (সাধারণ মানুষের কামনাবাসনা অনুযায়ী নয়, তাঁর নিজস্ব অতি উচ্চ আকাঙ্ক্ষার পরিপ্রেক্ষিতে)। কাব্যরাজ্যে তিনি বিপুল সাফল্য লাভ করেছিলেন ঠিকই, কিন্তু জীবনে কাব্যসরস্বতী দীর্ঘকাল বিদায় নিয়েছেন। কবির মনে হচ্ছে সাহিত্য-চর্চার ক্ষেত্রেও—"লিখিনু কি নাম মোর বিফলে, যতনে, বালিতে, রে কাল, তোর সাগরের তীরে ?"

২৭ ১৮৭২ সালে এই চিঠি লেখা। এই বৎসর তিনি পঞ্চকোট থেকে ফিরে এসে হাইকোর্টে যোগ দিয়েছিলেন। কিন্তু তিনি তখন অত্যন্ত অসুস্থ হয়ে পড়েন। "তখন তিনি কণ্ঠনালীর প্রদাহ, হৃদ্‌পিণ্ডের ক্রিয়ার ব্যতিক্রম, প্লীহা ও যকৃতের বৃদ্ধি, রক্তবমন ও তদনুচর জ্বর প্রভৃতি নানা রোগে আক্রান্ত হইয়া পড়িয়াছিলেন।"
—[মধু স্মৃতি]।

২৮ কবি একবার ১৮৭১ সালে এবং আর এতবার ১৮৭২ সালে ঢাকা গিয়েছিলেন। ১৮৭২ সালে তাঁকে ঢাকাবাসী বিপুল ভাবে অভিনন্দিত করেন। কবি একটি সনেট লিখে অভিনন্দনের প্রত্যুত্তর দিয়েছিলেন—

নাহি পাই তব নাম বেদে কি পুরাণে,
কিন্তু বঙ্গ-অলঙ্কার তুমি যে তা জানি
পূর্ব-বঙ্গে। শোভ তুমি এ সুন্দর স্থানে
ফুলবৃন্তে, ফুল যথা, রাজাসনে রাণী।
প্রতি ঘরে বাঁধা লক্ষ্মী (থাকে এইখানে)
নিত্য অতিথিনী তব দেবী বীণাপাণি।
পীড়ায় দুর্বল আমি, তেঁই বুঝি আনি
সৌভাগ্য, অর্পিলা মোরে (বিধির বিধানে)
তব করে, হে সুন্দরি ! বিপজ্জাল যবে
বেড়ে কারো মহৎ যে সেই তার গতি।
কি হেতু মৈনাক গিরি ডুবিলা অর্ণবে ?
দ্বৈপায়ন হ্রদতলে কুরুকুলপতি ?
যুগে যুগে বসুন্ধরা সাধেন মাধবে ;
করিও না ঘৃণা মোরে, তুমি, ভাগ্যবতি !

২৯ গৌরদাস বসাকের পুত্র লালবিহারী বসাক মধুসূদন সম্পর্কে তাঁর স্মৃতিকথায় প্রথম পরিচয়ের কথা এইভাবে বিবৃত করেছেন, "...মাইকেল মধুসূদন যখন লালবাজার পুলিসকোর্টের রাস্তার পূর্বধারের দ্বিতল বাটীতে অবস্থান করিতেন, তখন তিনি সর্বদা আমাদের বাটীতে আসিতেন। সেই সময়ে আমি তাঁহাকে প্রথম দেখি। তিনি

আমাকে নিজ পুত্রের ন্যায় দেখিতেন ও স্নেহ করিতেন। তাঁহার পত্নীও আমাকে পুত্রবৎ ভালবাসিতেন। তাঁহার পাশ্চাত্ত্য পোষাক ও রীতিনীতি হিন্দু বালকের পক্ষে বিসদৃশ ও অপ্রীতিকর বলিয়া আমি তাঁহার ক্রোড়ে যাইতে অনিচ্ছা প্রকাশ করিলেও তিনি সমধিক স্নেহবশতঃ আমাকে জোর করিয়া ক্রোড়ে লইয়া মাতৃস্নেহে আমার মুখচুম্বন করিয়া অত্যন্ত আদর যত্ন করিতেন।" কবি বহুপূর্বেই. য়ুরোপ থেকে গৌরদাসকে লেখা চিঠিতে তাঁর পুত্রকে অল্প বয়স থেকেই য়ুরোপে পাঠিয়ে শিক্ষা দেবার ব্যবস্থা করতে পরামর্শ দিয়েছিলেন।